কল্যাণপুর, হাওড়া ;
"পশুপতি প্রেসে"
শ্রীরাজকুমার রায় দ্বারা মুদ্রিত।

গ্রন্থসূচী।

মুণ্ডকোপনিষৎ

প্রথম মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবাঃ ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ। স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভিঃ। ব্যশেম দেবহিতং যদায়ুঃ। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

১। ওঁ ব্রহ্মা দেবানাং প্রথমঃ সংবভূব
বিশ্বস্য কর্ত্তা ভুবনস্য গোপ্তা।
স ব্রহ্মবিদ্যাং সর্ব্ববিদ্যাপ্রতিষ্ঠা-
মথর্ব্বায় জ্যেষ্ঠপুত্রায় প্রাহ ॥

ব্যাখ্যা। বিশ্বস্য (সর্ব্বস্য জগতঃ) কর্ত্তা (উৎপাদয়িতা), ভুবনস্য (উৎপন্নস্য জগতঃ) গোপ্তা (পালয়িতা) ব্রহ্মা (হিরণ্যগর্ভঃ) দেবানাম্ (ইন্দ্রাদীনাং) প্রথমঃ (গুণৈঃ প্রধানঃ সন্ অথবা অগ্রে) সংবভূব (প্রাদুর্ভূব)। সঃ (ব্রহ্মা) জ্যেষ্ঠ-

পুত্রায় (প্রথমতনয়ায়) অথর্ব্বায় (নাম্না অথর্ব্বায়) সর্ব্ববিদ্যা-প্রতিষ্ঠাং (সর্ব্বাসাং বিদ্যানাম্ আশ্রয়ভূতাং) ব্রহ্মবিদ্যাং (পরমাত্মবিদ্যাম্ অথবা ব্রহ্মণা প্রোক্তাং বিদ্যাং) প্রাহ (উক্তবান্)।

অনুবাদ। সমস্ত জগতের কর্ত্তা এবং উৎপন্ন জগতের রক্ষক ব্রহ্মা (হিরণ্যগর্ভ) দেবগণের প্রথমে (অথবা দেবগণের মধ্যে গুণশ্রেষ্ঠ হইয়া) আবির্ভূত হইয়াছিলেন। তিনি জ্যেষ্ঠপুত্র অথর্ব্বাকে সর্ব্ববিদ্যার আশ্রয়ভূত ব্রহ্মবিদ্যার উপদেশ দিয়াছিলেন।

২। অথর্ব্বণে যাং প্রবদেত ব্রহ্মাঽথর্ব্বা তাং পুরোবাচাঙ্গিরে ব্রহ্মবিদ্যাম্। স ভারদ্বাজায় সত্যবাহায় প্রাহ ভারদ্বাজোঽঙ্গিরসে পরাবরাম্।

ব্যাখ্যা। ব্রহ্মা (হিরণ্যগর্ভঃ) যাম্ (ব্রহ্ম-বিদ্যাম্) অথর্ব্বণে (অথর্বনাম্নে পুরুষায়) প্রবদেত (প্রোবাচ), অথর্ব্বা, পুরা, (পূর্ব্বং) তাং (ব্রহ্মণঃ প্রাপ্তাং) ব্রহ্ম-বিদ্যাম্, অঙ্গিরে (তন্নাম্নে ঋষয়ে) উবাচ (উক্তবান্)। সঃ (অঙ্গীঃ) ভারদ্বাজায় (ভরদ্বাজগোত্রায়) সত্যবাহায় (তন্নামধেয়ায় ঋষয়ে) [তাং ব্রহ্মবিদ্যাং] প্রাহ (প্রোক্তবান্)। ভারদ্বাজঃ (ভরদ্বাজগোত্র-

সম্ভূতঃ সত্যবাহঃ) পরাবরাং (পরস্মাৎ পরস্মাৎ গুরোঃ অবরেণ শিষ্যেণ প্রাপ্তাম্) [ব্রহ্মবিদ্যাম্] অঙ্গিরসে (তন্নাম্নে ঋষয়ে) [প্রাহ]।

অনুবাদ। ব্রহ্মা অথর্ব্বাকে যে ব্রহ্মবিদ্যা বলিয়াছিলেন, অথর্ব্বা সর্ব্বাগ্রে তাহাই অঙ্গিরাকে উপদেশ দেন। তিনি ভরদ্বাজগোত্রসম্ভূত সত্যবাহকে বলিলেন, সত্যবাহ আবার পূর্ব্ব পূর্ব্ব আচার্য্য হইতে পরকালীন শিষ্যগণকর্তৃক প্রাপ্ত ব্রহ্মবিদ্যা অঙ্গিরাকে বলিয়াছিলেন।

৩। শৌনকো হ বৈ মহাশালোঽঙ্গিরসং বিধিবদুপসন্নঃ পপ্রচ্ছ। কস্মিন্ নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি।

ব্যাখ্যা। মহাশালঃ (মহাগৃহস্থঃ) শৌনকঃ (শুনকপুত্রঃ) হ (ঐতিহ্যে) বৈ (প্রসিদ্ধৌ) বিধিবৎ (যথাবিধি) উপসন্নঃ (উপগতঃ) [সন্] অঙ্গিরসং (ভারদ্বাজশিষ্যং স্বকীয়াচার্য্যম্) পপ্রচ্ছ (পৃষ্টবান্)। [প্রষ্টব্যমাহ —] ভগবঃ ! (হে ভগবন্ !) নু (বিতর্কে) কস্মিন্ (পদার্থে) বিজ্ঞাতে (বিশেষেণ জ্ঞাতে) [সতি] ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (নিখিলং জগৎ) বিজ্ঞাতং (বিশেষেণ অবগতং) ভবতি ? ইতি।

অনুবাদ। গৃহস্থশ্রেষ্ঠ শৌনক শাস্ত্রবিধি-অনুসারে আচার্য্য অঙ্গিরার নিকট উপস্থিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন,—ভগবন্! কোন্ বস্তু সম্যক্ বিদিত হইলে এই সমস্ত পদার্থ অবগত হওয়া যায়?

৪। তস্মৈ স হোবাচ। দ্বে বিদ্যে বেদিতব্যে ইতি হ স্ম যদ্ ব্রহ্মবিদো বদন্তি পরা চৈবাপরা চ।

ব্যাখ্যা। সঃ (অঙ্গিরাঃ) হ (ঐতিহ্যে) তস্মৈ (শৌনকায়) উবাচ (অবদৎ), [বক্তব্যমাহ] যৎ (যস্মাৎ) ব্রহ্মবিদঃ (বেদার্থাভিজ্ঞাঃ) হ স্ম (কিল) পরা (ব্রহ্মবিষয়া) অপরা চ (ধর্ম্মাধর্ম্মাদিবিষয়া, তৎফলস্বর্গাদিবিষয়া চ) এব দ্বে (দ্বিবিধে) বিদ্যে, বেদিতব্যে (জ্ঞাতব্যে) ইতি বদন্তি (ভাষন্তে)।

অনুবাদ। অঙ্গিরা শৌনককে বলিলেন,—বিদ্যা দ্বিবিধ; একটী পরা, অপরটী অপরা। এই দুইপ্রকার বিদ্যা মনুষ্যের অবশ্য জ্ঞাতব্য,—ইহা ব্রহ্মজ্ঞগণ বলিয়া থাকেন।

৫। তত্রাপরা ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্ব্ব-

বেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে।

ব্যাখ্যা। তত্র (পূর্ব্বোক্তয়োঃ দ্বিবিধয়োঃ বিদ্যয়োঃ মধ্যে) অপরা (বিদ্যা) [কথ্যতে], [তাম্ অপরাং বিদ্যাম্ আহ—] ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ, সামবেদঃ, অথর্ব্ববেদঃ, শিক্ষা (স্বরবিষয়কঃ গ্রন্থঃ), কল্পঃ (যাগানুষ্ঠানোপযোগী গ্রন্থঃ) ব্যাকরণং (শব্দশাস্ত্রং) নিরুক্তং (বৈদিকশব্দার্থনিরূপকঃ গ্রন্থবিশেষঃ) ছন্দঃ, জ্যোতিষম্ ইতি। অথ (অনন্তরং) পরা (বিদ্যা) [কথ্যতে] [পরাবিদ্যাম্ এব আহ] যয়া (বিদ্যয়া) তৎ (শাস্ত্রপ্রসিদ্ধং) অক্ষরম্ (ন ক্ষরতি ইতি ব্রহ্ম) অধিগম্যতে (প্রাপ্যতে)।

অনুবাদ। উল্লিখিত দ্বিবিধ বিদ্যার মধ্যে "ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ" এই কয়টী অপরা বিদ্যা। যাহার দ্বারা সেই অক্ষর ব্রহ্মকে প্রাপ্ত হওয়া যায়,- পণ্ডিতগণ তাহাকেই পরা বিদ্যা বলিয়া থাকেন।

তৎপর্য্য।—ঋগ্বাদি চারিটী বেদ প্রত্যক্ষভাবে

যাগাদিকর্ম্ম নিরূপণ করিয়া থাকে, তাহার ফল অনিত্য স্বর্গাদি। সুতরাং অস্থায়ী স্বর্গাদি ফলের প্রতিপাদক বলিয়া বেদচতুষ্টয় অপরা বিদ্যার অন্তর্গত। শিক্ষাদি ছয়টী বেদাঙ্গ, ইহারা বেদার্থের সাহায্যকারী বলিয়া অপরা বিদ্যার মধ্যে পরিগণিত। কিন্তু বেদান্ত বা উপনিষৎ আত্মাভিন্ন ব্রহ্মের উপদেশক বলিয়া পরা বিদ্যা নামে কথিত হয়।

৬। যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণমচক্ষুঃশ্রোত্রং তদপাণিপাদং। নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং যদ্ ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ।

ব্যাখ্যা। [ইদানীং পরাং বিদ্যাং বিশেষেণ বক্তুম্ অক্ষরস্বরূপং বক্তি] যৎ, তৎ, অদ্রেশ্যম্ (অদৃশ্যং, সর্ব্বেষাং জ্ঞানেন্দ্রিয়াণাম্ অগম্যম্) অগ্রাহ্যম্ (কর্ম্মেন্দ্রিয়াবিষয়ম্) অগোত্রম্ (মূলরহিতং, তদ্ হি সর্ব্বেষাং কারণং, ন হি তস্য কিম্ অপি কারণম্ অস্তি), অবর্ণম্ (শুক্লাদিরূপরহিতম্), অচক্ষুঃশ্রোত্রম্ (চক্ষুঃকর্ণহীনম্), অপাণিপাদং (হস্তপদহীনং), নিত্যম্ (অবিনাশি), বিভুং (প্রাণিভেদেন বিবিধং), সর্ব্বগতং

(ব্যাপকং), সুসূক্ষ্মং (অতিশয়েন সূক্ষ্মং), অব্যয়ং (ব্যয়রহিতং) যৎ, তৎ ভূতযোনিং (ভূতানাং কারণং) ধীরাঃ (পণ্ডিতাঃ) পরিপশ্যন্তি (সর্ব্বতোভাবেন পশ্যন্তি)।

অনুবাদ। যাহা চক্ষুরাদি জ্ঞানেন্দ্রিয়ের অগম্য, যাহা কর্ম্মেন্দ্রিয়েরও অগ্রাহ্য, যে বস্তু সকলের কারণ, কিন্তু যাহার কোনই কারণ নাই, শুক্লকৃষ্ণ-প্রভৃতি রূপরাশি যাঁহাকে স্পর্শ করিতে পারে না, যাঁহার চক্ষুঃ, কর্ণ, হস্ত ও পদ নাই, যিনি নিত্য, যিনি ব্রহ্মা হইতে বৃক্ষাদিপর্য্যন্ত পদার্থে নানাভাবে বিরাজমান রহিয়াছেন, যে বস্তু আকাশের ন্যায় সমস্ত পদার্থকে ব্যাপিয়া আছে, যিনি অতীব সূক্ষ্ম অর্থাৎ স্থূলত্বপ্রাপ্তির হেতুভূত শব্দাদি যাহাতে নাই; সেই অব্যয়, সর্ব্বভূতের কারণ, অক্ষরকে (ব্রহ্মকে) পণ্ডিতগণ পরা বিদ্যার দ্বারা সম্যক্‌রূপে জানিয়া থাকেন।

৭। যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্নতে চ
যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি।

যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি
তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্ ॥

ব্যাখ্যা। [ইদানীম্ অক্ষরস্য ভূতযোনিত্বং প্রসিদ্ধং দৃষ্টান্তৈঃ সমর্থয়তে], যথা (যদ্বৎ) ঊর্ণনাভিঃ (লূতাকীটঃ) [কিঞ্চিৎ কারণান্তরম্ অনপেক্ষ্য স্বয়ম্ এব] সৃজতে (তন্তূন্ উৎপাদয়তি), গৃহ্ণতে চ (স্বাত্মনি এব উপসংহরতি); যথা ওষধয়ঃ (ব্রীহ্যাদয়ঃ) পৃথিব্যাং (ক্ষিতৌ) সম্ভবন্তি (প্রভবন্তি); যথা সতঃ (বিদ্যমানাৎ, জীবতঃ) পুরুষাৎ (দেহিনঃ) কেশ-লোমানি [চ] (কেশাঃ লোমানি চ) [সম্ভবন্তি]; তথা (তদ্বৎ) ইহ (সংসারমণ্ডলে) অক্ষরাৎ (অবিনাশি-ব্রহ্মণঃ) বিশ্বং (সমস্তং জগৎ) সম্ভবতি (উৎপদ্যতে)।

অনুবাদ। ঊর্ণনাভি (মাকড়সা) যেমন অন্য কোন কারণের অপেক্ষা না করিয়া নিজ শরীর হইতে সম্পূর্ণ ভিন্নরূপ সূত্রসমূহকে উৎপাদন করে; যেমন ধান্যপ্রভৃতি ওষধিসমূহ পৃথিবীতে উৎপন্ন হয়; এবং সজীব পুরুষের শরীর হইতে কেশ, লোম-সমূহ আবির্ভূত হয়; সেইরূপ এই সংসারে অক্ষর ব্রহ্ম হইতে নিখিল জগৎ উৎপন্ন হইয়া থাকে।

তাৎপর্য্য।—দ্বৈতবাদী নৈয়ায়িকপ্রভৃতি বলিয়া

থাকেন—ব্রহ্ম জগতের সমবায়ি কারণ বা উপাদান কারণ হইতে পারেন না। কারণ, ব্রহ্ম চেতন, শুদ্ধ ; জগৎ জড় ও অশুদ্ধ। সমানজাতীয় কারণ হইতে সমানজাতীয় কার্য্যের উৎপত্তি হইতে দেখা যায়। যেমন জড় মৃত্তিকা হইতে জড় ঘট উৎপন্ন হইয়া থাকে। সুতরাং ব্রহ্ম জগতের উপাদান কারণ নহেন। আরও এক কথা, কার্য্যের যাহা উপাদান কারণ, তাহা কখনও নিমিত্ত কারণ হইতে পারে না। ঘটের উপাদান কারণ মৃত্তিকা, কিন্তু তাহার নিমিত্ত কারণ চেতন কুম্ভকার। সুতরাং ব্রহ্ম নিমিত্ত কারণ হইতে পারেন, উপাদান কারণ কখনও হইতে পারেন না। বাদীদিগের অভিপ্রায় অবগত হইয়া স্বয়ং লোকজননী শ্রুতি স্পষ্টভাবে বলিতেছেন— বাদিগণের আপত্তি ঠিক নহে। এক মাকড়সা যেমন সূত্রের উপাদান ও নিমিত্ত কারণ ; যেমন একমাত্র পৃথিবী ওষধিগণের উপাদান ও নিমিত্ত কারণ এবং যেরূপ জীবিত পুরুষের শরীর হইতে কেশ ও লোমাদি উৎপন্ন হয়, সেইরূপ ব্রহ্ম হইতে

জগতের উৎপত্তির কোন বাধা নাই। উল্লিখিত দৃষ্টান্ত তিনটীর দ্বারা সজাতীয় কারণ হইতে সজাতীয় বস্তুর উৎপত্তিতে অনিয়ম দেখান হইল এবং একটী কার্য্যের উভয় কারণ হইতে পারে ইহাও প্রতিপাদিত হইল। যাহাদের ফল পাকিলে বৃক্ষ মরিয়া যায়, তাহাদিগকে ওষধি বলে।

৮। তপসা চীয়তে ব্রহ্ম ততোঽন্নমভিজায়তে।
অন্নাৎ প্রাণো মনঃ সত্যং লোকাঃ কর্ম্মসু চামৃতম্॥

ব্যাখ্যা। [সাম্প্রতম্ উৎপত্তিক্রমম্ আহ] ব্রহ্ম, তপসা (জ্ঞানেন) চীয়তে (উপচীয়তে), ততঃ (ব্রহ্মণঃ) অন্নম্ (অব্যাকৃতম্) অভিজায়তে (উৎপদ্যতে)। অন্নাৎ (অব্যাকৃতাৎ) প্রাণঃ (হিরণ্যগর্ভঃ) [তস্মাচ্চ প্রাণাৎ] মনঃ [মন-আখ্যং সঙ্কল্প-বিকল্প-সংশয়-নির্ণয়াদ্যাত্মকম্) [ততঃ অপি মনসঃ] সত্যং (সত্যাখ্যম্ আকাশাদিভূতপঞ্চকম্) [তস্মাচ্চ সত্যাৎ] লোকাঃ (ভূরাদয়ঃ সপ্ত লোকাঃ), [তত্র] কর্ম্মাণি (বর্ণাশ্রমবিহিতানি), কর্ম্মসু চ অমৃতং (কর্ম্মজং ফলম্) [অভিজায়তে]।

অনুবাদ। ব্রহ্ম সমস্ত জগতের কারণ স্থির হইলেও আশঙ্কা হইতে পারে যে, যুগপৎ সকল

পদার্থ, ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে অথবা ক্রমে হইয়াছে? যুগপৎ হয় নাই, কিন্তু ক্রমে হইয়াছে ইহা প্রদর্শনের নিমিত্ত এখন বলিতেছেন:—ব্রহ্ম জ্ঞানের দ্বারা সৃষ্টিবিষয়ে উন্মুখ হন, সেই ব্রহ্ম হইতে অন্ন অর্থাৎ অব্যাকৃত প্রকৃতি উৎপন্ন হয়, অন্ন হইতে প্রাণ (হিরণ্যগর্ভ), প্রাণ হইতে মনঃ, মনঃ হইতে সত্য অর্থাৎ সূক্ষ্ম আকাশাদি পঞ্চভূত, তাহা হইতে ভূপ্রভৃতি সাতটী লোক এবং লোক হইতে কর্ম্ম ও কর্ম্ম হইতে তাহার ফল উৎপন্ন হয়।

তাৎপর্য্য।—ব্রহ্ম একরূপী, তাঁহার হ্রাস বা বৃদ্ধি নাই; কিন্তু এখানে ব্রহ্ম উপচিত হন ইহা কিরূপে সম্ভবপর হইতে পারে? তজ্জন্য 'চীয়তে' শব্দের অর্থ অবস্থান্তরপ্রাপ্তি নহে, কিন্তু সৃষ্টিবিষয়ে উন্মুখ হওয়া বুঝিতে হইবে; 'অন্ন'—শব্দের অর্থ অব্যাকৃত অর্থাৎ নাম ও রূপে অনভিব্যক্ত প্রকৃতি। অন্ন প্রাণরক্ষার কারণ বলিয়া তাহাকে অব্যাকৃত শব্দে গ্রহণ করিতে হইবে। এখানে 'অমৃত' শব্দের অর্থ মোক্ষ নহে, কিন্তু কর্ম্মফল।

৯। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্য জ্ঞানময়ং তপঃ।
তস্মাদেতদ্ ব্রহ্ম নাম রূপমন্নঞ্চ জায়তে॥

ইতি প্রথমমুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (অক্ষরাখ্যঃ) সর্ব্বজ্ঞঃ (সামান্যেন সর্ব্বং জানাতি) সর্ব্ববিৎ (বিশেষেণ সর্ব্বং বেত্তি), যস্য (অক্ষরস্য) জ্ঞানময়ং (জ্ঞানং) তপঃ (তপশ্চর্য্যা), তস্মাৎ (অক্ষরাৎ) এতৎ (উক্তং) ব্রহ্ম (হিরণ্যগর্ভাখ্যং), নাম (অসৌ 'দেবদত্তঃ, যজ্ঞদত্তঃ' ইত্যাদিলক্ষণং) রূপং ('ইদং শুক্লং নীলম্' ইত্যাদি) অন্নং চ (ব্রীহিযবাদিরূপং চ) জায়তে (উৎপদ্যতে)।

অনুবাদ। যিনি সর্ব্বজ্ঞ এবং সর্ব্ববিৎ, জ্ঞানই যাঁহার তপস্যা; সেই অক্ষরস্বরূপ ব্রহ্ম হইতে হিরণ্যগর্ভ, দেবদত্তাদি নাম, শুক্লনীলাদি রূপ এবং ধান্য, যব প্রভৃতি অন্ন উৎপন্ন হয়।

তাৎপর্য্য।—যদ্যপি 'সর্ব্বজ্ঞ ও সর্ব্ববিৎ' এই দুইটী শব্দের একই অর্থ, তথাপি 'সর্ব্বজ্ঞ' শব্দের অর্থ সামান্যরূপে সর্ব্ববিষয়ে জ্ঞানবান্ এবং 'সর্ব্ববিৎ' শব্দের অর্থ বিশেষরূপে সর্ব্ববিষয়ে জ্ঞানবান্।

মুণ্ডকোপনিষদের প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

প্রথমমুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। তদেতৎ সত্যম্

মন্ত্রেষু কর্ম্মাণি কবয়ো যান্যপশ্যং-

স্তানি ত্রেতায়াং বহুধা সন্ততানি।

তান্যাচরথ নিয়তং সত্যকামা

এষ বঃ পন্থাঃ সুকৃতস্য লোকে।

ব্যাখ্যা। তৎ (প্রসিদ্ধম্) এতৎ (ইদং) সত্যম্ (অবিতথম্)। কবয়ঃ (মেধাবিনঃ বশিষ্ঠাদয়ঃ) যানি কর্ম্মাণি (অগ্নিহোত্রাদীনি) মন্ত্রেষু (ঋগ্বেদাদ্যাখ্যেষু) অপশ্যন্ (দৃষ্টবন্তঃ), তানি [চ] ত্রেতায়াং (ত্রয়ীসংযোগলক্ষণায়াং) বহুধা (বহুপ্রকারং) সন্ততানি (সংপ্রবৃত্তানি) [যূয়ম্] সত্যকামাঃ (যথাভূতকর্ম্মফলকামাঃ সন্তঃ) তানি (কর্ম্মাণি) নিয়তং (নিত্যম্) আচরথ (সম্পাদয়ত)। বঃ (যুষ্মাকং) সুকৃতস্য (স্বয়ং নির্ব্বর্ত্তিতস্য কর্ম্মণঃ) লোকে (ফলাধিগমে) এষঃ পন্থাঃ (মার্গঃ)।

অনুবাদ। পণ্ডিতগণ মন্ত্রসমূহে যাহা দর্শন করিয়াছেন, ইহাই সেই সত্য। সেই বেদবিহিত, ঋষিদৃষ্ট, কর্ম্মিগণের অনুষ্ঠিত কর্ম্মসমূহ বেদে নানাভাবে বিবৃত হইয়াছে। হে শিষ্যবর্গ! তোমরা সত্যফলের অভিলাষী হইয়া সেই সমুদায় কর্ম্ম নিত্য

অনুষ্ঠান কর ; ইহাই তোমাদের আচরিত কর্ম্মফল-প্রাপ্তির উপায়।

তাৎপর্য্য।—এই শ্রুতিতে জানা গেল যে, ঋষিগণ মন্ত্রদ্রষ্টা, বেদমন্ত্রপ্রণেতা নহেন। ঋষিরা সনাতন, অপৌরুষেয় বেদমন্ত্র দর্শন করিয়া তাহার অর্থ-প্রকাশ করিয়াছেন মাত্র। সুতরাং ইহা মনুষ্যনির্ম্মিত না হওয়ায়, মানব-সুলভ ভ্রম-প্রমাদাদি ইহাতে নাই। ব্রহ্মবিদ্যায় কর্ম্মের উল্লেখ করার ইহাই প্রয়োজন যে, পূর্ব্বে কর্ম্ম অনুষ্ঠিত না হইলে কখন চিত্ত বিশুদ্ধ হয় না. অবিশুদ্ধ চিত্তে জ্ঞানও উৎপন্ন হয় না। জ্ঞান ব্যতীত মুক্তির আশা বৃথা। অতএব পরম্পরায় কর্ম্মের উপযোগিতা আছে। ইহা বেদাদি-শাস্ত্রবিহিত বর্ণাশ্রমোপযোগী কর্ম্ম বুঝিতে হইবে।

২। যদা লেলায়তে হ্যর্চ্চিঃ সমিদ্ধে হব্যবাহনে।
তদাজ্যভাগাবন্তরেণাহুতীঃ প্রতিপাদয়েৎ শ্রদ্ধয়া হুতম্।

ব্যাখ্যা। [প্রথমং তাবদ অগ্নিহোত্রম্ উচ্যতে] যদা (যস্মিন্ কালে) সমিদ্ধে (সম্যগ্ দীপ্তে) হব্যবাহনে (অগ্নৌ) অর্চ্চিঃ (শিখা) লেলায়তে (চলতি); তদা (তস্মিন্ কালে)

আজ্যভাগৌ (আজ্যভাগয়োঃ) অন্তরেণ (মধ্যে, আবাপস্থানে) আহুতীঃ (প্রত্যহং সায়ং প্রাতশ্চ আহুতিদ্বয়ং) প্রতিপাদয়েৎ (দেবতাম্ উদ্দিশ্য প্রক্ষিপেৎ)॰।

অনুবাদ। সমস্ত কর্ম্মের মধ্য অগ্নিহোত্রই প্রথম, তজ্জন্য তাহা পূর্ব্বে প্রদর্শিত হইতেছে।—অগ্নি প্রদীপ্ত হইলে যখন তাহার শিখা চঞ্চলভাব ধারণ করে, তখন আজ্যভাগদ্বয়ের মধ্যে আহুতি প্রদান করিবে।

৩। যস্যাগ্নিহোত্রমদর্শমপৌর্ণমাস-
মচাতুর্ম্মাস্যমনাগ্রয়ণমতিথিবর্জিতঞ্চ।
অহুতমবৈশ্বদেবমবিধিনা হুত-
মাসপ্তমাংস্তস্য লোকান্ হিনস্তি।

ব্যাখ্যা। [অবিধিপূর্ব্বকম্ অগ্নিহোত্রঞ্চেদ্ অনুষ্ঠীয়তে তদা দোষো ভবেৎ, তম্ আহ] যস্য (অগ্নিহোত্রিণঃ) অগ্নিহোত্রম্ (অগ্নিহোত্রনামধেয়ং কর্ম্ম) অদর্শম্ (অমাবস্যাসন্নিহিতপ্রতিপৎকর্ত্তব্য'দর্শা'ভিধযাগরহিতম্) অপৌর্ণমাস্যম্ (পৌর্ণমাসীসন্নিহিতপ্রতিপৎকর্ত্তব্য'পৌর্ণমাস'—নামকযাগবর্জ্জিতম্) অচাতুর্ম্মাস্যম্ (চাতুর্ম্মাস্যসংজ্ঞককর্ম্মরহিতম্) অনাগ্রয়ণম্ (শরদাদিষু কর্ত্তব্যম্ আগ্রয়ণং, তৎ যত্র ন বিদ্যতে তৎ) অতিথি-

বর্জ্জিতং চ (প্রতিদিনক্রিয়মাণম্ অতিথিপূজনং যত্র নাস্তি তৎ) অহুতং (যথাকালং হোমবর্জ্জিতং) অবৈশ্বদেবং (বৈশ্বদেবকর্ম্ম-বর্জ্জিতম্) অবিধিনা (বিধিম্ অনপেক্ষ্য) হুতং চ। [তৎ কর্ম্ম] তস্য (অনুষ্ঠাতুঃ) আসপ্তমান্ (সপ্তমসহিতান্) লোকান্ (ভূরাদীন্) হিনস্তি (নাশয়তি)।

অনুবাদ। যে যজমানের 'অগ্নিহোত্র'-যাগ, 'দর্শ' ও 'পৌর্ণমাসী'—যাগবিহীন হয়, যাহাতে চাতুর্ম্মাস্য এবং আগ্রয়ণ ইষ্টি অনুষ্ঠিত হয় না, যাহা অতিথি-সৎকাররহিত এবং হোমযোগ্য কালে হুত হয় না, যাহা বৈশ্বদেব-কর্ম্ম-রহিত এবং যাহাতে শাস্ত্র-বিধি অনুসারে হুত হয় না, সেই অগ্নিহোত্র যাগ, অনুষ্ঠাতার ফলরূপে প্রাপ্তব্য ভূঃপ্রভৃতি সপ্ত লোক বিনষ্ট করিয়া দেয়।

তাৎপর্য্য।—ভারতের গৌরবের দিনে দ্বিজাতি গৃহস্থগণ যাবজ্জীবন অগ্নিহোত্র যাগের অনুষ্ঠান করিতেন। প্রাতঃ ও সায়ংকালে প্রত্যহ আহুতি দিতে হয়। প্রত্যেক অমাবস্যার পর প্রতিপদে 'দর্শ' যাগ এবং পূর্ণিমার অন্তে প্রতিপদে 'পৌর্ণমাস' যাগ অনুষ্ঠান করিতে হয়। যিনি অগ্নিহোত্রী হইবেন,

তাঁহাকে অবশ্য উল্লিখিত যাগসমূহ যথাকালে অনুষ্ঠান করিতে হইবে। যিনি শাস্ত্রবিধি অতিক্রম করিয়া অগ্নিহোত্র অনুষ্ঠান করেন, তাঁহার কোন ফল হয় না। কর্ম্মের ফল ভূর্লোক হইতে সত্যলোক-প্রাপ্তি। অগ্নিহোত্র সম্যগ্ অনুষ্ঠিত হইলে উক্ত লোক প্রাপ্তি ঘটে, কিন্তু ব্যতিক্রম করিলে কিছুই হয় না।

কালী করালী চ মনোজবা চ
সুলোহিতা যা চ সুধূম্রবর্ণা।
স্ফুলিঙ্গিনী বিশ্বরুচী চ দেবী
লেলায়মানা ইতি সপ্ত জিহ্বাঃ॥

ব্যাখ্যা। [অগ্নের্হবিরাহুতিগ্রসনার্থাঃ সপ্ত জিহ্বাঃ প্রাহ] কালী, করালী চ মনোজবা চ, সুলোহিতা, যা চ সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী, দেবী (দ্যোতনশীলা) বিশ্বরুচী চ, লেলায়মানা (চঞ্চলাঃ) ইতি (এতাঃ) [অগ্নেঃ] সপ্ত জিহ্বাঃ (রসনাঃ)।

অনুবাদ। কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী এবং প্রকাশমানা

বিশ্বরুচী; এই সাতটী অগ্নির চঞ্চল জিহ্বা। অগ্নি এই কয়টী জিহ্বার দ্বারা হবির্গ্রহণ করিয়া থাকে।

৫। এতেষু যশ্চরতে ভ্রাজমানেষু
যথাকালো চাহুতয়ো হ্যাদদায়ন্।
তন্নয়ন্ত্যেতাঃ সূর্য্যস্য রশ্ময়ো
যত্র দেবানাং পতিরেকোঽধিবাসঃ॥

ব্যাখ্যা। যঃ (অগ্নিহোত্রী) ভ্রাজমানেষু (দীপ্যমানেষু) এতেষু (অগ্নিজিহ্বাবিশেষেষু) চরতে (কর্ম্ম আচরতি); যথাকালং (যস্য কর্ম্মণঃ যঃ কালঃ, তং কালম্ অনতিক্রম্য) এতাঃ (ইমাঃ অগ্নিহোত্রিণা নির্বর্ত্তিতাঃ) আহুতয়ঃ হি, সূর্য্যস্য (রবেঃ) রশ্ময়ঃ (কিরণাঃ) [ভূত্বা] আদদায়ন্ (যজমানম্ আদদানাঃ) [সত্যঃ] তং (প্রদেশং) নয়ন্তি (প্রাপয়ন্তি), যত্র (যস্মিন্ স্বর্গে) একঃ (অদ্বিতীয়ঃ) দেবানাং পতিঃ (দেবেন্দ্রঃ) অধিবাসঃ (অধিবসতি)।

অনুবাদ। অগ্নিহোত্রী অগ্নির এই দীপ্তিশালী সাতটী জিহ্বাতে হোম-কর্ম্মের অনুষ্ঠান করিলে, এই আহুতিগুলিই যথাকালে সূর্য্য-রশ্মিরূপে

পরিণত হয়। অনন্তর তাহাই আবার অগ্নিহোত্রীকে একমাত্র ইন্দ্রের বাসস্থান স্বর্গে লইয়া যায়।

৬। এহ্যেহীতি তমাহুতয়ঃ সুবর্চ্চসঃ
সূর্য্যস্য রশ্মিভির্যজমানং বহন্তি।
প্রিয়াং বাচমভিবদন্ত্যোঽর্চ্চয়ন্ত্য
এষ বঃ পুণ্যঃ সুকৃতো ব্রহ্মলোকঃ॥

ব্যাখ্যা। [কথং সূর্য্যস্য রশ্মিভির্যজমানং বহন্তীতি? উচ্যতে] সুবর্চ্চসঃ (দীপ্তিমত্যঃ) আহুতয়ঃ (আহুতিসমূহাঃ) 'এহি এহি' (আগচ্ছ, আগচ্ছ) ইতি (এবং) [আহ্বয়ন্ত্যঃ] অর্চ্চয়ন্ত্যঃ (পূজয়ন্ত্যঃ) এষঃ (অয়ং) বঃ (যুষ্মাকং) পুণ্যঃ (পবিত্রঃ) ব্রহ্মলোকঃ সুকৃতঃ (ফলরূপঃ), [এবং] প্রিয়াং বাচম্ (বাণীম্) অভিবদন্ত্যঃ (উচ্চারয়ন্ত্যঃ) সূর্য্যস্য রশ্মিভিঃ (কিরণদ্বারৈঃ) তং (যজমানং) বহন্তি (স্বর্গং নয়ন্তি)।

অনুবাদ। দীপ্তিশালী আহুতিসমূহ 'এস এস'—এইরূপে আহ্বান করিয়া পূজা করত—'এই পবিত্র ব্রহ্মলোক তোমাদের কর্ম্মফলস্বরূপ'—এইরূপ প্রিয়বাক্য বলিতে বলিতে সূর্য্যের কিরণরাজির দ্বারা যজমানকে স্বর্গে লইয়া যায়।

৭। প্লবা হ্যেতে অদৃঢ়া যজ্ঞরূপা
অষ্টাদশোক্তমবরং যেষু কর্ম্ম।
এতচ্ছ্রেয়ো যেঽভিনন্দন্তি মূঢ়া
জরা-মৃত্যুং তে পুনরেবাপি যন্তি॥

ব্যাখ্যা। [জ্ঞানরহিতং কর্ম্ম দুঃখমূলমিতি নিন্দ্যতে] হি (যস্মাৎ) এতে অদৃঢ়াঃ (অস্থিরাঃ) যজ্ঞরূপাঃ (যাগনির্ব্বর্ত্তকাঃ) অষ্টাদশ (ষোড়শ ঋত্বিজঃ পত্নী যজমানশ্চ ইতি অষ্টাদশসংখ্যাকাঃ) প্লবাঃ (বিনাশশীলাঃ), যেষু (অষ্টাদশসু) অবরং (কেবলং জ্ঞানরহিতং) কর্ম্ম উক্তং (শাস্ত্রেণ কথিতং); যে মূঢ়াঃ (অবিবেকিনঃ) এতৎ (জ্ঞানবর্জ্জিতং কর্ম্ম) শ্রেয়ঃ (শ্রেয়ঃসাধনম্) [ইতি] অভিনন্দন্তি (অভিহৃষ্যন্তি) তে পুনঃ এব (ভূয় এব) জরামৃত্যুং (বার্দ্ধকং মরণঞ্চ) অপি যন্তি (লভন্তে)।

অনুবাদ। এই সমস্ত যজ্ঞের সম্পাদক ষোল জন পুরোহিত, যজমান ও তৎপত্নী এই আঠার জন, ইঁহারা অস্থায়ী; শাস্ত্রেও এই অষ্টাদশসাধ্য জ্ঞানরহিত কর্ম্ম কথিত হইয়াছে,এই সমস্ত কর্ম্মের ফলস্বরূপ স্বর্গাদিও বিনাশী বলিয়া উক্ত হইয়াছে। অতএব যে সমুদায় অজ্ঞ এই কর্ম্মসমূহকে মুক্তির উপায় বিবেচনা করিয়া

ইহাতে আস্থা স্থাপন করে, তাহারা পুনঃ পুনঃ জরা ও মরণকে প্রাপ্ত হয় অর্থাৎ তাহারা অবিরত সংসারে গমনাগমন করিয়া থাকে।

৮। অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ
স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।
জঙ্ঘন্যমানাঃ পরিযন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ॥

ব্যাখ্যা। অবিদ্যায়াম্ অন্তরে (অবিদ্যায়া মধ্যে) বর্ত্তমানাঃ, স্বয়ং ধীরাঃ (ধীমন্তঃ) পণ্ডিতম্মন্যমানাঃ (আত্মানং পণ্ডিতং মন্যমানাঃ) জঙ্ঘন্যমানাঃ (জরাদিভিঃ ভৃশং পীড্যমানাঃ) মূঢ়াঃ (অজ্ঞাঃ) অন্ধেন নীয়মানাঃ (প্রদর্শ্যমানমার্গাঃ) অন্ধা যথা (অন্ধবৎ) পরিযন্তি (গর্ত্তকণ্টকাদৌ পতন্তি) [তদ্বৎ]।

অনুবাদ। যাহারা অবিদ্যার মধ্যে বর্ত্তমান এবং নিজকে বুদ্ধিমান্ ও পণ্ডিত মনে করে, যাহারা সংসারে জরা-ব্যাধিপ্রভৃতি অনর্থসমূহের দ্বারা পুনঃপুনঃ পীড়িত হয়, সেই মূঢ় ব্যক্তিগণ অন্ধ-পরিচালিত অপর অন্ধের ন্যায় বিপন্ন হইয়া থাকে।

৯। অবিদ্যায়াং বহুধা বর্ত্তমানা
বয়ং কৃতার্থা ইত্যভিমন্যন্তি বালাঃ।

যৎ কর্ম্মিণো ন প্রবেদয়ন্তি রাগাৎ
তেনাতুরাঃ ক্ষীণলোকাশ্চ্যবন্তে॥

ব্যাখ্যা। অবিদ্যায়াং (অজ্ঞানে) বহুধা (বহুপ্রকারেণ) বর্ত্তমানাঃ (স্থিতাঃ) বয়ম্ এব, কৃতার্থাঃ (কৃতপ্রয়োজনাঃ) ইতি (এবং) বালাঃ (অজ্ঞাঃ) অভিমন্যন্তে (অভিমানং কুর্ব্বন্তি); যৎ (যস্মাৎ) কর্ম্মিণঃ (জ্ঞানরহিতকর্ম্মপরাঃ) রাগাৎ (কর্মফলানুরাগাৎ) ন প্রবেদয়ন্তি (তত্ত্বং ন জানন্তি), তেন (কারণেন) ক্ষীণলোকাঃ (ক্ষীণকর্ম্মফলাঃ) আতুরাঃ (দুঃখার্ত্তাঃ) [সন্তঃ] চ্যবন্তে (স্বর্গলোকাৎ পতন্তি)।

অনুবাদ। যাহারা নানাভাবে অবিদ্যার মধ্যে ডুবিয়া থাকে; সেই সমস্ত অবিবেকী, আমরা কৃতার্থ হইয়াছি বলিয়া অভিমান করিয়া থাকে; যেহেতু তাহারা জ্ঞানরহিত কর্ম্মের অনুষ্ঠাতা, কর্ম্মফলে অনুরাগবশতঃ প্রকৃত তত্ত্ব জানিতে পারে না; তজ্জন্য তাহারা স্বর্গাদি ভোগযোগ্য কর্ম্ম শেষ হইলে দুঃখিত হইয়া স্বর্গলোক হইতে পতিত হয়।

১০। ইষ্টাপূর্ত্তং মন্যমানা বরিষ্ঠং
নান্যচ্ছ্রেয়ো বেদয়ন্তে প্রমূঢ়াঃ।

নাকস্য পৃষ্ঠে তে সুকৃতেঽনুভূ-
ত্বেমং লোকং হীনতরং বা বিশন্তি ॥

ব্যাখ্যা। প্রমূঢ়াঃ (অজ্ঞাঃ) ইষ্টাপূর্ত্তং (ইষ্টং যাগাদি শ্রৌতং কর্ম্ম, পূর্ত্তং বাপীকূপতড়াগাদি স্মার্ত্তং কর্ম্ম) বরিষ্ঠম্ (প্রধানম্) [ইতি] মন্যমানাঃ (চিন্তয়ন্তঃ) অন্যৎ (আত্মজ্ঞানাখ্যং শ্রেয়ঃসাধনং) ন বেদয়ন্তে (ন জানন্তি)। তে (প্রমূঢ়াঃ) নাকস্য (স্বর্গস্য) পৃষ্ঠে (উপরিস্থানে) সুকৃতে (পুণ্যফলে) অনুভূত্বা (অনুভূয়) ইমং লোকং (মর্ত্ত্যং) হীনতরং বা (অথবা অস্মাৎ নিকৃষ্টং তির্য্যঙ্ নরকাদিরূপং) বিশন্তি (প্রাপ্নুবন্তি)।

অনুবাদ। যাহারা অত্যন্ত মূঢ় তাহারা শ্রুতিবিহিত যাগাদি এবং স্মৃতিসম্মত জলাশয়নির্ম্মাণ-প্রভৃতি কর্ম্মকে সর্ব্বশ্রেষ্ঠ মনে করে; ইহা অপেক্ষা যে অন্য কোন কল্যাণকর কর্ম্ম আছে, তাহারা তাহা জানে না। সেই মূঢ়গণ স্বর্গে পুণ্যফল ভোগ করিয়া এই মর্ত্ত্যলোক কিংবা তদপেক্ষা নিকৃষ্টলোকে জন্মগ্রহণ করে।

১১। তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে
শান্তা বিদ্বাংসো ভৈক্ষ্যচর্য্যাং চরন্তঃ।

সূর্য্যদ্বারেণ তে বিরজাঃ প্রযান্তি
যত্রামৃতঃ স পুরুষো হ্যব্যয়াত্মা ॥

ব্যাখ্যা। যে হি (প্রসিদ্ধৌ) শান্তাঃ (জিতেন্দ্রিয়াঃ) [বানপ্রস্থাঃ] তপঃশ্রদ্ধে (তপঃ স্বাশ্রমবিহিতং কর্ম্ম, শ্রদ্ধা হিরণ্যগর্ভাদিবিষয়া আস্তিক্যবুদ্ধিবিষয়া বিদ্যা তে) [শ্রিতাঃ] অরণ্যে (স্ত্রীজনাসঙ্কীর্ণে দেশে) উপবসন্তি (বসন্তি)। বিদ্বাংসঃ (গৃহস্থাশ্চ জ্ঞানপ্রধানাঃ সন্তঃ) উপবসন্তি (ভোগান্ ত্যজন্তি), [যে চ] ভৈক্ষচর্য্যাং চরন্তঃ (ভিক্ষোপজীবিনঃ সন্ন্যাসিনঃ) [অপরিগ্রহাঃ সন্তঃ] উপবসন্তি। তে (পূর্ব্বোক্তাঃ ত্রিবিধাঃ জনাঃ) বিরজাঃ (ক্ষীণপুণ্যপাপকর্ম্মাণঃ সন্তঃ) সূর্য্যদ্বারেণ (সূর্য্যোপলক্ষিতেন উত্তরায়ণেন পথা), যত্র (যস্মিন্ সত্যলোকাদৌ) সঃ হি অব্যয়াত্মা (অনশ্বরস্বরূপঃ) অমৃতঃ পুরুষঃ (হিরণ্যগর্ভঃ) [অস্তি] তত্র, প্রযান্তি (প্রকর্ষেণ গচ্ছন্তি)।

অনুবাদ। যে সমস্ত জিতেন্দ্রিয় বানপ্রস্থাশ্রমী স্বাশ্রমবিহিত কর্ম্ম ও উপাসনাকে অবলম্বন করিয়া অরণ্যাদি নির্জ্জন স্থানে বাস করেন, যে জ্ঞানী গৃহস্থগণ সমস্ত ভোগ পরিত্যাগ করেন এবং যে সন্ন্যাসিসমূহ প্রতিগ্রহ পরিত্যাগকরতঃ ভিক্ষাবৃত্তি

দ্বারা অবস্থান করেন, তাঁহারা পুণ্যাপাপরহিত হইয়া সূর্য্যদ্বারা উত্তরায়ণপথে সত্যলোকে গমন করেন। সেই সত্যলোকে অবিনাশী অমৃত পুরুষ হিরণ্যগর্ভ বাস করেন।

১২। পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো
নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন।
তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ
সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্॥

ব্যাখ্যা। [সাম্প্রতং সংসারাদ্ বিরক্তস্য পুংসঃ পরস্যাং বিদ্যায়ামধিকারপ্রদর্শনার্থমিদমুচ্যতে] ব্রাহ্মণঃ (ব্রাহ্মণজাতিঃ) কর্ম্মচিতান্ (কর্ম্মণা সম্পাদিতান্) লোকান্ (ফলানি) পরীক্ষ্য (প্রমাণৈঃ সম্যগ্ নিশ্চিত্য, অনিত্যত্বেন জ্ঞাত্বা) অকৃতঃ (নিত্যঃ মোক্ষঃ) কৃতেন (কর্ম্মণা) নাস্তি (ন ভবতি) [ইতি] নির্ব্বেদম্ (বৈরাগ্যম্) আয়াৎ (গচ্ছেৎ)। সঃ (নির্ব্বেদযুক্তঃ ব্রাহ্মণঃ) সমিৎপাণিঃ (সমিদ্ভারগৃহীতহস্তঃ) [সন্] তদ্বিজ্ঞানার্থং (তস্য নিত্যস্য বস্তুনঃ বিশেষেণ জ্ঞানার্থং) শ্রোত্রিয়ং (বেদবিদং) ব্রহ্মনিষ্ঠং (অদ্বয়ে ব্রহ্মণি নিষ্ঠা যস্য তং) গুরুম্ এব (আচার্য্যমেব) অভিগচ্ছেৎ (সর্ব্বতোভাবেন শরণং গচ্ছেৎ)।

অনুবাদ। ব্রাহ্মণ কর্ম্মের দ্বারা অর্জ্জিত

স্বর্গাদি লোকসমূহ কদলীদলের ন্যায় অসার জানিয়া, নিত্য মোক্ষ অনিত্য কর্ম্মের দ্বারা প্রাপ্ত হওয়া যায় না, ইহা বুঝিয়া বৈরাগ্যলাভ করিবেন। এই বৈরাগ্যবান্ পুরুষ সমিধ্‌হস্তে সত্য ব্রহ্মজ্ঞানের নিমিত্ত বেদজ্ঞ ব্রহ্মনিষ্ঠ গুরুর নিকট গমন করিয়া তাঁহার শরণ লইবেন।

১৩। তস্মৈ স বিদ্বানুপসন্নায় সম্যক্
প্রশান্তচিত্তায় শমান্বিতায়।
যেনাক্ষরং পুরুষং বেদ সত্যং
প্রোবাচ তাং তত্ত্বতো ব্রহ্মবিদ্যাম্॥

ইতি প্রথমমুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

অন্বয়ঃ। সঃ বিদ্বান্ (ব্রহ্মবিৎ) উপসন্নায় (সমীপং প্রাপ্তায়) সম্যক্ (যথাশাস্ত্রং) প্রশান্তচিত্তায় (নিবৃত্তদোষায়) শমান্বিতায় (সংযতেন্দ্রিয়ায়) তস্মৈ (শিষ্যায়), যেন (বিজ্ঞানেন) সত্যম্ (যথার্থং) অক্ষরং (অবিনাশি) পুরুষং বেদ (জানাতি); তাং (প্রসিদ্ধাং) ব্রহ্মবিদ্যাং (ব্রহ্মবিষয়াং বিদ্যাং) তত্ত্বতঃ (যথাবৎ) প্রোবাচ (প্রক্রয়াৎ)।

অনুবাদ। সেই বিদ্বান্ সমীপাগত প্রশান্ত-চিত্ত, শমগুণযুক্ত শিষ্যকে যথার্থভাবে যে ব্রহ্মবিদ্যা দ্বারা লোক সত্যস্বরূপ অবিনাশী ব্রহ্মকে জানিতে পারে, সেই ব্রহ্মবিদ্যার উপদেশ দান করিবেন।

দ্বিতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

১। তদেতৎ সত্যম্,—
যথা সুদীপ্তাৎ পাবকাদ্ বিস্ফুলিঙ্গাঃ
সহস্রশঃ প্রভবন্তে সরূপাঃ।
তথাক্ষরাৎ বিবিধাঃ সৌম্য ভাবাঃ
প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তি ॥

ব্যাখ্যা। [ইদানীং পরস্যা ব্রহ্মবিদ্যায়া বিষয় উচ্যতে] তৎ এতৎ সত্যং (যথাভূতং বিদ্যাবিষয়ং) [অত্যন্তপরোক্ষত্বাৎ কথং নাম প্রত্যক্ষবৎ সত্যম্ অক্ষরং প্রতিপদ্যেরন্ ইতি দৃষ্টান্তমাহ] যথা (যদ্বৎ) সুদীপ্তাৎ (সুষ্ঠু দীপ্তাদ্ ইদ্ধাৎ) পাবকাৎ (অগ্নেঃ) সহস্রশঃ (অনেকশঃ) সরূপাঃ (অগ্নিসলক্ষণাঃ) বিস্ফুলিঙ্গাঃ (অগ্ন্যবয়বাঃ) প্রভবন্তে (জায়ন্তে); সৌম্য! (হে প্রিয়দর্শন!) তথা (তদ্বৎ) অক্ষরাৎ (সতঃ) বিবিধাঃ (নানাবিধাঃ) ভাবাঃ (পদার্থাঃ, জীবাঃ) প্রজায়ন্তে (উৎপদ্যন্তে); তত্র এব (অক্ষরে এব) অপিযন্তি (লীয়ন্তে) চ।

অনুবাদ। যে পরমার্থ সত্য বস্তু, যে পরাবিদ্যার বিষয়, এখন তাহা বলিতেছেন। সেই এই

অক্ষরই সত্য বস্তু, যেমন প্রজ্জ্বলিত অগ্নি হইতে অগ্নি-সদৃশ সহস্র সহস্র বিস্ফুলিঙ্গ (অগ্নিকণা) উৎপন্ন হয়; হে সৌম্য! সেইরূপ অক্ষর হইতে নানাবিধ জীব উৎপন্ন হইয়া থাকে এবং অন্তে তাহারা তাহাতেই বিলয় প্রাপ্ত হয়।

২। দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ।
অপ্রাণো হ্যমনাঃ শুভ্রো হ্যক্ষরাৎ পরতঃ পরঃ॥

ব্যাখ্যা। পুরুষঃ (পূর্ণঃ, পুরিশয়ঃ বা) হি (নিশ্চয়ে) দিব্যঃ (দ্যোতিনবান্) অমূর্ত্তঃ (সর্ব্বমূর্ত্তিবর্জ্জিতঃ) সবাহ্যাভ্যন্তরঃ (বাহ্যাভ্যন্তরেণ সহ বর্ত্ততে) হি অজঃ (জন্মরহিতঃ), অপ্রাণঃ (অবিদ্যমানঃ ক্রিয়াশক্তিভেদবান্ চলনাত্মকঃ বায়ুঃ যস্মিন্ অসৌ) অমনাঃ (অনেকজ্ঞানশক্তিভেদবৎসঙ্কল্পাত্মকং মনোঽপি অবিদ্যমানং যস্মিন্ অসৌ) হি, শুভ্রঃ (শুদ্ধঃ) পরতঃ (শ্রেষ্ঠাৎ) অক্ষরাৎ (অব্যাকৃতাৎ) পরঃ (শ্রেষ্ঠঃ) হি।

অনুবাদ। পুরুষ স্বয়ংপ্রকাশ, মূর্ত্তি-রহিত, বাহ্য ও অভ্যন্তরের সহিত বর্ত্তমান, জন্মরহিত, ক্রিয়াশক্তিযুক্ত প্রাণ ও জ্ঞানশক্তিবিশিষ্ট মনঃ যাঁহার নাই; যিনি শুদ্ধ, কার্য্যবর্গ হইতে শ্রেষ্ঠ, সকলের কারণীভূত অব্যক্ত হইতেও শ্রেষ্ঠ।

৩। এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।
খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী॥

ব্যাখ্যা। [প্রাণাদয়ঃ পুরুষে কথং ন সন্তি তদুচ্যতে] এতস্মাৎ (পুরুষাৎ) প্রাণঃ, মনঃ, সর্ব্বেন্দ্রিয়াণি, খং, বায়ুঃ, জ্যোতিঃ (অগ্নিঃ), আপঃ (জলং) বিশ্বস্য (সর্ব্বস্য) ধারিণী (ধরিত্রী) পৃথিবী, জায়তে (উৎপদ্যতে)। ২৷১৷৩

অনুবাদ। এই পুরুষ হইতে প্রাণ, মনঃ, সমস্ত ইন্দ্রিয়, আকাশ, বায়ু, অগ্নি, জল ও সমস্ত পদার্থের বিধাত্রী পৃথিবী উৎপন্ন হয়।

৪। অগ্নির্ম্মূর্দ্ধা চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ
দিশঃ শ্রোত্রে বাগ্‌বিবৃতাশ্চ বেদাঃ।
বায়ুঃ প্রাণো হৃদয়ং বিশ্বমস্য পদ্ভ্যাং
পৃথিবী হ্যেষ সর্ব্বভূতান্তরাত্মা॥

ব্যাখ্যা। অস্য (যস্য পুরুষস্য) অগ্নিঃ (দ্যুলোকঃ) মূর্দ্ধা (শিরঃ), চন্দ্রসূর্য্যৌ (চন্দ্রশ্চ সূর্য্যশ্চ) চক্ষুষী (নেত্রে), দিশঃ (পূর্ব্বাদ্যাঃ কাষ্ঠাঃ) শ্রোত্রে (শ্রবণে), বিবৃতা (উদ্‌ঘাটিতা) বাক্, বেদাঃ, বায়ুঃ (সমীরণঃ) প্রাণঃ, বিশ্বং (সর্ব্বং জগৎ) হৃদয়ম্ (অন্তঃকরণং), [যস্য] পদ্ভ্যাং পৃথিবী [জাতা], এষঃ (দেবঃ) সর্ব্বভূতান্তরাত্মা (সর্ব্বেষাং ভূতানাম্ অন্তরাত্মা)।

অনুবাদ। অগ্নি অর্থাৎ দ্যুলোক যাঁহার মস্তক, চন্দ্র ও সূর্য্য যাঁহার দুইটী নয়ন, পূর্ব্বাদি দিক্‌-সমূহ কর্ণদ্বয়, চারি বেদ যাঁহার বিবৃত বাগিন্দ্রিয়, বায়ু প্রাণ, সমস্ত জগৎ অন্তঃকরণ এবং যাঁহার পাদদ্বয় হইতে পৃথিবী উৎপন্ন হইয়াছে, তিনি সর্ব্বপ্রাণীর

৫। তস্মাদগ্নিঃ সমিধো যস্য সূর্য্যঃ
সোমাৎ পর্জন্য ওষধয়ঃ পৃথিব্যাম্।
পুমান্ রেতঃ সিঞ্চতি যোষিতায়াং
বহ্বীঃ প্রজাঃ পুরুষাৎ সংপ্রসূতাঃ ॥

ব্যাখ্যা। [পঞ্চাগ্নিদ্বারেণ চ যাঃ সংসরন্তি প্রজাঃ তা অপি তস্মাদেব পুরুষাৎ প্রজায়ন্তে, ইত্যুচ্যতে—) তস্মাৎ (পুরুষাৎ) অগ্নিঃ (দ্যুলোকঃ) [উৎপদ্যতে] যস্য (দ্যুলোকস্য) সূর্য্যঃ সমিধঃ, [সূর্য্যেণ হি দ্যুলোকঃ সমিধ্যতে], সোমাৎ (দ্যুলোকাগ্নে-র্নিষ্পন্নাৎ সোমাৎ) পর্জ্জন্যঃ (মেঘঃ, দ্বিতীয়ঃ অগ্নিঃ) [সম্ভবতি]। তস্মাচ্চ পর্জ্জন্যাৎ] পৃথিব্যাম্, ওষধয়ঃ (ব্রীহ্যাদয়ঃ) [জায়ন্তে], পুমান্ (পুরুষরূপঃ অগ্নিঃ) যোষিতায়াং (যোষিতি স্ত্রিয়াং) রেতঃ (বীর্য্যং) সিঞ্চতি (জহাতি) [এবং] পুরুষাৎ, বহ্বীঃ প্রজাঃ (বহবঃ প্রজাঃ) সম্প্রসূতাঃ (জাতাঃ)।

অনুবাদ। যে দ্যুলোক সূর্য্য দ্বারা দীপ্ত হয়, সেই দ্যুলোকরূপ অগ্নি এই পুরুষ হইতে জন্ম গ্রহণ করে, সোম হইতে মেঘ উৎপন্ন হয়, মেঘ হইতে পৃথিবীতে ওষধিসমূহ জন্মে, তাহার পর পুরুষ নারীতে রেতঃ-সেচন করে এবং সেই পুরুষ হইতে নানাবিধ প্রজা উৎপন্ন হয়।

৬। তস্মাদৃচঃ সাম যজূংষি দীক্ষা
যজ্ঞাশ্চ সর্ব্বে ক্রতবো দক্ষিণাশ্চ।
সংবৎসরশ্চ যজমানশ্চ লোকাঃ
সোমো যত্র পবতে যত্র সূর্য্যঃ ॥

ব্যাখ্যা। তস্মাৎ (পুরুষাৎ) ঋচঃ (গায়ত্র্যাদিচ্ছন্দোবিশিষ্টা মন্ত্রাঃ) সাম (স্তোমাদিগীতিবিশিষ্টং) যজূংসি (অনিয়তাক্ষর-পাদাবসানানি বাক্যরূপাণি) দীক্ষা (মৌঞ্জ্যাদিলক্ষণাঃ কর্ত্তৃনিয়ম-বিশেষাঃ) সর্ব্বে যজ্ঞাশ্চ (অগ্নিহোত্রাদয়ঃ) ক্রতবঃ (সযূপাঃ) দক্ষিণাশ্চ (একগবাদ্যা অপরিমিতসর্ব্বস্বান্তাঃ) সংবৎসরঃ (কর্ম্মাঙ্গভূতঃ কালঃ) যজমানশ্চ (কর্ত্তা) লোকাঃ (কর্ম্মফলভূতাঃ), যত্র (যেষু লোকেষু) সোমঃ (চন্দ্রমাঃ) [লোকান্] পবতে (পুনাতি) যত্র চ (যেষু) সূর্য্যঃ তপতি।

অনুবাদ। যে পুরুষ হইতে ঋক্, সাম ও যজুঃ—এই ত্রিবিধ মন্ত্র, দীক্ষা, অগ্নিহোত্রাদি সমস্ত যজ্ঞ এবং যাবতীয় ক্রতু, যজ্ঞের দক্ষিণাসমূহ, কর্ম্মাঙ্গ-ভূত সংবৎসর কাল, যজমান ও কর্ম্মফল সম্পাদিত হয়, যেখানে চন্দ্র লোকদিগকে পবিত্র করেন এবং সূর্য্য তাপ প্রদান করেন।

৭। তস্মাচ্চ দেবা বহুধা সংপ্রসূতাঃ
সাধ্যা মনুষ্যাঃ পশবো বয়াংসি।
প্রাণাপানৌ ব্রীহিযবৌ তপশ্চ
শ্রদ্ধা সত্যং ব্রহ্মচর্য্যং বিধিশ্চ॥

ব্যাখ্যা। তস্মাৎ চ (পুরুষাৎ) দেবাঃ (দেবতাঃ) বহুধা (বস্বাদিগণভেদেন বিবিধাঃ) সম্প্রসূতাঃ (জাতাঃ)। [কে তে? ইত্যাকাঙ্ক্ষায়ামাহ] সাধ্যাঃ (দেববিশেষাঃ) মনুষ্যাঃ (মানবাঃ কর্ম্মাধিকৃতাঃ) পশবঃ (গ্রাম্যাঃ আরণ্যাশ্চ), বয়াংসি (পক্ষিণঃ) প্রাণাপানৌ (প্রাণঃ অপানশ্চ) ব্রীহিযবৌ (ব্রীহিশ্চ যবশ্চ তৌ) তপঃ চ (কর্ম্মাঙ্গং পুরুষসংস্কারলক্ষণং) শ্রদ্ধা (আস্তিক্যবুদ্ধিঃ) সত্যং (মিথ্যাবর্জ্জনং) ব্রহ্মচর্য্যং (মৈথুনাকরণং) বিধিশ্চ (ইতিকর্ত্তব্যতা চ)।

অনুবাদ। সেই পুরুষ হইতে নানাবিধ দেবতা উৎপন্ন হইয়াছেন। সাধ্যনামক দেবগণ, মনুষ্যসমূহ, পশুসঙ্ঘ, পক্ষিসমূহ, প্রাণ ও অপান, হোম-সাধন ব্রীহি, যবপ্রভৃতি, তপস্যা, আস্তিক্যবুদ্ধি, সত্য, ব্রহ্মচর্য্য ও বিধি সেই পুরুষ হইতেই উৎপন্ন হইয়াছে।

৮। সপ্ত প্রাণাঃ প্রভবন্তি তস্মাৎ
সপ্তার্চ্চিষঃ সমিধঃ সপ্ত হোমাঃ।
সপ্তেমে লোকা যেষু চরন্তি প্রাণা
গুহাশয়া নিহিতাঃ সপ্ত সপ্ত ॥

ব্যাখ্যা। তস্মাৎ (পুরুষাৎ) সপ্ত প্রাণাঃ (সপ্ত শীর্ষণ্যাঃ প্রাণাঃ) সপ্ত অর্চ্চিষঃ (দীপ্তয়ঃ) সপ্ত সমিধঃ (সপ্ত বিষয়াঃ) [বিষয়ৈঃ সমিধ্যন্তে প্রাণাঃ], সপ্ত হোমাঃ (তদ্বিষয়বিজ্ঞানানি) ইমে সপ্ত লোকাঃ (ইন্দ্রিয়স্থানানি), যেষু (লোকেষু) প্রাণাঃ (ইন্দ্রিয়াণি) চরন্তি (বিচরন্তি) [ধাত্রা] নিহিতাঃ (স্থাপিতাঃ) [প্রতিপ্রাণিভেদং] সপ্ত সপ্ত গুহাশয়াঃ (গুহায়াং শরীরে হৃদয়ে বা শেরতে), প্রভবন্তি (জায়ন্তে)।

অনুবাদ। সেই পুরুষ হইতে চক্ষুঃ-প্রভৃতি মস্তকস্থ সাতটী ইন্দ্রিয়, সেই সাতটী ইন্দ্রিয়ের বিষয়-

প্রকাশন, সাতটী ইন্দ্রিয়ের বিষয়, তাহার সাতটী বিষয়জ্ঞান, ইন্দ্রিয়গণের বিচরণযোগ্য সাতটী ইন্দ্রিয়-স্থান, বিধাতৃকর্ত্তৃক প্রতিপ্রাণিদেহে স্থাপিত সাতটী সাতটী গুহাশয় পদার্থসমূহ উৎপন্ন হইয়াছে।

৯। অতঃ সমুদ্রা গিরয়শ্চ সর্ব্বে-
স্মাৎ স্যন্দন্তে সিন্ধবঃ সর্ব্বরূপাঃ।
অতশ্চ সর্ব্বা ওষধয়ো রসশ্চ
যেনৈষ ভূতৈস্তিষ্ঠতে হ্যন্তরাত্মা ॥

ব্যাখ্যা। অতঃ (পুরুষাৎ) সর্ব্বে সমুদ্রাঃ (ক্ষীরাদ্যাঃ) গিরয়ঃ (হিমবদাদয়ঃ) চ [প্রভবন্তি], অস্মাৎ (পুরুষাৎ) সর্ব্বরূপাঃ (বহুরূপাঃ) সিন্ধবঃ (নদ্যঃ) স্যন্দন্তে (স্রবন্তি); অতশ্চ (অস্মাদেব পুরুষাৎ) সর্ব্বাঃ ওষধয়ঃ (ব্রীহ্যাদ্যাঃ) রসশ্চ (মধুরাদি-ষড়্‌বিধঃ) [জায়ন্তে] যেন (রসেন) এষঃ অন্তরাত্মা (সূক্ষ্মং শরীরং) ভূতৈঃ (আকাশাদিভিঃ পঞ্চভিঃ স্থূলৈঃ) [পরিবেষ্টিতঃ সন্] তিষ্ঠতে (বর্ত্ততে) হি (নিশ্চয়ে)।

অনুবাদ। এই পুরুষ হইতে সমস্ত সমুদ্র ও পর্ব্বতসমূহ উৎপন্ন হয়, বিবিধ নদীসমূহ ইহা হইতেই প্রবাহিত হয়। ব্রীহ্যাদি ওষধিসমূহ এবং মধুরাদি রস ইহা হইতে আবির্ভূত হয়। এই সূক্ষ্ম

শরীর সে রসের দ্বারা আকাশাদি পাঁচটী ভূতে পরি-
বেষ্টিত হইয়া বিদ্যমান আছে।

১০। পুরুষ এবেদং বিশ্বং কর্ম্ম
তপো ব্রহ্ম পরামৃতম্।
এতদ্ যো বেদ নিহিতং গুহায়াং
সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সোম্য॥

ইতি দ্বিতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। পুরুষঃ (পূর্ণঃ) এব ইদং বিশ্বং (সর্ব্বং) [ন বিশ্বং নাম পুরুষাদন্যৎ কিঞ্চিদস্তি]; কর্ম্ম (অগ্নিহোত্রাদি) তপঃ (জ্ঞানং) গুহায়াং (বুদ্ধিরূপায়াং) নিহিতং (স্থিতং) পরামৃতং (পরম্ অমৃতং) ব্রহ্ম, যঃ (পুমান্) বেদ (জানাতি), সোম্য! (হে প্রিয়দর্শন!) সঃ ইহ (জীবন্নেব) অবিদ্যাগ্রন্থিং (গ্রন্থিমিব দৃঢ়ীভূতামবিদ্যাবাসনাং) বিকিরতি (বিক্ষিপতি, বিনাশয়তি)।

অনুবাদ। পুরুষই এই সমস্ত জগৎ। অগ্নিহোত্রাদি কর্ম্ম ও জ্ঞান পরমামৃত ব্রহ্মের স্বরূপ, যিনি ইহাকে বুদ্ধিরূপ গুহাতে অবস্থিত বলিয়া জানেন, হে প্রিয়দর্শন! তিনি এই দেহে বর্ত্তমান থাকিয়া গ্রন্থিতুল্য দৃঢ় অবিদ্যাসংস্কার ছিন্ন করেন।

ইতি দ্বিতীয়মণ্ডুকে প্রথম খণ্ড।

দ্বিতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। আবিঃ সন্নিহিতং গুহাচরন্নাম
মহৎ পদমত্রৈতৎ সমর্পিতম্।
এজৎ প্রাণৎ নিমিষচ্চ যদেতৎ জানথ সদসদ্বরেণ্যং
পরং বিজ্ঞানাৎ যদ্বরিষ্ঠং প্রজানাম্।

ব্যাখ্যা। আবিঃ (প্রকাশিতং) সন্নিহিতং (সর্ব্বপ্রাণিনাং হৃদি বর্ত্তমানং), গুহাচরং (গুহায়াং চরতি ইতি) নাম, মহৎ (শ্রেষ্ঠং) পদং (ধাম)। অত্র (অস্মিন্ ব্রহ্মণি) এজৎ (চলৎ পক্ষিপ্রভৃতি) প্রাণৎ (প্রাণাপানাদিমন্মনুষ্যপশ্বাদি) যৎ নিমিষৎ (নিমিষাদিক্রিয়াবৎ) [চকারাৎ যচ্চ অনিমিষৎ], এতৎ (দৃশ্যমানং সর্বং) সমর্পিতং (প্রবেশিতং) [হে শিষ্যাঃ] যদ্ এতৎ, সদসৎ (সদসৎস্বরূপঃ) বরেণ্যং (বরণীয়ং) প্রজানাং (জনানাং) বিজ্ঞানাৎ (বিশেষজ্ঞানাৎ) পরং (ব্যতিরিক্তং) বরিষ্ঠং (বরতমং) [এতং ব্রহ্ম] [যূয়ং] জানথ (অবগচ্ছত)।

অনুবাদ। সেই রূপহীন সৎস্বরূপ অক্ষর কিরূপে জ্ঞানের বিষয় হ'ন, তাহা বলিতেছেন। যিনি প্রকাশস্বভাব, সকল প্রাণীর হৃদয়ে অবস্থিত, যিনি সকলের বুদ্ধিরূপ গুহায় বিচরণ করেন, যিনি সর্ব্বাপেক্ষা মহৎ, সকলের আশ্রয়; তাঁহাতে চলনস্বভাব পক্ষি-

প্রভৃতি, প্রাণাদিবিশিষ্ট মনুষ্যাদি, যাহা কিছু নিমেষাদি-যুক্ত ও নিমেষাদিহীন, সেই সমস্ত প্রবিষ্ট রহিয়াছে। হে শিষ্যগণ! তোমরা সদসৎস্বরূপ, সকলের বরণীয়, জনসমূহের শব্দাদি জ্ঞানের অতীত, সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, একমাত্র ব্রহ্মকে অবগত হও।

। যদর্চ্চিমৎ যদণুভ্যোঽণু চ
যস্মিংল্লোকা নিহিতা লোকিনশ্চ।
তদেতদক্ষরং ব্রহ্ম, স প্রাণস্তদু বাঙ্মনঃ
তদেতৎ সত্যং তদমৃতং তদ্বেদ্ধব্যং সোম্য বিদ্ধি।

ব্যাখ্যা। যৎ অর্চ্চিমৎ (দীপ্তিমৎ, যদ্ভাঃ তদ্দীপ্ত্যা আদিত্যাদি দীপ্যতে), যৎ অণুভ্যঃ (শ্যামাকাদিভ্যঃ) অণু চ (সূক্ষ্মং) [চকারাৎ স্থূলেভ্যঃ পৃথিব্যাদিভ্যঃ অপি অতিশয়েন স্থূলং), যস্মিন্ লোকাঃ (ভূরাদয়ঃ) লোকিনশ্চ (লোকনিবাসিনঃ মনুষ্যাদয়ঃ) নিহিতাঃ (স্থিতাঃ)। তৎ এতৎ অক্ষরং ব্রহ্ম, সঃ প্রাণঃ, তদ্ উ বাঙ্মনঃ (বাক্ চ মনশ্চ), তদ্ এতৎ সত্যং (অবিতথং), তৎ অমৃতম্ (অবিনাশি), তদ্ বেদ্ধব্যং (মনসা তাড়য়িতব্যম্, তস্মিন্ মনসঃ সমাধানং কর্ত্তব্যম্), হে সোম্য (প্রিয়দর্শন!) বিদ্ধি (জানীহি, অক্ষরে মনঃ সমাদধস্ব)।

অনুবাদ। যাহা দীপ্তিশালী, যাহা অণু

হইতেও সূক্ষ্ম, স্থূল পৃথিবীপ্রভৃতি হইতেও স্থূলতর, যাহাতে ভূরাদি লোক এবং তত্তল্লোকবাসী মনুষ্যগণ অবস্থিত আছে, তিনিই সকলের আশ্রয়ভূত অক্ষর ব্রহ্ম, তিনিই প্রাণ, বাক্ এবং মনঃ। তিনিই সত্য, অতএব তিনি অবিনাশী, সেই ব্রহ্মে চিত্ত স্থাপন করিতে হইবে। হে প্রিয়দর্শন! তাঁহাকেই তুমি জান।

৩। ধনুর্গৃহীত্বৌপনিষদং মহাস্ত্রং
শরং হ্যুপাসানিশিতং সন্ধধীত।
আযম্য তদ্ভাবগতেন চেতসা
লক্ষ্যং তদেবাক্ষরং সৌম্য বিদ্ধি॥

ব্যাখ্যা। হে সোম্য! ঔপনিষদং (উপনিষৎস্থ ভবং) মহাস্ত্রং (মহচ্চ তদস্ত্রঞ্চ) ধনুঃ (চাপং) গৃহীত্বা (আদায়) তস্মিন্] উপাসানিশিতং (সন্ততাভিধ্যানেন তনূকৃতং) শরং সন্দধীত (যোজয়েৎ)। [সন্ধায় চ] আযম্য (আকৃষ্য, সেন্দ্রিয়ম্ অন্তঃকরণং স্ববিষয়াদ্ বিনিবর্ত্ত্য লক্ষ্যে এব আবর্জ্জিতং কৃত্বা) তদ্ভাবগতেন (তস্মিন্ অক্ষরে ব্রহ্মণি ভাবঃ ভাবনা, তদ্গতেন) চেতসা (মনসা) লক্ষ্যং (বেধ্যং); তদ্ এব অক্ষরং (অবিনাশি ব্রহ্ম) বিদ্ধি (জানীহি)।

অনুবাদ। হে প্রিয়দর্শন! উপনিষৎপ্রতিপাদ্য মহাস্ত্ররূপ ধনুঃ গ্রহণ করিয়া, তাহাতে উপাসনা দ্বারা তীক্ষ্ণীকৃত বাণ সন্ধান করিবে। শরসন্ধান করতঃ ইন্দ্রিয়গণ এবং অন্তঃকরণকে স্বস্ব বিষয় হইতে ফিরাইয়া একাগ্রতাযুক্ত চিত্তের দ্বারা সেই অবিনাশী ব্রহ্মকে জান।

৪। প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।
অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবৎ তন্ময়ো ভবেৎ॥

ব্যাখ্যা। প্রণবং (ওঙ্কারঃ) ধনুঃ (চাপং), আত্মা হি শরঃ (বাণঃ) তৎ (প্রসিদ্ধং) ব্রহ্ম লক্ষ্যম্ (শরব্যম্) উচ্যতে (কথ্যতে) [তদ্ ব্রহ্ম] অপ্রমত্তেন (প্রমাদহীনেন একাগ্রচিত্তেন) বেদ্ধব্যং (লক্ষ্যং ব্রহ্ম জ্ঞেয়ং), [অতঃ] শরবৎ (বাণবৎ) তন্ময়ঃ (একাগ্রচিত্তঃ) ভবেৎ।

অনুবাদ। ওঙ্কার ধনুঃ, আত্মা বাণ এবং পরব্রহ্ম লক্ষ্য বলিয়া অভিহিত হইয়া থাকেন; অবহিতচিত্তে লক্ষ্য বিদ্ধ করিবে, অতএব বাণের ন্যায় লক্ষ্যবিষয়ে একাগ্রচিত্ত হইবে। যে বিষয়ে বাণ নিক্ষেপ করা যায়, বাণ তাহাকেই বিদ্ধ করে, সাধক পুরুষও সেইরূপ তন্ময় হইবে।

৫। যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরিক্ষ-
মোতং মনঃ সহ প্রাণৈশ্চ সর্ব্বৈঃ।
তমেবৈকং জানথ আত্মানমন্যা
বাচো বিমুঞ্চথ অমৃতস্যৈষ সেতুঃ ॥

ব্যাখ্যা। যস্মিন্ (অক্ষরে পুরুষে) দ্যৌঃ (দ্যুলোকঃ) পৃথিবী (ভূলোকঃ) অন্তরিক্ষঞ্চ (দ্যুলোকভূলোকয়োঃ মধ্যবর্ত্তী লোকশ্চ) মনঃ (অন্তঃকরণং) সর্ব্বৈঃ প্রাণৈঃ (করণৈঃ [সহ] ওতং (সমর্পিতং); [হে শিষ্যাঃ যূয়ং] তম্ এব একম্ (অদ্বিতীয়ম্) আত্মানং, জানথ (জানীত), অন্যাঃ বাচঃ (অপরবিদ্যারূপাঃ) বিমুঞ্চথ (বিমুঞ্চত); এষঃ অমৃতস্য (অমৃতত্বস্য, মোক্ষস্য) সেতুঃ (সংসারোত্তরণহেতুঃ)।

অনুবাদ। দ্যুলোক, পৃথিবী ও অন্তরিক্ষ, মনঃ এবং করণসমূহ যে অক্ষর পুরুষে প্রবিষ্ট রহিয়াছে; হে শিষ্যগণ! তোমরা সেই অদ্বিতীয় আত্মাকে জান, অনাত্মবিষয়ক বাক্যসমূহ পরিত্যাগ কর, এই অক্ষর আত্মাই মুক্তির উপায়।

৬। অরা ইব রথনাভৌ সংহতা যত্র নাড্যঃ
স এষোঽন্তশ্চরতে বহুধা জায়মানঃ।

ওমিত্যেবং ধ্যায়থ আত্মানং
স্বস্তি বঃ পরায় তমসঃ পরস্তাৎ ॥

ব্যাখ্যা। রথনাভৌ (রথস্য নাভৌ) অরাঃ (শলাকাঃ) ইব, যত্র (যস্মিন্ হৃদয়ে) নাড্যঃ (দেহব্যাপিন্যঃ) সংহতাঃ (সংপ্রবিষ্টাঃ), বহুধা (অনেকধা) জায়মানঃ (উৎপদ্যমানঃ) স এষঃ (প্রকৃতঃ) আত্মা, অন্তঃ (মধ্যে) চরতে (চরতি), [হে শিষ্যাঃ] [তম্] আত্মানম্, 'ওম্' ইত্যেবং (ওঙ্কারালম্বনত্বেন) [যথোক্তকল্পনয়া] ধ্যায়থ (চিন্তয়ত), [হে শিষ্যাঃ] বঃ (যুষ্মাকং তমসঃ (অবিদ্যায়াঃ) পরস্তাৎ (পরং) পারায় (পারগমনায়) স্বস্তি (মঙ্গলম্) [অস্তু]।

অনুবাদ। অরসমূহ যেমন রথের নাভিচক্রে সন্নিবিষ্ট থাকে, সেইরূপ নাড়ীসমূহ ও হৃদয়ে সন্নিবিষ্ট আছে। এই আত্মা হৃদয়ের অভ্যন্তর হর্ষশোকপ্রভৃতি বিবিধরূপে বিচরণ করিয়া থাকেন; হে শিষ্যগণ! তোমরা ওঙ্কারকে আলম্বন করিয়া সেই আত্মাকে ধ্যান কর, তোমাদের অজ্ঞানের পরপারে যাইবার জন্য অর্থাৎ মোক্ষলাভের নিমিত্ত মঙ্গল হউক।

৭। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্যৈষ মহিমা ভুবি।
দিব্যে ব্রহ্মপুরে হ্যেষ ব্যোম্‌ন্যাত্মা প্রতিষ্ঠিতঃ॥

ব্যাখ্যা। যঃ সর্ব্বজ্ঞঃ (সামান্যতঃ সর্ব্বং জানাতি যঃ সঃ) সর্ব্ববিৎ (বিশেষেণ সর্ব্বং জানাতি যঃ সঃ), ভুবি (পৃথিব্যাং) যস্য এষঃ (প্রসিদ্ধঃ) মহিমা (বিভূতিঃ) ; এষঃ আত্মা দিব্যে (দীপ্তিমতি) ব্রহ্মপুরে (ব্রহ্মণঃ অভিব্যক্তিস্থানে) ব্যোম্‌নি (হৃদয়াকাশে) প্রতিষ্ঠিতঃ (স্থিতঃ) হি।

অনুবাদ। যিনি সর্ব্বজ্ঞ এবং সর্ব্ববিৎ, যাঁহার মহিমা সর্ব্বজনপ্রসিদ্ধ ; এই আত্মা হৃদয়াকাশে প্রতিষ্ঠিত আছেন।

। মনোময়ঃ প্রাণশরীরনেতা
প্রতিষ্ঠিতোঽন্নে হৃদয়ং সন্নিধায়।
তদ্ বিজ্ঞানেন পরিপশ্যন্তি ধীরা
আনন্দরূপমমৃতং যদ্বিভাতি।

ব্যাখ্যা। [স আত্মা] মনোময়ঃ (মন-উপাধিকঃ) প্রাণশরীরনেতা (প্রাণশ্চ শরীরঞ্চ প্রাণশরীরং, তস্যায়ং নেতা) হৃদয়ং (বুদ্ধিং) সন্নিধায় (পুণ্ডরীকচ্ছিদ্রে সমবস্থাপ্য) অন্নে (অন্নপরিণামভূতে শরীরে) প্রতিষ্ঠিতঃ (অবস্থিতঃ)। ধীরাঃ (বিবেকিনঃ) তৎ (আত্মতত্ত্বং) বিজ্ঞানেন (বিশিষ্টেন শাস্ত্রা-

চার্য্যোপদেশজনিতেন জ্ঞানেন), যৎ আনন্দরূপং (সুখরূপম্) অমৃতং (ব্রহ্ম) বিভাতি (বিশেষেণ স্বাত্মনি সর্ব্বদা ভাতি প্রকাশতে), পরিপশ্যন্তি (সর্ব্বতঃ পূর্ণং পশ্যন্তি)।

অনুবাদ। আত্মা মনোময়, কারণ মনোবৃত্তিসমূহের দ্বারা আত্মা চিন্তিত হ'ন; তিনি প্রাণ ও সূক্ষ্ম শরীরের নেতা; তিনি অন্নের পরিণামভূত শরীরে অবস্থিত আছেন। যে আনন্দস্বরূপ অমৃত ব্রহ্ম বিশেষরূপে প্রকাশিত আছেন, বিবেকিগণ তত্ত্বজ্ঞানের দ্বারা তাঁহাকে সম্যগ্‌রূপে উপলব্ধি করিয়া থাকেন।

৯। ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥

ব্যাখ্যা। তস্মিন্ (সর্ব্বজ্ঞে) পরাবরে (পরঞ্চ কারণাত্মনা, অবরঞ্চ কার্য্যাত্মনা) দৃষ্টে (অহমস্মি ইতি সাক্ষাৎকৃতে সতি) অস্য (দ্রষ্টুঃ পুরুষস্য) হৃদয়গ্রন্থিঃ (বুদ্ধ্যাশ্রয়ঃ কামঃ) ভিদ্যতে (বিনাশমুপয়াতি) সর্ব্বসংশয়াঃ (সর্ব্বে সংশয়াঃ) ছিদ্যন্তে (বিচ্ছেদমায়ান্তি), কর্ম্মাণি চ (অপ্রবৃত্তফলানি চ) ক্ষীয়ন্তে (ক্ষীণতামুপগচ্ছন্তি)।

অনুবাদ। যিনি কারণরূপে শ্রেষ্ঠ এবং

কার্য্যরূপে অধম, সেই ব্রহ্মকে দর্শন করিলে কামাদি হৃদয়গ্রন্থি বিনাশ প্রাপ্ত হয়, সমস্ত সংশয় বিচ্ছিন্ন হয়, প্রারব্ধ ব্যতীত যাবতীয় কর্ম্ম ক্ষয় প্রাপ্ত হয়।

৯। হিরণ্ময়ে পরে কোষে বিরজং ব্রহ্ম নিষ্কলম্।
তচ্ছুভ্রং জ্যোতিষাং জোতিস্তদ্ যদাত্মবিদো বিদুঃ॥

ব্যাখ্যা। হিরণ্ময়ে (জ্যাতির্ম্ময়ে) পরে (শ্রেষ্ঠে) কোশে (অসেঃ কোশে ইব আধারভূতে আত্মোপলব্ধিস্থানে) বিরজং (রজোরহিতং) নিষ্কলং (নিরবয়বং) ব্রহ্ম [অস্তি]। তৎ (ব্রহ্ম) শুভ্রং (শুদ্ধং), তৎ জ্যোতিষাং (সূর্য্যাগ্নিপ্রভৃতীনামপি) জ্যোতিঃ (অবভাসকং), আত্মবিদঃ (আত্মজ্ঞাঃ) যৎ (ব্রহ্ম) বিদুঃ (বিদন্তি)।

অনুবাদ। রজোরহিত নিরবয়ব ব্রহ্ম, জ্যোতির্ম্ময় অসির কোশের ন্যায় উৎকৃষ্ট উপলব্ধিস্থানে বিদ্যমান আছেন। তিনি শুদ্ধ; সূর্য্য, অগ্নি প্রভৃতি জ্যোতিঃসমূহেরও প্রকাশক, আত্মজ্ঞগণ তাঁহাকে অবগত আছেন।

১০। ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।

তমেব ভান্তমনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥

ব্যাখ্যা। তত্র (তস্মিন্ ব্রহ্মণি বিষয়ে) সূর্য্যঃ ন ভাতি (প্রকাশতে); চন্দ্রতারকং (চন্দ্রঃ তারকাশ্চ) [ন ভাতি], ইমাঃ বিদ্যুতঃ (তড়িতঃ) ন ভান্তি; অয়ম্ অগ্নিঃ কুতঃ? [কিং বহুনা] ভান্তং (স্বতঃ প্রকাশমানং) তম্ এব (পরমাত্মানম্ এব) অনু (পশ্চাৎ) সর্ব্বং (বস্তুজাতং) ভাতি (দীপ্যতে), তস্য (ব্রহ্মণা) ভাসা (প্রকাশেন) ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (নিখিলং) জগৎ, বিভাতি। ৪৩ ১১

অনুবাদ। সেই ব্রহ্মে সূর্য্য প্রকাশ পান না, অর্থাৎ সূর্য্য ব্রহ্মকে প্রকাশিত করিতে পারেন না। তথায় চন্দ্র ও তারকারাজি প্রকাশ পায় না, বিদ্যুৎ-সমূহ প্রকাশ পায় না, স্বল্প-প্রকাশ অগ্নির কথা আর কি বলিব? 'স্বয়ংপ্রকাশ' সেই ব্রহ্মের প্রকাশে সূর্য্য, চন্দ্র, বিদ্যুৎ, অগ্নি প্রভৃতি সমস্ত প্রকাশশীল পদার্থ প্রকাশ পাইতেছে। অধিক কি, সমস্ত জগৎ সেই ব্রহ্মের প্রকাশে দীপ্তিশালী হইতেছে।

১১। ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাদ্ ব্রহ্ম
পশ্চাদ্ ব্রহ্ম দক্ষিণতশ্চোত্তরেণ।

অধশ্চোর্দ্ধঞ্চ প্রসৃতং
ব্রহ্মৈবেদং বিশ্বমিদং বরিষ্ঠম্ ॥

ইতি দ্বিতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। ইদম্ (উক্তলক্ষণম্) অমৃতম্ (অবিনাশি) ব্রহ্ম এব পুরস্তাৎ (অগ্রে), ব্রহ্ম পশ্চাৎ (পৃষ্ঠে), ব্রহ্ম দক্ষিণতঃ (দক্ষিণস্যাং দিশি) উত্তরতশ্চ (উত্তরস্মিন্ ভাগে) [তথৈব] অধঃ (অধস্তাৎ) ঊর্দ্ধম্ (উপরি) চ প্রসৃতং (প্রগতং) [কিং বহুনা] ইদং বরিষ্ঠং (বরতমং) বিশ্বং (জগৎ) ব্রহ্ম এব।

অনুবাদ। অবিনাশী ব্রহ্ম অগ্রে, ব্রহ্ম পৃষ্ঠদেশে; ব্রহ্ম দক্ষিণে, উত্তরে, অধোভাগে এবং ঊর্দ্ধদিকে ব্যাপিয়া রহিয়াছেন। অধিক কি বলিব, এই সমস্ত বিশাল জগৎ ব্রহ্ম স্বরূপ অর্থাৎ ব্রহ্ম ব্যতীত এই মহৎ বিশ্বের পৃথক্ সত্তা নাই; কারণ ব্রহ্মে এই বিশ্ব আরোপিত রহিয়াছে।

ইতি দ্বিতীয়মুণ্ডকে দ্বিতীয় খণ্ড।

তৃতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

১। দ্বা সুপর্ণা সযুজা সখায়া
সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্য-
নশ্নন্নন্যোঽভিচাকশীতি ॥

ব্যাখ্যা। সযুজা (সযুজৌ, সহৈব সর্ব্বদা যুক্তৌ) সখায়া (সখায়ৌ, সমানাখ্যানৌ, সমানাভিব্যক্তিকারণৌ), দ্বা (দ্বৌ) সুপর্ণা (সুপর্ণৌ, পক্ষিণৌ জীবেশ্বরৌ) সমানম্ (অবিশেষং) বৃক্ষং (তরুং, শরীরমিত্যর্থঃ) পরিষস্বজাতে (পরিষক্তবন্তৌ)। তয়োঃ (দ্বয়োঃ পক্ষিণোঃ মধ্যে) অন্যঃ (একঃ, জীবঃ) স্বাদু (মধুরং) পিপ্পলম্ (কর্ম্মনিষ্পন্নং সুখদুঃখলক্ষণং ফলম্) অত্তি (ভক্ষয়তি, অবিবেকতঃ উপভুঙ্‌ক্তে), অন্যঃ (ইতরঃ, ঈশ্বরঃ) অনশ্নন্ (কর্ম্মফলম্ অভক্ষয়ন্) অভিচাকশীতি (পশ্যতি)

অনুবাদ। জীবাত্মা ও পরমাত্মা এই দুইটী পক্ষী, ইঁহারা একত্র অবস্থান করেন, পরস্পর সমানস্বভাব অর্থাৎ ইঁহাদের অভিব্যক্তি স্থান একই। পক্ষিগণ বৃক্ষে বাস করে, ইঁহারা শরীরে সংশ্লিষ্টভাবে অবস্থান করেন। তন্মধ্যে একটী অর্থাৎ জীব বিচিত্র

রমণীয় কর্ম্মফল ভোগ করেন, অন্য অর্থাৎ পরমাত্মা কিছু ভোগ না করিয়া কেবল দর্শন করেন মাত্র; যদ্যপি অদ্বৈতে জীব ও পরমাত্মার কোন ভেদ নাই, তথাপি উপাধিকৃত ভেদ, তাহা মিথ্যা। জীব কর্ম্ম-ফলভোক্তা, পরমাত্মা তাহার সাক্ষিমাত্র।

২। সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নো-
অনীশয়া শোচতি মুহ্যমানঃ।
জুষ্টং যদা পশ্যত্যন্যমীশ-
মস্য মহিমানমিতি বীতশোকঃ॥

ব্যাখ্যা। পুরুষঃ (ভোক্তা জীবঃ) সমানে (একস্মিন্) বৃক্ষে (শরীরে) নিমগ্নঃ (নিশ্চয়েন দেহাত্মভাবমাপন্নঃ) অনীশয়া (দীনভাবেন) মুহ্যমানঃ (অস্তশ্চিন্তামাপদ্যমানঃ) শোচতি (শোকং করোতি), যদা [সঃ] জুষ্টম্ (যোগিভিঃ কর্ম্মিভিশ্চ সেবিতম্) অন্যম্ (জীবাদ্ বিলক্ষণম্) ঈশম্ (ঈশিতারম্) অস্য (ঈশস্য) ইতি (এবং) মহিমানং (বিভূতিং) চ ইতি (এতি, আপ্নোতি) [তদা] বীতশোকঃ (শোকরহিতঃ) [ভবতি]।

অনুবাদ। জীব ঈশ্বরের সহিত একটী

দেহে অবস্থান করে, কিন্তু দীনতাবশতঃ মোহ-প্রাপ্ত হইয়া শোক করিয়া থাকে। যখন সেই জীব ধ্যানযোগে জীব হইতে ভিন্ন যোগী ও কর্ম্মিগণসেবিত ঈশ্বরকে দর্শন করে এবং তাঁহার মহিমা উপলব্ধি করে, তখন সে শোক-সাগর হইতে উত্তীর্ণ হয়।

৩। যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং
কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্।
তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয়
নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি ॥

ব্যাখ্যা। যদা (যস্মিন্ কালে) পশ্যঃ (পশ্যতীতি পশ্যঃ—দর্শকঃ বিদ্বান্ ইত্যর্থঃ) রুক্মবর্ণং (জ্যোতির্ময়ং) কর্ত্তারং (সর্ব্বস্য জগতঃ বিধাতারং) ব্রহ্মযোনিং (ব্রহ্ম চ তদ্‌যোনিশ্চেতি অসৌ ব্রহ্মযোনিঃ তং, ব্রহ্মণঃ অপরস্য হিরণ্যগর্ভস্য যোনিং কারণং) ঈশং (প্রভুং) পুরুষং (পরমাত্মানং) পশ্যতে (পশ্যতি), তদা (তস্মিন্ কালে) বিদ্বান্ (জ্ঞানী) পুণ্যপাপে (বন্ধনভূতে কর্ম্মণী) বিধূয় (নিরস্য) নিরঞ্জনঃ (বিগতক্লেশঃ সন্) পরমং (প্রকৃষ্টং নিরতিশয়ং) সাম্যম্ (সমত্বমদ্বয়লক্ষণম্) উপৈতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। যখন সাধক জ্যোতির্ম্ময়,

জগৎস্রষ্টা, হিরণ্যগর্ভের উৎপাদক ঈশ্বররূপ পুরুষকে দর্শন করেন, সেই বিদ্বান্ তৎকালে পুণ্য ও পাপ ত্যাগ করত ক্লেশরহিত হইয়া ব্রহ্মের স্বরূপ প্রাপ্ত হন। [এখানে সাম্যপদ থাকায় দ্বৈতবাদিগণ 'সাদৃশ্য' অর্থ করিয়া থাকেন, যেখানে সাদৃশ্য, সেখানে ভেদ অবশ্যম্ভাবী। কিন্তু শ্রুতির তাৎপর্য্য তাহা নহে, অন্যথা 'পরম'পদ দিবার কোন সার্থক্য থাকে না এবং পূর্ব্বাপর গ্রন্থের সামঞ্জস্য হয় না]।

৪। প্রাণো হ্যেষ যঃ সর্ব্বভূতৈর্বিভাতি
বিজানন্ বিদ্বান্ ভবতে নাতিবাদী।
আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবান্
এষ ব্রহ্মবিদাং বরিষ্ঠঃ॥

ব্যাখ্যা। যঃ এষঃ (প্রকৃতঃ) প্রাণঃ (প্রাণস্য প্রাণঃ পরঃ ঈশ্বরঃ) সর্ব্বভূতৈঃ (ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তৈঃ, সর্ব্বভূতস্থঃ সর্বাত্মা সন্) বিভাতি (বিবিধং দীপ্যতে), হি (নিশ্চয়ে)। [তং প্রাণস্য প্রাণং] বিজানন্ (বিশেষেণ জানন্) বিদ্বান্ (বিবেকী) অতিবাদী (অতীত্য সর্ব্বান্ অন্যান্ বদিতুং শীলম্ অস্য ইতি) ন ভবতি (ভবতে)। এষঃ (বিজানন্ পুরুষঃ) আত্মক্রীড়ঃ

(আত্মন্যেব ক্রীড়া-ক্রীড়নং যস্য নান্যত্র পুত্রদারাদিষু) আত্মরতিঃ (আত্মন্যেব রতিঃ প্রীতির্যস্য সঃ) ক্রিয়াবান্ (জ্ঞানধ্যানাদি-ক্রিয়া-যুক্তঃ) ব্রহ্মবিদাং (ব্রহ্মজ্ঞানাং) বরিষ্ঠঃ (শ্রেষ্ঠঃ) ।

অনুবাদ। যিনি প্রাণের প্রাণ, ব্রহ্মাদি-স্তম্বপর্য্যন্ত সমস্ত ভূতে বিরাজমান, সেইরূপ ব্রহ্মকে জানিয়া বাক্যার্থজ্ঞানশালী পুরুষ অতিবাদী হন না। কারণ যখন আত্মাই প্রকাশ পাইতেছেন, আত্ম-ভিন্ন পদার্থের সত্তা উপলব্ধি হইতেছে না, তখন আর কোন্ বস্তুকে বলিয়া অতিবাদী হইবেন? সেই মহা-পুরুষ আত্মাতে ক্রীড়া করেন, পুত্রদারাদিতে নহে; আত্মাতে তাঁহার প্রীতি, বিত্তাদি বাহ্য বস্তুতে নহে; তিনি জ্ঞানধ্যানাদি ক্রিয়ায় রত, তিনি ব্রহ্মবিদ্‌গণের মধ্যে প্রধান।

৫। সত্যেন লভ্যস্তপসা হ্যেষ আত্মা
সম্যগ্‌জ্ঞানেন ব্রহ্মচর্য্যেণ নিত্যম্।
অন্তঃশরীরে জ্যোতির্ম্ময়ো হি শুভ্রো
যং পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ ॥

ব্যাখ্যা। এষঃ (প্রস্তুতঃ) হি (নিশ্চয়ে) জ্যোতির্ম্ময়ঃ

(প্রকাশশীলঃ) শুভ্রঃ (শুদ্ধঃ) আত্মা অন্তঃশরীরে (শরীরাভ্যন্তরে, পুণ্ডরীকাকাশে) নিত্যং (সর্ব্বদা) সত্যেন (মৃষাভাষণত্যাগেন) তপসা (ইন্দ্রিয়াণাং মনসশ্চ একাগ্রতয়া), সম্যগ্‌জ্ঞানেন (তত্ত্বজ্ঞানেন), ব্রহ্মচর্য্যেণ (মৈথুনত্যাগেন) লভ্যঃ (প্রাপ্য) যম্‌ (আত্মানং) ক্ষীণদোষাঃ (ক্ষীণক্রোধাদিচিত্তমলাঃ) যতয়ঃ (সন্ন্যাসিনঃ) পশ্যন্তি (সাক্ষাৎকুর্ব্বন্তি)।

অনুবাদ। এই শুদ্ধ, প্রকাশশীল আত্মাকে শরীরাভ্যন্তরে হৃদয়-পদ্মাকাশে সর্ব্বদা সত্য, তপস্যা, তত্ত্বজ্ঞান ও ব্রহ্মচর্য্যের দ্বারা লাভ করিতে হয়। যে সমস্ত সন্ন্যাসীর ক্রোধাদি চিত্ত-মল দূরীভূত হইয়াছে, তাঁহারা সেই আত্মাকে দর্শন করিয়া থাকেন।

৬। সত্যমেব জয়তে নানৃতং
সত্যেন পন্থা বিততো দেবযানঃ।
যেনাক্রমন্ত্যৃষয়ো হ্যাপ্তকামা
যত্র তৎ সত্যস্য পরমং নিধানম্‌॥

ব্যাখ্যা। সত্যম্‌ এব (সত্যবানেব) জয়তে (জয়তি) ন অনৃতং (অনৃতবাদী) [জয়তি]। সত্যেন (অনৃতত্যাগেন)

বিততঃ (বিস্তীর্ণঃ) দেবযানঃ (উত্তরায়ণাভিধঃ) পন্থা (মার্গঃ) [প্রাপ্তব্যঃ]। আপ্তকামাঃ (বিগততৃষ্ণাঃ) ঋষয়ঃ (দর্শনবন্তঃ মুনয়ঃ) যেন (পথা) আক্রমন্তি (আক্রমন্তে), যত্র (যস্মিন্) তৎ (পরমার্থতত্ত্বং) সত্যস্য (উত্তমসাধনস্য) পরমং (প্রকৃষ্টং) নিধানং (পুরুষার্থঃ) [বর্ত্ততে]।

অনুবাদ। সত্যবাদীর জয়, অসত্যবাদীর জয় নাই। দেবযানাখ্য বিস্তৃত পথ একমাত্র সত্য দ্বারাই প্রাপ্ত হওয়া যায়। যেথানে সত্যের পরম পুরুষার্থ বিদ্যমান আছে; বিষয়-তৃষ্ণাবিহীন ঋষিগণ দেবযান দ্বারা তথায় গমন করেন।

৭। বৃহচ্চ তদ্দিব্যমচিন্ত্যরূপং
সূক্ষ্মাচ্চ তৎ সূক্ষ্মতরং বিভাতি।
দূরাৎ সুদূরে তদিহান্তিকে চ
পশ্যৎস্বিহৈব নিহিতং গুহায়াম্॥

ব্যাখ্যা। তৎ (প্রকৃতং ব্রহ্ম) বৃহৎ (মহৎ) দিব্যম্ (স্বয়ং-প্রভম্) অচিন্ত্যরূপং (চিন্তয়িতুমশক্যং) চ, তৎ, সূক্ষ্মাচ্চ (সূক্ষ্মাদপি) সূক্ষ্মতরং (অতিশয়েন সূক্ষ্মং) বিভাতি (প্রকাশতে)। তৎ (ব্রহ্ম) [অবিদুষাং] দূরাৎ সুদূরে (বিপ্রকৃষ্টতরে দেশে) [বর্ত্ততে]; ইহ (দেহে) অন্তিকে (সমীপে) চ;

পশ্যৎসু (চেতনাবৎসু) ইহ (দেহে) এব গুহায়াং (বুদ্ধৌ) নিহিতং (নিগূঢ়ম্)।

অনুবাদ। ব্রহ্ম মহৎ, ইন্দ্রিয়ের অগোচর, তাঁহার স্বরূপ কেহ চিন্তা করিতে পারে না, তিনি সূক্ষ্ম হইতেও অতি সূক্ষ্মরূপে প্রকাশ পান। তিনি অজ্ঞের পক্ষে অতি দূরে বিদ্যমান আছেন এবং জ্ঞানীর পক্ষে এই দেহে এবং সমীপে আছেন। তিনি শরীরের মধ্যে বুদ্ধিরূপ গুহাতে নিহিত আছেন।

৮। ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা
নান্যৈর্দেবৈস্তপসা কর্ম্মণা বা।
জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্ব-
স্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ॥

ব্যাখ্যা। [তদ্ ব্রহ্ম] চক্ষুষা (নয়নেন) ন গৃহ্যতে (জ্ঞায়তে) বাচা (বচনেন) ন অপি [গৃহ্যতে], অন্যৈঃ (অপরৈঃ) দেবৈঃ (দেবাত্মিতৈরিন্দ্রিয়ৈঃ) তপসা (তপস্যয়া) কর্ম্মণা বা ন [গৃহ্যতে], [গ্রহণস্য উপায়মাহ] জ্ঞানপ্রসাদেন (জ্ঞানপ্রসন্নতয়া) বিশুদ্ধসত্ত্বঃ (নির্ম্মলচিত্তঃ) [ভবতি], ততস্তু (তস্মাৎ পরং) ধ্যায়মানঃ

(সত্যাদিসাধনবান্) তং (প্রক্রান্তং) নিষ্কলং (নিরংশম্ আত্মানং) পশ্যতে (পশ্যতি)।

অনুবাদ। ব্রহ্মকে চক্ষুর দ্বারা গ্রহণ করা যায় না, কারণ তাঁহার রূপ নাই; বচনের দ্বারাও তিনি প্রকাশ্য নহেন। অন্য ইন্দ্রিয়ের দ্বারা তপস্যা কিংবা কর্ম্মের দ্বারা তাঁহাকে পাওয়া যায় না। জ্ঞানের প্রসন্নতা দ্বারা চিত্ত বিশুদ্ধ হয়, তাহার পর একাগ্র-চিত্তে ধ্যান করিয়া সেই নিরবয়ব আত্মাকে দেখিতে পাওয়া যায়।

৯। এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো
যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ।
প্রাণৈশ্চিত্তং সর্ব্বমোতং প্রজানাং
যস্মিন্ বিশুদ্ধে বিভবত্যেষ আত্মা॥

ব্যাখ্যা। এষঃ অণুঃ (সূক্ষ্মঃ) আত্মা চেতসা (বিশুদ্ধেন মনসা) বেদিতব্যঃ (জ্ঞাতব্যঃ), যস্মিন্ (শরীরে) প্রাণঃ (বায়ুঃ) পঞ্চধা (পঞ্চপ্রকারেণ, প্রাণাপানাদিভেদেন) সংবিবেশ (সম্যক্ প্রবিষ্টঃ)। প্রজানাং (জনানাং) প্রাণৈঃ (ইন্দ্রিয়ৈঃ) [সহ] সর্ব্বং চিত্তম্ (অন্তঃকরণম্) ওতম্ (ব্যাপ্তম্), যস্মিংশ্চ (চিত্তে)

বিশুদ্ধে (ক্লেশাদিমলবিরহিতে সতি) এষ আত্মা বিভবতি (বিশেষেণ আত্মানং প্রকাশয়তি)।

অনুবাদ। প্রাণ-বায়ু, প্রাণাপানাদিভেদে পাঁচ প্রকারে বিভক্ত হইয়া যে শরীরে প্রবিষ্ট রহিয়াছে, এই সূক্ষ্ম আত্মা বিশুদ্ধ অন্তঃকরণের দ্বারা জানিতে হয়। যে চেতনা-শক্তি দ্বারা জীবগণের সমস্ত ইন্দ্রিয় ও অন্তঃকরণ ব্যাপ্ত রহিয়াছে, সেই আত্মা বিশুদ্ধ চিত্তে প্রকাশিত হ'ন।

১০। যং যং লোকং মনসা সংবিভাতি
বিশুদ্ধসত্ত্বঃ কাময়তে যাংশ্চ কামান্।
তং তং লোকং জয়তে তাংশ্চ কামান্
তস্মাদাত্মজ্ঞং হ্যর্চ্চয়েদ্ ভূতিকামঃ॥

ইতি তৃতীয়মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ॥

ব্যাখ্যা। বিশুদ্ধসত্ত্বঃ (ক্ষীণক্লেশঃ, নির্ম্মলান্তঃকরণঃ) মনসা (চেতসা) যং যং লোকং (স্বর্গাদিরূপং) সংবিভাতি (সঙ্কল্পয়তি) যাংশ্চ কামান্ (সঙ্কল্পিতান্ ভোগান্) কাময়তে (প্রার্থয়তে), [সঃ] তং তং লোকং তাংশ্চ কামান্ (ভোগান্) জয়তে (জয়তি),

তস্মাৎ (কারণাৎ) ভূতিকামঃ (বিভূতিমিচ্ছুঃ) আত্মজ্ঞম্ (আত্মবিদং) পূজয়েৎ হি (পূজয়েদ্ এব)।

অনুবাদ। বিশুদ্ধচিত্ত পুরুষ স্বর্গপ্রভৃতি যে কোন লোককে মনে মনে সংকল্প করেন এবং যে সমস্ত ভোগ্য বস্তুর কামনা করেন, তিনি সেই সেই কাম্য বস্তু প্রাপ্ত হইয়া থাকেন। অতএব যে ব্যক্তি নিজের বিভূতি ইচ্ছা করেন, তিনি আত্মজ্ঞ পুরুষের পূজা করিবেন।

ইতি তৃতীয়মুণ্ডকে প্রথম খণ্ড।

তৃতীয়মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। স বেদৈতৎ পরমং ব্রহ্ম ধাম
যত্র বিশ্বং নিহিতং ভাতি শুভ্রম্।
উপাসতে পুরুষং যে হ্যকামা-
স্তে শুক্রমেতদতিবর্ত্তন্তি ধীরাঃ॥

ব্যাখ্যা। সঃ (বিদ্বান্) এতৎ (যথোক্তলক্ষণং) পরমং (প্রকৃষ্টং) ধাম (সর্ব্বকামানাম্ আশ্রয়ং) ব্রহ্ম বেদ (জানাতি), যত্র (যস্মিন্ ব্রহ্মণি ধাম্নি) বিশ্বং (সমস্তং জগৎ) নিহিতম্ (অর্পিতম্) [অস্তি], [যচ্চ] শুভ্রং (শুদ্ধং) [স্বেন জ্যোতিষা] ভাতি (ভাসতে)। [তমপি এবংবিধম্ আত্মজ্ঞং] পুরুষং, যে হি অকামাঃ (বিভূতিতৃষ্ণাবর্জ্জিতাঃ, মুমুক্ষবঃ সন্তঃ) উপাসতে (আরাধয়ন্তি), তে ধীরাঃ (বুদ্ধিমন্তঃ) এতৎ (প্রসিদ্ধং) শুক্রং (শরীরোপাদানকারণম্) অতিবর্ত্তন্তি (অতিগচ্ছন্তি, ন পুনর্যোনিং প্রসর্পন্তি।

অনুবাদ। যে পুরুষ সর্ব্বোত্তম সমস্ত কামনার আধারভূত ব্রহ্মকে জানেন, যে ব্রহ্ম নিখিল বিশ্বে বিদ্যমান আছেন, যিনি শুদ্ধ ও স্বয়ংপ্রকাশ; যে বুদ্ধিমান্ ব্যক্তিগণ বিভূতিবাসনা পরিত্যাগকরত কেবল মোক্ষ লাভের আশায় তাদৃশ পুরুষের উপাসনা

করেন, তাঁহারা এই শুক্রোৎপন্ন শরীরকে অতিক্রম করিয়া থাকেন। তাঁহাদিগকে আর শরীর ধারণ করিতে হয় না। কারণ, তাঁহারা মুক্তিলাভ করিয়া থাকেন।

২। কামান্ যঃ কাময়তে মন্যমানঃ
স কামভির্জায়তে তত্র তত্র।
পর্য্যাপ্তকামস্য কৃতাত্মনস্তু
ইহৈব সর্ব্বে প্রবিলীয়ন্তি কামাঃ ॥

ব্যাখ্যা। [মুমুক্ষোঃ কামত্যাগ এব প্রধানং সাধনমিত্যেতদ্ দর্শয়তি] যঃ (জনঃ) মন্যমানঃ (বিষয়গুণান্ ভাবয়ন্) কামান্ (কাম্যান্ বিষয়ান্) কাময়তে (প্রার্থয়তে), সঃ [তৈঃ] কামভিঃ (কামৈঃ, ধর্ম্মাধর্ম্মপ্রবৃত্তিহেতুভিঃ) তত্র তত্র (যত্র যত্র কামাঃ, তত্র তত্র বিষয়েষু) জায়তে (উৎপদ্যতে); তু (কিন্তু) পর্য্যাপ্তকামস্য (প্রাপ্তাভিলাষস্য) কৃতাত্মনঃ (কৃতকৃত্যস্য) সর্ব্বে কামা (কামনাঃ) ইহ এব (অস্মিন্ শরীরে তিষ্ঠতি এব) প্রবিলীয়ন্তি (প্রবিলীয়ন্তে, নশ্যন্তি)।

অনুবাদ। যে ব্যক্তি বিষয়ের গুণসমূহ চিন্তা করিয়া ভোগ্য বিষয়রাশি কামনা করে, সে সেই সমুদায় কামনার দ্বারা বেষ্টিত হইয়া সেই সকল

বিষয়ের মধ্যে জন্মগ্রহণ করে। কিন্তু যাঁহার সমস্ত কামনা ফুরাইয়াছে, আর প্রার্থনীয় কোন কামনা নাই, যিনি কৃতার্থ হইয়াছেন, তাঁহার সমস্ত কামনা এই জন্মেই বিনষ্ট হয়।

৩। নায়মাত্মা প্রবচনেন লভ্যো
ন মেধয়া ন বহুনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্য-
স্তস্যৈষ আত্মা বৃণুতে তনূং স্বাম্॥

ব্যাখ্যা। অয়ম্ (শাস্ত্রপ্রসিদ্ধঃ) আত্মা প্রবচনেন (বেদ-শাস্ত্রাধ্যয়নেন) ন লভ্যঃ (প্রাপ্তব্যঃ), মেধয়া (গ্রন্থার্থধারণ-শক্ত্যা) ন [লভ্যঃ], বহুনা (ভূয়সা) শ্রুতেন (শ্রবণেন) ন [চ লভ্যঃ]; [তর্হি কেন লভ্যঃ? উচ্যতে] এষঃ (বিদ্বান্) যম্ (পরমাত্মানম্) এব বৃণুতে (প্রাপ্তুম্ ইচ্ছতি), তেন (বরণেন) এষঃ আত্মা তস্য (পুরুষস্য) স্বাং (স্বকায়াং পরাং) তনূং (স্বাত্মতত্ত্বং স্বরূপং) বিবৃণুতে (প্রকাশয়তি)।

অনুবাদ। এই আত্মাকে বেদাদিশাস্ত্রের অধ্যয়নের দ্বার লাভ করা যায় না, ধারণা-শক্তির দ্বারাও নহে এবং বহুল পরিমাণে শাস্ত্র-শ্রবণের

দ্বারাও লাভ করা যায় না। এই বিদ্বান্ পুরুষ যে পরমাত্মাকে পাইতে ইচ্ছা করেন, তিনি তাহার দ্বারাই অর্থাৎ প্রাপ্তির উৎকট ইচ্ছার দ্বারাই তাঁহাকে লাভ করিতে পারেন। কারণ আত্মা সর্ব্বগত বলিয়া নিত্য-প্রাপ্ত, কেবল অবিদ্যা দূরীভূত হইলেই স্বরূপ উপলব্ধি হয়। যাঁহার অন্য বস্তুতে আকাঙ্ক্ষা নাই, আত্মলাভে তীব্র বাসনা, আত্মা তাঁহারই নিকট নিজের স্বরূপ প্রকাশ করেন।

৪। নায়মাত্মা বলহীনেন লভ্যো
ন চ প্রমাদাৎ তপসো বাপ্যলিঙ্গাৎ।
এতৈরুপায়ৈর্যততে যস্তু বিদ্বান্
তস্যৈষ আত্মা বিশতে ব্রহ্মধাম॥

ব্যাখ্যা। অয়ম্ (প্রকৃতঃ) আত্মা বলহীনেন (দুর্ব্বলেন) ন লভ্যঃ (প্রাপ্তব্যঃ), প্রমাদাৎ (অনবধানাৎ) ন চ [লভ্যঃ], অলিঙ্গাৎ (সন্ন্যাসরহিতাৎ) তপসঃ (জ্ঞানাৎ) বা অপি [ন]; যঃ তু বিদ্বান্ (আত্মবিৎ) এতৈঃ (পূর্ব্বোক্তৈঃ) উপায়ৈঃ (বলাপ্রমাদসন্ন্যাসজ্ঞানৈঃ) যততে (তৎপরঃ সন্ প্রযততে), তস্য (বিদুষঃ) এষঃ আত্মা ব্রহ্মধাম (আশ্রয়রূপং ব্রহ্ম) বিশতে (সংপ্রবিশতি)।

অনুবাদ। এই আত্মাকে বলহীন ব্যক্তি লাভ করিতে পারে না, যাহার চিত্ত, পুত্র-পশুপ্রভৃতি বিষয়ে আসক্ত, তাহার আত্মাতে একাগ্রতা আসে না, তাদৃশ প্রমত্ত ব্যক্তি আত্মলাভে সমর্থ হয় না অথবা সন্ন্যাসবিহীন জ্ঞানের দ্বারা লাভ করা যায় না। যে বিদ্বান্ আত্মবল, অপ্রমাদ, সন্ন্যাস ও জ্ঞানরূপ উপায়ের দ্বারা আত্মলাভে প্রযত্ন করেন, তাঁহার আত্মাই সকলের আশ্রয়ভূত ব্রহ্মে প্রবিষ্ট হন অর্থাৎ তিনি ব্রহ্ম-স্বরূপলাভ করেন। [এখানে 'বল' শব্দের অর্থ আত্ম-নিষ্ঠাজনিত বীর্য্য বুঝিতে হইবে]।

৫। সংপ্রাপ্যৈনমৃষয়ো জ্ঞানতৃপ্তাঃ
কৃতাত্মানো বীতরাগাঃ প্রশান্তাঃ।
তে সর্ব্বগং সর্ব্বতঃ প্রাপ্য ধীরা
যুক্তাত্মানঃ সর্ব্বমেবাবিশন্তি॥

ব্যাখ্যা। [কথং ব্রহ্ম বিশন্তে ইতি উচ্যতে] ঋষয়ঃ (দর্শন-বন্তঃ মুনয়ঃ) এনং (আত্মানং) সংপ্রাপ্য (সম্যগ্ অবগম্য) জ্ঞানতৃপ্তাঃ (জ্ঞানেন তৃপ্তাঃ, ন বাহ্যেন তৃপ্তিসাধনেন শরীরো-পায়কারিণেন) কৃতাত্মনঃ (পরমাত্মস্বরূপেনৈব নিষ্পন্নাত্মানঃ সন্তঃ) বীতরাগাঃ (বিগতরাগাদিদোষাঃ) প্রশান্তাঃ (উপরতে-

ন্দ্রিয়াশ্চ) [ভবন্তি]। তে ধীরাঃ (বিদ্বাংসঃ) সর্ব্বম্ (সর্ব্ব-ব্যাপিনম্) [আত্মানং] সর্ব্বতঃ (আকাশবৎ সর্ব্বত্র) প্রাপ্য (লব্ধ্বা) যুক্তাত্মানঃ (নিত্যসমাহিতস্বভাবাঃ) সর্ব্বম্ এব (সমস্তম্ এব) আবিশন্তি (প্রবিশন্তি)।

অনুবাদ। ঋষিগণ এই আত্মাকে সম্যক্‌রূপে জানিয়া জ্ঞানের দ্বারা তৃপ্ত, রাগাদিদোষহীন ও প্রশান্ত-স্বভাব হন। ধীরগণ ব্রহ্মকে আকাশের ন্যায় সর্ব্বগত ও সর্ব্বত্র বিদ্যমান জানিয়া একাগ্রচিত্তে সর্ব্ব-স্বরূপ ব্রহ্মে প্রবেশ লাভ করেন।

৬। বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ
সন্ন্যাসযোগাদ্ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ।
তে ব্রহ্মলোকেষু পরান্তকালে
পরামৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে॥

ব্যাখ্যা। [যে] যতয়ঃ (যতনশীলাঃ সন্ন্যাসিনঃ) বেদান্ত-বিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ (বেদান্তজনিতং বিজ্ঞানং—বেদান্তবিজ্ঞানং তস্যার্থঃ পরমাত্মা বিজ্ঞেয়ঃ, সঃ অর্থঃ সুনিশ্চিতঃ যেষাং তে) সন্ন্যাসযোগাৎ (সর্ব্বকর্ম্মপরিত্যাগলক্ষণযোগাৎ) শুদ্ধসত্ত্বাঃ (নির্ম্মলান্তঃকরণাঃ) [ভবন্তি]। তে সর্ব্বে (যতয়ঃ) পরামৃতাঃ (জীবন্ত এব ব্রহ্মভূতাঃ সন্তঃ) পরান্তকালে (দেহাবসান সময়ে) ব্রহ্মলোকেষু পরিমুচ্যন্তি (পরি সমন্তাৎ মুচ্যন্তে)।

অনুবাদ। যে সমস্ত সন্ন্যাসী বেদান্তজনিত বিজ্ঞানের দ্বারা বেদান্ত-প্রতিপাদ্য পরমাত্মাকে সম্যগ্‌রূপে জানিয়াছেন, যাঁহারা সর্ব্বকর্ম্ম-পরিত্যাগরূপ সন্ন্যাসযোগ দ্বারা বিশুদ্ধচিত্ত হইয়াছেন, তাঁহারা জীবিতাবস্থায়ই ব্রহ্মস্বরূপ হয়েন, তাঁহারাই এই দেহের অবসানে মুক্তি লাভ করেন।

৭। গতাঃ কলাঃ পঞ্চদশ প্রতিষ্ঠা
দেবাশ্চ সর্ব্বে প্রতিদেবতাসু।
কর্ম্মাণি বিজ্ঞানময়শ্চ আত্মা
পরেঽব্যয়ে সর্ব্ব একীভবন্তি॥

ব্যাখ্যা। [মোক্ষকালে] পঞ্চদশ কলাঃ (দেহারম্ভকাঃ প্রাণাদ্যা অংশাঃ) প্রতিষ্ঠাঃ গতাঃ (স্বং স্বং কারণং প্রাপ্তাঃ); সর্ব্বে দেবাশ্চ (চক্ষুরাদিকরণস্থাঃ দেবাঃ) প্রতিদেবতাসু (আদিত্যাদিষু) [গতা ভবন্তি]; কর্ম্মাণি (প্রবৃত্তফলানি) বিজ্ঞানময়ঃ (বুদ্ধ্যুপাধিকঃ) আত্মা [এতে] সর্ব্বে পরে (উৎকৃষ্টে) অব্যয়ে (অক্ষরে) [ব্রহ্মণি] একীভবন্তি (অবিশেষতাং প্রাপ্নুবন্তি)।

অনুবাদ। মুক্তিকালে দেহারম্ভক প্রাণাদি

পঞ্চদশ অংশ স্ব স্ব কারণে প্রবেশ করে, ইন্দ্রিয়ের অধিপতি দেবগণও আদিত্যাদি দেবতাতে প্রবিষ্ট হয়। অনারব্ধফলদ কর্ম্মসমূহ, বিজ্ঞানময় আত্মা, ইহারাও সর্ব্বোৎকৃষ্ট অবিনশ্বর ব্রহ্মে ঐক্য প্রাপ্ত হন।

৮। যথা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রে
অস্তং গচ্ছন্তি নামরূপে বিহায়।
তথা বিদ্বান্ নামরূপাদ্ বিমুক্তঃ
পরাৎপরং পুরুষমুপৈতি দিব্যম্ ॥

ব্যাখ্যা। যথা (যদ্বৎ) নদ্যঃ (গঙ্গাদ্যাঃ) স্যন্দমানাঃ (গচ্ছন্ত্যঃ) সমুদ্রে (সমুদ্রং প্রাপ্য) নামরূপে (নাম চ রূপঞ্চ) বিহায় (হিত্বা) তথা (তদ্বৎ) বিদ্বান্ (জ্ঞানী) নামরূপাৎ (অবিদ্যাকৃত-নাম-রূপাদ্) বিমুক্তঃ (বিশেষেণ মুক্তঃ সন্) পরাৎ (অক্ষরাৎ) পরং (প্রকৃষ্টং) দিব্যম্ (অলৌকিকং) পুরুষম্, উপৈতি (লভতে)।

অনুবাদ। যেমন গমনশীল গঙ্গাদি নদীসমূহ নিজ নিজ নাম ও রূপ পরিত্যাগ করিয়া সমুদ্রে গমন করে, সেইরূপ বিদ্বানও নাম এবং রূপ হইতে বিমুক্ত হইয়া অব্যক্ত হইতে শ্রেষ্ঠ দিব্যপুরুষকে প্রাপ্ত হন।

তাৎপর্য্য।—সকল নদীর উপাদান ও আশ্রয় সমুদ্র। যখন গঙ্গাদি নদীসমূহ ভিন্নরূপে থাকে, তখন গঙ্গা এই নাম এবং গঙ্গা এই রূপ বিদ্যমান থাকে। কিন্তু গঙ্গা, যমুনা, নর্ম্মদাপ্রভৃতি নদীসমূহ যখন সমুদ্রে মিশিয়া যায়, তখন তাহাদের আর পৃথক্ অস্তিত্ব থাকে না। যতদিন অজ্ঞান থাকে, ততদিন পরস্পর ভেদ, অজ্ঞান চলিয়া গেলে তখন নাম ও রূপ থাকে না, সমুদ্রতুল্য ব্রহ্মের স্বরূপ প্রাপ্ত হয়।

৯। স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ
ব্রহ্মৈব ভবতি নাস্যা ব্রহ্মবিৎ কুলে ভবতি।
তরতি শোকং তরতি পাপ্মানং
গুহাগ্রন্থিভ্যো বিমুক্তোঽমৃতো ভবতি॥

ব্যাখ্যা। যঃ (পুরুষঃ) হ বৈ তৎ পরমং (উৎকৃষ্টং) ব্রহ্ম বেদ (জানাতি), সঃ ব্রহ্ম এব ভবতি; অস্য (ব্রহ্মবিদঃ) কুলে (বংশে) অব্রহ্মবিৎ (অব্রহ্মজ্ঞঃ) ন ভবতি (উৎপদ্যতে)' [সঃ] শোকং (মানসং সন্তাপং) তরতি (অতিক্রামতি), পাপ্মানং (পাপং) তরতি, গুহাগ্রন্থিভ্যঃ (হৃদয়াবিদ্যাগ্রন্থিভ্যঃ) বিমুক্তঃ (বিশেষেণ মুক্তঃ সন্) অমৃতঃ (মরণরহিতঃ) ভবতি।

অনুবাদ। যে ব্যক্তি সেই পরম ব্রহ্মকে জানেন, তিনি ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হন। তাঁহার বংশে কখনও অব্রহ্মজ্ঞ জন্মগ্রহণ করে না। তিনি শোক এবং পাপ হইতে উত্তীর্ণ হন। তিনি হৃদয়-গুহাশ্রিত কামাদি গ্রন্থিসমূহ হইতে বিমুক্ত হইয়া ব্রহ্মস্বরূপ লাভ করেন। তাঁহাকে আর মৃত্যুর কবলে নিপতিত হইতে হয় না।

১০। তদেতদৃচাভ্যুক্তম্—
ক্রিয়াবন্তঃ শ্রোত্রিয়া ব্রহ্মনিষ্ঠাঃ
স্বয়ং জুহ্বতে একর্ষিং শ্রদ্ধয়ন্তঃ।
তেষামেবৈতাং ব্রহ্মবিদ্যাং বদেত
শিরোব্রতং বিধিবদ্ যৈস্তু চীর্ণম্॥

ব্যাখ্যা। তৎ এতদ্ (বিদ্যাসম্প্রদানবিধানং) ঋচা (মন্ত্রেণ) অভ্যুক্তম্ (অভিপ্রকাশিতম্)। ক্রিয়াবন্তঃ (কর্ম্মানুষ্ঠানযুক্তাঃ) শ্রোত্রিয়াঃ (বেদজ্ঞাঃ) ব্রহ্মনিষ্ঠাঃ (অপরস্মিন্ ব্রহ্মণি অভিযুক্তাঃ পরং ব্রহ্ম বুভুৎসবঃ), শ্রদ্ধয়ন্তঃ (শ্রদ্ধাবন্তঃ সন্তঃ) স্বয়ং একর্ষিং (একর্ষিনামানম্ অগ্নিং) জুহ্বতে (জুহ্বতি); যৈঃ তু শিরোব্রতং (শিরসি অগ্নিধারণলক্ষণং) বিধিবৎ (যথাবিধানং)

চীর্ণং (অনুষ্ঠিতং) তেষাম্ এব (সংস্কৃতাত্মনাম্ এব) এতাং ব্রহ্মবিদ্যাং বদেত (ব্রূয়াৎ)।

অনুবাদ। এই ব্রহ্মবিদ্যা-সম্প্রদানের নিয়ম মন্ত্রের দ্বারাও উক্ত হইয়াছে। যাঁহারা স্ব স্ব বর্ণ ও আশ্রমানুসারে কর্ম্মানুষ্ঠান করেন, যাঁহারা শ্রোত্রিয়, ব্রহ্মনিষ্ঠ এবং শ্রদ্ধাবান্, তাঁহারা একর্ষি-নামক অগ্নির হোম করেন। যাঁহারা যথাবিধি মস্তকে অগ্নি ধারণরূপ শিরোব্রতের অনুষ্ঠান করেন, তাঁহাদেরই সমীপে এই ব্রহ্মবিদ্যা বলিবেন।

১১। তদেতৎ সত্যমৃষিরঙ্গিরাঃ পুরোবাচ
নৈতদচীর্ণব্রতোঽধীতে।
নমঃ পরম-ঋষিভ্যো নমঃ পরমঋষিভ্যঃ॥

মুণ্ডকোপনিষৎ সম্পূর্ণা।

ব্যাখ্যা। অঙ্গিরাঃ (তন্নামধেয় ঋষিঃ) পুরা (পূর্ব্বং) তৎ (পূর্ব্বোক্তং) এতৎ সত্যং (অক্ষরং পুরুষং) [শৌনকায়] উবাচ (উক্তবান্) [তদ্বদন্যোঽপি তথৈব শ্রেয়োঽর্থিনে মুমুক্ষবে মোক্ষার্থং বিধিবদ্ উপসন্নায় ব্রূয়াদিত্যর্থঃ] অচীর্ণব্রতঃ (অচরিত-ব্রতঃ) এতৎ (গ্রন্থরূপং) ন অধীতে (পঠতি) ; [চীর্ণব্রতস্য হি

বিদ্যা ফলায় সংস্কৃতা ভবতি]। পরমঋষিভ্যঃ (পরমং ব্রহ্ম সাক্ষাদ্দৃষ্টবন্তঃ যে ব্রহ্মাদয়ঃ অবগতবন্তশ্চ তে পরমর্ষয়ঃ তেভ্যঃ ভূয়োঽপি) নমঃ। [দ্বিরুক্তিঃ গ্রন্থসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। অঙ্গিরা ঋষি পূর্ব্বে এই সত্য ব্রহ্মতত্ত্ব শৌনককে বলিয়াছিলেন। এইরূপ অন্য কোন অধিকারী যদি এইরূপ নিয়মে গুরুর নিকট আগমন করেন, তবে তাঁহাকেও বলা উচিত। (যে ব্রতের অনুষ্ঠান করে নাই, সে এই গ্রন্থ অধ্যয়ন করিবে না) কারণ অনুষ্ঠিত-ব্রত পুরুষের বিদ্যা ফলবতী হয়। ব্রহ্মবিদ্যার সম্প্রদায়-প্রবর্ত্তক ব্রহ্মাদি পরম ঋষিগণকে নমস্কার করি। গ্রন্থ সমাপ্তির জন্য দুইবার পঠিত হইল।

মুণ্ডকোপনিষদের অনুবাদ সমাপ্ত।

মাণ্ডুক্যোপনিষৎ

১। ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং, তস্যোপব্যাখ্যানং—ভূতং ভবদ্ ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব। যচ্চান্যৎ ত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব।

ব্যাখ্যা। [ইদানীং ওঁকারস্য সর্ব্বাত্মকত্বং প্রতিপাদয়তি] ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (সমস্তং জগৎ) 'ওঁ' ইতি এতৎ, অক্ষরং (অক্ষরস্বরূপং)। তস্য (পরাপরব্রহ্মরূপস্য অক্ষরস্য ওমিত্যস্য) উপব্যাখ্যানং (ব্রহ্মপ্রতিপত্ত্যুপায়ত্বাদ্ ব্রহ্মসমীপতয়া বিস্পষ্টং প্রকথনং) [প্রস্তুতং বেদিতব্যম্] ভূতম্ (অতীতং) ভবৎ (বর্ত্তমানং) ভবিষ্যৎ (অনাগতম্) ইতি (ইদং) সর্ব্বং (সমস্তং) ওঁকারঃ (প্রণবঃ) এব। অন্যৎ চ (অপরমপি) যৎ (বস্তু) ত্রিকালাতীতং (ভূত-ভবদ্-ভবিষ্যদ্রূপ-কালত্রয়াতীতং) তদ্ অপি, ওঁকারঃ (প্রণবাত্মকঃ) এব (অব-ধারণে)।

অনুবাদ। [এখন ওঁকার যে সমস্ত বস্তু-স্বরূপ, তাহা বলিতেছেন] এই সমস্ত জগৎই 'ওঁ' এই অক্ষরস্বরূপ। সেই ওঁকারই ব্রহ্ম প্রাপ্তির উপায়, তজ্জন্য তাহার সুস্পষ্ট বিবরণ আরব্ধ হইয়াছে,

জানিবে। অতীত, বর্ত্তমান এবং ভবিষ্যৎ এই তিনটী কাল ওঁকার-স্বরূপ। অপর যাহা কিছু—তিনটী কালের অতীত বস্তু বিদ্যমান আছে, তাহাও ওঁকার-স্বরূপই।

২। সর্ব্বং হ্যেতদ্ ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম, সোঽয়মাত্মা ব্রহ্ম সোঽয়মাত্মা-চতুষ্পাৎ।

ব্যাখ্যা। এতৎ (ইদং) সর্ব্বং (সমস্তং জগৎ) ব্রহ্ম (পরমাত্মস্বরূপং, তদতিরিক্তস্য জগতঃ সত্ত্বং নাস্তি) হি (অবধারণে); অয়ম্ আত্মা ব্রহ্ম। সঃ (উক্তরূপঃ) অয়ম্ আত্মা (ওঁকারাভিধেয়ঃ) চতুষ্পাৎ (চত্বারঃ পাদা অস্য)।

অনুবাদ। দৃশ্যমান সমস্ত জগৎ ব্রহ্মস্বরূপ, এই আত্মাও ব্রহ্মস্বরূপ ; সেই আত্মা চতুষ্পাৎ।

৩। জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুগ্ বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ।

ব্যাখ্যা। জাগরিতস্থানঃ (জাগরিতং স্থানম্ অস্য ইতি) বহিঃপ্রজ্ঞঃ (স্বাত্মব্যতিরিক্তে বিষয়ে প্রজ্ঞা যস্য সঃ) সপ্তাঙ্গঃ (দ্যুলোক-সূর্য্যবায়্বাকাশ-জলাগ্নিনামধেয়ানি, মূর্দ্ধ-চক্ষুঃ-প্রাণ-দেহ-বস্তি পাদ-মুখাভিধানি সপ্ত অঙ্গানি অস্য সঃ) একোনবিংশতি-

মুখঃ (পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি, প্রাণাদয়ঃ পঞ্চ বায়বঃ, মনঃ, বুদ্ধিঃ, অহঙ্কারঃ, চিত্তম্ ইতি একোনবিংশতিঃ মুখানি ইব মুখানি যস্য সঃ) স্থূলভুক্ (স্থূলান্ বিষয়ান্ ভুঙ্‌ক্তে যঃ সঃ) বৈশ্বানরঃ (বিশ্বেষাং নরাণাম্ অয়ং বিশ্বানরঃ, অথবা বিশ্বশ্চাসৌ নরশ্চেতি বিশ্বানরঃ, বিশ্বানর এব বৈশ্বানরঃ) প্রথমঃ (আদ্যঃ) পাদঃ (চরণঃ, এতৎপূর্ব্বকত্বাদুত্তরপাদাধিগমস্য প্রাথম্যমস্য)।

অনুবাদ। জাগ্রদবস্থা যাঁহার স্থান, আত্ম-ভিন্ন বাহ্য বিষয়ে যাঁহার প্রজ্ঞা, দ্যুলোকাদি সাতটী যাহার অঙ্গ, ইন্দ্রিয়াদি ঊনবিংশতি যাহার উপলব্ধি-দ্বার, যিনি স্থূলশব্দাদি বিষয়সমূহ উপভোগ করেন, সেই বৈশ্বানর আত্মার প্রথম পাদ, [অন্যান্য পাদগুলি জানিবার উপায়ভূত এই প্রথম পাদ]।

৪। স্বপ্নস্থানোহন্তঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতি-মুখঃ প্রবিবিক্তভুক্ তৈজসো দ্বিতীয়ঃ পাদঃ।

ব্যাখ্যা। স্বপ্নস্থানঃ (স্বপ্নঃ স্থানম্ অস্য তৈজসস্য ইতি) অন্তঃপ্রজ্ঞঃ (ইন্দ্রিয়াপেক্ষয়া অন্তঃস্থত্বাৎ মনসস্তদ্বাসনারূপা চ স্বপ্নে প্রজ্ঞা যস্য ইতি) সপ্তাঙ্গঃ (সপ্ত অঙ্গানি পূর্ব্বোক্তানি যস্য সঃ) একোনবিংশতিমুখঃ (একোনবিংশতিঃ মুখানি পূর্ব্বোক্তানি যস্য সঃ) প্রবিবিক্তভুক্ (প্রবিবিক্তং সংস্কারমাত্রং ভুঙ্‌ক্তে ইতি)

তৈজসঃ (বিষয়শূন্যায়াং প্রজ্ঞায়াং কেবলপ্রকাশস্বরূপায়াং বিষয়িত্বেন ভবতি ইতি) দ্বিতীয়ঃ পাদঃ।

অনুবাদ। স্বপ্ন যাঁহার স্থান, যাঁহার জ্ঞান অন্তরে, পূর্ব্বকথিত সাতটী যাঁহার অঙ্গ, পূর্ব্বোক্ত উনিশটী যাঁহার মুখ, যিনি সংস্কারলব্ধ বিষয়গুলি উপভোগ করেন, সেই তৈজস, আত্মার দ্বিতীয় পাদ।

৫। যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে, ন কঞ্চন স্বপ্নং পশ্যতি;তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ।

ব্যাখ্যা। যত্র (যস্মিন্ স্থানে যস্মিন্ কালে বা) সুপ্তঃ (সুষুপ্তঃ, উপরতেন্দ্রিয়সমূহঃ জনঃ) কঞ্চন (কিঞ্চিৎ) কামং (কাম্যং বস্তু) ন কাময়তে (প্রার্থয়তে), কঞ্চন (কিঞ্চিৎ) স্বপ্নং ন পশ্যতি, তৎ সুষুপ্তম্। সুষুপ্তস্থানঃ (সুষুপ্তং স্থানম্ অস্য ইতি) একীভূতঃ (একতাং প্রাপ্তঃ) প্রজ্ঞানঘনঃ (প্রকৃষ্টজ্ঞানমূর্ত্তিঃ) এব (জ্ঞানরূপাদন্যৎ নাস্তি ইত্যর্থঃ) আনন্দময়ঃ (আনন্দবহুলঃ) আনন্দভুক্ (আনন্দং ভুঙ্ক্তে ইতি) হি (অবধারণে) চেতোমুখঃ (চিৎস্বরূপং মুখং দ্বারম্ অস্য ইতি) প্রাজ্ঞঃ (প্রকৃষ্টং জ্ঞানম্ অস্য ইতি) [আত্মনঃ] তৃতীয়ঃ পাদঃ।

অনুবাদ। যে অবস্থায় কিংবা যে কালে সুপ্ত পুরুষ কোন ভোগ্য বস্তু প্রার্থনা করে না, কোন রূপ স্বপ্ন দর্শন করে না, তাহাকে 'সুষুপ্তি' বলে। এই সুষুপ্তি যাঁহার স্থান, একরূপতা প্রাপ্ত, বিশুদ্ধ জ্ঞানমূর্ত্তি, আনন্দ-প্রচুর, যিনি আনন্দভোজী, জ্ঞান-শক্তি যাঁহার মুখস্বরূপ, সেই প্রাজ্ঞ আত্মার তৃতীয় পাদ।

৬। এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্।

ব্যাখ্যা। এষঃ (প্রাজ্ঞঃ) সর্ব্বেশ্বরঃ (সর্ব্বস্য ভেদজাতস্য ঈশ্বরঃ); এষঃ (প্রাজ্ঞঃ) সর্ব্বজ্ঞঃ (সর্ব্বং জানাতীতি), এষঃ (প্রাজ্ঞঃ) অন্তর্য্যামী (অন্তরনুপ্রবিশ্য সর্ব্বেষাং ভূতানাং যমযিতা), এষঃ (প্রাজ্ঞঃ) সর্ব্বস্য (সকলস্য জগতঃ) যোনিঃ (কারণং), হি (যতঃ) এষঃ (প্রাজ্ঞঃ) ভূতানাং (প্রাণিনাং) প্রভবাপ্যয়ৌ (উৎপত্তিস্থানং তথা লয়স্থানম্)।

অনুবাদ। এই প্রাজ্ঞ সকলের ঈশ্বর, ইনি সকলের অন্তরে থাকিয়া নিয়মিত করেন, এইজন্য তিনি অন্তর্য্যামী। ইনি সর্ব্বজ্ঞ. ইনি সমস্ত জগতের প্রসবক্ষেত্র, ইঁহা হইতে সমস্ত প্রাণী উৎপন্ন হয় এবং ইঁহাতে বিলয় প্রাপ্ত হয়।

৭। নান্তঃপ্রজ্ঞং ন বহিঃপ্রজ্ঞং নোভয়তঃপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘনং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞমদৃষ্টমব্যবহার্য্যমগ্রাহ্যমলক্ষণমচিন্ত্যমব্যপদেশ্যমেকাত্মপ্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে, স আত্মা, স বিজ্ঞেয়ঃ।

ব্যাখ্যা। [ক্রমপ্রাপ্তং বক্তব্যং চতুর্থপাদমাহ] [তুরীয়ম্] অন্তঃপ্রজ্ঞং (অন্তঃ প্রজ্ঞা যস্য তৎ, সূক্ষ্মবিষয়ভুক্) ন [ভবতি] [নান্তঃপ্রজ্ঞমিতি তৈজসপ্রতিষেধঃ]; বহিঃপ্রজ্ঞং (বহিঃ প্রজ্ঞা যস্য তৎ স্থূলবিষয়ভুক্) ন, [ন বহিঃপ্রজ্ঞমিতি বিশ্বপ্রতিষেধঃ]; উভয়তঃপ্রজ্ঞং (উভয়তঃ-উভয়ত্র জাগ্রৎস্বপ্নয়োঃ মধ্যে প্রজ্ঞা যস্য তৎ) ন, [নোভয়তপ্রজ্ঞমিতি জাগ্রৎস্বপ্নয়োরন্তরালাবস্থাপ্রতিষেধঃ]; প্রজ্ঞানঘনং (প্রকৃষ্টজ্ঞানমূর্ত্তিঃ) ন, [ন প্রজ্ঞানঘনমিতি সুষুপ্ত্যবস্থাপ্রতিষেধঃ] প্রজ্ঞং (যুগপৎ সর্ব্ববিষয়জ্ঞং) ন, [ন প্রজ্ঞমিতি যুগপৎসর্ব্ববিষয়জ্ঞাতৃত্বপ্রতিষেধঃ], অপ্রজ্ঞং (অচেতনং) ন, [নাপ্রজ্ঞমিতি অচৈতন্যপ্রতিষেধঃ]। অদৃশ্যম্ (দর্শনেন্দ্রিয়াবিষয়ং) ন, [যস্মাদ্ অদৃশ্যম্ তস্মাৎ], অব্যবহার্য্যম্ (ব্যবহারাযোগ্যম্ অর্থক্রিয়ারহিতম্ ইতি যাবৎ), অগ্রাহ্যম্ (কর্ম্মেন্দ্রিয়ৈঃ গ্রহীতুং ন শক্যম্) অলক্ষণম্ (লক্ষণরহিতম্, অলিঙ্গম্ অননুমেয়ম্ [অতএব] অচিন্ত্যম্ (মনসঃ অগোচরম্), অব্যপদেশ্যম্ (শব্দাবিষয়ম্), একাত্মপ্রত্যয়সারম্

(জাগ্রদাদিস্থানেষু একঃ অয়ম্ আত্মা ইতি অব্যভিচারী যঃ প্রত্যয়-স্তেন অনুসরণীয়ম্, অথবা এক আত্মপ্রত্যয়ঃ সারং প্রমাণং যস্য তুরীয়স্য অধিগমে তৎ তুরীয়ম্), প্রপঞ্চোপশমং (প্রপঞ্চস্য উপ-শমঃ যত্র, জাগ্রদাদিস্থানধর্ম্মরহিতং), শান্তং (রাগদ্বেষাদিরহিতম্) অবিক্রিয়ং কূটস্থমিত্যর্থঃ), শিবং (পরিশুদ্ধং পরমানন্দবোধরূপ-মিতি যাবৎ), অদ্বৈতং (ভেদরহিতং) চতুর্থং (তুরীয়ং) [ব্রহ্ম-বিদঃ] মন্যন্তে (জানন্তি), সঃ (তুরীয়ঃ) আত্মা বিজ্ঞেয়ঃ (বিজ্ঞাতব্যঃ) ।

অনুবাদ। যিনি অন্তঃপ্রজ্ঞ নহেন, কারণ তৈজসই অন্তঃপ্রজ্ঞ অর্থাৎ অন্তঃস্থ সূক্ষ্মবিষয়ভোজী। বহিঃপ্রজ্ঞ নহেন, কারণ বিশ্বই বাহ্য বিষয়সমূহ ভোগ করেন। যিনি উভয়তঃপ্রজ্ঞ নহেন অর্থাৎ জাগ্রৎ ও স্বপ্নাবস্থার মধ্যবর্ত্তী অবস্থা তাঁহাতে নাই। যিনি প্রকৃষ্টজ্ঞানমূর্ত্তি নহেন, কারণ সুষুপ্তিকালে জ্ঞানের উৎকর্ষ হয়, সেই সুষুপ্তি অবস্থা তাঁহাতে নাই অর্থাৎ প্রাজ্ঞ নহেন। যিনি যুগপৎ সর্ব্ব-বিষয়জ্ঞ নহেন, অচেতন নহেন, যিনি দর্শনেন্দ্রিয়ের অবিষয়, ব্যবহারের অযোগ্য, যাঁহাকে কর্ম্মেন্দ্রিয়গণ গ্রহণ করিতে পারে না, যিনি অনুমানের অগোচর, যিনি মনেরও অগম্য,

শব্দ যাঁহাকে নির্দ্দেশ করিতে সমর্থ নহে, যিনি "জাগ্রদাদি অবস্থাতে আত্মা এক"—এইরূপ অব্যভিচারী জ্ঞানের দ্বারা লভ্য, [অথবা আত্মজ্ঞানই যাঁহার প্রতি প্রমাণ], যেখানে জাগ্রদাদি প্রপঞ্চ নিবৃত্ত হইয়াছে, যিনি রাগদ্বেষাদিরহিত. বিশুদ্ধ জ্ঞানস্বরূপ, যেখানে দ্বৈত থাকিতে পারে না, যাঁহাকে ব্রহ্মবিদ্‌গণ 'চতুর্থ' অর্থাৎ 'তুরীয়' বলিয়া থাকেন, তাঁহাকেই সম্যগ্‌রূপে জানিতে হইবে।

তাৎপর্য্য। ব্যষ্টিসূক্ষ্মশরীরোপহিত চৈতন্যের নাম 'তৈজস'। ব্যষ্টিস্থূলশরীরোপহিত চৈতন্যকে 'বিশ্ব' বলা যায় এবং ব্যষ্টিঅজ্ঞানোপহিত চৈতন্যের নাম প্রাজ্ঞ। যে বস্তু দর্শনের বিষয় হয়, তাহা ব্যবহার যোগ্য হইয়া থাকে। ঘট পূর্ব্বে প্রত্যক্ষ হইলে, তাহা আবার জলাহরণাদিযোগ্য হইয়া থাকে, তুরীয় সেইরূপ পদার্থ নহেন। শুদ্ধ ব্রহ্মকে 'তুরীয়' বলা হয়। 'তুরীয়' শব্দের অর্থ চতুর্থ। চতুর্থ হইলে পূর্ব্বে তিনটী থাকা চাই। তাহা এই,—জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি; অথবা ঈশ্বর, হিরণ্যগর্ভ ও বৈশ্বানর (বিরাট্);

অথবা প্রাজ্ঞ, তৈজস ও বিশ্ব। এই তিন তিনটীকে অপেক্ষা করিয়া শুদ্ধ ব্রহ্ম তুরীয় বা চতুর্থ। হউক শুদ্ধ ব্রহ্ম তুরীয় এবং পূর্ব্বোক্ত স্থানত্রয় হইতে চতুর্থ, তাহাতে আমার কি প্রয়োজন? এইজন্য সেই তুরীয়কে আত্মা বলা হইতেছে। কারণ আত্মা সকলের স্বরূপ; স্বরূপ কেহ ত্যাগ করিতে পারে না এবং আত্মাই পরম প্রেমাস্পদ যদি সেই তুরীয় ব্রহ্ম আত্মা হইলেন, তাহা হইলে তিনিই পরম প্রীতির বিষয় হইলেন, অতএব সে বস্তু অবশ্য প্রাপ্তব্য।

৮। সোঽয়মাত্মাধ্যক্ষরমোঙ্কারোঽধিমাত্রং পাদা মাত্রা মাত্রাশ্চ পাদা অকার উকারো মকার ইতি।

ব্যাখ্যা। [অভিধেয়প্রধান ওঁকারশ্চতুষ্পাদাত্মেতি ব্যাখ্যাতো যঃ] সঃ (প্রসিদ্ধঃ) অয়ম্ আত্মা (তুরীয়াভিন্নঃ) অধ্যক্ষরম্ (অক্ষরম্ অধিকৃত্য) ওঁকারঃ (প্রণবস্বরূপঃ), অধিমাত্রং (মাত্রামধিকৃত্য) পাদাঃ (চরণা এব) মাত্রাঃ। [যে পাদাঃ তে ওঁকারস্য মাত্রাঃ, কাস্তাঃ মাত্রাঃ, ইত্যপেক্ষায়াম্ আহ] অকারঃ, উকারঃ, মকারঃ, ইতি মাত্রাশ্চ পাদাঃ।

অনুবাদ। পূর্ব্বে অভিধেয়পদার্থ প্রধান

ওঁকারই চতুষ্পাৎ আত্মা ইহা বলা হইয়াছে, এখন সেই আত্মা অভিধানপ্রধান, ওঁকার স্বরূপ বলা হইতেছে। সেই এই আত্মা অক্ষরকে অবলম্বন করিয়া ওঁকারস্বরূপে কথিত হন—যে ওঁকার পাদক্রমে বিভক্ত হইয়া মাত্রাকে অধিকার করিয়া বিদ্যমান থাকে। আত্মার পাদসমূহ ওঁকারের মাত্রা, অকার, উকার ও মকার,—এই কয়টী পাদ, ইহাদিগকে মাত্রা বলা হয়।

৯। জাগরিতস্থানো বৈশ্বানরোঽকারঃ প্রথমা মাত্রাপ্তেরাদিমত্ত্বাদ্বাপ্নোতি হ বৈ সর্ব্বান্ কামানাদিশ্চ ভবতি, য এবং বেদ। ০

ব্যাখ্যা। তত্র [বিশেষনিয়মঃ ক্রিয়তে] [যঃ] জাগরিতস্থানঃ (জাগরিতং স্থানম্ অস্য) বৈশ্বানরঃ (পূর্ব্বোক্তঃ) [সঃ ওঁকারস্য] অকারঃ প্রথমা মাত্রা। [কেন সাদৃশ্যেন ইত্যাহ] আপ্তেঃ (ব্যাপ্তেঃ) আদিমত্ত্বাৎ (আদিরূপত্বাৎ বা, যথা অকারেণ সর্ব্বাবাগ্ ব্যাপ্তা তথা বৈশ্বানরেণ জগৎ, বৈশ্বানরো হি সমষ্টিস্থূলদেহোপহিতং চৈতন্যং) বা (এব)। যঃ (পুরুষঃ) এবং (ইত্থম্, অকারস্য প্রাথম্যবৎ বৈশ্বানরস্য প্রাথম্যং) বেদ (জানাতি) [সঃ] হ বৈ সর্ব্বান্ কামান্ (কাম্যান্ বিষয়ান্)

আপ্নোতি (লভতে), আদিশ্চ (আদিমাংশ্চ, সর্ব্বেষু প্রথমঃ) ভবতি।

অনুবাদ। জাগরিতস্থান বৈশ্বানরই [ওঁকারের] প্রথম মাত্রা অকার। বৈশ্বানরকে প্রথমমাত্রা অকার বলিবার কারণ এই যে, উভয়ের মধ্যে সাদৃশ্য বিদ্যমান আছে। সেই সাদৃশ্যটী এই — যেমন অকারের দ্বারা সমস্ত বাণী ব্যাপ্ত আছে, সেইরূপ সমষ্টিস্থূলব্যষ্টিদেহাবচ্ছিন্ন চেতন বৈশ্বানরও সমস্ত জগতে ব্যাপিয়া আছে। সকলকে ব্যাপিয়া থাকায় অথবা সকলের প্রথম বলিয়া এই কল্পনা। যিনি এইরূপ জানেন, অর্থাৎ উপাসনা করেন, তিনি সমস্ত কাম্য বিষয় প্রাপ্ত হন এবং সকলের প্রথম স্থান লাভ করেন।

১০। স্বপ্নস্থানস্তৈজস উকারো দ্বিতীয়া মাত্রোৎকর্ষাদুভয়ত্বাদ্বোৎকর্ষতি হ বৈ জ্ঞানসন্ততিং সমানশ্চ ভবতি। নাস্যাব্রহ্মবিৎ কুলে ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। স্বপ্নস্থানঃ তৈজসঃ [যঃ সঃ উকারস্য] উকারঃ দ্বিতীয়া মাত্রা। উৎকর্ষাৎ (উৎকৃষ্টত্বাৎ, যথা অকারাদ্ উকারঃ

উৎকৃষ্টঃ, তথা তৈজসঃ বিশ্বাৎ) উভয়ত্বাদ্ বা (অথবা মধ্যস্থত্বাৎ, যথা অকার মকারয়োঃ মধ্যস্থ উকারঃ, তথা বিশ্বপ্রাজ্ঞয়োঃ মধ্যে তৈজসঃ ইতি)। যঃ (জনঃ) এবং (উক্তরূপং) বেদ (জানাতি) [সঃ] হ বৈ জ্ঞানসন্ততিং (বিজ্ঞানধারাং) উৎকর্ষতি (বর্দ্ধয়তি) সমানঃ (তুল্যঃ) মিত্রপক্ষস্যেব শত্রুপক্ষাণামপি অপ্রদ্বেষ্যো ভবতি অস্য (উপাসকস্য) কুলে (বংশে) অব্রহ্মবিৎ (অব্রহ্মজ্ঞঃ) ন ভবতি (নোৎপদ্যতে)।

অনুবাদ। স্বপ্নস্থান তৈজসই ওঁকারের উকাররূপ দ্বিতীয় মাত্রা। উৎকৃষ্টত্ব বা মধ্যস্থত্বহেতু এইরূপ উভয়ের সাদৃশ্য উক্ত হইয়াছে। যেমন অকার হইতে উকার উৎকৃষ্ট, সেইরূপ বিশ্ব হইতে তৈজস উৎকৃষ্ট, অথবা যেমন অকার ও মকারের মধ্যে উকার বিদ্যমান আছে, সেইরূপ বিশ্বও প্রাজ্ঞের মধ্যে তৈজস আছে। যিনি উক্তরূপ অবগত আছেন অর্থাৎ উক্তরূপে উপাসনা করেন, তিনি বিজ্ঞানপরম্পরার বৃদ্ধি সম্পাদন করেন; তিনি সকলের নিকট সমানভাবে আদরণীয় হ'ন, কি শত্রু কি মিত্র, কেহই তাঁহার দ্বেষ করে না, তাঁহার কুলে অব্রহ্মজ্ঞ জন্মগ্রহণ করে না। যদি কোন মহাত্মা তাদৃশ উপা-

সকের গৃহে জন্মগ্রহণ করেন, তিনি ব্রহ্মজ্ঞই হইয়া থাকেন।

১১। সুষুপ্তস্থানঃ প্রাজ্ঞো মকারস্তৃতীয়া মাত্রা মিতেরপীতের্বা ; মিনোতি হ বা ইদং সর্ব্বমপীতিশ্চ ভবতি ; য এবং বেদ।

ব্যাখ্যা। [ইদানীং তৃতীয়পাদস্য তৃতীয়মাত্রায়াশ্চৈকত্বং প্রদর্শয়তি] সুষুপ্তস্থানঃ প্রাজ্ঞঃ [যঃ সঃ ওঁকারস্য] মকারঃ, তৃতীয়া মাত্রা। [ইদানীমুভয়োঃ সাদৃশ্যং দর্শয়তি] মিতেঃ (মানাৎ মীয়েতে ইব হি বিশ্বতৈজসৌ প্রাজ্ঞেন প্রলয়োৎপত্ত্যোঃ প্রবেশ-নির্গমাভ্যাং প্রস্থেন ইব যবাঃ) অপীতেঃ বা (অথবা একীভাবাৎ) [বিজ্ঞানফলং স্তৌতি] যঃ (পুরুষঃ) এবং (ইত্থং পূর্ব্বোক্ত-রূপং) বেদ (জানাতি, উপাস্তে) [সঃ] হ বৈ ইদং সর্ব্বং জগৎ (বিশ্বং) মিনোতি (যাথাত্ম্যম্ জানাতি), অপীতিশ্চ (জগৎ-কারণাত্মা চ) ভবতি।

অনুবাদ। এখন তৃতীয়পাদ ও তৃতীয় মাত্রার একত্ব প্রদর্শন করিতেছেন। সুষুপ্তস্থান প্রাজ্ঞই ওঁকারের তৃতীয়া মাত্রা মকার। পরিমাণ ও একীভাব উভয়ের সাদৃশ্য, প্রাজ্ঞকর্তৃক বিশ্ব এবং তৈজস পরিমিত হইয়া থাকে, কারণ প্রলয়কালে বিশ্ব

ও তৈজস প্রাজ্ঞে প্রবেশ করে এবং উৎপত্তিকালে তাহা হইতে উহারা নির্গত হয়। অথবা সুষুপ্তিকালে প্রাজ্ঞে বিশ্ব ও তৈজস একত্ব প্রাপ্ত হয়,যিনি পূর্ব্বোক্ত-প্রকার-জানেন অথবা উপাসনা করেন, তিনি এই জগৎকে যথার্থভাবে জানেন এবং জগৎ কারণের স্বরূপ প্রাপ্ত হন। ১১

১২। অমাত্রশ্চতুর্থোঽব্যবহার্য্যঃ প্রপঞ্চোপশমঃ শিবোঽদ্বৈত এবমোঙ্কার আত্মৈব। সংবিশত্যাত্ম-নাত্মানং য এবং বেদ য এবং বেদ।

মাণ্ডুক্যোপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। [ইদানীম্ ওঙ্কারস্য তুরীয়ত্বং বদতি] অমাত্রঃ (অকারাদিমাত্রাশূন্যঃ) অব্যবহার্য্যঃ (ব্যবহারাযোগ্যঃ বাঙ্মন-সয়োঃ অবিষয়ঃ) প্রপঞ্চোপশমঃ (জাগ্রদাদিপ্রপঞ্চরহিতঃ) শিবঃ (শুদ্ধজ্ঞানরূপঃ) অদ্বৈতঃ (দ্বৈতরহিতঃ) চতুর্থঃ (তুরীয়ঃ), এবং (ইত্থ লক্ষণঃ যথোক্তবিজ্ঞানবতা প্রযুক্তঃ ত্রিমাত্রঃ ত্রিপাদঃ) ওঁকারঃ (প্রণবঃ) আত্মা এব। যঃ (পুরুষঃ) আত্মনা (স্বেন) আত্মানং সংবিশতি (প্রবিশতি) যঃ এবং বেদ, দ্বিরুক্তিঃ গ্রন্থসমাপ্ত্যর্থা)।

অনুবাদ। এখন ওঁকারের তুরীয়ত্ব বলিতেছেন। যাঁহার মাত্রা নাই, যিনি বাক্ ও মনের অগোচর, যেখানে জাগ্রদাদি প্রপঞ্চ নিবৃত্ত হইয়াছে, সেই বিশুদ্ধবিজ্ঞান, দ্বৈতরহিত ত্রিপাদ, ত্রিমাত্র ওঁকারই আত্মা। যিনি পূর্ব্বোক্তরূপ জানেন, তিনি আত্মা দ্বারা আত্মাতে প্রবেশ করেন অর্থাৎ আত্মস্বরূপ লাভ করেন।

ইতি মাণ্ডূক্যোপনিষদের অনুবাদ সমাপ্ত।

নাদবিন্দূপনিষৎ

১। ওঁ অকারো দক্ষিণঃ পক্ষ উকারস্তূত্তরঃ স্মৃতঃ।
মকারস্তস্য পুচ্ছং বা অর্দ্ধমাত্রা শিরস্তথা॥

ব্যাখ্যা। [প্রণবঃ অকারোকারমকারবিন্দুনাদাত্মকঃ, তত্র নাদঃ অত্র বর্ণ্যতে ; প্রথমং তাবৎ অকারোকারমকারাত্মকম্ অক্ষরত্রয়ং হংসাখ্যপক্ষিরূপকেণ বিবিনক্তি] তস্য (হংসাখ্যস্য পক্ষিণঃ) অকারঃ দক্ষিণঃ পক্ষঃ (পতত্রম্), উকারঃ তু (চ) উত্তরঃ (বামঃ পক্ষঃ), মকারঃ পুচ্ছম্ বৈ (প্রসিদ্ধৌ) তথা অর্দ্ধমাত্রা শিরঃ (উত্তমাঙ্গম্) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। [অকার, উকার, মকার, বিন্দু ও নাদ এই পঞ্চাক্ষরাত্মক প্রণব ; তন্মধ্যে এই গ্রন্থে সংক্ষেপে নাদের বিষয় বর্ণিত হইয়াছে বলিয়া ইহাকে নাদবিন্দুসংজ্ঞায় অভিহিত করিয়াছেন। সম্প্রতি অকার, উকার এবং মকার এই অক্ষরত্রয়কে হংসপক্ষিরূপে কল্পনা করিয়া বিবৃত করিতেছেন] সেই হংসসংজ্ঞক পক্ষীর অকার দক্ষিণ পক্ষ, উকার বাম পক্ষ, মকার পুচ্ছ এবং অর্দ্ধমাত্রা মস্তক।

২। পাদৌ রজস্তমস্তস্য শরীরং সত্ত্বমুচ্যতে।
ধর্ম্মশ্চ দক্ষিণং চক্ষুরধর্ম্মশ্চোত্তরং স্মৃতম্ ॥

ব্যাখ্যা। তস্য (কল্পিতহংসস্য) পাদৌ (পাদদ্বয়ম্) রজঃ-তমঃ [ইতিসংজ্ঞকং গুণদ্বয়ম্]; শরীরম্ সত্ত্বম্ (সত্ত্বগুণঃ) উচ্যতে ; ধর্ম্মঃ চ দক্ষিণং চক্ষুঃ, অধর্ম্মঃ চ উত্তরং চক্ষুঃ স্মৃতম্ (কথিতম্) [ভবতি]।

অনুবাদ। সেই কল্পিত হংসের রজঃ এবং তমঃ এই গুণদ্বয় বাম ও দক্ষিণ চরণ, সত্ত্বগুণ দেহ, ধর্ম্ম দক্ষিণ চক্ষুঃ, অধর্ম্ম বাম চক্ষুঃ।

৩। ভূর্লোকঃ পাদয়োস্তস্য ভুবোলোকস্তু জানুনোঃ।
স্বর্লোকঃ কটিদেশে তু নাভিদেশে মহর্জগৎ ॥

ব্যাখ্যা। [সপ্তলোকান্ হংসশরীরে বিভজ্য দর্শয়তি] তস্য (কল্পিতহংসস্য) পাদয়োঃ (পদদ্বয়ে) ভূর্লোকঃ, জানুনোঃ (জানুদ্বয়ে) তু (চার্থে) ভুবোলোকঃ, কটিদেশে স্বর্লোকঃ (স্বর্গলোকঃ), নাভিদেশে মহর্জগৎ (মহর্লোকঃ) [ব্যবস্থিতঃ ইত্যনেন অন্বয়ঃ]।

অনুবাদ। সেই হংসদেহে সপ্তলোক বিভাগ করিয়া দেখাইতেছেন। উক্ত হংসের চরণদ্বয়ে

ভূর্লোক, জানুদ্বয়ে ভুবোলোক, কটিদেশে স্বর্গলোক এবং নাভিদেশে মহর্লোক বলিয়া কল্পিত হইয়াছে।

৪। জনলোকস্তু হৃদয়ে কণ্ঠদেশে তপস্ততঃ।
ভ্রুবোর্ললাটমধ্যে তু সত্যলোকো ব্যবস্থিতঃ॥

ব্যাখ্যা। হৃদয়ে তু (চার্থে) জনলোকঃ, ততঃ [ঊর্দ্ধম্] কণ্ঠদেশে তপঃ (তপঃ লোকঃ), ভ্রুবোঃ ললাটমধ্যে (ললাটোপরি) তু (চ) সত্যলোকঃ ব্যবস্থিতঃ।

অনুবাদ। সেই হংসের হৃদয়ে জনলোক, তদুপরিস্থিত কণ্ঠদেশে তপোলোক, ভ্রূদ্বয়ের মধ্যস্থিত ললাটের উপর সত্যলোক রহিয়াছে।

৫। সহস্রার্ণমতীবাত্র মন্ত্র এষ প্রদর্শিতঃ।
এবমেনং সমারূঢ়ো হংসযোগবিচক্ষণঃ।
ন বধ্যতে কর্ম্মচারী পাপকোটিশতৈরপি॥

ব্যাখ্যা। অত্র (অর্থে) এষঃ (ওঁকাররূপঃ) প্রদর্শিতঃ মন্ত্রঃ, সহস্রার্ণম্ (সহস্রসঙ্খ্যকমন্ত্রম্) অতি (অতিক্রম্য) ইব (এব) [স্বর্গাদিবিশেষফলদানায় সমর্থঃ]। [যঃ] হংসযোগবিচক্ষণঃ (পূর্ব্বোক্তহংসবিষয়কঃ যঃ যোগঃ তস্মিন্ বিচক্ষণঃ পটুঃ) এবম্ (পূর্ব্বোক্তপ্রকারেণ) এনম্ (ওঁকাররূপং মন্ত্রম্) [ধ্যাত্বা

স্বর্গাদিলোকম্] সমারূঢ়ঃ [ভবতি]; পাপকোটিশতৈঃ (শত-কোটিপাপৈঃ) অপি [সঃ] কর্ম্মচারী (হংসোপাসনারূপক্রিয়াকারী) ন বধ্যতে।

অনুবাদ। পূর্ব্বোক্ত ওঁকাররূপ মন্ত্র, সহস্রসংখ্যক মন্ত্রকে অতিক্রম করিয়া অর্থাৎ অন্যান্য মন্ত্রের উপাসনা দ্বারা উপাসকের যে ফল লাভ হয়, সেই ফলকে অতিক্রম করিয়া স্বর্গাদি বিশেষ ফল প্রদান করিয়া থাকেন। যিনি যোগে ওঁকারকে হংসরূপে কল্পনা করিয়া তাহাতে পারদর্শিতা লাভ করিয়াছেন, তিনি পূর্ব্বোক্তপ্রকারে প্রণবের ধ্যান করিয়া স্বর্গাদিলোকে গমন করেন। হংসোপাসনাকারী ব্যক্তির শতকোটী সঞ্চিত পাপ থাকিলেও কখনও বদ্ধ হইবার সম্ভাবনা থাকে না।

৬। আগ্নেয়ী প্রথমা মাত্রা বায়ব্যৈষা বশানুগা।
ভানুমণ্ডলসঙ্কাশা ভবেন্মাত্রা তথোত্তরা।
পরমা চার্দ্ধমাত্রা চ বারুণীং তাং বিদুর্বুধাঃ॥

ব্যাখ্যা। [ওঁকারস্য হংসরূপেণ উপাসনাং ফলং চ উক্ত্বা চতসৃণাং মাত্রাণাং দেবতাঃ আহ] প্রথমা মাত্রা আগ্নেয়ী (অগ্নি-

দেবতাকা), এষা (মধ্যমা মাত্রা) বশানুগা (প্রথমতৃতীয়য়োঃ বশবর্ত্তিনী) বায়ব্যা (বায়ু-দেবতাকা), তথা উত্তরা (মকারাখ্যা) মাত্রা, ভানুমণ্ডলসংকাশা (ভানুদেবত্যা) ভবেৎ ; [যা] চ পরমা (প্রশস্যতমা) অর্দ্ধমাত্রা, বুধাঃ (জ্ঞানিনঃ) তাম্ (অর্দ্ধমাত্রাম্) চ বারুণীম্ (বরুণদেবতাকাং) বিদুঃ (জানন্তি)।

অনুবাদ। [হংসরূপী ওঁকারের উপাসনা ও ফলের বিষয় বলিয়া চারিটী মাত্রার দেবতা কি কি তাহা বলিতেছেন]। ওঁকারের প্রথমমাত্রার দেবতা অগ্নি, দ্বিতীয় মাত্রা, প্রথম ও তৃতীয় মাত্রার বশকারিণী বলিয়া ইহার দেবতা বায়ু, তৃতীয়মাত্রার দেবতা সূর্য্য। আর সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ যে অর্দ্ধমাত্রা, জ্ঞানিগণ বরুণকেই তাহার দেবতা বলিয়াছেন।

৭। কলাত্রয়াননা বাপি তাসাং মাত্রা প্রতিষ্ঠিতা।
এষ ওঁকার আখ্যাতো ধারণাভির্নিবোধত॥

ব্যাখ্যা। অপি বা (অপি চ) তাসাম্ (চতসৃণাং মাত্রাণাং মধ্যে) [একৈকা] মাত্রা কলাত্রয়াননা (কলাত্রয়েণ মাত্রাত্রয়েণ আননং প্রাণনং যস্যাঃ সা মাত্রাত্রয়শরীরা ইত্যর্থঃ) প্রতিষ্ঠিতা (নির্দ্ধারিতা) [ভবেৎ]। এষঃ (মাত্রাচতুষ্টয়শরীরঃ) ওঁকারঃ আখ্যাতঃ (কথিতঃ) ; [তম্ ওঁকারং চতসৃণাং মাত্রাণাম্ উদাত্তাদিভেদেন

দ্বাদশমাত্রম্] ধারণাভিঃ (চিন্তনরূপাভিঃ) নিবোধত (নিশ্চয়েন জানীথ) [যূয়মিতি শেষঃ]

অনুবাদ। [সম্প্রতি মাত্রাচতুষ্টয়ের প্রত্যেক মাত্রার উদাত্তাদিভেদে তিনটী মাত্রা দেখাইবার জন্য শ্রুতি বলিতেছেন] ঐ মাত্রাচতুষ্টয়ের মধ্যে এক একটী মাত্রায় তিনটী করিয়া মাত্রা নির্দ্ধারিত রহিয়াছে এবং ওঁকার যে মাত্রাচতুষ্টয়যুক্ত, তাহাও বলা হইয়াছে। সেই ওঁকারকে ধারণা দ্বারা সম্যক্‌রূপে অবগত হইতে হয়।

৮। ঘোষিণী প্রথমা মাত্রা বিদ্যুন্মালী তথাঽপরা।
পতঙ্গী চ তৃতীয়া স্যাচ্চতুর্থী বায়ুবেগিনী॥

ব্যাখ্যা। [দ্বাদশমাত্রাণাং নামানি আহ] প্রথমা মাত্রা ঘোষিণী (ঘোষঃ আজ্ঞা তৎফলা ঘোষিণী আদেশবিধায়িনী ইত্যর্থঃ), তথা অপরা বিদ্যুন্মালী (বিদ্যুন্মালঃ যক্ষরাজঃ তল্লোকদা বিদ্যুন্মালী), তৃতীয়া চ পতঙ্গী (পক্ষিণী) [আকাশগতিপ্রদত্বাৎ] ; চতুর্থী চ বায়ুবেগিনী (শীঘ্রগতিপ্রদা) স্যাৎ।

অনুবাদ। [দ্বাদশমাত্রার নাম ও গতিস্থান যশঃ নির্দ্দেশ করিতেছেন]—প্রথমা মাত্রা ঘোষিণী

অর্থাৎ আদিষ্টফলদায়িনী, দ্বিতীয়া বিদ্যুন্মালী অর্থাৎ যক্ষলোকপ্রদায়িনী, তৃতীয়া পতঙ্গী অর্থাৎ পক্ষীর ন্যায় আকাশগমনবিধায়িনী, চতুর্থী বায়ুবেগিনী অর্থাৎ বায়ুসদৃশ ন্যায় শীঘ্রগতিপ্রদায়িনী।

৯। পঞ্চমী নামধেয়া চ ষষ্ঠী চৈন্দ্রী বিধীয়তে।
সপ্তমী বৈষ্ণবী নাম শাঙ্করী চ তথাষ্টমী ॥

ব্যাখ্যা। পঞ্চমী চ নামধেয়া (পিতৃলোকপ্রদা), ষষ্ঠী ঐন্দ্রী (ইন্দ্রসাযুজ্যপ্রদা), সপ্তমী চ বৈষ্ণবী (বিষ্ণুলোকপ্রদা), তথা অষ্টমী শাঙ্করী (শিবলোকপ্রদা) নাম বিধীয়তে।

অনুবাদ। পঞ্চমী মাত্রা নামধেয়া অর্থাৎ পিতৃলোক-সাধিকা, ষষ্ঠী ঐন্দ্রী অর্থাৎ ইন্দ্রসাযুজ্য-ফলপ্রদা, সপ্তমী বৈষ্ণবী অর্থাৎ বিষ্ণুলোক-প্রদা, সেই-রূপ অষ্টমী শাঙ্করী অর্থাৎ শিবলোক-প্রদা বলিয়া বিহিত হইয়াছে।

১০। নবমী মহতী নাম ধ্রুবেতি দশমী মতা।
একাদশী ভবেন্মৌনী ব্রাহ্মীতি দ্বাদশী মতা।

ব্যাখ্যা। নবমী মহতী (মহর্লোকপ্রদা), ধ্রুবা ইতি নাম

দশমী [সা ধ্রুবলোকপ্রদা] মতা (সম্মতা), একাদশী মৌনী (তপোলোকবিধায়িনী) ভবেৎ, দ্বাদশী ব্রাহ্মী (ব্রহ্মলোকপ্রদায়িনী) মতা (সম্মতা) ইতি।

অনুবাদ। নবমী মাত্রা মহতী অর্থাৎ মহর্লোকপ্রদায়িনী, দশমী ধ্রুবা অর্থাৎ ধ্রুবলোকবিধায়িনী, একাদশী মৌনী অর্থাৎ তপোলোক-বিধায়িনী, দ্বাদশী ব্রাহ্মী অর্থাৎ ব্রহ্মলোক-বিধায়িনী, ইহা শ্রুতির অভিমত জানিবে।

১১। প্রথমায়াং তু মাত্রায়াং যদি প্রাণৈর্বিযুজ্যতে।
স রাজা ভারতে বর্ষে সার্ব্বভৌমঃ প্রজায়তে॥

ব্যাখ্যা। [ইদানীং তত্তদ্ধারণাসু স্থিরচিত্তস্য প্রাণবিয়োগে ফলবিশেষমাহ] যদি তু প্রথমায়াং মাত্রায়াম্ (প্রথমমাত্রায়া ধারণাভিঃ উপাসনাসময়ে) প্রাণৈঃ বিযুজ্যতে (ম্রিয়তে) [তর্হি সঃ ভারতে বর্ষে সার্ব্বভৌমঃ রাজা [ভবিতুম্] প্রজায়তে।

অনুবাদ। [যিনি, সেই সেই ধারণায় স্থির-চিত্ত হইয়াছেন, তাঁহার প্রাণবিয়োগের পর ফল-বিশেষ নির্দ্দেশ করিতেছেন]—যদি উপাসকের প্রথম মাত্রার ধারণাসমূহের দ্বারা উপাসনা-কালে প্রাণ

বিয়োগ হয়, তাহা হইলে তিনি ভারতবর্ষের সার্ব্বভৌম নরপতি হইয়াই জন্মগ্রহণ করেন।

১২। দ্বিতীয়ায়াং সমুৎক্রান্তো ভবেদ্ যক্ষো মহাত্মবান্
বিদ্যাধরস্তৃতীয়ায়াং গন্ধর্বস্তু চতুর্থিকাম্ ॥

ব্যাখ্যা। দ্বিতীয়ায়াং সমুৎক্রান্তঃ (ঊর্দ্ধং গতঃ) [সন্] মহাত্মবান্ (মহান্ আত্মা মহাত্মা সঃ অস্যাস্তীতি মহাত্মবান্) যক্ষঃ ভবেৎ; তৃতীয়ায়াং বিদ্যাধরঃ, চতুর্থিকাম্ (মাত্রাম্) [প্রাপ্য সমুৎক্রান্তঃ সন্] গন্ধর্ব্বঃ তু [ভবেৎ]।

অনুবাদ। সেইরূপ দ্বিতীয় মাত্রার উপাসনাকালে যাঁহার প্রাণবিয়োগ হয়, তিনি ঊর্দ্ধদিকে গমনপূর্ব্বক উদারস্বভাবাপন্ন যক্ষত্ব, তৃতীয়া মাত্রায় বিদ্যাধরত্ব এবং চতুর্থীমাত্রায় ঊর্দ্ধগমনে গন্ধর্ব্বত্বলাভ করেন।

১৩। পঞ্চম্যামথ মাত্রায়াং যদি প্রাণৈর্বিযুজ্যতে।
ওষিতঃ সহ দেবত্বং সোমলোকে মহীয়তে ॥

ব্যাখ্যা। অথ যদি পঞ্চম্যাং মাত্রায়াং [ধারণাসময়ে] প্রাণৈঃ বিযুজ্যতে (ম্রিয়তে), [তর্হি] দেবত্বম্ [প্রাপ্য, দেবৈঃ সহ] আ (সম্যগ্‌রূপেণ) উষিতঃ (স্থিতঃ) [সন্] সোমলোকে (চন্দ্রলোকে) মহীয়তে (গচ্ছতি)।

অনুবাদ। যদি পঞ্চমী মাত্রায় উপাসনা-কালে উপাসকের প্রাণবিয়োগ হয়, তাহা হইলে তিনি দেবত্ব লাভ করিয়া দেবগণের সহিত অবস্থানপূর্ব্বক চন্দ্রলোকে গমন করেন।

১৪। ষষ্ঠ্যামিন্দ্রস্য সাযুজ্যং সপ্তম্যাং বৈষ্ণবং পদম্।
অষ্টম্যাং ব্রজতে রুদ্রং পশূনাং চ পতিং তথা॥

ব্যাখ্যা। ষষ্ঠ্যাম্ (মাত্রায়াম্) [ধারণাকালে চেৎ ম্রিয়েত, তর্হি] ইন্দ্রস্য সাযুজ্যম্ [গচ্ছতি]। [যদি] সপ্তম্যাম্ (মাত্রা-য়াম্) [ধারণাকালে ম্রিয়তে, তর্হি] বৈষ্ণবং পদম্ (বিষ্ণুত্বম্) [প্রাপ্নোতি]। তথা চ অষ্টম্যাম্ (মাত্রায়াম্) [ধারণাসময়ে উপাসকঃ চেৎ ম্রিয়তে তর্হি] পশূনাম্ (পুরুষপশূনাম্) পতিম্ (অধিপতিম্) রুদ্রম্ (দেবদেবম্) ব্রজতে।

অনুবাদ। যদি উপাসক ষষ্ঠ মাত্রায় ধারণা-সময়ে দেহত্যাগ করেন, তাহা হইলে ইন্দ্রের সাযুজ্য প্রাপ্ত হন; সেইরূপ সপ্তমীমাত্রায় বিষ্ণুত্ব, অষ্টমীমাত্রায় জীবপতি মহাদেবের স্বরূপত্ব প্রাপ্ত হইয়া থাকেন।

১৫। নবম্যাং চ মহর্লোকং দশম্যাং চ ধ্রুবং ব্রজেৎ।
একাদশ্যাং তপোলোকং দ্বাদশ্যাং ব্রহ্ম শাশ্বতম্॥

ব্যাখ্যা। [তথা] নবম্যাম্ (মাত্রায়াম্) [চেৎ ম্রিয়তে তর্হি] মহর্লোকম্ [প্রাপ্নোতি], দশম্যাং (মাত্রায়াম্) চ ধ্রুবম্ (ধ্রুবলোকম্) ব্রজেৎ। একাদশ্যাম্ (মাত্রায়াম্) তপোলোকম্; [তথা] দ্বাদশ্যাম্ (মাত্রায়াম্) শাশ্বতম্ (নিত্যম্) ব্রহ্ম (ব্রহ্ম-লোকম্) [প্রাপ্নোতি উপাসকঃ ইতি শেষঃ]।

অনুবাদ। যদি উপাসকের নবমীমাত্রায় ধারণাকালে মৃত্যু হয়, তবে তিনি মহর্লোকে গমন করেন। সেইরূপ দশমীমাত্রায় ধ্রুবলোকে, একাদশী মাত্রায় তপোলোকে, আর দ্বাদশী মাত্রায় ব্রহ্মলোকে গমন করেন।

১৬। অতঃ পরতরং শুদ্ধং ব্যাপকং নিষ্কলং শিবম্।
সদোদিতং পরং ব্রহ্ম জ্যোতিষামুদয়ো যতঃ॥

ব্যাখ্যা। [পঞ্চমাক্ষরস্য নাদনামকস্য ফলমাহ] অতঃ (নাদাক্ষরোপাসনায়াঃ) যতঃ (বস্তুনঃ) জ্যোতিষাম্ (মন-আদীনাং চক্ষুরাদীনাং সূর্য্যাদীনাং চ) উদয়ঃ (আবির্ভাবঃ) [তৎ], সদা উদিতম্ (নিত্যজ্ঞানরূপেণ ভাসমানম্), নিষ্কলম্ (কলাঃ দ্বাদশমাত্রাঃ তদ্রহিতম্), ব্যাপকম্ (ব্যাপনশীলম্), শুদ্ধম্ (নিষ্পাপম্), শিবং (মঙ্গলময়ং), পরতরম্ (পরাৎ-পরম্) পরং (নাদশব্দবাচ্যং) ব্রহ্ম [জ্ঞেয়ং ভবতীতি শেষঃ]।

অনুবাদ। [নাদনামক পঞ্চমাক্ষরের উপাসনার ফল নিরূপণ করিতেছেন]—যাহা হইতে মনঃ,চক্ষুঃ, সূর্য্য প্রভৃতি জ্যোতির্যুক্ত পদার্থের উৎপত্তি হইয়াছে, তাহাই নিত্যজ্ঞানরূপ, আবার তাহাই নিষ্কল অর্থাৎ দ্বাদশমাত্রারহিত , সুতরাং সর্ব্বব্যাপক এবং পাপশূন্য মঙ্গলময় পরাৎপর পর ব্রহ্মই উক্ত নাদাক্ষরের উপাসনার বিষয় ও একমাত্র পরব্রহ্মপ্রাপ্তিই নাদোপাসনার ফল। মনের বিলয় হওয়াও উক্ত উপাসনার আনুষঙ্গিক ফল বুঝিতে হইবে।

১৭। অতীন্দ্রিয়ং গুণাতীতং মনো লীনং যদা ভবেৎ।
অনৌপম্যমভাবং চ যোগযুক্তং তদাদিশেৎ॥

ব্যাখ্যা। [যোগযুক্তস্য বিলীনমনসঃ কিং লক্ষণমিত্যাহ] যদা অতীন্দ্রিয়ম্ (ইন্দ্রিয়াগোচরম্) গুণাতীতম্ (রজস্তমো-গুণরহিতং কেবলং সত্ত্বগুণাশ্রিতম্) মনঃ লীনং ভবেৎ ; তদা অনৌপম্যম্ (নাস্তি ঔপম্যম্ উপমা যস্য তৎ অনৌপম্যম্ অতুল-নীয়ম্) অভাবম্ (ন ভাবয়তি চিন্তয়তি ইত্যভাবম্) যোগযুক্তম্ (জীবপরমাত্মনোঃ ঐক্যং যোগঃ তদ্‌যুক্তম্) [মনঃ, ইতি] আদিশেৎ (কথয়েৎ) [যোগীতি শেষঃ]।

অনুবাদ। যোগযুক্ত স্বকারণে বিলয়-

প্রাপ্ত মনের লক্ষণ বলিতেছেন]—যে সময় অতীন্দ্রিয় মনঃ রজোগুণ এবং তমোগুণরহিত হইয়া কেবল সত্ত্ব-গুণকে আশ্রয় করে, তখন সেই মনঃ সমস্ত বিষয়-চিন্তা পরিত্যাগ করিয়া জীবাত্মা ও পরমাত্মার ঐক্য প্রতিপাদনপূর্ব্বক অতুলনীয় শক্তিসম্পন্ন হয়; যোগীরা এই মনেরই সমালোচনা করেন।

১৮। তদ্ভক্তস্তন্মনাসক্তঃ শনৈর্মুঞ্চেৎ কলেবরম্।
স্থস্থিতো যোগচারেণ সর্বসঙ্গবিবর্জিতঃ ॥

ব্যাখ্যা। তন্মনাঃ (তস্মিন্ ব্রহ্মণি মনো যস্য সঃ) সক্তঃ (আসক্তঃ) তদ্ভক্তঃ (তস্মিন্ ব্রহ্মণি ভক্তিঃ যস্য সঃ) [জনঃ] কলেবরম্ (দেহম্) শনৈঃ মুঞ্চেৎ (ত্যজেৎ); যোগচারেণ (যোগমার্গেণ) স্থস্থিতঃ স্বস্থীভূতঃ [সন্, যোগী] সর্ব্বসঙ্গ-বিবর্জ্জিতঃ [ভবতি]।

অনুবাদ। সেই অদ্বিতীয় ব্রহ্মে চিত্ত সমাধানপূর্ব্বক যিনি তাহাতেই একান্ত অনুরক্ত হন, তিনি এই দেহ পরিত্যাগ করিয়া যোগমার্গাবলম্বনে সকলের সঙ্গ পরিত্যাগ করেন।

২৯। ততো বিলীনপাশোঽসৌ বিমলঃ কেবলঃ প্রভুঃ।
তেনৈব ব্রহ্মভাবেন পরমানন্দমশ্নুতে পরমানন্দমশ্নুত ইতি॥

ইত্যথর্ব্ববেদান্তর্গতা নাদবিন্দূপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। ততঃ বিলীনপাশঃ (বিলীনাঃ বিনষ্টাঃ পাশাঃ কর্ম্মাণি যস্য সঃ) বিমলঃ (অবিদ্যাদিমলশূন্যঃ) কেবলঃ (শুদ্ধঃ) প্রভুঃ (জীবভাবরহিতঃ) অসৌ (যোগী) তেন (পূর্ব্বোক্তেন) ব্রহ্মভাবেন পরমানন্দম্ অশ্নুতে। [দ্বিরুক্তিঃ গ্রন্থসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। সেইজন্য যিনি সমস্ত কর্ম্মবন্ধন ছিন্ন করিয়া অবিদ্যাদি মলরাশি দূরীভূত করিতে সমর্থ হন, তিনি জীবভাব পরিত্যাগ করিয়া শুদ্ধ ব্রহ্মভাব অবলম্বন-পূর্ব্বক পরমানন্দ লাভ করেন।

ইতি অথর্ব্ববেদান্তর্গত নাদবিন্দূপনিষৎ সমাপ্ত।

ধ্যানবিন্দূপনিষৎ।

১। ওঁ যদি শৈলসমং পাপং বিস্তীর্ণং যোজনান্ বহূন্।
ভিদ্যতে ধ্যানযোগেন নান্যো ভেদঃ কথঞ্চন॥

ব্যাখ্যা। [ধ্যানস্য ধারণাদিভ্যঃ বিশেষং বক্তুমিদমারভ্যতে] যদি শৈলসমং (গিরিসমং) বিস্তীর্ণং (প্রসারিতম্) পাপং বহূন্ যোজনান্ [ব্যাপ্য অবস্থিতঃ ভবতি] [পাতকফলভূতকর্ম্মণাং সর্ব্বত্র বিস্তারদর্শনাৎ, তৎকারণস্যাপি বিস্তৃতত্বম্ অবগম্যতে ইত্যতঃ পাপস্য বহুযোজনবিস্তৃতত্বমুক্তম্]। [তথাপি] ধ্যানযোগেন [তৎ পাপম্] ভিদ্যতে (বিনষ্টং ভবতি); কথঞ্চন (কেনাপি প্রকারেণ) [তস্য] অন্যঃ ভেদঃ (ভেদকঃ বিনাশকঃ) [কল্পনীয়ঃ ইত্যর্থঃ]।

অনুবাদ। [ধারণাদি হইতে ধ্যানের বৈশিষ্ট্য প্রতিপাদন করিবার জন্যই ইহার বর্ণনা আরম্ভ হইতেছে] যদিও গিরিসদৃশ বিস্তৃত পাপরাশি বহুযোজনপর্য্যন্ত ব্যাপ্ত হইয়া অবস্থিত আছে, তথাপি তাহা ধ্যানযোগের দ্বারা বিনষ্ট করা যাইতে পারে; অন্য কোন উপায়ে উহাকে সমূলে নির্ম্মূল করিতে পারা যায় না।

২। বীজাক্ষরাৎ পরং বিন্দু নাদং বিন্দোঃ পরে স্থিতম্।
স্বশব্দং চাক্ষরে ক্ষীণে নিঃশব্দং পরমং পদম্॥

ব্যাখ্যা। বীজাক্ষরাৎ (স্পষ্টাক্ষরাৎ অকারোকারমকাররূপাৎ) পরং বিন্দু (বিন্দুবদক্ষরম্। বিন্দোঃ পরে (ভাগে) নাদম্ (নাদাক্ষরম্) স্থিতম্; (নির্ব্বিকল্পযোগেন অকারোকারমকারবিন্দুভিঃ সহিতে] অক্ষরে (নাদরূপে) ক্ষীণে (বিলয়প্রাপ্তে) [সতি] স্বশব্দম্ (সু-উত্তমঃ শব্দঃ নাদঃ যস্মাৎ তৎ সুশব্দং শক্তিরূপং মায়াশক্তিরূপম্ ইত্যর্থঃ) [তিরোভবতি ততঃ] নিঃশব্দম্ (শব্দাপ্রতিপাদ্যম্) চ পরমং পদম্ (পরং ব্রহ্ম) [মেঘমুক্তসূর্য্যবৎ স্বয়ং প্রকাশতে]।

অনুবাদ। অকার, উকার এবং মকার এই বীজাক্ষরত্রয়ের পর বিন্দুসংজ্ঞক অক্ষর, তৎপরে নাদাক্ষর। নির্ব্বিকল্প সমাধি দ্বারা অকারাদি অক্ষরচতুষ্টয়ের সহিত সেই নাদরূপ অক্ষর বিলয়প্রাপ্ত হইলে অর্থাৎ উক্ত সমাধিঅবস্থায় ধ্যাতা, ধ্যান, ধ্যেয়প্রভৃতি অস্তিত্বহীন হয়; সুতরাং প্রণবাক্ষর সমূহেরও উচ্চারণাভাবে স্থিতি বিলীন হয়। তখন সুশব্দ অর্থাৎ যে মায়াশক্তিবলে উক্ত অক্ষর উৎপন্ন হইয়াছে, সেই মায়াশক্তি বিলয়প্রাপ্ত হয়,

অর্থাৎ তৎসম্বন্ধে মায়াশক্তির কার্য্যকারিতা থাকে না। অতঃপর নিঃশব্দ অর্থাৎ 'শব্দের দ্বারা অপ্রকাশ্য পরম পদ পরব্রহ্ম মেঘমুক্ত সূর্য্যের ন্যায় স্বয়ং প্রকাশিত হন।

৩। অনাহতং চ যচ্ছব্দং তস্য শব্দস্য যৎ পরম্।
তৎ পরং বিন্দতে যস্তু স যোগী ছিন্নসংশয়ঃ॥

ব্যাখ্যা। [পূর্ব্বোক্তপ্রণবাখ্যম্] যৎ শব্দম্ (শব্দস্বরূপম্) [তৎ] অনাহতম্ (অবিনাশি) [বেদানাং নিত্যত্বাৎ]; যঃ তস্য (প্রণবাখ্যস্য) শব্দস্য যৎ পরম্ (অভিব্যক্তিকারণং মায়াশক্তিরূপম্) তৎ পরম্ (তস্য মায়ারূপস্য পরং সচ্চিদানন্দরূপম্) বিন্দতে (লভতে), সঃ যোগী ছিন্নসংশয়ঃ (সন্দেহশূন্যঃ সর্ব্বেষু বিষয়েষু সন্দেহং ছিত্বা সর্ব্বজ্ঞঃ ভবতীত্যর্থঃ)।

অনুবাদ। বেদসমুদায় নিত্য বলিয়া তৎসারভূত প্রণবও নিত্য। যিনি প্রণবসংজ্ঞক মন্ত্রের অভিব্যক্তির কারণস্বরূপা মায়ার অতীত সচ্চিদানন্দরূপ পরমাত্মাকে লাভ করেন, তিনি সমস্ত সন্দেহ ছেদন করিয়া সর্ব্বজ্ঞস্বরূপ হন।

৪। বালাগ্রশতসহস্রার্দ্ধং তস্য ভাগস্য ভাগশঃ।
ভাগস্য তস্য ভাগার্দ্ধং তজ্জ্ঞেয়ং চ নিরঞ্জনম্॥

ব্যাখ্যা। [ব্রহ্মণঃ অত্যন্তং সূক্ষ্মতামাহ] বালাগ্রশতসহস্রার্দ্ধম্ (বালানাং কেশানাং যঃ অগ্রঃ অগ্রভাগঃ তস্য শতসহস্রার্দ্ধং (লক্ষার্দ্ধম্) তস্য (লক্ষার্দ্ধস্য) ভাগস্য ভাগশঃ (ভাগে) [সতি] তস্য ভাগস্য চ ভাগার্দ্ধম্ তৎ নিরঞ্জনম্ (নির্লেপং ব্রহ্ম জ্ঞেয়ম্।

অনুবাদ। [ব্রহ্মের অতিসূক্ষ্মতা প্রতিপাদন করিবার জন্য বলিতেছেন]—শুদ্ধ ব্রহ্ম, কেশের অগ্রভাগকে লক্ষ ভাগে বিভক্ত করিয়া আবার সেই ভাগকে বিভাগ করিলে সেই ভাগের অর্দ্ধভাগের ন্যায় সূক্ষ্ম। অর্থাৎ বিভাগ করিতে করিতে যাহাকে আর বিভাগ করা যাইবে না, সেই অবিভক্ত বস্তুই শুদ্ধ-ব্রহ্ম।

৫। পুষ্পমধ্যে যথা গন্ধং পয়োমধ্যে যথা ঘৃতম্।
তিলমধ্যে যথা তৈলং পাষাণেষ্বিব কাঞ্চনম্॥

ব্যাখ্যা। যথা পুষ্পমধ্যে গন্ধম্ (গন্ধস্বরূপম্) যথা [বা] পয়োমধ্যে (দুগ্ধমধ্যে) ঘৃতম্, যথা [চ] তিলমধ্যে তৈলম্, পাষাণেষু (প্রস্তরেষু) কাঞ্চনম্ (সুবর্ণম্) [বর্ত্ততে] ইব (তদ্বৎ) [গন্ধাদিস্থানীয়দেহাদিষু শুদ্ধং ব্রহ্ম বর্ত্ততে]।

অনুবাদ। যেরূপ পুষ্পমধ্যে গন্ধ,

দুগ্ধমধ্যে ঘৃত, তিলমধ্যে তৈল, প্রস্তরের স্তরে সুবর্ণ বিদ্যমান থাকে; সেইরূপ দেহাদিতে শুদ্ধ ব্রহ্ম বিদ্যমান আছেন।

৬। এবং সর্বাণি ভূতানি মণিসূত্রমিবাত্মনি।
স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ॥

ব্যাখ্যা। [নমু দেহাদয়ঃ ক বর্ত্তন্তে অতঃ আহ] [যথা] সর্ব্বাণি ভূতানি আত্মনি বর্ত্তন্তে, এবম্ [সর্ব্বেষু ভূতেষু আত্মা বর্ত্ততে]। মণিসূত্রমিব (যথা সূত্রে মণয়ঃ বিদ্যন্তে তদ্বৎ) স্থিরবুদ্ধিঃ (একাগ্রচিত্তঃ) অসংমূঢ়ঃ (বিদ্বান্) [জনঃ] ব্রহ্মবিৎ [সন্] ব্রহ্মণি স্থিতঃ [ভবতি, একীভাবেন অবস্থিতঃ ভবতীতি ভাবঃ]।

অনুবাদ। [দেহাদি পদার্থ কোথায় অবস্থিত থাকে, তাহা বলিতেছেন]—যেরূপ ভূতগণ আত্মাতে অর্থাৎ ব্রহ্মে অবস্থিত, সেইরূপ সমস্ত ভূতে আত্মা বিদ্যমান রহিয়াছেন। স্থিরচিত্ত বিদ্বান্ পুরুষ ঐ ব্রহ্মজ্ঞান লাভ করিয়া, সূত্রে যেরূপ মণি গ্রথিত থাকে, সেইরূপ ব্রহ্মে গ্রথিত থাকিয়া অবস্থান করেন।

৭। তিলানাং তু যথা তৈলং পুষ্পে গন্ধমিবার্পিতম্।
পুরুষস্য শরীরে তু সবাহ্যাভ্যন্তরে স্থিতম্॥

ব্যাখ্যা। [ধ্যানাভ্যাসপ্রদর্শনায় উক্তস্যাপি পুনরভিধানমাহ] যথা তিলানাম্ [মধ্যে] তৈলম্ অর্পিতম্ (ব্যবস্থিতম্) পুষ্পে চ গন্ধম্ (গন্ধস্বরূপম্) [অর্পিতং ভবতি]; ইব (তদ্বৎ) পুরুষস্য সবাহ্যাভ্যন্তরে দেহে তু [ব্রহ্ম] স্থিতম্ [ভবতি]

অনুবাদ। [ধ্যানের অভ্যাসের নিমিত্ত পূর্ব্বোক্ত বিষয় পুনরায় কথিত হইতেছে]—যেরূপ তিলের মধ্যে তৈল এবং পুষ্পের অভ্যন্তরে গন্ধ বিদ্যমান আছে; সেইরূপ জীবের স্থূল ও সূক্ষ্মদেহে ব্রহ্ম অবস্থিত আছেন।

৮। বৃক্ষং তু সকলং বিদ্যাচ্ছায়া তস্যৈব নিষ্কলা।
সকলে নিষ্কলে ভাবে সর্বত্রাত্মাধ্যবস্থিতঃ॥

ব্যাখ্যা। [নমু কথং সত্যাৎ অসত্যোদ্ভবঃ ইত্যাহ] বৃক্ষং তু সকলম্ (পূর্ণং যথার্থমিত্যর্থঃ) বিদ্যাৎ; তস্য (বৃক্ষস্য) এব ছায়া নিষ্কলা (অপারমার্থিকী) [জ্ঞেয়া]; [তথা] আত্মা সর্ব্বত্র (সর্ব্বস্মিন্) সকলে (যথার্থে) নিষ্কলে (অযথার্থে) [চ] ভাবে (ভাবপদার্থে) অধ্যবস্থিতঃ (অধি অধিকৃত্য পদার্থান্ অবস্থিতঃ বিদ্যমানঃ [সন্ বিকারান্ উৎপাদয়তি ইত্যর্থঃ]।

অনুবাদ। [কিরূপে সত্য হইতে অসত্যের

উৎপত্তি হয়, তাহা বলিতেছেন]—যেরূপ সত্য বৃক্ষ হইতে অসত্য ছায়ার উৎপত্তি হয় ; সেইরূপ আত্মা, সমস্ত সত্য এবং অসত্য পদার্থে বিদ্যমান থাকিয়া সমুদায় বস্তু সৃষ্টি করিয়া থাকেন।

৯। অতসীপুষ্পসঙ্কাশং নাভিস্থানে প্রতিষ্ঠিতম্।
চতুর্ভুজং মহাবীরং পূরকেণ বিচিন্তয়েৎ॥

ব্যাখ্যা। [ইদানীং সাকারধ্যানমাহ] নাভিস্থানে (নাভৌ) প্রতিষ্ঠিতং চতুর্ভুজম্ অতসীপুষ্পসঙ্কাশম্ (অতসীকুসুমসদৃশবর্ণম্) মহাবীরম্ (শূরশ্রেষ্ঠম্) [বিষ্ণুম্] পূরকেণ [নাভিপদ্মেন চিন্তয়েৎ (ধ্যায়েৎ)।

অনুবাদ। [সম্প্রতি নিজ শরীরে ধ্যানের বিষয় বলিতেছেন] যাঁহার অতসী পুষ্পের ন্যায় আভা, যিনি চতুর্ভুজরূপে নাভিপদ্মে অবস্থিত, যাঁহা হইতে শক্তিশালী আর কেহ নাই, সেই বিষ্ণুরূপী ভগবান্‌কে নাভিপদ্মে ধ্যান করিবে।

১০। কুম্ভকেন হৃদি স্থানে চিন্তয়েৎ কমলাসনম্।
ব্রহ্মাণং রক্তগৌরাঙ্গং চতুর্বক্ত্রং পিতামহম্॥

ব্যাখ্যা। কমলাসনা (পদ্মাসনং) রক্তগৌরাঙ্গং (কপিল-

বর্ণং) চতুর্ব্বক্ত্রং (চতুর্ম্মুখং) পিতামহং ব্রহ্মাণম্ কুম্ভকেন হৃদি স্থানে (হৃৎপদ্মে) চিন্তয়েৎ।

অনুবাদ। যিনি চতুর্ম্মুখ, যিনি রক্ত-গৌরবর্ণ, যাঁহার আসন পদ্ম; সেই পিতামহ ব্রহ্মাকে কুম্ভকের দ্বারা হৃৎপদ্মে ধ্যান করিবে।

১১। রেচকেন তু বিদ্যাত্মা ললাটস্থং ত্রিলোচনম্।
শুদ্ধস্ফটিকসঙ্কাশং নিষ্কলং পাপনাশনম্॥

ইতি প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। বিদ্যাত্মা (বিদ্যাবান্ সাধকঃ) ললাটস্থং নিষ্কলং (নিরংশং) পাপনাশং (পাপবিনাশকং) শুদ্ধস্ফটিকসঙ্কাশং (বিশুদ্ধস্ফটিকসদৃশাভম্ অতিশুভ্রাভম্) ত্রিলোচনং (শিবং) রেচকেন তু [ললাটে] চিন্তয়েৎ।

অনুবাদ। যিনি সমস্ত পাপ বিনাশ করেন, যাঁহার বিশুদ্ধ স্ফটিকের ন্যায় আভা, সেই নিরংশ ত্রিলোচন মহাদেবকে সাধক ব্যক্তি রেচকের দ্বারা ললাটে ধ্যান করিবে।

ধ্যানবিন্দূপনিষদের প্রথমখণ্ড সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ ।

১২। অষ্টপত্রমধঃপুষ্পমূর্দ্ধনালমধোমুখম্ ।
কদলীপুষ্পসঙ্কাশং সর্ব্বদেবময়াম্বুজম্ ॥

ব্যাখ্যা। [নাভৌ হৃদি ললাটে চ বিষ্ণুব্রহ্মরুদ্রাণাং ধ্যানমুক্তম্; ইদানীং স্থানত্রয়স্থিতানাং পদ্মানাম্ অবান্তরভেদং দর্শয়তি] অষ্টপত্রম্ (অষ্টদলম্) অধঃপুষ্পম্ (অধঃ নিম্নে নাভিদেশে পুষ্পং অধোপুষ্পং নাভিদেশস্থং পদ্মমিত্যর্থঃ) ; [হৃদয়ে চ] উর্দ্ধনালম্ (উর্দ্ধবৃন্তম্) অধোমুখম্ কদলীপুষ্পসঙ্কাশম্ (কদলীপুষ্পসদৃশম্) সর্ব্বদেবময়াম্বুজম্ (সর্ব্বদেবময়ং সর্ব্বদেবারাধনাশ্রয়ভূতম্ অম্বুজং পদ্মম্) [অস্তি] ।

অনুবাদ। [পূর্ব্বে নাভিদেশে, হৃদয়ে এবং ললাটে বিষ্ণু, ব্রহ্মা এবং শিবের ধ্যান বলা হইয়াছে; সম্প্রতি ঐ স্থানত্রয়স্থিত পদ্মের ভেদ নিরূপণ করিতেছেন] অধোদেশস্থিত নাভিপদ্ম অষ্টদলযুক্ত তদুপরিস্থ হৃৎপদ্ম সমস্ত দেবতার আরাধনার একমাত্র আশ্রয়স্বরূপ, তাহার কদলীপুষ্পের ন্যায় আভা, উর্দ্ধদিকে বৃন্ত এবং অধোদিকে মুখ।

১৩। শতাব্জং শতপত্রাঢ্যং বিপ্রকীর্ণাব্জকর্ণিকম্ ।
তত্রার্কচন্দ্রবহ্নীনামুপর্য্যুপরি চিন্তয়েৎ ॥

ব্যাখ্যা। বিপ্রকীর্ণাব্জকর্ণিকম্ (বিপ্রকীর্ণানি বিক্ষিপ্তানি অম্বুজানি আধারাদীনি তৎকর্ণিকাঃ বীজকোষাঃ চ যস্য তৎ নানাকমলমিত্যর্থঃ) শতাব্জম্ (শতম্ অব্জানি যত্র তৎ, সুষুম্না-নালরূপম্) [তত্র চ মূলাদিমূর্দ্ধান্তং বহু পদ্মং বর্ত্ততে তেন আধিক্যোপলক্ষণং শতগ্রহণং কৃতম্]; [তস্য চ সুষুম্নানাল-রূপস্যোপরিভাগে] শতপত্রাঢ্যম্ (শতদলযুক্তম্) পদ্মমপি [বর্ত্ততে], তত্র (তেষু পদ্মেষু) উপর্য্যুপরি অর্কচন্দ্রবহ্নীনাং [মূর্ত্তিম্] চিন্তয়েৎ।

অনুবাদ। সুষুম্না নাড়ীর মূল হইতে আধারাদিনামক বহুসংখ্যক পদ্ম কল্পিত হইয়াছে। তন্মধ্যে ললাটদেশে শতদল, নাভিদেশে অষ্টদল এবং হৃদয়ে ষোড়শদল পদ্ম অবস্থিত আছে। তাহাতে সূর্য্য, চন্দ্র এবং অগ্নির ধ্যান করিবে।

১৪। পদ্মস্যোত্থাপনং কুর্য্যাদ্ বোঢ়ুং চন্দ্রাগ্নিসূর্য্যয়োঃ।
তস্যাহুর্বীজমাহৃত্য আত্মা সঞ্চরতে ধ্রুবম্॥

ব্যাখ্যা। চন্দ্রাগ্নিসূর্য্যয়োঃ (অগ্নিসূর্য্যৌ পুরুষরূপৌ, চন্দ্রঃ প্রকৃতিরূপঃ তেন প্রকৃতিপুরুষৌ প্রতিপাদিতৌ) [দ্বিবচন-সামর্থ্যাৎ]; [তৌ প্রকৃতিপুরুষৌ] বোঢ়ুম্ (নেতুং) পদ্মস্য উত্থাপনং (ঊর্দ্ধমুখং) কুর্য্যাৎ। তস্য (পদ্মস্য, বীজম্

(কর্ম্মজ্ঞানং চ) আহৃত্য (গৃহীত্বা) আত্মা [লোকাৎ লোকান্তরং] সঞ্চরতে (গচ্ছতি) ; ([ইতি] ধ্রুবম্ (নিশ্চিতম্) আহুঃ (কথয়ন্তি) [শ্রুতয়ঃ ইতি শেষঃ]।

অনুবাদ। অগ্নি ও সূর্য্য এই উভয়শব্দের অর্থ পুরুষ এবং চন্দ্র শব্দের অর্থ প্রকৃতি। অতএব চন্দ্র ও অগ্নি-সূর্য্য-শব্দ-প্রতিপাদ্য প্রকৃতি ও পুরুষকে ধ্যেয়রূপে ধারণা করিতে হৃৎপদ্ম যোগের দ্বারা ঊর্দ্ধমুখী করিবে। সেই হৃৎপদ্মস্থিত বীজ অর্থাৎ কর্ম্ম ও জ্ঞানকে গ্রহণ করিয়াই আত্মা ইহলোক হইতে পরলোকে গমন করেন। শ্রুতিতে ইহাই প্রতিপাদিত হইয়াছে।

১৫। ত্রিস্থানং চ ত্রিমার্গং চ ত্রিব্রহ্ম চ ত্রিরক্ষরম্।
ত্রিমাত্রং চার্দ্ধমাত্রং চ যস্তং বেদ স বেদবিৎ॥

ব্যাখ্যা। ত্রিস্থানম্ (নাভিঃ হৃদয়ং মূর্দ্ধা চ ইতি ত্রীণি [স্থা]নানি যস্য তৎ) চ ত্রিব্রহ্ম (বিষ্ণুঃ ব্রহ্মা মহাদেবঃ ইতি ত্রীণি ব্রহ্মাণি যস্য তৎ) চ ; ত্রিরক্ষরম্ (অকারঃ উকারঃ মকারঃ ইতি ত্রীণি অক্ষরাণি যস্য তৎ) চ ত্রিমাত্রম্ (তিস্রঃ মাত্রাঃ যস্য তৎ) চ [প্রণবস্য অকারোকারমকাররূপাণাম্ বর্ণানাং ত্রিমাত্রাত্বাভিধানাৎ আত্মাক্ষরব্রহ্মস্য ত্রিমাত্রাত্বম্ জ্ঞেয়ম্] ত্রিমার্গং

(ত্রয়ঃ মার্গাঃ গতিভেদকাঃ কর্ম্মভক্তিজ্ঞানরূপাঃ যস্য তৎ) চ অর্দ্ধমাত্রম্ (অর্দ্ধা মাত্রা যস্য স্বরূপং তদ্ অর্দ্ধমাত্রং ব্রহ্ম) চ; যঃ তম্ (অর্দ্ধমাত্রাত্মকং পুরুষম্) বেদ (জানাতি), সঃ বেদবিদ্ (সগুণব্রহ্মবিদ্) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। নাভি, হৃদয় এবং মূর্দ্ধা এই তিনটী ব্রহ্মের স্থান। বিষ্ণু, ব্রহ্মা এবং মহেশ্বর এই তিন মূর্ত্তি ব্রহ্মেরই স্বরূপ। ওঁকারের অকার, উকার এবং মকার এই অক্ষরত্রয় এবং ঐ অক্ষরত্রয়ের মাত্রা-ত্রয়ও তাঁহারই স্বরূপ। কর্ম্ম, ভক্তি এবং জ্ঞান এই মার্গত্রয়ও তিনি। যিনি উক্তরূপে অর্দ্ধমাত্রাত্মক পুরুষকে অবগত হন; তিনি সগুণ ব্রহ্মজ্ঞ বলিয়া প্রতিষ্ঠিত হন।

১৬] তৈলধারমিবাচ্ছিন্নং দীর্ঘঘণ্টানিনাদবৎ।
অবাগ্জং প্রণবস্যাগ্রে যস্তং বেদ স বেদবিৎ॥

ব্যাখ্যা। [ইদানীং নাদস্য স্বরূপং দর্শয়ন্ তদ্ধ্যানে ফল-মাহ] তৈলধারম্ (তৈলস্য ধারা তৈলধারম্) ইব [ছান্দসং ক্লীবত্বম্] দীর্ঘঘণ্টানিনাদবৎ (বৃহৎঘণ্টায়াঃ নিনাদঃ ধ্বনিঃ ইব) অবিচ্ছিন্নম্ অবাগ্জম্ (ন বাচো জাতমিতি অবাগ্জং)

প্রণবস্য অগ্রে (প্রণবাদ্ উৰ্দ্ধং) তম্ (নাদম্) যঃ বেদ (উপাস্তে) সঃ বেদবিৎ (ব্রহ্মবিৎ) [ভবতি ইতি শেষঃ]।

অনুবাদ। [সম্প্রতি নাদাক্ষরের স্বরূপ প্রদর্শন করাইয়া তাহার ধ্যানের ফল নিরূপণ করিতেছেন] তৈলধারা এবং বৃহৎ ঘণ্টাধ্বনি যেরূপ অবিচ্ছিন্নভাবে এবং বিশদরূপে অনুভূত হয়, সেইরূপ অবিচ্ছিন্ন অবাগ্‌জ অর্থাৎ বাক্যের দ্বারা অপ্রকাশ্য, প্রণবের ঊর্দ্ধস্তরে প্রতীয়মান নাদের যিনি উপাসনা করেন, তিনি ব্রহ্মবিৎ বলিয়া প্রতিষ্ঠিত হন।

১৭। প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।
অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবৎ তন্ময়ো ভবেৎ॥

ব্যাখ্যা। প্রণবঃ (ওঁকারঃ) ধনুঃ (শরাসনম্), শরঃ হি আত্মা,ব্রহ্ম তল্লক্ষ্যম্ (তস্য শরস্য লক্ষ্যম্) উচ্যতে। অপ্রমত্তেন (স্থিরেণ) [মনসা] শরবৎ [ব্রহ্ম] বেদ্ধব্যম্ (প্রবেশ্যম্) [ততঃ জীবঃ] তন্ময়ঃ (ব্রহ্মময়ঃ) ভবেৎ।

অনুবাদ। প্রণব ধনুঃ, শরই আত্মা এবং ব্রহ্ম সেই শরের লক্ষ্য। স্থিরচিত্ত ব্যক্তি প্রণবরূপ শরাসনে শররূপ আত্মা দ্বারা শরের ন্যায় ব্রহ্মকে বিদ্ধ

করিবে, অর্থাৎ ব্রহ্মজ্ঞানের দ্বারা ব্রহ্মকে অবগত হইবে। তাহার পর ব্রহ্মভাব প্রাপ্ত হইতে পারিবে।

১৮। স্বদেহমরণিং কৃত্বা প্রণবং চোত্তরারণিম্।
ধ্যাননির্মথনাভ্যাসাদেবং পশ্যেন্ নিগূঢ়বৎ॥

ব্যাখ্যা। এবম্ (অনেন প্রকারেণ) স্বদেহম্ (লিঙ্গ-শরীরম্) অরণিং (অগ্নিধারণকাষ্ঠবিশেষম্) কৃত্বা প্রণবং চ উত্তরারণিম্ (অগ্নিপ্রজ্বলননিঘর্ষণকাষ্ঠবিশেষম্) চ [কৃত্বা] ধ্যাননির্ম্মথনাভ্যাসাৎ (ধ্যানরূপং যৎনির্ম্মথনং তস্য অভ্যাস্যাৎ) নিগূঢ়বৎ (গুপ্তবস্তুবৎ) পশ্যেৎ (সূক্ষ্মদৃষ্ট্যা নিরীক্ষেত)।

অনুবাদ। এইরূপে সূক্ষ্মদেহকে বন্ধন কাষ্ঠরূপে এবং প্রণবকে নিঘর্ষণ কাষ্ঠরূপে কল্পনা করিয়া ধ্যানরূপ মন্থন দণ্ডের দ্বারা গুপ্তবস্তুর ন্যায় সূক্ষ্ম দৃষ্টি দ্বারা ব্রহ্ম দর্শন করিবে।

১৯। যথৈবোৎপলনালেন তোয়মাকর্ষয়েৎ পুনঃ।
তথৈবোৎকর্ষয়েদ্ বায়ুং যোগী যোগপদে স্থিতঃ।

ব্যাখ্যা। যথা উৎপলনালেন (মৃণালেন) পুনঃ তোয়ম্ (জলম্) আকর্ষযেৎ; তথা যোগী যোগপদে স্থিতঃ [সন্] বায়ুম্ উৎকর্ষয়েৎ (স্বাধিষ্ঠানাদিচক্রভেদেন ঊর্দ্ধ্বভূমিকাম্ প্রাপয়েৎ।

অনুবাদ। পদ্ম যেরূপ মৃণালের দ্বারা জল আকর্ষণ করে, সেইরূপ যোগী ব্যক্তি যোগারূঢ় হইয়া অভ্যন্তরস্থ বায়ুকে চক্রভেদের দ্বারা উর্দ্ধমুখী করাইবে।

২০। অর্দ্ধমাত্রাং রজ্জুং কৃত্বা কূপভূতং তু পঙ্কজম্।
কর্ষয়েন্ নালমার্গেণ ভ্রুবোর্মধ্যে নয়েল্লয়ম্ ॥

ব্যাখ্যা। [অভ্যাসপ্রকারমাহ] [যথা] কূপভূতং তু পঙ্কজং [কর্ষয়েৎ তথা] অর্দ্ধমাত্রাং রজ্জুং কৃত্বা নালমার্গেণ ভ্রুবোঃ মধ্যে লয়ং নয়েৎ।

অনুবাদ। অভ্যাসের প্রকার বলিতেছেন—যেরূপ কূপের মধ্যস্থিত পদ্মকে রজ্জু দ্বারা আকর্ষণ করিয়া গ্রহণ করিতে হয়, সেইরূপ অর্দ্ধমাত্রাকে রজ্জুরূপে কল্পনা করিয়া নালমার্গ অর্থাৎ সুষুম্নামার্গ দ্বারা ভ্রূদ্বয়ের মধ্যস্থিত পদ্মে স্থাপনপূর্ব্বক বিলয় প্রাপ্ত করাইবে।

২১। ভ্রুবোর্মধ্যে ললাটস্থ নাসিকায়াং তু মূলতঃ।
অমৃতস্থানং বিজানীয়াদ্ বিশ্বস্যায়তনং মহদ্-
বিশ্বস্যায়তনং মহদিতি ॥

ইত্যথর্ববেদে ধ্যানবিন্দূপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। [যত্র লয়ঃ তদমৃতস্থানং তস্য লক্ষণমাহ] ভ্রুবোঃ মধ্যে যঃ ললাটঃ (ললাটৈকদেশঃ) [তৎ] অমৃতস্থানং নাসিকায়াং মূলতঃ (নাসিকামূলম্) তু [অমৃতস্থানম্] বিজানীয়াৎ; বিশ্বস্য আয়তনম্ (নিরতিশয়মহত্ত্বাধিকরণম অমৃতম্) মহৎ (ব্রহ্ম) [ভবতীতি শেষঃ]। দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্ত্যর্থা।

অনুবাদ। [যে স্থানে লয় হইবে, সেই স্থানই অমৃত। তাহার লক্ষণ বলিতেছেন]—ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী ললাটদেশই অমৃত, আর নাসিকা-মূলকেও অমৃত স্থান বলিয়া জানিবে। জগতের আয়তন অর্থাৎ মহত্ত্বাধিকরণই অমৃত, আবার অমৃতই পরমাত্মা।

ইতি অথর্ব্ববেদে ধ্যানবিন্দূপনিষৎ সমাপ্ত।

তেজবিন্দূপনিষৎ

১। ওঁ তেজবিন্দুঃ পরং ধ্যানং বিশ্বাতীতং হৃদি স্থিতম্।
আণবং শাম্ভবং শাক্তং স্থূলং সূক্ষ্মং পরং চ যৎ॥

ব্যাখ্যা। [শক্তিশাম্ভয়োঃ ধ্যানং বক্তুং তেজবিন্দূপ-নিষদারভ্যতে] তেজবিন্দুঃ (তেজঃ তেজনং তস্য বিন্দুঃ কলা, তীক্ষ্ণীকরণস্য লেশঃ ইত্যর্থঃ) [এবংবিধং যৎ] পরং ধ্যানম্ [তৎ] বিশ্বাতীতম্ (বিশ্বজনীনাগোচরম্) [সৎ, সাধকানাম্] হৃদি সংস্থিতম্ [ভবতি]। আণবম্ (অণুঃ সূক্ষ্মোপায়ঃ ক্রিয়া-ষতী দীক্ষা তজ্জন্যম্ আণবম্), শাম্ভবম্ (গুরুপ্রসাদমাত্রেণ শম্ভুতাপাদকম্), শাক্তম্ (গুরুশক্ত্যৈব উপায়নিরপেক্ষয়া জাতম্), [এতৎ] (ধ্যানম্, [তৎ] স্থূলং সূক্ষ্মং পরমং চ [ভবতি]।

অনুবাদ। শিব ও শক্তির ধ্যান প্রতি-পাদন করিবার জন্য তেজবিন্দূপনিষৎ আরব্ধ হই-তেছে। চিত্তের বহির্বৃত্তিসমুদায় অপসারণপূর্ব্বক একাকারা বৃত্তিই "তেজবিন্দু", কেন না "তেজ" শব্দের অর্থ তীক্ষ্ণীকরণ এবং "বিন্দু" শব্দের অর্থ কলা বা লেশ, তীক্ষ্ণীকৃতা অর্থাৎ একাকারে পরিণতা কলা অর্থাৎ সমুদায় চিত্তবৃত্তির অংশরূপা বৃত্তিকেই "তেজ-

বিন্দু”শব্দে অভিহিত করিয়াছেন; ইহাই পরম ধ্যান। আবার ইহাই উপাসকদিগের হৃদয়ে অবস্থিত, অজ্ঞ-ব্যক্তিদের হৃদয়বেদ্য নহে। উক্ত ধ্যান স্থূল, সূক্ষ্ম এবং পরম সূক্ষ্ম এই তিনভাগে বিভক্ত। তন্মধ্যে আণব অর্থাৎ দীক্ষাজনিত ধ্যান সূক্ষ্ম; শাক্ত অর্থাৎ কোন উপায় অবলম্বন না করিয়া কেবল গুরুর শক্তি দ্বারা যাহা উৎপন্ন হয়, তাহা স্থূল; আর শাম্ভব অর্থাৎ গুরুর অনুগ্রহে শিবত্বপ্রাপক ধ্যানকে 'পরম সূক্ষ্ম' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

২। দুঃসাধ্যং চ দুরারাধ্যং দুঃপ্রেক্ষ্যং চ দুরাশ্রয়ম্।
দুর্লক্ষং দুস্তরং ধ্যানং মুনীনাং চ মনীষিণাম্॥

ব্যাখ্যা। [তৎ] ধ্যানম্ ['ন কেবলমস্মাকম্] মনীষিণাম্ (বুদ্ধিমতাম্) চ দুঃসাধ্যং চ দুরারাধ্যম্ (দুঃসেব্যম্) দুষ্প্রেক্ষম্ (দুর্দর্শম্) দুরাশ্রয়ং (কষ্টসাধ্যবিষয়ং) দুর্লক্ষং (দুঃখগম্যং) দুস্তরং (দুরন্তং) [ভবতীতি শেষঃ]। ২

অনুবাদ। সেই ধ্যান কেবল যে আমাদিগের পক্ষে কষ্টসাধ্য, তাহা নহে; মনীষীদেরও দুঃসাধ্য, দুরারাধ্য দুষ্প্রেক্ষ অর্থাৎ দুঃখগম্য, দুস্তর অর্থাৎ অপার বলিয়া জানিবে।

৩। জিতাহারো জিতক্রোধো জিতসঙ্গো জিতেন্দ্রিয়ঃ।
নির্দ্বন্দ্বো নিরহঙ্কারো নিরাশীরপরিগ্রহঃ॥

ব্যাখ্যা। [তর্হি কিমন্তরঙ্গসাধনমিত্যাহ] জিতাহারঃ (হিত-মিতাশী), জিতক্রোধঃ, জিতসঙ্গঃ, জিতেন্দ্রিয়ঃ, নির্দ্বন্দ্বঃ (হেয়োপাদেয়ানি দ্বন্দ্বানি তেভ্যঃ রহিতঃ), নিরহঙ্কারঃ, নিরাশী (বাঞ্ছারহিতঃ) অপরিগ্রহঃ (অপ্রতিগ্রহঃ কস্মাদপি জনাৎ ন কিমপি গৃহ্নাতীত্যর্থঃ)।

অনুবাদ। যিনি হিতজনক ও পরিমিতাহারী, যিনি ক্রোধকে জয় করিয়াছেন, যিনি জিতেন্দ্রিয়, যাঁহাকে সঙ্গদোষে আক্রমণ করিতে পারে না, যাঁহার গ্রহণীয় অথবা অগ্রহণীয় বলিয়া কোন বস্তুই নাই; যিনি আশা পরিত্যাগ করিয়া অপ্রতিগ্রহ ব্রত অবলম্বন করিয়াছেন, তিনিই উক্ত অন্তরঙ্গসাধ্য ধ্যানের অধিকারী।

৪। অগম্যাগম্যকর্ত্তা চ গুরুমানার্থমানসঃ।
মুখানি ত্রীণি বিন্দন্তি ত্রিধামা হংস উচ্যতে॥

ব্যাখ্যা। অগম্যাগম্যকর্ত্তা (যদন্যৈঃ অগম্যং স্থলং তদপি প্রযত্নেন গম্যং করোতি যঃ সঃ) গুরুমানার্থমানসঃ (গুরোঃ মানঃ

পূজা তদর্থে মানসং ইচ্ছা যস্য সঃ). [অয়মেব অধিকারী]। ত্রীণি (বৈরাগ্যম্ উৎসাহঃ গুরুভক্তিশ্চেতি ত্রিসংখ্যকানি) মুখানি (দ্বারাণি) বিন্দন্তি (প্রাপ্নুবন্তি) [সাধবঃ ইতি শেষঃ]। [ততঃ] ত্রিধামা (ত্রীণি জাগ্রদাদীনি ধামানি যস্য সঃ) হংসঃ (পরমাত্মা) [ধ্যানগম্যত্বেন] উচ্যতে।

অনুবাদ। যিনি অন্যের অবোধ্য স্থল স্বীয় যত্নের দ্বারা বোধগম্য করেন এবং গুরুপূজায় একান্ত অভিলাষী হইয়া গুরুসেবায় নিযুক্ত থাকেন; তিনিই উক্ত ধ্যানের অধিকারী। সাধুগণ বৈরাগ্য, উৎসাহ এবং গুরুভক্তি এই তিনটী দ্বার লাভ করিয়া থাকেন। উক্ত দ্বার অবলম্বন করিয়া ত্রিধামা অর্থাৎ জাগ্রৎ, স্বপ্ন ও নিদ্রা এই অবস্থাত্রয়যুক্ত জীবকে হংস অর্থাৎ পরমাত্মরূপে ধ্যান করিবে।

৫। পরং গুহ্যমিদং স্থানমব্যক্তং ব্রহ্ম নিরাশ্রয়ম্।
ব্যোমরূপং কলাসূক্ষ্মং বিষ্ণোস্তৎ পরমং পদম্॥

ব্যাখ্যা। [ধ্যেয়স্বরূপমাহ] ইদং গুহ্যম্ (গুহাম্ অর্হতীতি গুহ্যং হৃদয়গুহাহিতমিত্যর্থঃ) স্থানম্ (স্থীয়তে অস্মিন্ সর্ব্বম্ ইতি স্থানম্) অব্যক্তম্ (বাক্যাগোচরম্) নিরাশ্রয়ম্ (নিঃ নাস্তি

আশ্রয়ো যস্য তৎ, নিরাধারম্) ব্যোমরূপম্ (আকাশবৎ সর্ব্বগতম্) কলা (কলাত্মকর্ম্মাংশঃ ইব জীবহৃদয়ে ভাসমানম্) সূক্ষ্মং বিষ্ণোঃ (সত্ত্বোপাধেঃ) পরং পদং (বিশ্রামভূমিঃ) তৎ পরং ব্রহ্ম।

অনুবাদ। ধ্যেয় বিষয়ের স্বরূপ নিরূপণ করিতেছেন ঃ—যিনি এই হৃদয়রূপ গুহায় অবস্থিত থাকিয়াও সমুদয় জগৎকে ধারণ করিয়া আছেন, যাঁহাকে জীবগণ স্ব স্ব হৃদয়ে অংশরূপে প্রাপ্ত হইয়াও পূর্ণরূপে অনুভব করে, যিনি বাক্যাতীত বলিয়া নির্দ্দিষ্ট, যিনি নিরাশ্রয় এবং আকাশের ন্যায় সর্ব্বগত, সেই সূক্ষ্মরূপী বিষ্ণুর পরমপদ অর্থাৎ বিশ্রামভূমিই পরব্রহ্ম।

৬। ত্র্যম্বকং ত্রিগুণং স্থানং ত্রিধাতুং রূপবর্জ্জিতম্।
নিশ্চলং নির্বিকল্পং চ নিরাধারং নিরাশ্রয়ম্॥

ব্যাখ্যা। ইদানীং সগুণব্রহ্মপ্রতিপাদনায় সগুণং শিবং তচ্ছক্তিমপি আহ) ত্রিগুণম্ (সত্ত্বাদিগুণত্রয়োপেতম্) [অনেন বিশেষণেন ত্রিগুণাত্মিকা প্রকৃতিঃ শিবশক্তিত্বেন অভিহিতা]। স্থানম্ (আশ্রয়স্বরূপম্) রূপবর্জ্জিতম্ (অরূপম্) ত্রিধাতুম্

(ত্রয়ো লোকাঃ ধাতবঃ যস্য তম্) নিশ্চলম্ [ব্যাপকত্বাৎ] নির্ব্বিকল্পম্ (বিকল্পরহিতম্) নিরাধারং, নিরাশ্রয়ং, ত্র্যম্বকম্ (ত্রয়াণাং লোকানাম্ অম্বকঃ পিতা অথবা ত্রয়াণাং বেদানাম্ অম্বকঃ বক্তা ইতি ত্র্যম্বকঃ তম্) [শিবম্ উপাসীত]।

অনুবাদ। সম্প্রতি সগুণ ব্রহ্ম প্রতিপাদন করিবার জন্য শিব ও তাঁহার শক্তিরূপিণী প্রকৃতির বিষয় বলিতেছেন :—সত্ত্ব,রজঃ এবং তমঃ এই ত্রিগুণাত্মিকা প্রকৃতি যাঁহার স্বরূপ, যিনি ত্রিলোকের কারণ ও আশ্রয়স্থান, শ্রুতি যাঁহাকে রূপহীন, স্থির, নিরাধার, নিরাশ্রয় এবং নির্ব্বিকল্পরূপে নির্দ্দেশ করেন; সেই ত্রিলোকপিতা ভগবান্ শিবের ধ্যান করিবে।

৭। উপাধিরহিতং স্থানং বাঙ্মনোঽতীতগোচরম্।
স্বভাবভাবনাগ্রাহ্যং সঙ্ঘাতৈকপদোজ্ঝিতম্॥

ব্যাখ্যা। [তস্যৈব নির্গুণত্বমাহ] উপাধিরহিতম্ (উপাধিঃ শরীরাদিকং তদ্রহিতম্) স্থানম্ (আশ্রয়ম্) বাঙ্মনোঽতীত-গোচরম্ (বাঙ্মনসয়োঃ অতীতং যদ্ বস্তু তদ্ গোচরং যস্য তম্ সর্ব্বজ্ঞমিত্যর্থঃ), [কৃত্রিমসংস্কারপরিত্যাগেন] স্বভাবভাবনা-গ্রাহ্যম্ (স্বাভাবিকী যথার্থবিষয়িণী যা বিশুদ্ধা ভাবনা তয়া গ্রাহ্যম্) সঙ্ঘাতৈকপদোজ্ঝিতম্ (সঙ্ঘাতবাচিনা পদেন এক-

বাচিনা পদেন চ উজ্ঝিতম্ পরিত্যক্তং, বাক্যাতীতমিত্যর্থঃ) [নির্গুণং শিবং ধ্যায়েৎ]।

অনুবাদ। যিনি অশরীরী অথচ সকল পদার্থের আশ্রয়, যিনি বাক্য ও মনের অগোচর, সমুদয় বস্তুর জ্ঞাতা, যাঁহাকে মিথ্যা, সংস্কাররহিত, স্বভাবসিদ্ধ বিশুদ্ধ ভাবনা দ্বারা জানা যায়, সেই বাক্যাতীত গুণাতীত শিবই একমাত্র ধ্যেয়।

৮। আনন্দং নন্দনাতীতং দুষ্প্রেক্ষ্যমজমব্যয়ম্।
চিত্তবৃত্তিবিনির্মুক্তং শাশ্বতং ধ্রুবমচ্যুতম্॥

ব্যাখ্যা। [তস্যৈব বিভুত্বমাহ] আনন্দম্ (আনন্দস্বরূপম্), নন্দনাতীতম্ (নন্দনা জীবকৃতানন্দঃ তদতীতম্, অন্যেন অস্য আনন্দঃ কর্তুং ন শক্যতে ইত্যর্থঃ), দুষ্প্রেক্ষ্যম্ (দুর্দর্শম্), অজম্ (জন্মরহিতম্), অব্যয়ম্ (ক্ষয়োদয়রহিতম্), চিত্তবৃত্তিবিনির্মুক্তম্ (অন্তঃকরণবৃত্তিভ্যাং রহিতম্) [চিত্তং তস্য বৃত্তিঃ এতদুভাভ্যাং রহিতমিত্যর্থঃ], ধ্রুবম্ (স্থিরম্), শাশ্বতম্ (নিত্যম্), অচ্যুতম্ (নারায়ণরূপিণম্) [শিবং বিজানীয়াৎ]।

অনুবাদ। জন্ম ও ক্ষয় যাঁহাকে স্পর্শ

করিতে পারে না; যিনি আনন্দস্বরূপ অথচ জীব যাঁহাকে আনন্দিত করিতে পারে না, যিনি সমুদয় চিত্তবৃত্তি-রহিত, সেই দুর্দ্দর্শ, স্থিরতাপন্ন, নিত্য, নারায়ণরূপী শিবকে জানিবে।

৯। তদ্ ব্রহ্মাণং তদধ্যাত্মং তন্নিষ্ঠা তৎপরায়ণম্।
অচিত্তচিত্তমাত্মানং তদ্ ব্যোম পরমং স্থিতম্॥

ব্যাখ্যা। [তস্যৈব ব্রহ্মত্বমাহ] [যতঃ] তদধ্যাত্মম্ (তদ্ ব্রহ্ম, আত্মানম্ অধি অধিকৃত্য বর্ত্ততে ইত্যধ্যাত্মম্ পরমাত্মা), তন্নিষ্ঠা (তদ্ ব্রহ্ম এব নিষ্ঠা মর্য্যাদা); [ততঃ] তৎ পরায়ণম্ (ব্রহ্মাশ্রিতম্), অচিত্তচিত্তম্ (ন চিত্তং যস্য তাদৃশং যৎ চিত্তং জ্ঞানং, তৎস্বরূপং সর্ব্বজ্ঞমিত্যর্থঃ), আত্মানম্ (আত্মস্বরূপং) [ব্যাপ্য] তৎ পরমং ব্যোম (পরমাকাশম্) স্থিতম্ (অবস্থিতম্) তদ্ (তস্মাৎ) তদ্ব্রহ্মাণম্ (তদ্ ব্রহ্ম) [চিন্তয়েৎ]।

অনুবাদ। সেই ব্রহ্মই পরমাত্মা, এই পরমাত্মাই নিষ্ঠা অর্থাৎ অখিলব্রহ্মাণ্ডের একমাত্র আশ্রয়। অতএব তদাশ্রিত সর্ব্বজ্ঞ আত্মা পরমাকাশ-রূপে অর্থাৎ অভিন্ন ব্রহ্মরূপে অবস্থিত; সুতরাং ব্রহ্মই একমাত্র উপাস্য।

১০। অশূন্যে শূন্যভাবং চ শূন্যাতীতমবস্থিতম্।
ন ধ্যানং ন চ বা ধ্যাতা ন ধ্যেয়ো ধ্যেয় এব চ॥

ব্যাখ্যা। অশূন্যে (পূর্ণে) [সতি] শূন্যভাবম্ (শূন্যত্বেন ভাব্যমানম্) চ [ব্রহ্ম] শূন্যাতীতম্ (ভাবরূপেণ পূর্ণরূপম্) [সৎ] অবস্থিতম্ { ভবতি]। [যদা পূর্ণরূপং ভবতি তদা] ন ধ্যানং ন চ ধ্যাতা ন বা ধ্যেয়ঃ [বিদ্যতে ক্রিয়াকারকাদিশূন্যত্বাৎ] ; [অথ চ সঃ] ধ্যেয়ঃ (ধ্যাতব্যঃ) এব চ [মনীষিভিঃ]।

অনুবাদ। ব্রহ্ম পূর্ণ হইলেও অজ্ঞ ব্যক্তি তাঁহাকে শূন্যরূপে কল্পনা করিয়া থাকে। বস্তুতঃ তিনি ভাবরূপে পূর্ণ। সুতরাং পূর্ণরূপে অবস্থিত। যে সময় তিনি পূর্ণরূপে ভাসমান হন, তখন ক্রিয়াকারকাদির অভাববশতঃ, ধ্যান, ধ্যাতা এবং ধ্যেয় বলিয়া পৃথগ্‌ভাবে উপলব্ধ হন্ না ; অথচ তখনও তিনি ধ্যেয় ; বুদ্ধিমান্ ব্যক্তি ইঁহার ধ্যান করিয়া থাকেন।

১১। সর্ব্বং তৎ পরমং শূন্যং ন পরং পরমাৎ পরম্।
অচিন্ত্যমপ্রবুদ্ধং চ ন চ সত্যং ন সংবিদুঃ॥
মুনীনাং তত্ত্বযুক্তং তু ন দেবা ন পরং বিদুঃ॥

ব্যাখ্যা। তৎ (ব্রহ্ম) সর্ব্বম্ (সর্ব্বাত্মকম্) পরমং শূন্যম্ (ভাবরূপং) ন পরম্ (বিষয়েভ্যঃ পরম্ ইন্দ্রিয়াদিকম্) [যতঃ] পরমাৎ (আকাশাদেঃ) পরম্ অপ্রবুদ্ধম্ (জাগরব্যাপাররহিতম্) অচিন্ত্যং চ সত্যম্ (সত্যস্বরূপম্); ন চ (নাপি) [তৎ] সংবিদুঃ (বিদন্তি) [জনা ইতি শেষঃ] ন [অপি তু জানন্তীত্যর্থঃ।] মুনীনাং (ঋষীণাং) তত্ত্বযুক্তম্ (তত্ত্বভাবেন যুক্তম্ আদরণীয়ম্) পরং (ব্রহ্ম), তু (কিন্তু) দেবাঃ [তৎ] ন বিদুঃ [ইতি] ন [অপি তু জানন্তীত্যর্থঃ]।

অনুবাদ। সেই ব্রহ্ম সর্ব্বাত্মক এবং ভাবরূপ, তিনি শূন্যবৎ অদৃশ্য বলিয়া শূন্য ; কিন্তু অভাববশতঃ শূন্য নহেন। বিষয় অপেক্ষা শ্রেষ্ঠ ইন্দ্রিয়াদি তাঁহার স্বরূপ নহে। কেননা তিনি আকাশাদি হইতে শ্রেষ্ঠ এবং জাগ্রদাদি অবস্থাবিহীন। লোকে যে এই অচিন্তনীয় সত্যস্বরূপ ব্রহ্মকে জানিতে পারে না, তাহা নহে; অভ্যাস, বৈরাগ্যপ্রভৃতি দ্বারা তাঁহাকে জানিতে পারিবে। মুনিগণের তত্ত্বভাবের দ্বারা ব্রহ্ম আদরণীয়। তাঁহাদের ব্রহ্মতত্ত্বজ্ঞান উৎপন্ন হইয়াছে বলিয়া ব্রহ্ম তাঁহাদের প্রিয় বস্তু। কিন্তু দেবগণ যে জানিতে পারিবেন না, তাহাও নহে, তাঁহারাও তত্ত্বজ্ঞানের সাহায্যে জানিতে পারিবেন।

১২। লোভং মোহং ভয়ং দর্পং কামং ক্রোধং চ কিল্বিষম্।
শীতোষ্ণং ক্ষুৎপিপাসং চ সঙ্কল্পং চ বিকল্পকম্।
ন ব্রহ্মকুলদর্পং চ ন মুক্তিং গ্রন্থসঞ্চয়ম্॥

ব্যাখ্যা। লোভং মোহং ভয়ং ক্রোধং দর্পং কামং, কিল্বিষং (পাপং) চ [আশ্রিত্য], শীতোষ্ণম্ (শীতম্ উষ্ণং চ) ক্ষুৎ-পিপাসম্ (ক্ষুধাং পিপাসাং চ) চ [অনুভূয়], সঙ্কল্পং বিকল্পং চ [কৃত্বা], ব্রহ্মকুলদর্পম্ (ব্রহ্মবংশে জাতঃ ইতি দর্পম্) [অবলম্ব্য] ন [ইদং ব্রহ্ম বিদুঃ] ন চ মুক্তিগ্রন্থসঞ্চয়ম্ (মুক্তি-প্রতিপাদকগ্রন্থানাং সঞ্চয়ং সমূহম্) [অধীত্য বিদন্তি]।

অনুবাদ। লোভ, মোহ, ভয়, ক্রোধ, দর্প, কামনা এবং পাপকে আশ্রয়, অথবা শীত, উষ্ণ, ক্ষুধা এবং পিপাসা অনুভব করিয়া; কিংবা মনের সঙ্কল্প ও বিকল্প-বৃত্তিকে অবলম্বন করিয়া এবং ব্রহ্মকুলে জন্মগ্রহণ করিয়াছি এই দর্পে ব্রহ্ম লাভ করা যায় না। বহু ধর্ম্মশাস্ত্র অধ্যয়ন করিয়াও ব্রহ্মপ্রাপ্তি হয় না। কেবল জ্ঞানের দ্বারাই তাঁহাকে লাভ করা যায়।

১৩। ন জন্ম সুখদুঃখং চ তথা মানাপমানয়োঃ।

এতদ্ভাববিনির্মুক্তং তদ্ গ্রাহ্যং ব্রহ্ম তৎ পরং
তদ্গ্রাহ্যং ব্রহ্ম তৎপরমিতি ॥

ইত্যথর্ব্ববেদে তেজবিন্দুপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। ভয়ম্ (লোকলজ্জাভয়ম্) সুখদুঃখং চ (প্রাপ্ত-বন্তঃ জনাঃ) তথা মানাপমানয়োঃ [বর্ত্তমানং জনাঃ] ন [তদ্ ব্রহ্ম বিদন্তি]। এতদ্ ভাববিনির্মুক্তম্ (এতৈঃ ভাবৈঃ বিনির্মুক্তং রহিতম্) [প্রতি] তদ্ ব্রহ্ম গ্রাহ্যং [ভবতি]; তদ্ (ব্রহ্ম) পরম্ (সর্ব্বাপেক্ষয়া উৎকৃষ্টম্) [ভবতি]; তৎ পরম্ (ব্রহ্মনিষ্ঠম্) [প্রতি] তদ্ ব্রহ্ম গ্রাহ্যম্ [ভবতি]। ইতি শব্দঃ গ্রন্থসমাপ্ত্যর্থঃ।

অনুবাদ। লোক-লজ্জা-ভয়, সুখ এবং দুঃখযুক্ত ব্যক্তিগণ, যাঁহারা মান ও অপমানে ভেদ-ভাবদর্শী, তাঁহারা ব্রহ্মদর্শন করিতে পারেন না। এই সকল ভাবমুক্ত ব্যক্তি ব্রহ্ম লাভ করিতে পারেন। তাঁহারাই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট, তাঁহারা ব্রহ্মনিষ্ঠ এবং ব্রহ্মসাক্ষাৎ করিতে সমর্থ; অপরে নহেন।

ইতি তেজবিন্দুপনিষদের বঙ্গানুবাদ সমাপ্ত।

হয়গ্রীবোপনিষৎ।

স্বজ্ঞোপি যৎপ্রসাদেন জ্ঞানং তৎফলমাপ্নুয়াৎ।
সোঽয়ং হয়াস্যো ভগবান্ হৃদি মে ভাতু সর্ব্বদা॥
ওঁ ভদ্রং কর্ণেভিরিতি শান্তিঃ॥

নিতান্ত অনভিজ্ঞও যাঁহার অনুগ্রহে আত্মজ্ঞান ও তাহার ফল-মুক্তি লাভ করিয়া থাকে, সেই সর্ব্বান্তর্যামী ভগবান্ হয়গ্রীব আমার হৃদয়ে সর্ব্বদা প্রকাশমান হউন। ওঁ "ভদ্রং কর্ণেভি" ইত্যাদি মন্ত্র দ্বারা শান্তিপাঠ করিবে।

মন্ত্র। হরিঃ ওঁ নারদো ব্রহ্মাণমুপসমেত্যোবাচা-ধীহি ভগবন্ ব্রহ্মবিদ্যাং বরিষ্ঠাং যয়া চিরাৎ সর্ব্বপাপং ব্যপোহ্য ব্রহ্মাবিদ্যাং লব্ধৈশ্বর্য্যবান্ ভবতি।

অন্বয়ঃ। হরিঃ ওঁ। নারদঃ (দেবর্ষিঃ) ব্রহ্মাণম্ (হিরণ্য-গর্ভম্) উপসমেত্য (ব্রহ্মণঃ সমীপং গত্বা) উবাচ (প্রার্থয়ামাস) ভগবন্! বরিষ্ঠাং (শ্রেষ্ঠাং) ব্রহ্মবিদ্যাং (ব্রহ্মজ্ঞান-জনিকাং বিদ্যাং) [মাং] অধীহি (অধ্যাপয়), যয়া (ব্রহ্মবিদ্যয়া অচি-রাৎ (শীঘ্রং) সর্ব্বপাপং ব্যপোহ্য (দূরীকৃত্য) ব্রহ্মবিদ্যাং লব্ধ্বা (জ্ঞাত্বা) [লোকঃ] ঐশ্বর্য্যবান্ (ঈশ্বরঃ সর্ব্বজ্ঞঃ ব্রহ্ম ইতি যাবৎ) ভবতি।

অনুবাদ। দেবর্ষি নারদ ব্রহ্মার সমীপে যাইয়া প্রার্থনা করিয়াছিলেন, হে ভগবন্! যে ব্রহ্ম-বিদ্যা লাভ করিয়া লোক অচিরে সর্ব্বপাপবিনির্ম্মুক্ত-হইয়া ঈশ্বরের (সর্ব্বজ্ঞ ব্রহ্মের) স্বরূপ লাভ করিয়া থাকেন, আপনি সেই সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মবিদ্যা আমাকে প্রদান করুন।

২। ব্রহ্মোবাচ হয়গ্রীবদৈবত্যান্ মন্ত্রান্ যো বেদ, স শ্রুতিস্মৃতীতিহাসপুরাণানি বেদ, স সর্ব্বৈশ্বর্য্যবান্ ভবতি।

ব্যাখ্যা। ব্রহ্মা উবাচ (কথয়ামাস), যঃ (জনঃ) হয়গ্রীবদৈবত্যান্ (হয়গ্রীবদেবতাকান্) মন্ত্রান্ বেদ (জানাতি), সঃ (জনঃ) শ্রুতি-স্মৃতীতিহাসপুরাণানি বেদ (জানাতি) সঃ, সর্ব্বৈশ্বর্য্যবান্ ভবতি।

অনুবাদ। ব্রহ্মা বলিলেন, যে মন্ত্রের প্রতিপাদ্য দেবতা হয়গ্রীব, যে ব্যক্তি সেই সকল মন্ত্র জানিতে পারে, সে শ্রুতি-স্মৃতি-ইতিহাস-পুরাণাদি সকল শাস্ত্রই জানিয়া থাকে এবং সর্ব্ববিধ ঐশ্বর্য্যের অধিকারী হইতে পারে।

১। ও এতে মন্ত্রাঃ, বিশ্বোত্তীর্ণস্বরূপায় চিন্ময়া-নন্দরূপিণে. তুভ্যং নমো হয়গ্রীববিদ্যারাজায় স্বাহা স্বাহা নমঃ।

ব্যাখ্যা। বিশ্বোত্তীর্ণস্বরূপায় (বিশ্ববিলক্ষণ-স্বরূপায়) চিন্ময়ানন্দ-রূপিণে (চৈতন্যানন্দস্বরূপায়) তুভ্যং নমঃ, হয়গ্রীব-বিদ্যারাজায় (হয়গ্রীবরূপ-বিদ্যাশ্রেষ্ঠায় বিদ্যাশ্রেষ্ঠহয়গ্রীবায় ইত্যর্থঃ) স্বাহা স্বাহা নমঃ।

অনুবাদ। যিনি বিশ্ববিলক্ষণস্বরূপ অর্থাৎ যাঁহার স্বরূপ জগতের অতীত এবং যিনি চৈতন্য ও আনন্দময়, সেই বিদ্যারাজ হয়গ্রীবকে নমস্কার।

২। ঋগ্‌যজুঃসামরূপায় বেদাহরণকর্ম্মণে। প্রণবোদ্গীথবপুষে মহাশ্বশিরসে নমঃ স্বাহা স্বাহা নমঃ।

ব্যাখ্যা। ঋগ্-যজুঃ-সামরূপায় (ঋগ্বেদ-যজুর্ব্বেদ-সামবেদ-স্বরূপায়) বেদাহরণকর্ম্মণে (বেদোদ্ধারকারিণে) প্রণবোদ্গীথ-বপুষে (ওঁকারোদ্গীথশরীরায়) [উচ্চৈঃস্বরেণ গীয়মানঃ সামভাগবিশেষঃ উদ্গীথঃ] মহাশ্বশিরসে (হয়গ্রীবায়) নমঃ। স্বাহা স্বাহা নমঃ।

অনুবাদ। যিনি ঋক্, যজুঃ ও সামবেদ

স্বরূপ এবং যিনি বেদের উদ্ধারকর্ত্তা, প্রণব ও উদ্‌গীথ যাঁহার শরীর, সেই মহাশ্বশিরা হয়গ্রীবকে প্রণাম করি। (উদ্‌গীথশব্দে সামবেদের যে ভাগ উচ্চৈঃস্বরে গান করা হয়, তাহাকে বুঝায়)।

৩। উদ্গীথ-প্রণবোদ্গীথ সর্ব্ববাগীশ্বরেশ্বর।
সর্ব্ববেদময়াচিন্ত্য সর্ব্বং বোধয় বোধয়।
স্বাহা স্বাহা নমঃ।

ব্যাখ্যা। উদ্‌গীথ-প্রণবোদ্‌গীথ! (উদ্‌গীথসম্বন্ধিপ্রণবপ্রতিপাদ্য!) সর্ব্ববাগীশ্বরেশ্বর! (সর্ব্ববাগধিষ্ঠাতৃদেবস্য ঈশ্বরশ্রেষ্ঠ!) সর্ব্ববেদময়! (সর্ব্ববেদস্বরূপ!) অচিন্ত্য! (মনসঃ অগোচর!) [ত্বং] সর্ব্বং বোধয় (জ্ঞাপয়) বোধয় [বিস্ময়ে দ্বিরুক্তিঃ] স্বাহা স্বাহা নমঃ।

অনুবাদ। হে উদ্‌গীথসম্বন্ধি প্রণব-প্রতিপাদ্য দেব! অর্থাৎ সামবেদের যে অংশ উচ্চৈঃস্বরে গান করিতে হয়, সেই অংশের ওঁকারও তোমারই প্রতিপাদন করিতেছে, তুমিই সর্ব্ব ওঁকারস্বরূপ। হে বাগধিষ্ঠাতৃ দেবতারও দেবতা! তুমি সর্ব্ববেদস্বরূপ অর্থাৎ তুমিই শব্দব্রহ্ম। তুমি মনের অগোচর,

অচিন্ত্য, তুমি আমাকে সর্ব্ববিষয়ক-জ্ঞানশক্তি প্রদান কর। তোমাকে নমস্কার।

মন্ত্র। ব্রহ্মাত্রিরবিসবিতৃভার্গবা ঋষয়ঃ। গায়ত্রী-ত্রিষ্টুবনুষ্টুপ্‌ছন্দাংসি। শ্রীমান্ হয়গ্রীবঃ পরমাত্মা দেবতেতি। (হ্সৌ) মিতি বীজম্। সোঽহমিতি শক্তিঃ। হ্সৌমিতি কীলকম্। ভোগমোক্ষয়োর্বিনি-য়োগঃ। অকারোকারমকারৈরঙ্গন্যাসঃ।

ব্যাখ্যা। ব্রহ্মাত্রিরবিসবিতৃভার্গবাঃ (ব্রহ্মা-অত্রিঃ-রবিঃ সবিতা-ভার্গবশ্চ) ঋষয়ঃ। গায়ত্রীত্রিষ্টুবনুষ্টুপ্‌ছন্দাংসি। শ্রীমান্ (স-লক্ষ্মীকঃ, স-শক্তিক ইত্যর্থঃ) হয়গ্রীবঃ পরমাত্মা (পরমাত্ম-স্বরূপঃ) দেবতা ইতি হেসৌং ইতি বীজম্ (মূলমন্ত্রঃ) সোঽহম্ ইতি শক্তিঃ হ্সৌং, ইতি কীলকম্, ভোগমোক্ষয়োঃ (ভুক্তিমুক্ত্যোঃ) বিনিয়োগঃ (প্রয়োগঃ) অকারোকারমকারৈঃ (প্রণবাত্মকৈঃ) অঙ্গন্যাসঃ [কর্ত্তব্য ইতি শেষঃ]।

অনুবাদ। ব্রহ্ম, অত্রি, রবি, সবিতা ও ভার্গব ঋষি। গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও অনুষ্টুপ্ ইহার ছন্দঃ। পরমাত্মস্বরূপ শক্তিযুক্ত হয়গ্রীব ইহার দেবতা, "হ্সৌং" ইহার বীজ—মূলমন্ত্র। সোঽহং অর্থাৎ আমিই সেই পরমাত্মস্বরূপ হয়গ্রীব এইরূপ জ্ঞান

এই মন্ত্রের শক্তি (এই মন্ত্র ঈদৃশ জীব-পরমাত্মার ঐক্য জ্ঞান প্রদান করিয়া থাকে), হ্‌সোং ইহার কীলক (কবাটের অর্গলের ন্যায় রক্ষক), ঐহিকভোগ ও পরিণামে মুক্তিতে এই মন্ত্রের বিনিয়োগ হইয়া থাকে। অকার, উকার ও মকার অর্থাৎ প্রণব—ওঁকার দ্বারা অঙ্গন্যাস করিতে হয়।

৩। ধ্যানম্। শঙ্খচক্রমহামুদ্রাপুস্তকাঢ্যং চতুর্ভুজম্। সম্পূর্ণচন্দ্রসঙ্কাশং হয়গ্রীবমুপাস্মহে।

ব্যাখ্যা। ধ্যানম্—শঙ্খচক্রমহামুদ্রাপুস্তকাঢ্যং (শঙ্খঃ চক্রং মহামুদ্রাপুস্তকানি চ তৈরাঢ্যং তৎ সমৃদ্ধং তদ্‌যুক্তমিত্যর্থঃ), চতুর্ভুজং (চতুর্ব্বাহুং), সম্পূর্ণচন্দ্রসঙ্কাশং (পূর্ণচন্দ্রসদৃশং শুভ্রমিত্যর্থঃ), হয়গ্রীবম্ উপাস্মহে (আরাধয়ামঃ)।

অনুবাদ। যিনি চতুর্ভুজ এবং এক এক ভুজে ক্রমশঃ শঙ্খ, চক্র, মহামুদ্রা ও পুস্তক ধারণ করিয়াছেন এবং যিনি পূর্ণচন্দ্রসদৃশ শুভ্রবর্ণ, আমরা সেই হয়গ্রীবের উপাসনা করি।

৪। ওঁ শ্রীমিতি দ্বে অক্ষরে। হ্‌সোমিত্যেকাক্ষরম্। ওঁ নমো ভগবত ইতি সপ্তাক্ষরাণি। হয়গ্রীবায়েতি

পঞ্চাক্ষরাণি। বিষ্ণব ইতি ত্র্যক্ষরাণি। মহ্যং মেধাং প্রজ্ঞামিতি ষড়ক্ষরাণি। প্রযচ্ছ স্বাহেতি পঞ্চাক্ষরাণি। হয়গ্রীবস্য তুরীয়ো ভবতি।

ব্যাখ্যা। 'ওঁ, শ্রীং' ইতি দ্বে অক্ষরে (অক্ষরদ্বয়ম্), হে্সৌং' ইতি একম্ অক্ষরম্। 'ওঁ ন মো ভ গ ব তে' ইতি সপ্ত অক্ষরাণি। 'হ য় গ্রী বা য়' ইতি পঞ্চ অক্ষরাণি। 'বি ষ্ণ বে' ইতি ত্রীণি অক্ষরাণি। "ম হ্যং মে ধাং প্র জ্ঞাং" ইতি ষট্ অক্ষরাণি। 'প্র য চ্ছ স্বা হা' ইতি পঞ্চ অক্ষরাণি। হয়গ্রীবস্য তুরীয়ঃ (চতুর্থঃ মন্ত্রঃ) ভবতি।

অনুবাদ। 'ওঁ শ্রীং' এই অক্ষরদ্বয়। হে্সৌং এই এক অক্ষর। "ওঁ নমো ভগবতে" এই সপ্ত অক্ষর। 'হ য় গ্রী বা য়' এই পাঁচ অক্ষর। 'বিষ্ণবে' এই তিন অক্ষর। 'মহ্যং মেধাং প্রজ্ঞাং' এই ছয় অক্ষর। 'প্রযচ্ছ স্বাহা' এই পাঁচ অক্ষর হয়গ্রীবের চতুর্থ মন্ত্র। অর্থাৎ "ওঁ শ্রীং হে্সৌং ওঁ নমো ভগবতে হয়গ্রীবায় বিষ্ণবে মহ্যং মেধাং প্রজ্ঞাং প্রযচ্ছ স্বাহা" এই হয়গ্রীবের সম্পূর্ণ চতুর্থ মন্ত্র।

৫। ওঁ শ্রীমিতি দ্বে অক্ষরে। হে্সৌ নিত্যেকাক্ষরম্।

ঐঁমৈঁমমিতি ত্রীণাক্ষরাণি। ক্লীং ক্লীমিতি দ্বে অক্ষরে। সৌঃ সৌরিতি দ্বে অক্ষরে। হ্রীমিত্যেকাক্ষরম্। ওঁ নমো ভগবত ইতি সপ্তাক্ষরাণি। হয়গ্রীবায়েতি পঞ্চাক্ষরাণি। মহ্যং মেধাং প্রজ্ঞামিতি ষড়ক্ষরাণি। প্রযচ্ছ স্বাহেতি প্রঞ্চাক্ষরাণি। পঞ্চমো মনুর্ভবতি।

ব্যাখ্যা। 'ও শ্রীং' ইতি দ্বে অক্ষরে 'অক্ষরদ্বয়ম্), হ্‌সৌং' ইতি একাক্ষরম্ (একম্ অক্ষরম্), ঐঁমৈম্ (ঐং ঐং ঐং) ইতি ত্রীণ্যক্ষরাণি (অক্ষরত্রয়ম্), ক্লীং ক্লীমিতি দ্বে অক্ষরে (ক্লীং ক্লীং ইতি অক্ষরদ্বয়ম্), সৌঃ সৌরিতি (সৌঃ সৌঃ ইতি) দ্বে অক্ষরে (অক্ষরদ্বয়ং), হ্রীমিত্যেকাক্ষরং (হ্রীং), 'ওঁ ন মো ভ গ ব তে' ইতি সপ্ত অক্ষরাণি। 'হ য়-গ্রী বা য়' ইতি পঞ্চ অক্ষরাণি। 'ম হ্যং মে ধাং প্র জ্ঞাং' ইতি ষট্ অক্ষরাণি। 'প্র য চ্ছ স্বা হা' ইতি পঞ্চ অক্ষরাণি। [ইতি হয়গ্রীবস্য] পঞ্চমঃ মনুঃ (মন্ত্রঃ) ভবতি।

অনুবাদ। ওঁ শ্রীং এই অক্ষরদ্বয়। হ্‌সৌং এই এক অক্ষর। 'ঐং ঐং ঐং' এই অক্ষরত্রয়। ক্লীং ক্লীং এই অক্ষরদ্বয়। সৌঃ সৌঃ' এই অক্ষরদ্বয়। হ্রীং এই এক অক্ষর। "ওঁ নমো ভগবতে" এই সপ্ত অক্ষর। 'হয়গ্রীবায়' এই পাঁচ

অক্ষর। 'মহ্যং মেধাং প্রজ্ঞাং' এই ছয় অক্ষর। প্রযচ্ছ স্বাহা' এই পঞ্চ অক্ষর ; ইহা হয়গ্রীবের পঞ্চম মন্ত্র। অর্থাৎ "ওঁ শ্রীং হ্সোং ঐং ঐং ঐং ক্লীং ক্লীং সৌঃ সৌঃ হ্রীং ওঁ নমো ভগবতে হয়গ্রীবায় মহ্যং মেধাং প্রজ্ঞাং প্রযচ্ছ স্বাহা". হয়গ্রীবের ইহাই সম্পূর্ণ পঞ্চম মন্ত্র।

৫। হয়গ্রীবৈকাক্ষরেণ ব্রহ্মবিদ্যাং প্রবক্ষ্যামি। ব্রহ্মা মহেশ্বরায় মহেশ্বরঃ সঙ্কর্ষণায় সঙ্কর্ষণো নারদায় নারদো ব্যাসায় ব্যাসো লোকেভ্যঃ প্রাযচ্ছদিতি হকা-রোংসকারোমকারোং ত্রয়মেকস্বরূপং ভবতি। হ্সৌ বীজাক্ষরং ভবতি।

ব্যাখ্যা। [ব্রহ্মা উবাচ] হয়গ্রীবৈকাক্ষরেণ (হয়গ্রীবস্য একাক্ষরেণ মন্ত্রেণ) ব্রহ্মবিদ্যাং প্রবক্ষ্যামি (কথয়িষ্যামি), [ইতি চিন্তয়িত্বা] ব্রহ্মা মহেশ্বরায়, মহেশ্বরঃ সঙ্কর্ষণায়, সঙ্কর্ষণঃ নারদায়, নারদঃ ব্যাসায়, ব্যাসঃ লোকেভ্যঃ প্রাযচ্ছৎ (দত্তবান্) ইতি হকারোংসকারোমকারোং (হকারঃ অকারযুক্তঃ সকারঃ ওঁকারশ্চ) ত্রয়ম্ (এতৎ ত্রয়ং) [মিলিত্বা] একস্বরূপং (সহোচ্চারণেন একরূপং) ভবতি [অতঃ] হ্সোং [ইতি] বীজাক্ষরং (মন্ত্রাক্ষরং) ভবতি।

অনুবাদ। ব্রহ্মা বলিলেন, হয়গ্রীবের একাক্ষর মন্ত্র দ্বারা আমি ব্রহ্মবিদ্যা প্রকাশ করিব। তাহার পর এই মন্ত্র প্রথমতঃ তিনি মহেশ্বরকে বলিয়াছিলেন, মহেশ্বর সঙ্কর্ষণকে, সঙ্কর্ষণ নারদকে, নারদ ব্যাসকে এবং ব্যাস লোকসমাজে প্রচার করিয়াছিলেন। ব্যঞ্জনান্ত হকার ও অকারান্ত সকারের সহিত ওঁকার এই ত্রিতয়ের মিলনে 'হ্সৌং' এই মন্ত্র অক্ষরের উৎপত্তি হইয়াছে।

৩। বীজাক্ষরেণ হ্সৌং রূপেণ তজ্জাপকানাং সম্পৎসারস্বতৌ ভবতঃ। তৎস্বরূপজ্ঞানাং বৈদেহী মুক্তিশ্চ ভবতি। দিক্পালানাং রাজ্ঞাং নাগানাং কিন্নরাণামধিপতির্ভবতি।

ব্যাখ্যা। হ্সৌংরূপেণ (হ্সৌংস্বরূপেণ) বীজাক্ষরেণ তজ্জাপকানাং (তজ্জপশীলানাং) সম্পৎ-সারস্বতৌ (অর্থজ্ঞানে) ভবতঃ। তৎস্বরূপজ্ঞানাং (তম্মন্ত্রস্বরূপাভিজ্ঞানাং) বৈদেহী মুক্তিঃ (বিদেহকৈবল্যং) চ ভবতি। [এতন্মন্ত্রাভিজ্ঞঃ] দিক্পালানাং (দিগধিপতীনাম্ ইন্দ্রাদীনাং), রাজ্ঞাং, নাগানাং (দিঙ্নাগানাং), কিন্নরাণাং (স্ব-র্গায়কানাং) [চ] অধিপতিঃ ভবতি।

অনুবাদ। এই হে‍্সোং স্বরূপ বীজাক্ষরের জপদ্বারা জপকারীর অর্থ ও জ্ঞানলাভ হইয়া থাকে। এমন কি এই মন্ত্রের স্বরূপ যাঁহারা জানিতে পারেন, তাঁহাদের বিদেহ-মুক্তি পর্য্যন্ত হইয়া থাকে। যিনি এই মন্ত্রের স্বরূপ অবগত আছেন, তিনি ইন্দ্রাদি দিগধিপতিগণের, রাজসমূহের, দিগ্‌গজগণের এবং কিন্নরসমূহেরও অধিপতি সন্দেহ নাই।

৬। হয়গ্রীবৈকাক্ষরজপশীলাজ্ঞয়া সূর্য্যাদয়ঃ স্বতঃ স্বস্বকর্ম্মণি প্রবর্ত্তন্তে। সর্ব্বেষাং বীজানাং হয়-গ্রীবৈকাক্ষরবীজমনুত্তমং মন্ত্ররাজাত্মকং ভবতি। হে‍্সোং হয়গ্রীবস্বরূপো ভবতি।

অন্বয়ঃ। হয়গ্রীবৈকাক্ষর-জপশীলাজ্ঞয়া (হয়গ্রীবস্য একাক্ষরস্য হে‍্সোং ইতি স্বরূপস্য মন্ত্রস্য জপশীলস্য আজ্ঞয়া) সূর্য্যাদয়ঃ [গ্রহাঃ] স্বতঃ (স্বভাবত ইব) স্বস্বকর্ম্মণি (উদয়াস্তময়ে কর্ম্মণি) প্রবর্ত্তন্তে। সর্ব্বেষাং বীজানাং, [মধ্যে] হয়গ্রীবৈ-কাক্ষরবীজং (হে‍্সোং স্বরূপং) অনুত্তমং (ন বিদ্যতে উত্তমং যস্মাৎ সর্ব্বোৎকৃষ্টমিত্যর্থঃ) মন্ত্ররাজাত্মকং (মন্ত্ররাজস্বরূপং) ভবতি। [কিং বহুনা] হে‍্সোং হয়গ্রীবস্বরূপঃ ভবতি।

অনুবাদ। যাঁহারা অনন্যমনাঃ হইয়া হয়-

গ্রীবের এই একাক্ষর মন্ত্র জপ করেন, তাঁহাদের আজ্ঞায়ই সূর্য্যাদি দেবতাগণ স্বাভাবিকরূপে নিজ নিজ কার্য্যে নিযুক্ত আছেন। অর্থাৎ যথাসময়ে উদয় ও অস্তগমন করিয়া থাকেন। সমস্ত বীজ-মন্ত্রের মধ্যে হয়গ্রীবের এই (হ্সৌং) রূপ একাক্ষর মন্ত্রই অত্যুৎকৃষ্ট মন্ত্ররাজস্বরূপ। এমন কি এই হ্সৌং বীজই হয়গ্রীব স্বরূপ।

৮। অমৃতং কুরুকুরু স্বাহা। তজ্জাকাপনাং বাক্‌সিদ্ধিঃ শ্রীসিদ্ধিরষ্টাঙ্গযোগসিদ্ধিশ্চ ভবতি।

ব্যাখ্যা। "অমৃতং কুরুকুরু স্বাহা" [ইতি] তজ্জাপকানাম্ (এতন্মন্ত্রজপশীলানাং) বাক্‌সিদ্ধিঃ (বাক্যসাফল্যং) শ্রীসিদ্ধিঃ (ঐশ্বর্য্যসিদ্ধিঃ) অষ্টাঙ্গযোগসিদ্ধিঃ (যমনিয়মাদি-যোগাঙ্গাষ্টকসিদ্ধিঃ) চ ভবতি।

অনুবাদ। 'অমৃতং কুরুকুরু স্বাহা' এই মন্ত্র যাঁহারা জপ করেন, তাঁহাদের বাক্যসিদ্ধি হয় অর্থাৎ তাঁহাদের বাক্য কথনও বিফল হয় না। শ্রীসিদ্ধি অর্থাৎ ইচ্ছামাত্রেই ঐশ্বর্য্য লাভ এবং যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা ও

সমাধি এই অষ্টাঙ্গ যোগসাধনে সিদ্ধি লাভ ঘটিয়া থাকে।

হূঁ। হংসোঁ সকলসাম্রাজ্যেন সিদ্ধিং কুরুকুরু স্বাহা। তান্ এতান্ মন্ত্রান্ যো বেদ অপবিত্রঃ পবিত্রো ভবতি। অব্রহ্মচারী সুব্রহ্মচারী ভবতি। অগম্যাগমনাৎ পূতো ভবতি। পতিতসম্ভাষণাৎ পূতো ভবতি। ব্রহ্মহত্যা-দিপাতকৈর্মুক্তো ভবতি। গৃহং গৃহপতিরিব দেহী দেহান্তে পরমাত্মানং প্রবিশতি। প্রজ্ঞানমানন্দং ব্রহ্ম, তত্ত্বমসি, অয়মাত্মা ব্রহ্ম, অহং ব্রহ্মাস্মীতি মহাবাক্যৈঃ প্রতিপাদিতমর্থং ত এতে মন্ত্রাঃ প্রতিপাদয়ন্তি।

ব্যাখ্যা। "হংসোং সকলসাম্রাজ্যেন সিদ্ধিং কুরু কুরু স্বাহা" তান্ এতান্ মন্ত্রান্, যঃ বেদ (জানাতি) [সঃ] অপবিত্রঃ [সন্] পবিত্রঃ ভবতি। অব্রহ্মচারী (ব্রহ্মচর্য্যহীনঃ) সু-ব্রহ্মচারী ভবতি। [সঃ] অগম্যাগমনাৎ (এতন্মহাপাতকাৎ) পূতঃ (পবিত্রঃ) ভবতি। পতিত-সম্ভাষণাৎ (তজ্জপাতকাৎ) পূতঃ ভবতি। ব্রহ্মহত্যাদিপাতকৈঃ (ব্রাহ্মণহননজনিতমহাপাপৈঃ) মুক্তঃ ভবতি। গৃহং গৃহপতিঃ ইব (গৃহস্বামিবৎ) দেহী (জীবঃ) দেহান্তে (শরীরাবসানে) পরমাত্মানং প্রবিশতি। প্রজ্ঞানম্ আনন্দং ব্রহ্ম, তৎ (পরং ব্রহ্ম) ত্বং (জীবঃ) অসি (ভবসি),

অয়ম্ (অনুভূয়মানঃ) আত্মা (অহংপদবাচ্যঃ) ব্রহ্ম, অহং (জীবঃ) ব্রহ্ম অস্মি (ভবামি) ইতি মহাবাক্যৈঃ (ঔপনিষদৈঃ) প্রতিপাদিতম্ অর্থং (বিষয়ং) তে এতে মন্ত্রাঃ (হয়গ্রীব-সম্বন্ধিনঃ) প্রতিপাদয়ন্তি।

অনুবাদ। 'হেস্ৰৌং সকল সাম্রাজ্যেন সিদ্ধিং কুরুকুরু স্বাহা' হে হেস্ৰৌং এই মন্ত্র-বর্ণস্বরূপ পরব্রহ্ম! তুমি সকল সাম্রাজ্যের সহিত সিদ্ধি প্রদান কর অর্থাৎ সকল সাম্রাজ্য সিদ্ধি হউক। এই সকল মন্ত্র যিনি জানেন, তিনি অপবিত্র থাকিলেও পবিত্র হন, ব্রহ্মচারী না হইলেও সুব্রহ্মচারী হইয়া থাকেন। অগম্যাগমন-জনিত মহাপাতক হইতে মুক্তি লাভ করেন। পতিতের সহিত সম্ভাষণ-জনিত পাপ হইতে মুক্ত হন এবং ব্রহ্মহত্যাদিজনিত মহাপাতক হইতেও মুক্তিলাভ করিয়া থাকেন। গৃহস্বামী যেমন গৃহে প্রবেশ করেন, সেইরূপ দেহান্তে জীবাত্মা পরমাত্মায় প্রবিষ্ট হন। এই সকল মন্ত্রই ব্রহ্মজ্ঞান ও আনন্দ-স্বরূপ, তুমিই ব্রহ্ম, এই আত্মাই ব্রহ্ম, আমি (জীব)ই ব্রহ্ম ; এই সকল বেদান্তমহাবাক্য দ্বারা প্রতিপাদিত

অর্থ প্রতিপাদন করিয়া থাকে। অর্থাৎ ব্রহ্মজ্ঞান জন্মাইয়া দেয়।

জ। স্বরব্যঞ্জনভেদেন দ্বিধা এতে।

ব্যাখ্যা। স্বরব্যঞ্জনভেদেন (স্বরভেদেন, ব্যঞ্জনভেদেন চ) দ্বিধা (দ্বিপ্রকারাঃ) [ভবন্তি] এতে (মন্ত্রাঃ)।

অনুবাদ। এই মন্ত্র আবার স্বর ও ব্যঞ্জন ভেদে দুই প্রকার।

ঝ। অথানুমন্ত্রাঞ্জপতি।

ব্যাখ্যা। অথ (পূর্ব্বোক্তমন্ত্রজপানন্তরং) মন্ত্রান্ (অগ্রে কথিতান্) অনুজপতি (অনুধ্যায়েৎ)।

অনুবাদ। পূর্ব্বোক্ত মন্ত্রজপের পর নিম্ন-কথিত মন্ত্রার্থের অনুধ্যান করিবে।

৬। যদ্বাগ্বদন্ত্যবিচেতনানি রাষ্ট্রী
দেবানাং নিষসাদ মন্দ্রা।
চতস্র ঊর্জ্জং দুদুহে পয়াংসি
ক স্বিদস্যাঃপরমং জগাম।

ব্যাখ্যা। রাষ্ট্রী (রাজনশীলা) দেবানাং মন্দ্রা (মাদয়িত্রী) যদ্ (যদা) বাক্ অবিচেতনানি (বিজ্ঞানরহিতান্ অপ্রজ্ঞাতান্ অর্থান্) বদন্তী (প্রজ্ঞাপয়ন্তী) নিষসাদ (যজ্ঞে নিষীদতি)

[তদা] চতস্রঃ (দিশঃ) [প্রতি] উর্জ্জং (অন্নং) পয়াংসি (তৎকারণভূতানি উদকানি) দুদুহে। অস্যাঃ (মধ্যমিকায়াঃ বাচঃ) [স্বভূতং যৎ] পরমং (শ্রেষ্ঠং) [তৎ] ক্ব জগাম (ক্ব গচ্ছতীতি ন দৃশ্যতে ইত্যর্থঃ)।

অনুবাদ। যখন দেবতাগণের মত্ততা-বিধায়িনী দীপ্তিময়ী বাক্ অবিজ্ঞাত অর্থ প্রকাশ করিয়া যজ্ঞে প্রযুক্ত হইয়া থাকেন, তখন চতুর্দ্দিকের উদ্দেশ্যে অন্ন ও তাহার কারণস্বরূপ জল দোহন করেন অর্থাৎ যজ্ঞে প্রযুক্ত মন্ত্রসমূহ চতুর্দ্দিকে অন্ন ও বারিরাশি সৃষ্টি করেন। এই মধ্যমিকা বাণীর যাহা শ্রেষ্ঠ সম্পদ্ অর্থাৎ আত্মস্বরূপ, তাহা কোথা অবস্থিত, কে তাহার ইয়ত্তা করিবে?

৭। গৌরীর্মিমায় সলিলানি তক্ষত্যেক-
পদীদ্বিপদী সা চতুষ্পদী।
অষ্টাপদী নবপদী বভূবুষী
সহস্রাক্ষরা পরমে ব্যোমন্।

ব্যাখ্যা। গৌরীঃ (গরণশীলা মধ্যমিকা বাক্) [সুলোপাভাবঃ ছান্দসঃ] মিমায় (শব্দয়তি) [কিং কুর্ব্বতী] সলিলানি (বৃষ্ট্যুদকানি) তক্ষতী (সম্যক্ সম্পাদয়িত্রী), একপদী (এক-

পাদোপেতা একাধিষ্ঠানা, মেঘে বর্ত্তমানা) [গমনসাধনেন বায়ুনা একপদী বা], দ্বিপদী (মেঘান্তরিক্ষদ্ব্যধিষ্ঠানা) [আদিত্যঃ বা দ্বিতীয়ঃ], [তথা] সা চতুষ্পদী (পাদচতুষ্টয়োপেতা দিক্ চতুষ্টয়াধিষ্ঠানা) [অথ] অষ্টাপদী (অবান্তরদিগপেক্ষয়া অষ্টপাদোপেতা অষ্টাধিষ্ঠানা), নবপদী (উপরি দিগপেক্ষয়া সূর্য্যেণ বা নবদিগধিষ্ঠানা), বভূবুষী [ভবেশ্ছান্দসঃ কস্নুঃ] (এবংভূতা) [কিমনয়া পরিগণনয়া] সহস্রাক্ষরা (অপরিমিতবচনোহয়ং অপরিমিতব্যাপ্তি-যুক্তা বহুব্যাপনশীলোদকবতী ইত্যর্থঃ)। [কুত্র ইতি তদ্ উচ্যতে] পরমে ব্যোমন্ (উদকাশ্রয়ত্বেন উৎকৃষ্টে অন্তরিক্ষে)। [কেচিদ্ এবমাহুঃ] গৌরীঃ (গরণশীলা শব্দব্রহ্মাত্মিকা বাক্) মিমায় (মিমতি প্রতিষ্ঠার্থে ধাতুঃ) সলিলানি (প্রতিষ্ঠিতানি ঘটাদিদ্রব্যাণি) তক্ষতী (তৎ তদ্ বাচকত্বেন নিষ্পাদয়ন্তী) একপদী (অব্যাকৃতত্বেন একপ্রতিষ্ঠানা একরূপা বা আত্মনা), দ্বিপদী (সুপ্ তিঙন্তভেদেন পাদদ্বয়বতী) চতুষ্পদী (নামাখ্যাতোপসর্গনিপাতভেদেন), অষ্টাপদী (আমন্ত্রিতসহিতাষ্টভেদেন অষ্টাপদী), নবপদী বভূবুষী (সাব্যয়ৈঃ উক্তৈঃ অষ্টাভিঃ নবপদী, অথবা সনাভিঃকেষু উরঃ কণ্ঠাদিষু নবসু পদেষু ভবন্তী) [পশ্চাদ্ বহুবিধাভিব্যক্তিম্ উপেযুষী] পরমে ব্যোমন্ (উৎকৃষ্টে হৃদয়াকাশে মূলাধারে) সহস্রাক্ষরা (অনেকাকারেণ ব্যাপ্তানেকধ্বনিপ্রকারা ভবতি ইত্যর্থঃ)।

অনুবাদ। এই চেতন-স্বভাবা মধ্যমিকা বাক্ বৃষ্টির নিমিত্ত জলাদি সংগ্রহ করিয়া শব্দায়মানা হন্। ইনি আবার একপদী অর্থাৎ একপাদযুক্তা—এ॰মাত্র মেঘেই বর্ত্তমানা। ইনি দ্বিপদী—মেঘ ও অন্তরিক্ষ এই উভয়ে অধিষ্ঠিতা। সেইরূপ এই বাক্ চতুষ্পদী অর্থাৎ চারিদিকে অবস্থিত হওয়ায় চতুষ্পাদযুক্তা। ইনিই আবার অষ্টাপদী—চতুর্দ্দিক ও চতুষ্কোণ এই অষ্টদিকে বর্ত্তমানা এবং নবপদী পূর্ব্বোক্ত অষ্টদিক্ ও উর্দ্ধ এই নয়দিক্ ব্যাপিয়া অবস্থিতা। ইহার কি পরিগণনা করিব? ইনি এই বিশাল অন্তরিক্ষে উদকের আশ্রয়স্থলরূপে অপরিমিতস্থান ব্যাপিয়া অবস্থিতি করিতেছেন। অথবা এই বাক্ দেবতাই শব্দ ব্রহ্মস্বরূপে প্রতিষ্ঠিতা। ইনিই দ্রব্যসকলের বাচক ঘটাদি নামের বিধান করেন। ইনি নিত্য একরূপে অবস্থিত বলিয়া একপদী। নাম, আখ্যাত, উপসর্গ ও নিপাতভেদে চতুষ্পদী। এইরূপ আমন্ত্রিত (সম্বোধন) আদিভেদে অষ্টাপদী ও অব্যয়ভেদে নবপদী অথবা

কণ্ঠাদি নবস্থান হইতে উচ্চরিত হন বলিয়া নবপদী। এইরূপে সর্ব্বশ্রেষ্ঠ হৃদয়াকাশে মূলাধারে বহুবিধ ধ্বনি-স্বরূপে নানারূপে অভিব্যক্ত হইয়া থাকেন।

৮। ওষ্ঠাপিধানা নকুলী দন্তৈঃ পরিবৃতা পবিঃ। সর্ব্বস্যৈ বাচ ঈশানা চারু মামিহ বাদয়েতি চ বাগ্‌রসঃ।

ব্যাখ্যা। নকুলী (নকুলীবৎ) ওষ্ঠাপিধানা (ওষ্ঠাভ্যামাচ্ছাদিতা) [নকুলী যথা বিলে প্রচ্ছন্না ভবতি, ক্ষণেন আত্মপ্রকাশং করোতি, পুনঃ ক্ষণেন প্রচ্ছন্না ভবতি তথা স্বভাবা। দন্তৈঃ পরিবৃতা (পরিবৃতঃ) পবিঃ (বজ্রঃ) [ইব ভবতি। অশুদ্ধাদিরূপা বাগপি বজ্রাত্মিকা ভবতীতি ভাবঃ] [অতঃ প্রার্থ্যতে] সর্ব্বস্যৈ (সর্ব্বস্যাঃ) বাচঃ ঈশানো (ঈশনশীলা) ইহ (কর্ম্মণি) মাং চারু (শোভনং) বাগ্‌রসঃ (বাগ্‌রসং) বাদয় ইতি।

অনুবাদ। নকুলী যেরূপ গর্ত্তে লুক্কায়িত থাকিয়া মধ্যে মধ্যে বাহির হয়, সেইরূপ বাক্যও অধর এবং ওষ্ঠের অভ্যন্তরে থাকিয়া কখন কখন বাহির হয়। কিন্তু অনেক সময় কঠোর দন্ত দ্বারা পরিবৃত থাকিয়া বজ্রের ন্যায় বহির্গত হয়। অতএব প্রার্থনা,

তুমি সর্ব্ববিধ বাক্যের ঈশ্বরী, সুতরাং অদ্য এই কার্য্যে আমাকে মনোরম বাক্যরসের অভিনেতা কর।

৯। স সর্পরীরমতিং বাধমানা বৃহন্মিমায় জমদগ্নিদত্তা। আসূর্য্যস্য দুহিতা তনান শ্রবো দেবেষমৃত মজুর্য্যং।

ব্যাখ্যা। জমদগ্নিদত্তা (জমদগ্নিভিঃ :প্রজ্বলিতাগ্নিভিঃ ঋষিভিঃ অস্মভ্যং দত্তা) অমতিং (অজ্ঞানং) বাধমানা সসর্পরীঃ (সর্ব্বত্র শব্দরূপতয়া সর্পণশীলা) [বাক্] বৃহৎ (প্রভূতং যথা ভবতি তথা) মিমায় (নভসি শব্দং করোতি)। [সৈষা] সূর্য্যস্য দুহিতা (বাগ্‌দেবতা) দেবেষু (ইন্দ্রাদিষু) অজুর্য্যং (ক্ষয়রহিতম্) অমৃতম্ (অমৃতলক্ষণং) শ্রবোঽন্নমা ততান (সমন্তাৎ স্বাহাকারবাচং তনোতি)।

অনুবাদ। জমদগ্নিপ্রভৃতি সাগ্নিক মহর্ষিগণ অজ্ঞান বিধ্বংসিনী, সর্ব্বত্র শব্দরূপে প্রকাশমানা এবং আকাশে—বিশেষতঃ শব্দস্বরূপে অবস্থিতা বাক্ আমাদিগকে প্রদান করিয়াছেন। সেই সূর্য্যের তনয়া বাগ্‌দেবতা ইন্দ্রাদি সকল দেবতার মধ্যে স্বাহা শব্দদ্বারা অক্ষয় অমৃতস্বরূপ অন্নের বিস্তার করিয়াছেন।

৮৩। য ইমাং ব্রহ্মবিদ্যামেকাদশ্যাং পঠেদ্ধয়গ্রীব প্রভাবেন মহাপুরুষো ভবতি। স জীবন্মুক্তো ভবতি।

ব্যাখ্যা। যঃ (জনঃ) ইমাং ব্রহ্মবিদ্যাং (পূর্ব্বোক্তাং হয়গ্রীব মন্ত্রাত্মিকাং) একদশ্যাং পঠেৎ [সঃ] হয়গ্রীবপ্রসাদেন (হয়গ্রীবানুগ্রহেণ) মহাপুরুষঃ (পুরুষপ্রধানঃ) ভবতি। সঃ জীবন্মুক্তঃ (জীবন্ সন্ মুক্তঃ) ভবতি।

অনুবাদ। যিনি পূর্ব্বোক্ত হয়গ্রীবের মন্ত্রস্বরূপ ব্রহ্মবিদ্যা একাদশীতে পাঠ করেন, তিনি হয়গ্রীবের অনুগ্রহে মহাপুরুষ হইয়া থাকেন এবং তিনি জীবন্মুক্ত হন্।

৮৪। ওঁ নমো ব্রহ্মণে ধারণং মে অস্ত্বনিরাকরণং ধারয়িতা ভূয়াসং কর্ণয়োঃ শ্রুতং মাচ্যোঢ্বং মমামুষ্য ওমিত্যুপনিষৎ।

ওঁ ভদ্রং কর্ণেভিরিতি শান্তিঃ। হরিঃ ওঁ তৎসৎ॥

ইতি হয়গ্রীবোপনিষৎ সমাপ্তা॥

ব্যাখ্যা। ব্রহ্মণে (জগৎকারণায়) নমঃ [অস্তু] [তৎ প্রসাদাৎ মদীয়ে চিত্তে গ্রন্থতদর্থয়োঃ] ধারণং মে (মম) অস্তু।

অনিরাকরণং (নিরাকরণং বিস্মরণং যথা ন ভবতি তথা) ধারয়িতা ভূয়াসম্। অমুষ্য (ইত্থং প্রার্থয়মানস্য মম) কর্ণয়োঃ (যৎ কিঞ্চিদ্বেদ শাস্ত্রাদিকং যদা কদাচিদপি) শ্রুতম্ [আসীৎ] (তৎ সর্ব্বং হে দেব !] মা চোঢ়্ং (মা বিনাশয়) [ততঃ অহম্] ওঁ [প্রাপ্নুয়াং স্থিরং ধারণমিতি শেষঃ]।

অনুবাদ। জগৎকারণ ব্রহ্মকে নমস্কার। তাঁহার অনুগ্রহে আমার অন্তঃকরণে গ্রন্থ ও তাহার অর্থের ধারণা হোক্। আমি যেন কখনও উহা ভুলিয়া না যাই, যেন প্রকৃত অর্থ গ্রহণ করিতে পারি। আমি বেদাদি শাস্ত্র যাহা কিছু কর্ণে শুনিয়াছি. হে দেব! তুমি তাহা কখনও বিনাশ করিও না অর্থাৎ ভুলাইয়া দিও না। তাহা হইলেই আমি ওঁকারস্বরূপ পরব্রহ্ম সাক্ষাৎকার লাভ করিতে পারিব।

ওঁ ভদ্রং কর্ণেভিঃ ইত্যাদি বলিয়া শান্তিপাঠ করিবে।

হয়গ্রীবোপনিষৎ সমাপ্ত।

গর্ভোপনিষৎ।

ওঁ ভদ্রং কর্ণেভিঃ। সহ নাবিতি শান্তিঃ॥

১। ওঁ পঞ্চাত্মকং পঞ্চসু বর্ত্তমানং
ষড়াশ্রয়ং ষড়্‌গুণযোগযুক্তম্।
তৎ সপ্তধাতু ত্রিমলং দ্বিযোনি
চতুর্ব্বিধাহারময়ং শরীরম্।

ব্যাখ্যা। তৎ (প্রসিদ্ধং) শরীরং (দেহঃ) পঞ্চাত্মকং (পঞ্চভূতাত্মকং) পঞ্চসু (পঞ্চ পঞ্চসু) [ধারণাদিষু শব্দাদিষু আনন্দাদিষু চ] বর্ত্তমানং (প্রবর্ত্তমানং) ষড়াশ্রয়ম্ (ষন্নাং মধুরাদিরসানাম্ আশ্রয় ইতি আশ্রয়ম্) ষড়্‌গুণযোগযুক্তং (ষন্নাং গুণানাং ষড়্‌জাদিসপ্তস্বরবিশিষ্টরাগাণাং যোগঃ—স্বস্ত্রীভিঃ রাগিণীভিঃ পরস্পরং সম্বন্ধঃ, তেন যুক্তং, গানাদিকলাকুশলত্বাৎ) সপ্তধাতু (সপ্ত শুক্রাদিগুণা রসাদয়ঃ ধাতবঃ যস্মিন্ তৎ) ত্রি-মলং (ত্রয়ঃ মলা নখলোমকেশা বাতপিত্তশ্লেষ্মাণঃ বা যত্র তৎ) দ্বিযোনি (দ্বয়োঃ মাতাপিত্রোঃ যোনিঃ উৎপত্তিঃ যস্য) চতুর্বিধাহারময়ং (লেহ্য-পেয়-খাদ্য-চোষ্যলক্ষণচতুর্বিধবিকারঃ)।

অনুবাদ। শরীর পাঞ্চভৌতিক, ইহা ধারণাদি পঞ্চ, শব্দাদি পঞ্চ এবং আনন্দাদি পাঁচটী বিষয়ে প্রবৃত্ত হইয়া থাকে। এই দেহ মধুরাদি ছয়টী রসের আশ্রয়; ইহা গীতাদি কলাবিদ্যায় নিপুণ, তজ্জন্য ইহাতে ষড়্‌জপ্রভৃতি সাতটী স্বরবিশিষ্ট রাগ-

সমূহের স্বস্ব স্ত্রী রাগিণীগণের সহিত পরস্পর সম্বন্ধ রহিয়াছে। ইহাতে রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র এই সাতটী ধাতু এবং নখ, লোম ও কেশ কিংবা বাত, পিত্ত ও কফ এই ত্রিবিধ প্রকার মল বিদ্যমান আছে। এই শরীর মাতা ও পিতা এই দুই জন হইতে উৎপন্ন হইয়াছে; ইহা লেহ্য, পেয়, চর্ব্ব্য ও চোষ্য এই চারিপ্রকার আহারের পরিণাম।

২। ভবতি পঞ্চাত্মকমিতি কস্মাৎ? পৃথিব্যাপস্তেজো বায়ুরাকাশমিত্যস্মিন্ পঞ্চাত্মকে শরীরে কা পৃথিবী কা আপঃ কিং তেজঃ কো বায়ুঃ কিমাকাশম্? তত্র যৎ কঠিনং সা পৃথিবী,যদ্ দ্রবং তদাপো, যদুষ্ণং তত্তেজো, যৎ সঞ্চরতি স বায়ুর্য্যৎ সুষিরং তদাকাশমিত্যুচ্যতে। তত্র পৃথিবী নাম ধারণ,আপঃ পিণ্ডীকরণে. তেজো রূপদর্শনে, বায়ুর্ব্যূহন,আকাশমবকাশপ্রদানে। পৃথুস্ত। শ্রোত্রে শব্দোপলব্ধৌ,ত্বক্ স্পর্শে,চক্ষুষী রূপে,জিহ্বা রসনে,নাসিকা ঘ্রাণে। উপস্থশ্চানন্দনেঽপানমুৎসর্গে, বুদ্ধ্যা বুধ্যতি, মনসা সংকল্পয়তি, বাচা বদতি। ষড়াশ্রয়মিতি কস্মাৎ? মধুরাম্ললবণতিক্তকটুকষায়রসান্-

বিন্দতে। ষড়্‌জর্ষভগান্ধারমধ্যমপঞ্চমধৈবতনিষাদা-শ্চেতি। ইষ্টানিষ্টা শব্দসংজ্ঞাপ্রণিধানাদ্দশবিধা ভবন্তি।

ব্যাখ্যা। [গুরুণা প্রতিজ্ঞাতে শিষ্যঃ বিশেষজ্ঞানায় পৃচ্ছতি পঞ্চাত্মকমিতি] [প্রশ্নঃ] [শরীরং] পঞ্চাত্মকম্ (পঞ্চভূতাত্মকম্) ইতি (ইদং) কস্মাৎ (কথম্)? [উত্তরম্] পৃথিবী, আপঃ (জলং) তেজঃ, বায়ুঃ, আকাশম্ ইতি। [প্রশ্নঃ] অস্মিন্ (দৃশ্যমানে) পঞ্চাত্মকে (পঞ্চভূতাত্মকে) শরীরে (দেহে) কা পৃথিবী, কা আপঃ, কিং তেজঃ, কো বায়ুঃ, কিম্ আকাশম্? [উত্তরম্] তত্র (তস্মিন্) পঞ্চাত্মকে শরীরে, যৎ কঠিনং (দৃঢ়ং) সা পৃথিবী (ভূমিঃ), যদ্ দ্রবং তা আপঃ, যদ্ উষ্ণং তৎ তেজঃ, যৎ সঞ্চরতি (চলতি) স বায়ুঃ, যৎ সুষিরং (ছিদ্রং) তৎ আকাশম্। তত্র (তেষু পঞ্চসু ভূতেষু মধ্যে) পৃথিবী ধারণে, আপঃ পিণ্ডীকরণে (শক্তুপ্রভৃতীনাং মিশ্রণে), তেজঃ প্রকাশনে (বস্তুভাসনে), বায়ুঃ ব্যূহনে (মেলনে), আকাশম্ অবকাশপ্রদানে (স্থানদানে) [সমর্থম্]। [এষ শরীরপদার্থঃ] পৃথুস্তু (স্থূল এব]। শ্রোত্রে (দ্বে শ্রবণে) শব্দোপলব্ধৌ [বর্ত্ততে] (শব্দানুভবে), ত্বক্ (ত্বগিন্দ্রিয়ং) স্পর্শে, চক্ষুষী (নেত্রে) রূপে, জিহ্বা রসনে (রসগ্রহণে), নাসিকা (আঘ্রাণে) [বর্ত্ততে]। উপস্থঃ চ (জননেন্দ্রিয়ম্) আনন্দনে (মৈথুনজন্যে সুখে), অপানং (তদার্থাঃ বায়ুঃ) উৎসর্গে (মলমূত্রত্যাগে) [বর্ত্ততে]; বুদ্ধ্যা

বুধ্যতি (বুধ্যতে, জানাতি), মনসা সঙ্কল্পয়তি (সঙ্কল্পং করোতি), বাচা (বাগিন্দ্রিয়েণ) বদতি (ভাষতে)। ষড়াশ্রয়ম্ ইতি কস্মাৎ? [উত্তরম্] [দেহঃ] মধুরাম্ললবণতিক্তকটুকষায়রসান্ বিন্দতে (লভতে, জানাতি)। ষড়্জর্ষভগান্ধারমধ্যমপঞ্চমধৈবত-নিষাদাঃ চ ইতি। [নমু পৃথিব্যাদীনাং বৃত্তয়ো ধারণাদয়স্ত্রয়ঃ পঞ্চকা উক্তাঃ, তে কিং সর্ব্বে পুরুষপ্রবৃত্তিনিবৃত্ত্যোঃ উপযুজ্যন্তে আহোস্বিৎ কতিপয়ে ইতি সংশয়ে নির্ণয়মাহ] ইষ্টানিষ্টাঃ (প্রবৃত্তি-নিবৃত্তিহেতুভূতাঃ ইষ্টা অনিষ্টাশ্চ বৃত্তয়ঃ ধারণাদিষু বর্ত্তমানাঃ) শব্দসংজ্ঞাপ্রণিধানাৎ (শব্দপ্রণিধানাৎ, সংজ্ঞাপ্রণিধানাচ্চ) দশবিধা ভবন্তি।

অনুবাদ। পূর্ব্বোক্ত শ্লোকে গুরু শরীরের পঞ্চাত্মকতা বলিয়াছেন; শিষ্য সংশয়াপন্ন হইয়া জিজ্ঞাসা করিতেছেন, শরীর যে পঞ্চভূতময়, ইহা কিরূপে সম্ভবে? ধারণাদি পাঁচ পাঁচটী যে শরীরে বর্ত্তমান আছে, ইহাও কিরূপে সম্ভবপর হয়? গুরু— পৃথিবী, জল, তেজঃ, বায়ু ও আকাশ এই পাঁচটী ভূত শরীরে বিদ্যমান আছে বলিয়া এই শরীর পঞ্চভূতময়। শিষ্য—শরীর পঞ্চভূতের কার্য্য ইহা বুঝিলাম, কিন্তু কোন্ অংশ পৃথিবী, কোন্ অংশ জল,

কোন্ অংশ তেজঃ. কোন্ অংশ বায়ু এবং কোন্ অংশ বা আকাশ? গুরু—এই শরীরে যেটী কঠিনভাগ, তাহা পৃথিবী ; দ্রব অংশ জল , উষ্ণভাগ তেজঃ ; যে অংশ সঞ্চরণশীল তাহা বায়ু এবং যাহা ছিদ্র অংশ তাহাই আকাশ নামে অভিহিত হয়। তন্মধ্যে পৃথিবীর দ্বারা ধারণক্রিয়া, জলদ্বারা পিণ্ডীকরণ, তেজঃদ্বারা প্রকাশন, বায়ুর দ্বারা মিলনকার্য্য এবং আকাশদ্বারা অবকাশ কার্য্য সম্পন্ন হয়। শরীরের মধ্যে আকাশ থাকায় শরীর এত স্থূল হইয়া থাকে। কর্ণদ্বয় শব্দের উপলব্ধি করে, ত্বক্ স্পর্শক্রিয়া করে, নেত্রদ্বয় রূপদর্শন, জিহ্বা রসগ্রহণ, নাসিকা গন্ধগ্রহণ করে। উপস্থ আনন্দ-জনন, অপানবায়ু মলমূত্রাদি পরিত্যাগ করে। লোক বুদ্ধির দ্বারা সমস্ত বিষয় অবগত হয়, মনের দ্বারা সঙ্কল্প করে এবং বাগিন্দ্রিয়ের দ্বারা বলিয়া থাকে। এই শরীর ছয়টীর আশ্রয় এবং ষড়্গুণযুক্ত কেন, তাহার উত্তরে বলিতেছেন—দেহ মধুর, অম্ল, লবণ, তিক্ত, কষায় এই ছয়টী রসের আস্বাদন করে।

এই নিমিত্ত দেহ ষড়াশ্রয়। ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ—এই সাতটী স্বর-যুক্ত বলিয়া শরীর ষড়্গুণযুক্ত। কারণ উক্ত সাতটী স্বর ছয়টী রাগের উপলক্ষণ; তজ্জন্য দেহকে ষড়্গুণযুক্ত বলা হয়। ধারণাদিতে প্রবৃত্তিহেতুভূত ইষ্ট এবং নিবৃত্তিহেতুভূত অনিষ্ট হইয়া থাকে, শব্দপ্রণিধান এবং সংজ্ঞা প্রণিধানবশতঃ দশবিধ ইষ্ট ও অনিষ্ট হয়।

৩। শুক্লো রক্তঃ কৃষ্ণো ধূম্রঃ পীতঃ কপিলঃ পাণ্ডুরঃ সপ্তধাতুকমিতি কস্মাদ্ যথা? দেবদত্তস্য দ্রব্যবিষয়া জায়ন্তে পরস্পরং সৌম্যগুণত্বাৎ ষড়বিধো রসঃ। রসাচ্ছোণিতং শোণিতান্মাংসং মাংসান্মেদো মেদসঃ স্নাবা স্নাবোঽস্থীন্যস্থিভ্যো মজ্জা মজ্জ্ঞঃ শুক্রং শুক্রশোণিত-সংযোগাদাবর্ত্তুতে গর্ভঃ। হৃদি ব্যবস্থানীতি। হৃদয়ে-ঽন্তরাগ্নিরগ্নিস্থানে পিত্তং পিত্তস্থানে বায়ুঃ। বায়ুস্থানে হৃদয়ং প্রাজাপত্যাৎ ক্রমাৎ।

ব্যাখ্যা। [শরীরং] সপ্তধাতুকম্ ইতি কস্মাৎ ইতি (প্রশ্নঃ); [উত্তরম্] শুক্লঃ, রক্তঃ, কৃষ্ণঃ, ধূম্রঃ, পীতঃ, কপিলঃ, পাণ্ডুরঃ

ইতি। যথা দেবদত্তস্য (পুরুষস্য) দ্রব্যবিষয়াঃ (দ্রব্যাণি সপ্ত প্রকারাণি, বিষয়া ভোগ্যানি) জায়ন্তে (সম্পদ্যন্তে)। [তেষাং] পরস্পরম্ (অন্যোন্যং) সৌম্যগুণত্বাৎ (অনুকূলগুণত্বাৎ) ষড়্‌বিধঃ (ষট্‌প্রকারঃ) রসঃ। রসাৎ শোণিতং, শোণিতাৎ মাংসং, মাংসাৎ মেদঃ, মেদসঃ স্নায়বঃ, স্নায়ুভ্যঃ অস্থীনি, অস্থিভ্যঃ মজ্জা, মজ্জ্ঞঃ শুক্রং [উৎপদ্যতে]; গর্ভঃ, শুক্রশোণিতসংযোগাৎ (বীর্য্যরক্তসম্বন্ধাৎ) আবর্ত্ততে (আ-আরভ্য বর্ত্ততে প্রবর্ত্ততে হস্তিত্বং ভজতে ইত্যর্থঃ)। [এতানি উক্তানি ধাতুরূপাণি] হৃদি ব্যবস্থানি (হৃদি ব্যবস্থা যেষাং তানি) ইতি। হৃদয়ে, অন্তরাগ্নিঃ (অন্তরশ্চাসৌ অগ্নিশ্চেতি) [বর্ত্ততে]। অগ্নিস্থানে (অগ্নিঃ তেজঃ স এব স্থানম্ আধারঃ, তত্র) পিত্তম্। পিত্তস্থানে বায়ুঃ। বায়ুস্থানে হৃদয়ম্। [তদ্ হৃদয়ং লিঙ্গং] প্রাজাপত্যাৎ ক্রমাৎ [প্রবর্ত্ততে]।

অনুবাদ। দেহে সাতটী ধাতু বিদ্যমান আছে, ইহা পূর্ব্বে প্রতিজ্ঞাত হইয়াছে। তাহা কিরূপে হইল, এখন বলিতেছেন—শুক্ল, রক্ত, কৃষ্ণ, ধূম্র, পীত, কপিল, পাণ্ডুর এই সাত প্রকার বর্ণযুক্ত আহার্য্য দৃষ্ট হয়। পুরুষের উক্ত সাত প্রকার দ্রব্য ভোগ্য হইয়া থাকে। ভোগ্যদ্রব্যগুলি পরস্পর অনুকূলগুণসম্পন্ন বলিয়া ষড়্‌বিধ রসাদিরূপে

পরিণত হয়। যেমন অন্নাদি ব্যঞ্জনাদির অনুকূল, তাহাদের পরিণাম ছয়প্রকার রস, তাহাদের বর্ণ শুক্লাদি এবং আস্বাদনে মধুরাদিরূপ হয়। প্রথম রস উৎপন্ন হয়, রস হইতে রক্ত, রক্ত হইতে মাংস, মাংস হইতে মেদঃ, মেদঃ হইতে স্নায়ু, স্নায়ু হইতে মজ্জা, এবং মজ্জা হইতে শুক্র হয়। শুক্র ও শোণিতের সম্বন্ধ বশতঃ গর্ভের আবির্ভাব হয়। ধাতুসমূহ হৃদয়ে বিদ্যমান থাকে। হৃদয়ে অন্তরাগ্নি অবস্থান করে। অগ্নিস্থানে পিত্ত এবং পিত্তস্থানে বায়ু থাকে। কারণ, বায়ুব্যতীত অগ্নির প্রবৃত্তি হইতে পারে না।

৪। ঋতুকালে প্রয়োগএকরাত্রোষিতং কলিলং, ভবতি, সপ্তরাত্রোষিতং বুদ্বুদং ভবত্যর্দ্ধমাসাভ্যন্তরেণ পিণ্ডো ভবতি, মাসাভ্যন্তরেণ কঠিনো ভবতি,মাসদ্বয়েন শিরঃ কুরুতে, মাসত্রয়েণ পাদপ্রদেশো ভবত্যথ চতুর্থে মাসেঽঙ্গুল্যাজঠরকটিপ্রদেশো ভবতি. পঞ্চমে মাসে পৃষ্ঠবংশো ভবতি,ষষ্ঠে মাসে নাসাক্ষিণীশ্রোত্রাণি ভবন্তি, সপ্তমে মাসে জীবেন সংযুক্তো ভবত্যষ্টমে মাসে সর্ব্ব-সংপূর্ণো ভবতি। পিতূ রেতোতিরিক্তাৎ পুরুষো

ভবতি, মাতু রেতোতিরিক্তাৎস্ত্রিয়ো ভবন্ত্যভয়োর্বীজ-তুল্যত্বান্নপুংসকো ভবতি। ব্যাকুলিতমনসোঽন্ধাঃ খঞ্জাঃ কুব্জা বামনা ভবন্ত্যন্যোন্যবায়ুপরিপীড়িতশুক্র-দ্বৈধ্যাদ্ দ্বিধা তনুঃ স্যাদ্ যুগ্মাঃ প্রজায়ন্তে। পঞ্চাত্মকঃ সমর্থঃ পঞ্চাত্মিকা চেতসা বুদ্ধির্গন্ধরসাদিজ্ঞানা ধ্যানাৎ ক্ষরমক্ষরং মোক্ষং চিন্তয়তীতি। তদেকাক্ষরং জ্ঞাত্বাঽষ্টৌ প্রকৃতয়ঃ ষোড়শ বিকারাঃ শরীরে তস্যৈব দেহিনাম্। অথ মাত্রাঽশিতপীত নাড়ীসূত্রগতেন প্রাণ আপ্যায়তে। অথ নবমে মাসি সর্ব্বলক্ষণসংপূর্ণো ভবতি। পূর্ব্বজাতীঃ স্মরতি, কৃতাকৃতং চ কর্ম্ম ভবতি, শুভাশুভং চ কর্ম্ম বিন্দতি।'

ব্যাখ্যা। ঋতুকালে (স্ত্রিয়া ঋতুসময়ে) প্রয়োগঃ (স্বভার্য্যা-যোনৌ প্রক্ষেপঃ) একরাত্রোষিতং (যোনৌ নিষিক্তং রেতঃ শোণি-তেন মিলিতং গর্ভাশয়ং প্রবিষ্টম্ একেন অহোরাত্রেণ উষিতং নিবাসং প্রাপ্তং) কলিলং (পিষ্টকমিব ঈষদ্‌ঘনং) ভবতি, সপ্ত-রাত্রোষিতং (সপ্তাহোরাত্রোষিতং) বুদ্‌বুদং (কুক্কুটাণ্ডাকারং, বর্ত্তুলং) ভবতি, অর্দ্ধমাসাভ্যন্তরেণ (একপক্ষমধ্যে) পিণ্ডঃ (দৃঢ়াবয়বঃ, বিল্বাকারঃ গোলকঃ) ভবতি, মাসাভ্যন্তরেণ (এক-স্মিন্ মাসে) কঠিনঃ (নারিকেলাস্থিগোলকবৎ) ভবতি; মাস-

দ্বয়েন (দ্বাভ্যাং মাসাভ্যাং) শিরঃ (মস্তকং) কুরুতে (করোতি), মাসত্রয়েণ (ত্রিভিঃ মাসৈঃ) , পাদপ্রদেশঃ (অধঃকোণদ্বয়াদ্য দণ্ডাকারঃ চরণদ্বয়প্রদেশঃ) ভবতি ; অথ (অনন্তরং) চতুর্থে মাসে, অঙ্গুল্য-জঠর-কটিপ্রদেশঃ (অঙ্গুলীনাম্ অয়ম্ অঙ্গুল্যঃ হস্তপাদতল প্রদেশঃ, জঠরম্ উদরং, কটিপ্রদেশঃ, অঙ্গুল্যজঠর-কটীনাং প্রদেশঃ স্থানবিশেষঃ) ভবতি, পঞ্চমে মাসে পৃষ্ঠবংশঃ (শরীরগৃহস্য পৃষ্ঠবংশে স্থিতঃ, পায়ুপ্রদেশমারভ্য আগলং দণ্ডায়মানঃ বংশবদ্ অস্থি পৃষ্ঠবংশঃ) ভবতি ; ষষ্ঠে মাসে, নাসাক্ষিণী-শ্রোত্রাণি (নাসা—নাসাপুটদ্বয়ম্, অক্ষিণী—চক্ষুর্গোলকে, শ্রোত্রে—কর্ণবিবরে, নাসা চ অক্ষিণী চ শ্রোত্রে চ, অত্র সমাস-মধ্যে বিভক্তেরলোপশ্ছান্দসঃ) ভবন্তি (জায়ন্তে) ; সপ্তমে মাসে জীবেন (প্রাণধারকেণ, জীবলিঙ্গেন চলনাদিনা) সংযুক্তঃ (সম্বদ্ধঃ, সুখদুঃখাভিজ্ঞ ইত্যর্থঃ) ভবতি, অষ্টমে মাসি সর্ব্ব-সম্পূর্ণঃ (সর্ব্বৈঃ অঙ্গৈঃ উপাঙ্গৈঃ, সাধিষ্ঠানৈঃ ইন্দ্রিয়ৈশ্চ মহারাজ ইব প্রকৃতিভিঃ সম্যক্ পূর্ণঃ সংভৃতঃ) ভবতি। [স্ত্রীপুরুষসংসর্গ-কালে] পিতুঃ (জনকস্য) রেতোতিরিক্তাৎ (রেতসঃ আধিক্যাৎ) পুরুষঃ (পুমান্) ভবতি। মাতুঃ (জনন্যাঃ) রেতোঽতিরিক্তাৎ (রেতসঃ অতিরেকাৎ) স্ত্রিয়ঃ (নার্য্যঃ) ভবন্তি। উভয়োঃ (মাতাপিত্রোঃ) বীজতুল্যত্বাৎ (বীর্য্যসাম্যাৎ) নপুংসকঃ (ক্লীবঃ) ভবতি। ব্যাকুলিতমনসঃ (কুতশ্চিন্নিমিত্তাৎ কলুষীকৃতান্তঃকরণান্ মাতাপিত্রোরন্যতরস্যাদুভাভ্যাং বা) অন্ধাঃ

(রূপসাক্ষাৎকারকরণশূন্যাঃ), খঞ্জাঃ (বামদক্ষিণয়োরন্যতরপাদহীনাঃ), কুব্জাঃ (বক্রীভূতশরীরাঃ, পৃষ্ঠবংশবিধৃতমাংসাস্থিলিঙ্গাঃ) বামনাঃ (অল্পকরচরণাঃ, অদীর্ঘশরীরাঃ) ভবন্তি (জায়ন্তে)। অন্যোন্যবায়ুপরিপীড়িতশুক্রদ্বৈধ্যাৎ (অন্যোন্যস্য স্ত্রীপুংসস্য বায়ুনা পরিপীড়িতং যচ্ছুক্রং তস্য দ্বৈবিধ্যাৎ) তনুঃ (শুক্রস্বরূপং) দ্বিধা (ভাগদ্বয়েন বিভক্তা) স্যাৎ, যুগ্মাঃ (যমজাঃ) প্রজায়ন্তে (জন্ম লভন্তে)। [জাতঃ বালঃ] পঞ্চাত্মকঃ (পঞ্চভূতাত্মকঃ পিণ্ডঃ) সমর্থঃ (চিন্তনাদৌ ক্ষমঃ) পঞ্চাত্মিকা (পঞ্চশব্দাদিবিষয়া) গন্ধরসাদিজ্ঞানাঃ (গন্ধরসাদিবিষয়ং জ্ঞানং যস্যাঃ সা) বুদ্ধিঃ, চেতসা (অন্তঃকরণেন) ভবতি। [সা বুদ্ধিঃ] ধ্যানাৎ (চিন্তনাৎ) ক্ষরম্ (অনিত্যম্) অক্ষরং (নিত্যং) মোক্ষং চ চিন্তয়তি ইতি। তৎ (প্রসিদ্ধং) একাক্ষরং (প্রণবং) জ্ঞাত্বা (বিদিত্বা) [তেন] অষ্টৌ প্রকৃতয়ঃ (প্রকৃতিঃ, বুদ্ধিঃ, অহঙ্কারঃ, পঞ্চতন্মাত্রাণি ইতি অষ্ট প্রকৃতয়ঃ) বিকারাঃ (কার্য্যাণি, মনঃ, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি, পঞ্চ মহাভূতানি চ) ষোড়শঃ (ষোড়শসংখ্যকাঃ) [জায়ন্তে]। দেহিনাং (দেহবতাং) তস্য এব (অষ্টমে মাসি সম্পূর্ণাবয়বস্য গর্ভস্য) শরীরে (বিনাশিনি দেহে) [তিষ্ঠন্তি তে বিকারাঃ]। অথ (অনন্তরং) মাত্রা (জনন্যা) অশিতপীত (অশিতেন ভুক্তেন, পীতেন চ) নাড়ীগতেন (নাড়ীপ্রাপ্তেন) প্রাণঃ, আপ্যায়তে (উপচীয়তে)। অথ (অনন্তরং) নবমে মাসি, সর্ব্বলক্ষণসম্পূর্ণঃ (সমস্তাঙ্গজ্ঞানো-

পেতঃ) ভবতি, পূর্বজাতীঃ (প্রাগ্ভবীয়াঃ জাতীঃ জন্মানি) স্মরতি (অধ্যেতি), কৃতাকৃতং চ (কৃতং সুকৃতম্, অকৃতং দুষ্কৃতঞ্চ) কর্ম ভবতি (সম্পদ্যতে), শুভাশুভঞ্চ (শুভম্ অশুভঞ্চ) কর্ম বিন্দতি (লভতে, জানাতি ইত্যর্থঃ)।

অনুবাদ। স্ত্রীর ঋতুকাল উপস্থিত হইলে পুরুষ তাহাতে রেতঃসেক করে। পুরুষের রেতঃ রমণীর শোণিতের সহিত মিলিত হইয়া গর্ভাশয়ে প্রবিষ্ট হয়, তাহা এক অহোরাত্র থাকিলে কলিল অর্থাৎ অল্পঘন পিষ্টকাকার ধারণ করে। সপ্তরাত্রিতে বুদ্বুদ্ অর্থাৎ কুক্কুটের ডিম্বসদৃশ বর্ত্তুলাকার হয়। পঞ্চদশ দিনে বিম্বের ন্যায় পিণ্ডাকার ধারণ করে, এক মাসে নারিকেলের ন্যায় কঠিন, দুই মাসে মস্তক উৎপন্ন হয়। তিন মাসে দুইটী পাদ, চতুর্থ মাসে হস্ত ও পদের তলদেশ, উদর এবং কটিদেশ হয়। পঞ্চম মাসে পৃষ্ঠদেশের অস্থি; ষষ্ঠ মাসে নাসারন্ধ্রদ্বয় নয়নগোলকদ্বয় এবং দুইটী কর্ণবিবর উৎপন্ন হয়। সপ্তম মাসে প্রাণধারণ-চিহ্ন গমনাদি এবং সুখদুঃখাভিজ্ঞ হয়। অষ্টম মাসে সমস্ত অঙ্গ, উপাঙ্গ এবং ইন্দ্রিয়াদি দ্বারা

সম্বন্ধ হয়। স্ত্রী ও পুরুষের সংসর্গকালে জনকের বীর্য্যাধিক্য হইলে পুরুষ জন্মে, মাতার রেতের বাহুল্যে স্ত্রী উৎপন্ন হয়। যদি মাতা ও পিতার বীর্য্য সমান হয়, তাহা হইলে ক্লীব জন্মিয়া থাকে। যদি সহবাসকালে মাতা ও পিতা উভয়ে অথবা উভয়ের মধ্যে একজন বিক্ষিপ্তচিত্ত হয়, তবে অন্ধ, খঞ্জ, কুব্জ, বামন জন্মগ্রহণ করে। স্ত্রী ও পুরুষের শুক্র বায়ুর দ্বারা দুইভাগে বিভক্ত হইলে যমজ সন্তান জন্মিয়া থাকে। তখন পঞ্চভূতময় দেহ চিন্তাদিতে সমর্থ হয়; তাহার বুদ্ধি শব্দাদি-পঞ্চবিষয়ক হয়, গন্ধ, রসপ্রভৃতিকে উপলব্ধি করিতে পারে। তখন ধ্যানের দ্বারা অনিত্য বাহ্য পদার্থ এবং নিত্য ক্ষয়-রহিত মোক্ষকে চিন্তা করিয়া থাকে। একমাত্র অক্ষরস্বরূপ ব্রহ্ম অথবা তাহার বাচক প্রণব (ওঁকার) কে জানিয়া; প্রকৃতি, মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই আটটী প্রকৃতি এবং একাদশ ইন্দ্রিয় ও পঞ্চ মহাভূত এই ষোলটী বিকার (কার্য্যকে) জানিয়া; দেহিগণের শরীরে এই আটটী প্রকৃতি

ও ষোড়শ বিকার বিদ্যমান আছে, ইহা তখন সে বুঝিতে পারে। তৎকালে মাতার ভুক্ত ও পীত দ্রব্যগুলি নাড়ীসূত্রের দ্বারা যাইয়া প্রাণকে আপ্যায়িত করে। অনন্তর নবম মাসে সমস্ত জ্ঞান, অবয়ব ইত্যাদির দ্বারা পরিপূর্ণ হইয়া পূর্ব্ব পূর্ব্ব জন্মসমূহকে স্মরণ করিয়া থাকে, পূর্ব্বজন্মের সুকৃত ও দুষ্কৃত কর্ম্ম স্মরণ করে ও শুভ এবং অশুভ কর্ম্ম জানিতে পারে।

৫। নানাযোনিসহস্রাণি দৃষ্ট্বা চৈব ততো ময়া।
আহারা বিবিধা ভুক্তাঃ পীতাশ্চ বিবিধাঃ স্তনাঃ॥

ব্যাখ্যা। [পূর্ব্বজাতীঃ স্মরতীতি যদুক্তং তদেতদ্ বিবৃণোতি] ময়া (গর্ভস্থেন জীবেন) নানাযোনিসহস্রাণি চৈব (অনন্তানি তৃণাদীনি ব্রহ্মান্তানি শরীরাণি প্রাপ্য, চকারাত্তদ্‌গ্রহণপুণ্যপাপাদিকমপি সংপ্রাপ্যৈব) দৃষ্ট্বা, ততঃ বিবিধা (নানাবিধাঃ) আহারাঃ (ক্ষুন্নিবারকাঃ স্থাবরজঙ্গমমাংসভেদাঃ) ভুক্তাঃ (ভক্ষিতাঃ) বিবিধাঃ (বিচিত্রাঃ) স্তনাঃ, পীতাশ্চ (আস্বাদিতাশ্চ)।

অনুবাদ। [গর্ভস্থ শিশুর কিরূপভাবে পূর্ব্বজাতির স্মরণ হয়, তাহা বলিতেছেন--] আমি

তৃণ হইতে হিরণ্যগর্ভ পর্য্যন্ত নানাজাতিপ্রাপ্ত হইয়া তৃণ, পয়ঃ, মাংসপ্রভৃতি বিবিধ আহার্য্য বস্তু ভোজন করিয়াছি এবং নানাবিধ স্তনপান করিয়াছি।

৬। জাতস্যৈব মৃতস্যৈব জন্ম চৈব পুনঃ পুনঃ।
অহো দুঃখোদধৌ মগ্নো ন পশ্যামি প্রতিক্রিয়াম্॥

ব্যাখ্যা। জাতস্য এব (স্বীকৃতমনুষ্যাদিশরীরস্য এব) [মরণং] মৃতস্য চ এব পুনঃ পুনঃ জন্ম চ এব। অহো (খেদে) দুঃখোদধৌ (দুঃখসমুদ্রে) মগ্নঃ (নিমগ্নঃ) [অহং] প্রতিক্রিয়াং (প্রতিকারং) ন পশ্যামি।

অনুবাদ। জন্ম হইলে পুনঃ পুনঃ মরণ এবং মৃত্যু হইলে পুনঃ পুনঃ জন্ম অবশ্যম্ভাবী। হায়! আমি এই দুঃখসমুদ্রে নিমগ্ন হইয়া ইহার কোন প্রতিকার দেখিতেছি না।

৭। যন্ময়া পরিজনস্যার্থে কৃতং কর্ম্ম শুভাশুভম্।
একাকী তেন দহ্যামি গতাস্তে ফলভোগিনঃ।

ব্যাখ্যা। ময়া (মূঢ়েন, মদীয়ঃ অয়ম্ ইত্যভিমানিনা) পরিজনস্য (দেহ-পিতৃ-মাতৃ-কলত্র-পুত্র-ভৃত্যাদেঃ) অর্থে (কৃতে, প্রয়োজনে) যৎ শুভাশুভং (শুভং-সুকৃতম্, অশুভং—দুষ্কৃতং)

কর্ম্মকৃতম্ (অনুষ্ঠিতং), [অহম্] একাকী (এক এব) তেন (পরিজনরক্ষণার্থং শুভাশুভকরণেন) দহ্যামি (দহ্যে), তে ফলভোগিনঃ (সুখভোগিনঃ) গতাঃ (অপগতাঃ)।

অনুবাদ। আমি পরিবারবর্গের ভরণপোষণের নিমিত্ত শুভ ও অশুভ কর্ম্মের অনুষ্ঠান করিয়াছিলাম, আমি তাহার দ্বারা একাকী দগ্ধ হইতেছি, সেই সমস্ত সুখভোগী পরিজনবর্গ কোথায় চলিয়া গিয়াছে।

৮। যদি যোন্যাং প্রমুঞ্চামি সাংখ্যং যোগং সমভ্যসেৎ।
অশুভক্ষয়কর্ত্তারং ফলমুক্তিপ্রদায়িনম্॥

ব্যাখ্যা। যদি যোন্যাং (যোনৌ অবস্থিতম্ আত্মানং) [কেনচিদদৃষ্টেন] প্রমুঞ্চামি (যোনের্ব্বহির্নির্গচ্ছামি) [তর্হি] সাংখ্যং (সম্যগ্ জ্ঞানং) অশুভক্ষয়কর্ত্তারং (পাপক্ষয়কারিণং) ফলমুক্তিপ্রদায়িনং (ফলং সাংখ্যজ্ঞানং, ততঃ বিমুক্তিঃ অবিদ্যা তৎকার্য্যেভ্যঃ বিমোক্ষঃ ইতি ফলমুক্ত্যোঃ প্রদায়িনং) যোগং বা (সমাধিঞ্চ) সমাশ্রয়ে (আত্মসাক্ষাৎকারপর্য্যন্তম্ অবলম্বে)।

অনুবাদ। যদি এইবার কোন শুভাদৃষ্টবশতঃ যোনির বাহিরে গমন করিতে পারি,

তাহা হইলে সম্যগ্‌জ্ঞানের অথবা পাপক্ষয়কারী ফল ও মুক্তিপ্রদাতা যোগের আশ্রয় গ্রহণ করি।

৯। যদি যোন্যাং প্রমুঞ্চামি তৎ প্রপদ্যে মহেশ্বরম্।
অশুভক্ষয়কর্ত্তারং ফলমুক্তিপ্রদায়িনম্॥

যদি যোন্যাং প্রমুঞ্চামি তৎ প্রপদ্যে নারায়ম্।
অশুভং ক্ষয়কর্ত্তারং ফলমুক্তি প্রদায়িনম্॥

ব্যাখ্যা। যদি যোন্যাং (যোনৌ অবস্থিতম্ আত্মানং) প্রমুঞ্চামি (যোনের্ব্বহির্নির্গচ্ছামি) [তর্হি] অশুভক্ষয়কর্ত্তারং (কল্মষনাশকং) ফলমুক্তিপ্রদায়িনং (ফলমুক্ত্যোঃ প্রদাতারং) তং (সর্বশাস্ত্রপ্রসিদ্ধং) মহেশ্বরং (ত্রিপুরারিং) প্রপদ্যে (শরণং গচ্ছামি)।

যদি যোন্যাং প্রমুঞ্চামি (নির্গচ্ছামি) [তদা] অশুভক্ষয়-কর্ত্তারং ফলমুক্তিপ্রদায়িনং ভগবন্তং নারায়ণ দেবং প্রপদ্যে (আশ্রয়ে)।

অনুবাদ। যদি যোনির বাহিরে গমন করিতে পারি, তাহাহইলে পাপনাশক—ফল ও মুক্তি-প্রদ শাস্ত্রপ্রথিত ভগবান্ মহাদেবকে আশ্রয় করিব।

যদি যোনি হইতে নির্গত হইতে পারি, তাহাহইলে

পাপনাশক, ফল-মুক্তিদাতা ভগবান্ নারায়ণের শরণ লইব।

১০। জন্তুঃ স্ত্রীয়োনিশতং যোনিদ্বারি সংপ্রাপ্তে যন্ত্রেণাপীড্যমানো মহতা দুঃখেন জাতমাত্রস্তু বৈষ্ণবেন বায়ুনা সংস্পৃশ্য তদা ন স্মরতি জন্মমরণং ন চ কর্ম্ম শুভাশুভম্।

ব্যাখ্যা। জন্তুঃ (জননধর্ম্মা) [নবমে মাসি দশমে বা] স্ত্রীযোনিশতং, প্রাপ্নোতি, [ততঃ] যোনিদ্বারি সংপ্রাপ্তে, যন্ত্রেণ (ক্রকচদ্বয়তুল্যেন) আপীড্যমানঃ (সম্যক্ পীড্যমানঃ) মহতা দুঃখেন (ক্লেশেন) জায়তে। জাতমাত্রস্তু (জাত এব) [শিশুঃ] বৈষ্ণবেন (পারমেশ্বরেণ) বায়ুনা (অজ্ঞানকরণেন পবনেন, মায়য়া ইত্যর্থঃ) সংস্পৃশ্য (সংস্পৃষ্ট ইত্যর্থঃ) তদা (তস্মিন্ কালে) [গর্ভে চিন্ত্যমানং বস্তুজাতং] ন স্মরতি; জন্মমরণং (জন্ম, মরণঞ্চ) শুভাশুভম্ চ কর্ম্ম ন [স্মরতি]।

অনুবাদ। এইরূপে জননশীল প্রাণী নবম কিংবা দশম মাসে শত শত স্ত্রীযোনি দ্বারে আসিয়া যন্ত্রের দ্বারা অতীব পীড়িত হইয়া অতিশয় দুঃখে জন্মগ্রহণ করে। জন্মমাত্রে বৈষ্ণবী মায়ার দ্বারা

সংস্পৃষ্ট হইয়া গর্ভে যাহা চিন্তা করিয়াছিল, তখন তৎসমুদয় বিস্মৃত হয়; জন্ম, মরণ এবং শুভাশুভ কর্ম্ম কিছুই স্মরণ করে না।

১১। শরীরমিতি কস্মাৎ সাক্ষাদগ্নয়োহত্র শ্রিয়ন্তে জ্ঞানাগ্নির্দর্শনাগ্নিঃ কোষ্ঠাগ্নিরিতি। তত্র কোষ্ঠাগ্নির্নামাশিত-পীত-লেহ্য চোষ্যং পচতীতি রূপাদীনাং দর্শনং করোতি জ্ঞানাগ্নিঃ শুভাশুভং চ কর্ম্ম বিন্দতি যস্তত্র ত্রীণি স্থানানি ভবন্তি। হৃদয়ে দক্ষিণাগ্নিরুদরে গার্হপত্যং, মুখাদাহবনীয়মাত্মা যজমানো বুদ্ধিঃ পত্নীং মনো ব্রহ্মা নিধায় লোভাদয়ঃ পশবো ধৃতির্দীক্ষা সংতোষশ্চ বুদ্ধীন্দ্রিয়াণি যজ্ঞপাত্রাণি কর্ম্মেন্দ্রিয়াণি হবীংষি শিরঃ কপালং কেশা দর্ভা মুখমন্তর্ব্বেদিঃ। চতুষ্কপালং শিরঃ ষোড়শ পার্শ্বদন্তোষ্ঠপটলানি সপ্তোত্তরং মর্ম্মশতং সাশীতিকং সন্ধিশতং স-নবকং স্নায়ুশতং সপ্ত শিরাশতানি পঞ্চ মজ্জাশতান্যস্থীনি চ হ বৈ ত্রীণি শতানি ষষ্টিশ্চার্ধচতস্রো রোমাণি কোট্যো হৃদয়ং পলান্যষ্টৌ দ্বাদশ পলানি জিহ্বা পিত্তপ্রস্থম্। কফস্যাঢকং শুক্লং কুড়বং মেদঃ প্রস্থৌ দ্বাবনিয়তং মূত্রপুরীষ-

মাহারপরিমাণাৎ পৈপ্পলাদং মোক্ষশাস্ত্রং পরি-
সমাপ্তং পৈপ্পলাদং মোক্ষশাস্ত্রং পরিসমাপ্তম্।

ব্যাখ্যা। শরীরং (শরীরপদবাচ্যম্) ইতি কস্মাৎ (কারণাৎ)? [উচ্যতে], অত্র (শরীরে) সাক্ষাৎ (প্রত্যক্ষেণ) অগ্নয়ঃ (ত্রিবিধা বহ্নয়ঃ) শ্রিয়ন্তে (শ্রয়ন্তে), [কে তেঽগ্নয় ইত্যা-কাঙ্ক্ষায়ামাহ] জ্ঞানাগ্নিঃ (শরীরঃ অগ্নিঃ শুভাশুভস্য ভোক্তা), দর্শনাগ্নিঃ (প্রমাতা), কোষ্ঠাগ্নিঃ (কোষ্ঠাশ্রিতঃ অগ্নিঃ) ইতি। তত্র (ত্রিবিধেষু অগ্নিষু) কোষ্ঠাগ্নিঃ নাম অশিত-পীত-লেহ্য-চোষ্যং (চতুর্ব্বিধম্ অন্নং) পচতি। দর্শনাগ্নিঃ রূপাণাং দর্শনং করোতি (রূপাণি পশ্যতি) যঃ তত্র (তেষু) জ্ঞানাগ্নিঃ শুভাশুভং (শুভম্ অশুভঞ্চ) কর্ম্ম বিন্দতি (লভতে), [ইদানীম্ অগ্নি-ত্রয়ে সতি শরীরে যজ্ঞদৃষ্ট্যা উপাসনম্ আহ—] [অগ্নিত্রয়স্য] ত্রীণি স্থানানি ভবন্তি। [আহবনীয়ঃ দর্শনাগ্নিঃ, গার্হপত্যঃ—কোষ্ঠাগ্নিঃ, দক্ষিণাগ্নিঃ—জ্ঞানাগ্নিঃ] হৃদয়ে দক্ষিণাগ্নিঃ, উদরে গার্হপত্যঃ, মুখাৎ (মুখে) আহবনীয়ঃ। আত্মা—যজমানঃ, বুদ্ধিঃ—পত্নী, মনঃ ব্রহ্মা, [ইতি] নিধায় (মনসি চিন্তয়িত্বা) লোভাদয়ঃ পশবঃ, ধৃতিঃ সন্তোষশ্চ দীক্ষা, বুদ্ধীন্দ্রিয়াণি (জ্ঞানে-ন্দ্রিয়াণি পঞ্চ) যজ্ঞপাত্রাণি, কর্ম্মেন্দ্রিয়াণি হবীংষি, শিরঃ কপালং, কেশা এব দর্ভাঃ ইতি, মুখম্ অন্তর্ব্বেদিঃ, [ইতি চিন্তয়েৎ]। [ইদানীং শরীরেঽবয়ববিভাগমাহ] চতুষ্কপালং শিরঃ, ষোড়শ-

পার্শ্বদন্তোষ্ঠপটলানি (ষোড়শ পার্শ্বানি,ষোড়শ দন্তাঃ,ষোড়শ ওষ্ঠাঃ) মর্ম্ম সপ্তোত্তরং (সপ্তাধিকং) শতং, সাশীতিকং (অশীত্যধিকং) সন্ধিশতং, স্নায়ুশতং স-নবকং (নবাধিকাঃ শতসংখ্যাকাঃ স্নায়বঃ), সপ্ত শিরাশতানি (সপ্তশতানি শিরাঃ) পঞ্চ মজ্জাশতানি (পঞ্চপেশীশতানি), ত্রীণি শতানি ষষ্ঠিঃ চ হবৈ (ষষ্ঠ্যধিকানি ত্রীণি শতানি) অস্থীনি, সার্দ্ধচতস্রঃ কোট্যঃ রোমাণি, হৃদয়ং (রসঃ) অষ্টৌ পলানি, জিহ্বা (জলং) দ্বাদশ পলানি, পিত্তপ্রস্থং (প্রস্থপরিমিতং পিত্তং), কফস্ত [পরিমাণং] আঢ়কং (চতুস্প্রস্থং) শুক্রং (শুক্রং) কুড়বং (অর্দ্ধশরাবপরিমিতং) মেদঃ দ্বৌ প্রস্থৌ (প্রস্থদ্বয়পরিমিতং) মূত্রপুরীষম্ (মূত্রং মলঞ্চ আহারপরিমাণাৎ (যস্ত যাদৃশাঃ তাদৃশপরিমাণাৎ) [অতঃ] অনিয়তম্ (একরূপং ন ভবতি) পৈপ্পলাদং (পিপ্পলাদমুনিপ্রোক্তং) মোক্ষশাস্ত্রং (মুক্তিশাস্ত্রং) পরিসমাপ্তং (সম্পূর্ণং), পিপ্পলাদং মোক্ষশাস্ত্রং পরিসমাপ্তং (দ্বিরুক্তিঃ গ্রন্থসমাপ্ত্যর্থাঃ)।

অনুবাদ। কেন এই পিণ্ডকে শরীর বলা হয়? ইহার উত্তরে বলা যাইতেছে,—ইহাতে তিনটী অগ্নি প্রত্যক্ষভাবে আশ্রিত থাকে; অতএব ইহাকে শরীর বলা হয়। জ্ঞানাগ্নি, দর্শনাগ্নি ও কোষ্ঠাগ্নি এই তিনটী অগ্নি। এই তিনটী অগ্নির মধ্যে, যে ভুক্ত, পীত, লেহ্য ও চোষ্য দ্রব্যগুলি পরিপাক করে,

তাহার নাম কোষ্ঠাগ্নি। যে রূপাদি দর্শন করে, তাহার নাম দর্শনাগ্নি এবং তন্মধ্যে জ্ঞানাগ্নি শুভ ও অশুভ কর্ম্ম লাভ করে। [এখন শরীরে অগ্নিত্রয় বিদ্যমান থাকাতে যজ্ঞদৃষ্টির দ্বারা—উপাসনা বলিতেছেন—] তিনটী অগ্নি তিনটী স্থানে স্মরণ করিয়া উপাসনা করিতে হয়। দর্শনাগ্নিকে হৃদয়ে স্মরণ করিয়া তাহাকে 'আহবনীয়' অগ্নিরূপে উপাসনা করিবে, উদরে কোষ্ঠাগ্নি স্মরণ করিয়া গার্হপত্যজ্ঞানে উপাসনা করিবে এবং মুখে জ্ঞানাগ্নি স্মরণ করিয়া গার্হপত্যরূপে উপাসনা করিবে। আত্মাকে যজমান, বুদ্ধিকে পত্নী, মনকে ব্রহ্মা বলিয়া উপাসনা করিবে। লোভাদিকে পশু, ধৈর্য্য ও সন্তোষকে দীক্ষা, জ্ঞানেন্দ্রিয়গণকে যজ্ঞপাত্রসমূহ, কর্ম্মেন্দ্রিয়গণকে হবিঃসমূহ, মস্তককে কপাল, কেশকে কুশ এবং মুখকে অন্তর্ব্বেদি বলিয়া উপাসনা করিবে। [এক্ষণে শরীরে অবয়ববিভাগ বলিতেছেন—] মস্তক চারিটী কপালযুক্ত, ষোড়শ পার্শ্ব, ষোড়শ দন্ত, ষোড়শ ওষ্ঠ, একশত সাত মর্ম্ম, একশত আশি সন্ধি-

স্থান, একশত নয় স্নায়ু, সাতশত শিরা, পাঁচশত পেশী, তিনশত ষাট অস্থি, সাড়ে চারিকোটি লোম, রস আট পল, জল বার পল, প্রস্থপরিমিত পিত্ত শরীরে বিদ্যমান থাকে। কফের পরিমাণ এক আঢ়ক অর্থাৎ চারিপ্রস্থ, শুক্র এক কুড়ব অর্থাৎ অর্দ্ধশরাব-প্রমাণ, মেদ প্রস্থদ্বয়পরিমিত, মূত্র ও বিষ্ঠার নিয়ত কোন পরিমাণ নাই; কারণ যেরূপ আহার, সেই পরিমাণেই বিষ্ঠা ও মূত্র হইয়া থাকে। পিপ্পলাদ-ঋষি-কথিত মোক্ষশাস্ত্র সমাপ্ত।

গর্ভোপনিষদের অনুবাদ সমাপ্ত।

তারসারোপনিষৎ।

যন্নারায়ণতারার্থসত্যজ্ঞানসুখাকৃতি।
ত্রিপান্নারায়ণাকারং তদ্ ব্রহ্মৈবাস্মি কেবলম্ ॥
ওঁ পূর্ণমদ ইতি শান্তিঃ ॥

যিনি আমাদিগকে সংসার-সমুদ্র হইতে উত্তরণ করেন, তিনিই নারায়ণ; সত্য, জ্ঞান ও সুখ ইঁহার স্বরূপ এবং যিনি পাদত্রয় দ্বারা দ্যুলোক ব্যাপিয়া আছেন, আমিই সেই ব্রহ্ম।

১। হরিঃ ওঁ বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যং যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্। তস্মাদ্ যত্র কচন গচ্ছেত্তদেব মন্যেতেতি। ইদং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্। অত্র হি জন্তোঃ প্রাণেষু উৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষী ভবতি। তস্মাদবি-

মুক্তমেব নিষেবেত। অবিমুক্তং ন বিমুঞ্চেৎ। এবমেবৈষ ভগবন্নিতি বৈ যাজ্ঞবল্ক্যঃ।

ব্যাখ্যা। হরিঃ ওঁ। বৃহস্পতিঃ যাজ্ঞবল্ক্যম্ উবাচ (কথয়ামাস) দেবানাং (দ্যোতনশীলানাং স্বয়ংপ্রকাশমানানামিত্যর্থঃ) দেবযজনং (দেবাধিষ্ঠানং) সর্ব্বেষাং ভূতানাং (প্রাণিনাং ক্ষিত্যাদিভূতানাং বা) ব্রহ্মসদনং (সর্ব্বোপাধি-বিনির্ম্মুক্তস্য ব্রহ্মণঃ নিবাসক্ষেত্রং) যদনু (যস্মাৎ); কুরুক্ষেত্রং তস্মাৎ যত্র কচন (স্থানে) গচ্ছেৎ তদেব (স্থানং) [কুরুক্ষেত্রং] ইতি মন্যেত। ইদং (প্রসিদ্ধং) বৈ (কিল) কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং (যজ্ঞভূমিঃ) সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাং ব্রহ্মসদনং (ব্রহ্মপ্রাপ্তিস্থানং), অবিমুক্তং (অবিদ্যাদশায়াং দেশকালাদ্যুপাধিযুক্তং) বৈ কুরুক্ষেত্রং, দেবানাং দেবযজনং (দেবাধিষ্ঠানং) সর্ব্বেষাং ভূতানাং (প্রাণিনাং) ব্রহ্মসদনং (সর্ব্বোপাধিমুক্তস্য ব্রহ্মণঃ নিবাসক্ষেত্রম্)। অত্র (কুরুক্ষেত্রে) হি (নিশ্চয়ে) জন্তোঃ (প্রাণিনঃ) প্রাণেষু উৎক্রমমাণেষু (বহির্গতেষু) রুদ্রঃ (সদাশিবঃ) তারকং ব্রহ্ম ব্যাচষ্টে (কথয়তি); যেন (উপায়েন) অসৌ (উৎক্রান্তপ্রাণঃ) অমৃতী (অমরণশীলঃ) ভূত্বা মোক্ষী (মোক্ষভাক্) ভবতি। তস্মাৎ (হেতোঃ) অবিমুক্তং (কুরুক্ষেত্রম্) এব নিষেবেত। অবিমুক্তং ন বিমুঞ্চেৎ (পরিত্যজেৎ) এবম্ এব এষঃ (কুরুক্ষেত্রস্বরূপঃ) ভগবন্ ইতি বৈ যাজ্ঞবল্ক্যঃ [উবাচ ইতি শেষঃ]।

অনুবাদ। বৃহস্পতি যাজ্ঞবল্ক্যকে বলিয়াছিলেন;—ইন্দ্রিয়গণের উপাস্য স্বয়ং প্রকাশমান আত্মার অধিষ্ঠান, সর্ব্বপ্রাণীর অথবা ক্ষিত্যাদি পঞ্চভূতের মোক্ষহেতু, সর্ব্বোপাধিরহিত পরব্রহ্মের নিবাসক্ষেত্র, পাপের নিবারক বা প্রাণের আশ্রয়ক্ষেত্র—কুরুক্ষেত্র। সেইজন্য যে কোন স্থানে গমন করিবে, সেই স্থানকেই কুরুক্ষেত্র বলিয়া মনে করিবে। কেন না, প্রসিদ্ধ কুরুক্ষেত্রেও দেবতাগণের যজ্ঞভূমি প্রাণিগণের ব্রহ্ম-প্রাপ্তি স্থান এবং অবিমুক্ত অর্থাৎ অবিদ্যাদশায় দেশকালপ্রভৃতি উপাধিবিশিষ্ট। এই স্থানে প্রাণিগণ প্রাণ পরিত্যাগ করিলে, সদাশিব তাঁহাদিগকে তারকব্রহ্ম নাম উপদেশদান করেন। তাহাতেই তাঁহারা অমৃত অর্থাৎ অমর হইয়া মুক্তিলাভ করিয়া থাকেন। এই নিমিত্ত অবিমুক্ত কুরুক্ষেত্রের সেবা করিবে, ইহাকে কখনও পরিত্যাগ করিবে না। যাজ্ঞবল্ক্য বলিলেন, হাঁ ভগবন্! ইহাই বটে।

২। অথ হৈনং ভারদ্বাজঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যং কিং তারকম্? কিং তারয়তীতি? স হোবাচ যাজ্ঞ-

বক্ষ্যঃ। ওঁ নমো নারায়ণায়েতি তারকং চিদাত্মক-মিত্যুপাসিতব্যম্। ওমিত্যেকাক্ষরমাত্মস্বরূপম্। নম ইতি দ্ব্যক্ষরং প্রকৃতিস্বরূপম্। নারায়ণায়েতি পঞ্চাক্ষরং পরংব্রহ্মস্বরূপম্। ইতি য এবং বেদ। সোঽমৃতো ভবতি। ওমিতি ব্রহ্মা ভবতি। নকারো বিষ্ণুর্ভবতি। মকারো রুদ্রো ভবতি। নকার ঈশ্বরো ভবতি। রকারোঽণ্ডবিরাড্ ভবতি। যকারঃ পুরুষো ভবতি। ণকারো ভগবান্ ভবতি। যকারঃ পরমাত্মা ভবতি। এতদ্বৈ নারায়ণস্যাষ্টাক্ষরং পরমপুরুষো ভবতি।

অয়ম্ ঋগ্বেদঃ প্রথমঃ পাদঃ।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) হ (কিল) এনং যাজ্ঞবল্ক্যং ভারদ্বাজঃ (ভরদ্বাজস্য অপত্যং পুমান্) পপ্রচ্ছ (জিজ্ঞাসয়া-মাস) কিং তারকং [অস্য ব্যাখ্যানং বিধায় শ্রুতিরেব স্বয়মাহ] কিং তারয়তি ইতি? সঃ (প্রসিদ্ধঃ) যাজ্ঞবল্ক্যঃ হ (কিল) উবাচ। 'ওঁ নমো নারায়ণায়' ইতি তারকং (তারয়তীতি) চিদাত্মকং (চৈতন্যস্বরূপম্) ইতি (মত্বা) উপাসিতব্যম্। [অত্র মন্ত্রে] ওঁ ইতি একাক্ষরম্ আত্মস্বরূপং (জীবস্বরূপং) 'নমঃ' ইতি দ্ব্যক্ষরং (অক্ষরদ্বয়ং) প্রকৃতিস্বরূপং (মায়াস্বরূপ-মিত্যর্থঃ) 'নারায়ণায়' ইতি পঞ্চাক্ষরং পরংব্রহ্মস্বরূপং (গুণা-

তীতং তুরীয়ব্রহ্মস্বরূপমিত্যর্থঃ) [ওঁ নমো নারায়ণায়] ইতি যঃ (জনঃ) এবং [প্রকারেণ] বেদ (জানাতি) সঃ (জনঃ) অমৃতঃ (অমরণশীলঃ মুক্ত ইত্যর্থঃ) ভবতি। "ওঁ" ইতি ব্রহ্মা (হিরণ্যগর্ভঃ) ভবতি। 'ন'কারঃ বিষ্ণুঃ ভবতি। 'ম'কারঃ রুদ্রঃ (শিবঃ) ভবতি। 'না'কারঃ ঈশ্বরঃ ভবতি। 'রা'কারঃ অণ্ডবিরাট্ (জগৎকারণস্বরূপব্যাপকঃ) ভবতি। 'য়'কারঃ পুরুষঃ (পুরি শরীরে শেতে জীবঃ) ভবতি। 'ণা'কারঃ ভগবান্ (সর্ব্বজ্ঞঃ) ভবতি। 'য়'কারঃ পরমাত্মা ভবতি। [অতঃ] এতৎ বৈ নারায়ণস্য অষ্টাক্ষরং পরমপুরুষঃ (পরাৎপরপুরুষ স্বরূপঃ) ভবতি। [এবং প্রকারেণ এতদষ্টাক্ষরজ্ঞঃ ব্রহ্মস্বরূপ পরিজ্ঞানাৎ ব্রহ্মস্বরূপ এব ভবতি ব্রহ্মবিদ্ ব্রহ্মৈব ভবতি, ইতি শ্রুত্যন্তরাৎ]।

অয়ং ঋগ্‌বেদঃ প্রথমঃ পাদঃ।

অনুবাদ। ইহার পরে ভারদ্বাজ যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন, তারক কে? অর্থাৎ কে দুঃখময় সংসার হইতে ত্রাণ করেন, তাহা আমাকে বলুন। যাজ্ঞবল্ক্য বলিলেন 'ওঁ নমো নারায়ণায়' এই মন্ত্রই তারক অর্থাৎ এই মন্ত্রই চৈতন্যস্বরূপ, ইহা মনে করিয়া উপাসনা করিবে। এই মন্ত্রস্থ 'ওঁ' এই এক অক্ষর জীবস্বরূপ, 'নমঃ' এই অক্ষরদ্বয়

প্রকৃতিস্বরূপ এবং 'নারায়ণায়' এই পঞ্চ অক্ষর পর-ব্রহ্মস্বরূপ। অর্থাৎ 'ওঁ নমো নারায়ণায়' এই অষ্ট অক্ষরের মধ্যেই জীব, মায়া ও পরব্রহ্মভাব নিহিত রহিয়াছে। যিনি এইরূপে এই মন্ত্র অবগত হইয়াছেন, তিনিই প্রকৃত মুক্তির অধিকারী। কেন না "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্রের অক্ষরসমূহ বিশ্লেষণ করিলে দেখিতে পাওয়া যায় 'ওঁ'কার ব্রহ্মস্বরূপ, 'ম'কার বিষ্ণু, 'ম'কার রুদ্র, 'ন'কার ঈশ্বর, 'র' কার জগৎ-কারণ বিরাট্‌, 'য়'কার পুরুষ জীব, 'ণ'কার ভগবান্‌—সর্ব্বজ্ঞ এবং 'য়'কার পরমাত্মস্বরূপ। অর্থাৎ নারায়ণের এই অষ্টাক্ষর মন্ত্রই পরম পুরুষের স্বরূপ প্রতিপাদন করিতেছে।

ঋগ্‌বেদীয় তারসারোপনিষদের প্রথমপাদ সমাপ্ত।

ক। ওমিত্যেতদক্ষরং পরং ব্রহ্ম। তদেবোপা-সিতব্যম্‌। এতদেব সূক্ষ্মাষ্টাক্ষরং ভবতি। তদেত-দষ্টাত্মকোঽষ্টধা ভবতি। অকারঃ প্রথমাক্ষরো ভবতি। উকারো দ্বিতীয়াক্ষরো ভবতি। মকারস্তৃতীয়াক্ষরো

ভবতি। বিন্দুস্তুরীয়াক্ষরো ভবতি। নাদঃ পঞ্চমাক্ষরো ভবতি। কলা ষষ্ঠাক্ষরো ভবতি। কলাতীতা সপ্তমাক্ষরো ভবতি। তৎপরশ্চাষ্টমাক্ষরো ভবতি। তারকত্বাত্তারকো ভবতি। তদেব তারকং ব্রহ্ম ত্বং বিদ্ধি। তদেবোপাসিতব্যম্।

ব্যাখ্যা। ওঁ ইতি [স্বরূপং] তৎ অক্ষরং (ক্ষয়োদয়রহিতং) পরং ব্রহ্ম। [অতঃ] তদ্ (ওঁকারঃ) এব উপাসিতব্যম্। এতৎ (ওঁকাররূপং) এব সূক্ষ্মাষ্টাক্ষরং (সূক্ষ্ম মাত্রয়া অষ্টাক্ষরং) ভবতি। তৎ (তস্মাৎ) এতৎ (ওঁকারঃ) অষ্টাত্মকঃ (নিম্নোক্তাষ্টবর্ণস্বরূপঃ) [অতঃ] অষ্টধা (অষ্টপ্রকারেণ) ভবতি (প্রকাশতে)। [অস্য ওঁকারস্য] 'অ'কারঃ প্রথমাক্ষরঃ ভবতি। 'উ'কারঃ দ্বিতীয়াক্ষরঃ ভবতি। 'ম'কারঃ তৃতীয়াক্ষরঃ ভবতি। বিন্দুঃ তুরীয়াক্ষরঃ (চতুর্থাক্ষরঃ) ভবতি। নাদঃ পঞ্চমাক্ষরঃ ভবতি। কলা ষষ্ঠাক্ষরঃ ভবতি। কলাতীতা (বাক্) সপ্তমাক্ষরঃ ভবতি। তৎপরঃ (পুরুষঃ) চ অষ্টমাক্ষরঃ ভবতি। [স চ ওঁকারঃ] তারকত্বাৎ (যতঃ সংসারবন্ধনাৎ তারয়তি অতঃ) তারকঃ (উদ্ধর্ত্তা, মোচয়িতা ইতি যাবৎ) ভবতি। তৎ (ওঁকাররূপম্) এব তারকং ব্রহ্ম ত্বং বিদ্ধি (জানীহি) তৎ (ওঁকাররূপম্) এব উপাসিতব্যম্ (আরাধ্যম্)।

অনুবাদ। ওঁকারই সেই ক্ষয়োদয়রহিত নিত্য ব্রহ্ম। সুতরাং ওঁকারেরই উপাসনা করিবে। যেমন 'ওঁ নমো নারায়ণায়' এই মন্ত্র অষ্ট অক্ষরে বিভক্ত এবং ঐ অষ্ট অক্ষরে সমগ্র জীব-ব্রহ্মভাব নিহিত, সেইরূপ একমাত্র ওঁকারই সূক্ষ্মরূপে আট মাত্রায় বিভক্ত, সেই অষ্টমাত্রাস্বরূপ ওঁকার এইরূপে আট ভাগে বিভক্ত হইয়াছে যথা—'অ'কার উহার প্রথম অক্ষর, 'উ'কার দ্বিতীয় অক্ষর, 'ম'কার তৃতীয় অক্ষর। বিন্দু চতুর্থ, নাদ (ধ্বনি) পঞ্চম, কলা ষষ্ঠ, কলাতীতা সপ্তম ও পরব্রহ্মস্বরূপ অষ্টম অর্থাৎ পরব্রহ্ম বা শব্দব্রহ্মের সূক্ষ্মাণুসূক্ষ্মরূপে অভি-ব্যক্তির নাম কলাতীত, সূক্ষ্মরূপে অভিব্যক্তির নাম কলা, তদপেক্ষা স্থূলরূপে অভিব্যক্তির নাম নাদ (উহারই নাম বৈখরীভাব) তাহা অপেক্ষা স্থূলবিন্দু এবং তদপেক্ষা স্থূল মকার, উকার ও অকারাদি। সুতরাং পরব্রহ্মই ওঁকাররূপে অভিব্যক্ত। সেই ওঁকার সংসার-বন্ধন ছিন্ন করিয়া ত্রাণ করিতে অর্থাৎ মুক্তিদান করিতে সমর্থ বলিয়া তারকনামে অভি-

হিত। অতএব তুমি ওঁকারকেই তারকব্রহ্ম বলিয়া জানিবে এবং সেই ওঁকারেরই উপাসনা করিবে।

১। অত্রৈতে শ্লোকা ভবন্তি।

অকারাদভবদ্ ব্রহ্মা জাম্ববানিতিসংজ্ঞকঃ।
উকারাক্ষরসম্ভূত উপেন্দ্রো হরিনায়কঃ॥

ব্যাখ্যা। অত্র (অস্মিন্ বিষয়ে) এতে (নিম্নোক্তাঃ) শ্লোকাঃ ভবন্তি (বর্ত্তন্তে)। অকারাৎ ব্রহ্মা অভবৎ [সঃ] জাম্ববানিতিসংজ্ঞকঃ (জাম্ববান্নামকঃ)। উকারাক্ষরসম্ভূতঃ (উকারাদুৎপন্নঃ) উপেন্দ্রঃ হরিনায়কঃ (হরিরেব নায়কঃ জগচ্চালকঃ ইত্যর্থঃ)।

অনুবাদ। ওঁকাররূপ শব্দব্রহ্ম হইতেই যে সকল অভিব্যক্ত হইয়াছে, তৎসম্বন্ধে এই শ্লোকগুলিই প্রমাণ। ওঁকারের একদেশ অকার হইতে ব্রহ্মা উৎপন্ন হইয়াছেন—যিনি 'জাম্ববান্' নামে আখ্যাত। উকার অক্ষর হইতে সমগ্র জগতের নায়ক হরি উৎপন্ন হইয়াছেন, যিনি 'উপেন্দ্র' নামে বিখ্যাত।

২। মকারাক্ষরসম্ভূতঃ শিবস্তু হনুমান্ স্মৃতঃ।
বিন্দুরীশ্বরসংজ্ঞস্তু শত্রুঘ্নশ্চক্ররাট্ স্বয়ম্॥

ব্যাখ্যা। মকারাক্ষরসম্ভূতঃ (মকারাদুৎপন্নঃ) শিবঃ তু হনুমান্ [ইতি] স্মৃতঃ (কথিতঃ)। বিন্দুঃ ঈশ্বরসংজ্ঞকঃ স্বয়ং চক্ররাট্ (মণ্ডলরাজঃ) শত্রুঘ্নঃ।

অনুবাদ। মকার হইতে শিব আবির্ভূত হইয়াছেন, যিনি হনুমান্ নামে প্রখ্যাত অর্থাৎ যিনি হনুমান্ রূপে অবতীর্ণ। এবং বিন্দু হইতে ঈশ্বর আবির্ভূত হইয়াছেন, যিনি স্বয়ং রাজাধিরাজ শত্রুঘ্ন নামে বিখ্যাত।

৩। নাদো মহাপ্রভুর্জ্ঞেয়ো ভরতঃ শঙ্খনামকঃ।
কলায়াঃ পুরুষঃ সাক্ষাল্লক্ষ্মণো ধরণীধরঃ॥

ব্যাখ্যা। নাদঃ শঙ্খনামকঃ মহাপ্রভুঃ ভরতঃ জ্ঞেয়ঃ। কলায়াঃ সাক্ষাৎ পুরুষঃ [জাতঃ] [যঃ] ধরণীধরঃ (পৃথিবী-পালকঃ) লক্ষ্মণঃ।

অনুবাদ। নাদই মহাপ্রভাবশালী শঙ্খ-নামক ভরত বলিয়া জানিবে এবং কলা হইতে সাক্ষাৎ পুরুষ উৎপন্ন হইয়াছেন— যিনি পৃথিবী পালক লক্ষ্মণ নামে অভিহিত।

৪। কলাতীতা ভগবতী স্বয়ং সীতেতি সংজ্ঞিতা।
তৎপরঃ পরমাত্মা চ শ্রীরামঃ পুরুষোত্তমঃ॥

ব্যাখ্যা। স্বয়ং ভগবতী কলাতীতা [যা] সীতা ইতি সংজ্ঞিতা (কীর্ত্তিতা)। তৎপরঃ পরমাত্মা চ [স্বঃ] পুরুষোত্তমঃ (পুরুষ-শ্রেষ্ঠঃ) শ্রীরামঃ।

অনুবাদ। স্বয়ং ভগবতী কলাতীতা, যিনি সীতা নামে বিখ্যাতা। (ইনিই ব্রহ্মশক্তি মায়া) ইহার পরেই সেই পরব্রহ্ম—পরমাত্মা যিনি পুরুষোত্তম শ্রীরামচন্দ্র বলিয়া কীর্ত্তিত।

৫। ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বম্। তস্যোপব্যাখ্যানং ভূতং ভব্যং ভবিষ্যদ্ যচ্চান্যত্তত্ত্বমন্ত্রবর্ণদেবতাছন্দো ঋক্‌-কলাশক্তিসৃষ্ট্যাত্মকমিতি। য এবং বেদ।

যজুর্ব্বেদো দ্বিতীয়ঃ পাদঃ।

ব্যাখ্যা। [অতঃ] ইদং (আব্রহ্মস্তম্বপর্য্যন্তং) সর্ব্বং (জগৎ) ওঁ ইতি এতদ্ অক্ষরং (ওঁ ইত্যেতদাত্মকং, তস্য (ওঁকারস্যৈব) উপব্যাখ্যানং (বিস্তারঃ) [যৎ] ভূতং (অতীতং) ভব্যং (বর্ত্তমানং) ভবিষ্যৎ (অনাগতং), যৎ চ

অস্থং [তস্যৈব ব্যাখ্যানম্] তত্ত্বমন্ত্রবর্ণদেবতাছন্দোঋক্কলা-শক্তিসৃষ্ট্যাত্মকং (তত্ত্বং পদার্থযাথার্থ্যনিরূপণং মন্ত্রবর্ণঃ মন্ত্র-সমুদায়ঃ, দেবতা ইন্দ্রাদয়ঃ, ছন্দঃ শ্লোকপ্রকারঃ, ঋক্ বেদভেদঃ, কলা বিদ্যাভেদা, শক্তিঃ পদার্থধর্ম্মঃ, সৃষ্টিঃ উৎপত্তিঃ ইত্যেতৎ-স্বরূপং [সর্ব্বম্ ওঙ্কারাত্মকমেব ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ] ইতি। যঃ (জনঃ) এবং (পূর্ব্বোক্তপ্রকারং) বেদ (জানীয়াৎ)।

অনুবাদ। অতএব ব্রহ্মাঅবধি কীট-পতঙ্গপর্য্যন্ত সমগ্র জগৎই এই ওঁকাররূপ ব্রহ্মেরই স্বরূপ অর্থাৎ শব্দ ব্রহ্মের বাহ্য বিকাশমাত্র; নিম্নোক্ত বিষয়সমূহ তাহারই (ওঁকারেরই) বিস্তারস্বরূপ জানিবে। যথা—যাহা অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এবং ইহা ভিন্ন যাহা কিছু অর্থাৎ পদার্থতত্ত্ব, মন্ত্রসমূহ, দেবতা, ছন্দঃ, ঋগাদিবেদ, কলাবিদ্যা, পদার্থশক্তি এবং সৃষ্টিপ্রভৃতি সকলই ওঁকার হইতে সমুৎপন্ন, সুতরাং ওঁকারস্বরূপ। যিনি এইরূপে ওঁকার জানিতে পারিয়াছেন, তিনিই প্রকৃত ওঁকারের স্বরূপ বুঝিয়াছেন।

যজুর্ব্বেদীয় তারসারোপনিষদের দ্বিতীয়পাদ সমাপ্ত

৭ক। অথ হৈনং ভারদ্বাজো যাজ্ঞবল্ক্যমুবাচাথ কৈর্মন্ত্রৈঃ পরমাত্মা প্রীতো ভবতি ? স্বাত্মানং দর্শয়তি ? তন্নো ব্রূহি ভগব ইতি। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) হ (কিল এবং যাজ্ঞবল্ক্যং ভারদ্বাজঃ উবাচ (কথয়ামাস), কৈঃ মন্ত্রৈঃ পরমাত্মা প্রীতঃ ভবতি ? স্বাত্মানং (স্বস্বরূপং) দর্শয়তি ? [হে] ভগবঃ (ভগবন্) তৎ (মন্ত্রস্বরূপং) নঃ (অস্মভ্যং) কথয় ইতি। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ (কিল বাক্যালঙ্কারে) উবাচ।

অনুবাদ। ইহার পরে ভারদ্বাজ যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন, কোন্ মন্ত্রদ্বারা পরমাত্মা প্রীত হন, অর্থাৎ আত্মস্বরূপ দর্শন করাইয়া থাকেন ? হে ভগবন্ যাজ্ঞবল্ক্য ! আপনি দয়া করিয়া আমাদিগকে সেই মন্ত্রের স্বরূপটী বলুন। যাজ্ঞবল্ক্য বলিয়াছিলেন।

১। ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবানকারবাচ্যো জাম্ববান্ ভূর্ভুবঃ স্বুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ যঃ হ বৈ (প্রসিদ্ধৌ) শ্রীপরমাত্মা (পরমাত্ম-

স্বরূপঃ) নারায়ণঃ সঃ ভগবান্ অকারবাচ্যঃ (অকারপ্রতিপাদ্যঃ), [স এব] জাম্ববান্, ভূর্ভুবঃ সুবঃ (ভূরাদিব্যাহৃতি স্বরূপঃ) তস্মৈ (তদ্রূপায়) বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ, তিনি ওঁকারের অন্তর্গত অকারের প্রতিপাদ্য অর্থাৎ ওঁকার প্রত্যেক বর্ণে বর্ণে তাঁহারই প্রতিপাদন করিতেছে। তিনি জাম্ববান্‌রূপে জগতে প্রকটিত এবং তিনিই ভূর্লোক, অন্তরীক্ষ লোক ও স্বর্গলোকস্বরূপ অর্থাৎ সেই অব্যাকৃত ভগবান্ নারায়ণ,ভূরাদিরূপে ব্যাকৃত—প্রকাশিত। অতএব সেই ভূরাদি ব্যাহৃতিরূপে প্রকাশিত পরমাত্মা নারায়ণকে নমস্কার।

২। ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবানুকারবাচ্য উপেন্দ্রস্বরূপো হরিনায়কো ভূর্ভুবঃ সুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ যঃ হ বৈ (প্রসিদ্ধৌ) শ্রীপরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্ উকার-বাচ্যঃ (উকারপ্রতিপাদ্যঃ), উপেন্দ্র-স্বরূপঃ হরিনায়কঃ (হরিরেব নায়কঃ জগচ্চালকঃ) ভূর্ভুবঃ সুবঃ (ভূরাদিব্যাহৃতিস্বরূপঃ) তস্মৈ (তদ্রূপায়) বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ, তিনি ওঁকারের অন্তর্গত উকারের প্রতিপাদ্য অর্থাৎ ওঁকারের অন্তর্গত উকারও উহারই প্রতিপাদন করিতেছে। তিনিই উপেন্দ্র এবং তিনিই সমগ্র জগতের নায়ক হরি ভূরাদিলোক-রূপে আত্মবিকাশ করিয়া অবস্থিত; তাঁহাকে নমস্কার।

৩। ওঁ যো হ বৈ পরমাত্মা নারায়ণঃ স ভগবান্ মকারবাচ্যঃ শিবস্বরূপো হনুমান্ ভূর্ভুবঃ সুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ য. হ বৈ পরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্ মকার বাচ্যঃ (মকারপ্রতিপাদ্যঃ), শিবস্বরূপঃ হনুমান্, ভূর্ভুবঃ সুবঃ (ভূরাদিব্যাহৃতিস্বরূপঃ) তস্মৈ (তদ্রূপায়) বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ,তিনিই ওঁকারের অন্তর্গত মকারের প্রতিপাদ্য অর্থাৎ মকার উহারই প্রতিপাদন করিতেছে। এই হনুমদ্রূপী ভগবান্ শঙ্কর ভূরাদি-লোকরূপে আত্মবিকাশ করিতেছেন, উহাঁকে নমস্কার।

৪। ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবান্ বিন্দুস্বরূপঃ শত্রুঘ্নো ভূর্ভুবঃ স্বুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ যঃ হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্, বিন্দুস্বরূপঃ (ওঁকারান্তর্গতবিন্দু-প্রতিপাদ্যঃ) শত্রুঘ্নঃ, ভূর্ভুবঃ স্বুবঃ (ভূরাদিস্বরূপঃ) তস্মৈ (তদ্রূপায়) বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ, তিনিই ওঁকারের অন্তর্গত বিন্দু-স্বরূপ, অর্থাৎ বিন্দুও উহারই প্রতিপাদন করিতেছে। ইনিই ভগবান্ শত্রুঘ্ন এবং ইনিই আবার ভূরাদি লোকরূপে প্রকাশিত, উহাঁকে নমস্কার।

৫। ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবান্ নাদস্বরূপো ভরতো ভূর্ভুবঃ স্বুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ যঃ হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্ নাদস্বরূপঃ (ওঁকারান্তর্গতনাদপ্রতিপাদ্যঃ) ভরতঃ ভূর্ভুবঃ স্বুবঃ (ভূরাদিস্বরূপঃ) তস্মৈ বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ, তিনিই ওঁকারের অন্তর্গত নাদ-প্রতিপাদ্য। ইনিই ভগবান্ ভরত এবং ভূরাদি লোকরূপে প্রকাশিত ; ইহাঁকে নমস্কার।

৬। ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবান্ কলাস্বরূপো লক্ষ্মণো ভূর্ভুবঃ স্বুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ যঃ হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্ কলাস্বরূপঃ (ওঁকারান্তর্গত-কলাপ্রতিপাদ্যঃ) লক্ষ্মণঃ ভূর্ভুবঃ স্ববঃ তস্মৈ বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ তিনিই ওঁকারের অন্তর্গত কলা প্রতিপাদ্য। ইনিই ভগবান্ লক্ষ্মণ এবং ভূরাদি লোকরূপে প্রকাশিত ; ইহাঁকে নমস্কার।

৭। ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবান্ কলাতীতা ভগবতী সীতা চিৎস্বরূপা ভূর্ভুবঃ স্বুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। ওঁ যঃ হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্ কলাতীতা ভগবতী সীতা চিৎস্বরূপা (চৈতন্যস্বরূপিণী), ভূর্ভুবঃ স্বঃ তস্মৈ বৈ নমঃ নমঃ।

অনুবাদ। যিনি শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ তিনিই ওঁকারের অন্তর্গত কলাতীতাক্ষর-প্রতিপাদ্য। ইনিই চৈতন্যস্বরূপিণী ভগবতী সীতা-দেবী। ইনিই আবার ভূরাদি রূপে প্রকাশিত; ইহাঁকে নমস্কার।

৮। যথা প্রথমমন্ত্রোক্তাবাদ্যন্তৌ তথা সর্ব্বমন্ত্রেষু দ্রষ্টব্যম্। উকারবাচ্য উপেন্দ্রস্বরূপো হরিনায়কঃ, মকারবাচ্যঃ শিবস্বরূপো হনুমান্, বিন্দুস্বরূপ শত্রুঘ্নঃ, নাদস্বরূপো ভরতঃ, কলাস্বরূপো লক্ষ্মণঃ, কলাতীতা ভগবতী সীতা চিৎস্বরূপা, ওঁ যো হ বৈ শ্রীপরমাত্মা নারায়ণঃ স ভগবান্ তৎপরঃ পরমপুরুষঃ পুরাণপুরুষোত্তমো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তসত্যপরমানন্তাদ্বয়-পরিপূর্ণঃ পরমাত্মা ব্রহ্মৈবাহং রামোহস্মি ভূর্ভুবঃ স্বুবস্তস্মৈ বৈ নমোনমঃ।

ব্যাখ্যা। যথা (যৎপ্রকারৌ) প্রথমমন্ত্রোক্তৌ (অকার-

বাচ্যমন্ত্রেকথিতৌ) আদ্যন্তৌ তথা (তদ্বৎ) সর্ব্বমন্ত্রেষু দ্রষ্টব্যম্। [প্রথমমন্ত্রে অকার-বাচ্যঃ ভগবান্ জাম্ববান্] [দ্বিতীয়মন্ত্রে] উকারবাচ্যঃ উপেন্দ্রস্বরূপঃ হরিনায়কঃ। [তৃতীয়মন্ত্রে] মকার-বাচ্যঃ শিবস্বরূপঃ হনুমান্। [চতুর্থমন্ত্রে] বিন্দুস্বরূপঃ শত্রুঘ্নঃ। [পঞ্চমমন্ত্রে] নাদস্বরূপঃ ভরতঃ। [ষষ্ঠমন্ত্রে] কলাস্বরূপঃ লক্ষ্মণঃ। [সপ্তমমন্ত্রে] কলাতীতা ভগবতী সীতা চিৎস্বরূপা [এতৎ সর্ব্বং পূর্ব্বং ব্যাখ্যাতম্] ওঁ যঃ হ বৈ (প্রসিদ্ধৌ) শ্রীপরমাত্মা নারায়ণঃ সঃ ভগবান্ তৎপরঃ পরমঃ পুরুষঃ (পর-মাত্মা) পুরাণপুরুষোত্তমঃ নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-সত্য-পরমানন্দা-দ্বয়-পরিপূর্ণঃ পরমাত্মা, ব্রহ্ম এব অহং রামঃ অস্মি ভূর্ভুবঃ স্বঃ (তৎস্বরূপঃ) তস্মৈ বৈ নমঃ নমঃ।

অনুবাদ। প্রথম মন্ত্রে যেরূপ আদি ও অন্তে উক্ত হইয়াছে, সকল মন্ত্রেই সেইরূপ যোজনা করিতে হইবে। প্রথম মন্ত্রে ওঁকারের অন্তর্গত অকার-বাচ্য ভগবান্‌কে জাম্ববান্ বলা হইয়াছে, সেইরূপ দ্বিতীয় মন্ত্রে উকার-বাচ্য সমগ্র জগতের নায়ক হরি—উপেন্দ্র, তৃতীয় মন্ত্রে মকার-বাচ্য শিবস্বরূপ হনুমান্, চতুর্থ মন্ত্রে বিন্দু-স্বরূপ শত্রুঘ্ন, পঞ্চমমন্ত্রে নাদস্বরূপ ভরত, ষষ্ঠমন্ত্রে কলাস্বরূপ লক্ষ্মণ, সপ্তম মন্ত্রে কলাতীতা চৈতন্য-

স্বরূপিণী ভগবতী সীতা এবং যিনি প্রসিদ্ধ শ্রীপরমাত্মা ভগবান্ নারায়ণ তিনিই ওঁকারের অন্তর্গত সূক্ষ্ম অষ্টাক্ষর পরব্রহ্মস্বরূপ। ইনিই পুরাণপরমপুরুষ পুরুষোত্তম, পরমাত্মা। ইনি উৎপত্তি-বিনাশবিরহিত, বিশুদ্ধ, জ্ঞানস্বভাব নিত্য, মুক্ত, সত্যস্বরূপ, অদ্বিতীয়, পরমানন্দ, পরিপূর্ণ, পরমাত্মা। আমিই সেই পরব্রহ্ম-স্বরূপ রাম, সেই রামই ভূরাদি লোকরূপে প্রকাশিত; তাঁহাকে নমস্কার।

ক। এতদষ্টবিধমন্ত্রং যোঽধীতে সোঽগ্নিপূতো ভবতি। স বায়ুপূতো ভবতি। স আদিত্যপূতো ভবতি। স স্থাণুপূতো ভবতি। স সর্ব্বৈর্দেবৈর্জ্ঞাতো ভবতি। তেনেতিহাসপুরাণানাং রুদ্রাণাং শতসহস্রাণি জপ্তানি ফলানি ভবন্তি। শ্রীমন্নারায়ণাষ্টাক্ষরানুস্মরণেন গায়ত্র্যাঃ শতসহস্রং জপ্তং ভবতি। প্রণবানামযুতং জপ্তং ভবতি। দশপূর্ব্বান্ দশোত্তরান্ পুনাতি। নারায়ণপদমবাপ্নোতি য এবং বেদ।

ব্যাখ্যা। এতদ্ অষ্টবিধম্ (অষ্টপ্রকারং) মন্ত্রং যঃ (জনঃ) অধীতে, সঃ অগ্নিপূতঃ (অগ্নিনা পবিত্রবৎ পবিত্রঃ,) ভবতি। সঃ

বায়ুপূতঃ ভবতি। সঃ আদিত্যপূতঃ ভবতি। সঃ স্থাণুপূতঃ ভবতি। সঃ সর্ব্বৈঃ দেবৈঃ জ্ঞাতঃ (বিদিতঃ) ভবতি। তেন (তস্য অধীতমন্ত্রস্য) ইতিহাসপুরাণানাং রুদ্রাণাং [চ] শতসহস্রাণি জপ্তানি ফলানি ভবন্তি। শ্রীমন্নারায়ণাষ্টাক্ষরানুস্মরণেন (ওঁ নমো নারায়ণায় ইতি স্মরণেন) গায়ত্র্যাঃ শতসহস্রং জপ্তং ভবতি। প্রণবানাং (ওঁকারাণাং) অযুতং (দশসহস্রং) জপ্তং ভবতি। [সঃ জাপকঃ] দশপূর্ব্বান্ (উর্দ্ধতনদশপুরুষান্ পিত্রাদীন্) দশোত্তরান্ (অধস্তনদশপুরুষান্) পুনাতি (পবিত্রীকরোতি)। যঃ (জনঃ) এবং (পূর্ব্বোক্তং) বেদ (জানাতি) [সঃ] নারায়ণপদং (নারায়ণতুল্যতাম্) অবাপ্নোতি।

অনুবাদ। এই আট প্রকার মন্ত্র যিনি জপ করেন, তিনি যজ্ঞীয় অগ্নিসংযোগে পবিত্রের ন্যায় পবিত্র হন। তিনি বায়ু-পূত, সূর্য্যকিরণ-পূত ও স্থাণু-পূত অর্থাৎ পত্রবিহীনবৃক্ষচ্ছায়া-পূত হন। তিনি সমস্ত দেবতাকর্ত্তৃক বিদিত হন অর্থাৎ এই সকল মন্ত্রজপকারীর সকল দেবারাধনের ফল লাভ হয়। এই মন্ত্রজ্ঞের ইতিহাস, পুরাণ ও রুদ্রাধ্যায়ের সহস্র জপের সমান ফল লাভ হয়। যিনি নারায়ণের

"ওঁ নমো নারায়ণায়" এই অষ্টাক্ষর মন্ত্রের অনুধ্যান করেন, তাঁহার শত সহস্র গায়ত্রীজপের তুল্য এবং দশ সহস্র প্রণবজপের তুল্য ফল হয়। নারায়ণের এই অষ্টাক্ষর মন্ত্রজপকারী উর্দ্ধতন পিত্রাদি দশপুরুষ এবং অধস্তন দশ পুরুষকে পবিত্র করেন। যিনি ইহা জানেন, তিনি নারায়ণের সমান হন।

খ। তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।

ব্যাখ্যা। বিষ্ণোঃ (সর্ব্বব্যাপকস্য) তৎ পরমং পদং (ব্রহ্মলক্ষণং) সুরয়ঃ (বিদ্বাংসঃ) সদা পশ্যন্তি; [কিমিব?] দিবি (আকাশে) আততং (সর্ব্বত্র ব্যাপ্তং) চক্ষুরিব [চক্ষুষঃ উন্মীলনে সর্ব্বত্রৈব ক্ষণেন সংযোগাৎ ইতি ভাবঃ]।

অনুবাদ। যেরূপ চক্ষুঃ উন্মীলন করামাত্র সর্ব্বব্যাপী আকাশে তাহার সম্বন্ধ হয়, সেইরূপ জ্ঞানিগণ সর্ব্বব্যাপকের ব্রহ্মলক্ষণ পরমপদ সর্ব্বদা সর্ব্বত্র অবলোকন করিয়া থাকেন অর্থাৎ জ্ঞানীর দৃষ্টিতে সমগ্র জগৎই ব্রহ্মময়।

গ। তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে

বিষ্ণোর্যৎ পরমং পদম্। ইত্যুপনিষৎ সামবেদস্তৃতীয়ঃ পাদঃ। ওঁ পূর্ণমদ ইতি শান্তিঃ। হরিঃ ওঁ তৎসৎ।

ইতি তারসারোপনিষৎ সমাপ্তা।

অন্বয়ঃ। তস্য বিষ্ণোঃ [যৎ] পরমং পদং (ব্রহ্মলক্ষণং) তদ্ বিপ্রাসঃ (বিপ্রাঃ) বিপন্যবঃ (মেধাবিনঃ) জাগৃবাংসঃ (অসুপ্তাঃ অপ্রমত্তাঃ) সমিন্ধতে (সন্দীপয়ন্তি উপাসনৈঃ নির্ম্মলী-কুর্ব্বন্তি ইত্যর্থঃ)। অথবা তদ্ বিপ্রাসঃ (বিপ্রাঃ) সমিন্ধতে [ণিচো লোপঃ] (সমিন্ধয়ন্তি দীপয়ন্তি উপাসতে ইত্যর্থঃ)। [কিম্ভূতাঃ বিপ্রাঃ ?] বিপন্যবঃ (বিগতঃ মন্যুঃ সংসার-ব্যবহারঃ যেভ্যঃ, নিষ্কামাঃ ইত্যর্থঃ) জাগৃবাংসঃ (জাগরণশীলাঃ অপ্রমত্তাঃ ইত্যর্থঃ)।

অনুবাদ। মেধাবী, অপ্রমত্ত, বিদ্বান্ ব্রাহ্মণ সেই প্রসিদ্ধ বিষ্ণুর ব্রহ্মলক্ষণ পরমপদ উদ্দীপ্ত করেন অর্থাৎ উপাসনা দ্বারা আয়ত্ত করেন। অথবা নিষ্কাম অপ্রমত্ত বিদ্বান্ ব্রাহ্মণ সর্ব্বব্যাপক ব্রহ্মের উপাসনা করেন। ইহাই ব্রহ্মবিদ্যালাভের একমাত্র উপায়।

তারসারোপনিষদের বঙ্গানুবাদ সমাপ্ত।

অক্ষমালিকোপনিষৎ।

ওঁ বাঙ্ মে মনসি প্রতিষ্ঠিতা। মনো মে বাচি প্রতিষ্ঠিতম্। আবিরাবীর্ম এধি। বেদস্য ম অণাস্থঃ। শ্রুতং মে মা প্রহাসীঃ। অনেনাধীতেন অহোরাত্রান্ সন্দধামি। ঋতং বদিষ্যামি। সত্যং বদিষ্যামি। তন্মামবতু। তদ্বক্তারমবতু। অবতু মাম্ অবতুবক্তারমবতু বক্তারম্। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

আমার বাক্য মনে প্রতিষ্ঠিত হউক; আমার মনঃ বাক্যে প্রতিষ্ঠিত হউক। হে বাগ্‌দেবি! তুমি আমার হৃদয়ে আবির্ভূতা হও, আমার নিকট বেদ প্রসার লাভ করুক। গুরুর মুখ হইতে শ্রুতবিষয় যেন বিস্মৃত না হই। এই অধীত বিষয়ের দ্বারা আমি অহোরাত্র যেন চিন্তা করি, আমি ঋত বলিব, সত্য উচ্চারণ করিব। সত্য আমাকে রক্ষা করুন। বক্তাকে রক্ষা করুন। আমাকে রক্ষা করুন।

বক্তাকে রক্ষা করুন। বক্তাকে রক্ষা করুন। শান্তি, শান্তি, শান্তি।

১। অথ প্রজাপতির্গুহং পপ্রচ্ছ, ভো ব্রহ্মন্নক্ষমালাভেদবিধিং ব্রূহীতি। সা কিংলক্ষণা কতিভেদা অস্যাঃ কতিসূত্রাণি কথং ঘটন-প্রকারঃ কে বর্ণাঃ কা প্রতিষ্ঠা কৈষাধিদেবতা কিংফলং চেতি।

ব্যাখ্যা। অথ (আরম্ভার্থকমব্যয়ম্) প্রজাপতিঃ (লোকস্রষ্টা পিতামহঃ ব্রহ্মা) গুহং (কার্ত্তিকেয়ং) পপ্রচ্ছ (জিজ্ঞাসিতবান্)। ভোঃ (সম্বোধনার্থমব্যয়ম্) ব্রহ্মন্ (হে পরমাত্মরূপিন্) অক্ষমালাভেদবিধিম্ (অকারাদিক্ষকারান্তবর্ণাত্মকমালায়াঃ অন্তর্জপসাধিকায়াঃ, তৎপ্রতিনিধিতয়া বহির্জপসাধিকায়াঃ প্রবালাদিঘটিতায়াঃ মালায়াঃ ভেদবিধিং) ব্রূহি (কথয়) ইতি (সামান্যপ্রশ্নসমাপ্তৌ অব্যয়ম্) [অথ বিশেষতঃ জিজ্ঞাসা সা কিমিত্যাদি] সা (অক্ষমালা) কিংলক্ষণা (কিং লক্ষণমস্যা ইতি কিংলক্ষণা, অক্ষমালায়া লক্ষণং কিমিত্যর্থঃ) কতিভেদাঃ (কতিসংখ্যকা অস্যভেদাঃ প্রকারাঃ) অস্যাঃ (অক্ষমালায়াঃ) কতিসূত্রাণি, (কতিসংখ্যকানি সূত্রাণি) কথং ঘটনাপ্রকারঃ (তস্যাঃ রচনায়াঃ কা প্রণালী) কে বর্ণাঃ (কানি অস্যা রূপাণি) কা প্রতিষ্ঠা (তস্যাঃ প্রতিষ্ঠারূপসংস্কারস্য কো

বিধিঃ) কৈষাধিদেবতা (এষাং অধিদেবতা কা ? অস্যা মালায়া অধিষ্ঠাত্রী দেবতা কা ইত্যর্থঃ) কিং ফলঞ্চ (ফলম্ ইষ্টং কিং, অনয়া কস্য ইষ্টস্য সিদ্ধিরিত্যর্থঃ) ইতি (বিশেষপ্রশ্নসমাপ্তৌ)।

অনুবাদ। লোকপিতামহ ব্রহ্মা ভগবান্ গুহকে জিজ্ঞাসা করিলেন—হে ব্রহ্মন্! অন্তর্জপের নিমিত্ত অকারাদি-ক্ষকারপর্য্যন্ত বর্ণাত্মকমালা ও বাহ্য-জপনিমিত্ত তাহার প্রতিনিধিরূপ প্রবালাদিনির্ম্মিত মালার বিধি বলুন। সেই মালার লক্ষণ অর্থাৎ অসাধারণ ধর্ম্ম কি? তাহা কত প্রকার? কয়টী সূত্র? তাহা কিরূপে রচনা করিতে হয়? তাহাদিগের বর্ণ কিরূপ? কিরূপে প্রতিষ্ঠা অর্থাৎ সংস্কার করিতে হয়? ইহাদের অধিষ্ঠাত্রী দেবতা কে এবং ফল কি?

২। তং গুহঃ প্রত্যুবাচ,—প্রবাল-মৌক্তিক-স্ফটিক-শঙ্খ-রজতাষ্টাপদ-চন্দন-পুত্রজীবকাব্জে রুদ্রাক্ষা ইতি। আদিক্ষান্তমূর্ত্তিঃ সাবধানভাবা।

ব্যাখ্যা। গুহঃ (কার্ত্তিকেয়ঃ) তং (প্রজাপতিং) প্রত্যুবাচ (প্রত্যুত্তরং প্রাদাৎ)। প্রবালমৌক্তিক-স্ফটিক-শঙ্খ রজতাষ্টাপদ-চন্দন-পুত্রজীবকাব্জে রুদ্রাক্ষাঃ (প্রবালমৌক্তিক-স্ফটিক

শঙ্খ-রৌপ্য-সুবর্ণ-চন্দনবীজপুত্রজীবকাখ্যবৃক্ষবীজপদ্মবীজানি রুদ্রাক্ষাশ্চ) ইতি [বহির্জাপমালারূপেণ এতে কল্পনীয়াঃ, অক্ষে ইতি প্রয়োগঃ ছান্দসঃ, অজ্ঞানীত্যর্থঃ] আদিক্ষান্তমূর্ত্তিঃ (অকারাদি-ক্ষকারান্তবর্ণপ্রতিনিধিভূতা) সাবধানভাবা (একাগ্রতাসহিতা) [এতেন মালায়াঃ লক্ষণং ভেদাশ্চ উক্তাঃ]।

অনুবাদ। সেই প্রজাপতিকে গুহ প্রত্যুত্তর করিলেন,—প্রবাল, মুক্তা, স্ফটিক, শঙ্খ, রৌপ্য, সুবর্ণ, চন্দনবীজ, পুত্রজীবনামক বৃক্ষবীজ, পদ্মবীজ ও রুদ্রাক্ষ বাহ্যজাপমালারূপে কল্পনা করিবে। ইহারা অকারাদি-ক্ষকারান্ত বর্ণসমূহের প্রতিনিধি-স্বরূপ। ইহাদিগকে একাগ্রতার সহিত ভাবনা করিতে হইবে। (কার্ত্তিকেয়ের এই বাক্যে মালার লক্ষণ ও ভেদবিষয়ক প্রশ্নের উত্তর প্রদত্ত হইল)।

৩। সৌবর্ণং রাজতং তাম্রং চেতি সূত্রত্রয়ম্। তদ্বিবরে সৌবর্ণং, তদ্দক্ষপার্শ্বে রাজতং, তদ্বামে তাম্রম্ তন্মুখে মুখং পুচ্ছে পুচ্ছং তদন্তরাবর্ত্তেন যোজয়েৎ।

ব্যাখ্যা। [কতিসূত্রাণি ইত্যস্য প্রশ্নস্য উত্তরমাহ,—সৌবর্ণমিত্যাদি] সৌবর্ণং (সুবর্ণনির্ম্মিতং) রাজতং (রৌপ্যনির্ম্মিতং) তাম্রং (তাম্রনির্ম্মিতং) চ ইতি সূত্রত্রয়ং (গ্রন্থিদানার্থং ত্রয়ো

গুণাঃ)। [গ্রটনাপ্রকারমাহ], তদ্বিবরে (তেষাং প্রবালাদি-নির্ম্মিত-গুলিকানাং বিবরে ছিদ্রে) সৌবর্ণং স্বুবর্ণনির্ম্মিতসূত্রং দাতব্যম্), তদ্দক্ষপার্শ্বে (তস্য স্বুবর্ণসূত্রস্য দক্ষিণপার্শ্বে) রাজতং (রৌপ্যনির্ম্মিতং), তদ্বামে (তস্য স্বুবর্ণসূত্রস্য বামপার্শ্বে) তাম্রং (তাম্রনির্ম্মিতং সূত্রং দাতব্যম্)। [মালানাং সন্নিবেশ-ক্রমমাহ] তন্মুখে (মালায়াঃ মুখে অগ্রদেশে অন্যস্যাঃ মালায়াঃ গুলিকায়াঃ মুখম্ অগ্রভাগঃ সংযোজনীয়ং); তৎপুচ্ছে (একস্যাঃ পুচ্ছে পশ্চাদ্ভাগে, অপরস্যাঃ পুচ্ছং পশ্চাদ্ভাগঃ, স্থাপনীয়ম্) তদন্তরাবর্ত্তনক্রমেণ (উভয়োর্মধ্যতঃ সূত্রবেষ্টনাত্মকাবর্ত্তম-দ্বারেণ) যোজয়েৎ (গ্রন্থীয়াৎ)।

অনুবাদ। কয়টী সূত্র? এই প্রশ্নের উত্তর বলিতেছেন,—স্বুবর্ণ, রজত ও তাম্রনির্ম্মিত তিনটী সূত্র হইবে। মালা গ্রন্থি দিবার প্রণালী বলিতে-ছেন,—ঐ মালার ছিদ্রে স্বুবর্ণনির্ম্মিত সূত্র, তাহার দক্ষিণপার্শ্বে রজতনির্ম্মিত এবং বামপার্শ্বে তাম্র-নির্ম্মিত এই ত্রিবিধ সূত্রে গ্রন্থি দিবে।* মালার

* ছিদ্রের মধ্যস্থানে স্বুবর্ণসূত্র এবং সেই স্বুবর্ণ সূত্রের দক্ষিণপার্শ্বে রজত-নির্ম্মিত সূত্র এবং বামপার্শ্বে তাম্রনির্ম্মিত সূত্র থাকিবে, এইরূপ ব্যাখ্যাই সঙ্গত বলিয়া মনে হয়। তন্ত্রাদিতে এইরূপ ত্রিগুণ সূত্রের ব্যবস্থা আছে। যথাশ্রুত অর্থ করিলে

মুখেতে মুখ এবং পুচ্ছদেশে পুচ্ছসংযুক্ত করিয়া দুইটী মালার মধ্যে বেষ্টন করিয়া গ্রন্থি দিবে।

৪। যদস্যান্তরসূত্রং তদ্ ব্রহ্ম। যদ্দক্ষপার্শ্বে তচ্ছৈবম্। যদ্বামে তদ্বৈষ্ণবম্। যন্মুখং সা সরস্বতী। যৎ পুচ্ছং সা গায়ত্রী। যৎ সুষিরং সা বিদ্যা। যা গ্রন্থিঃ সা প্রকৃতিঃ।

ব্যাখ্যা। [:মালায়াঃ অধিষ্ঠাতৃদেবতানাং ভাবনাপ্রকারঃ কথ্যতে যদস্যেতি] যদস্যান্তরং সূত্রং (অস্য প্রবালাদে আন্তরং ছিদ্রমধ্যবর্ত্তি সুবর্ণনির্ম্মিতং সূত্রং) তদ্ব্রহ্ম (তস্মিন্ ব্রহ্ম অধিষ্ঠাতৃদেবতারূপেণ চিন্তনীয়ং), যদ্ দক্ষপার্শ্বে তৎ শৈবং (সুবর্ণসূত্রস্য দক্ষিণপার্শ্বে স্থিত রজতসূত্রে অধিষ্ঠাতৃদেবতা-রূপেণ শিবঃ চিন্তনীয়ঃ), যদ্বামে তদ্বৈষ্ণবং (বামভাগস্থিত-তাম্র-সূত্রে বিষ্ণুঃ অধিষ্ঠাতৃরূপেণ চিন্তনীয়ঃ), যৎ মুখং সা সরস্বতী (মুখে সরস্বতী দেবতা চিন্তনীয়া), যৎ পুচ্ছং সা গায়ত্রী (পুচ্ছে গায়ত্রী ভাবনীয়া), যৎ সুষিরং সা বিদ্যা (ছিদ্রে বিদ্যা চিন্তনীয়া

আপাততঃ, মালার ছিদ্রমধ্যে সুবর্ণসূত্র এবং দুইপার্শ্বে সুবর্ণ ও রজতনির্ম্মিত সূত্র দিয়া গ্রন্থি দিবে, এইরূপ প্রতীতি হয়, কিন্তু তাহা শাস্ত্র বা ব্যবহার-সম্মত নহে।

যা গ্রন্থিঃ সা প্রকৃতিঃ” (সূত্রাণাং গ্রন্থৌ প্রকৃতিঃ দেবতা চিন্তনীয়া)। [অনেন “কৈষাধিদেবতা” ইতি প্রশ্নস্য উত্তর প্রদত্তম্]।

অনুবাদ। ইহার যে মধ্যবর্ত্তী সূত্র, তাহা ব্রহ্ম। দক্ষিণপার্শ্বে যে সূত্র, তাহা শৈব এবং বামে যে সূত্র, তাহা বৈষ্ণব, মালার যে মুখ, তাহা সরস্বতী, মালার যে পুচ্ছ, তাহা গায়ত্রী, যে ছিদ্র তাহা বিদ্যা এবং যে গ্রন্থি তাহা প্রকৃতি। অর্থাৎ মধ্যবর্ত্তী সুবর্ণসূত্রাদিতে ব্রহ্মপ্রভৃতি দেবতা অধিষ্ঠাতৃরূপে চিন্তনীয়। এই বাক্যের দ্বারা অধিষ্ঠাত্রী দেবতা কি, এই প্রশ্নের উত্তর বলা হইয়াছে।

৫। যে স্বরাস্তে ধবলাঃ; যে স্পর্শাস্তে পীতাঃ। যে পরাস্তে রক্তাঃ।

ব্যাখ্যা। [কে বর্ণা ইত্যস্য প্রশ্নস্যোত্তরম্—যে স্বরা ইতি]। যে স্বরাঃ (অকারাদিস্বরবর্ণাঃ তৎপ্রতিনিধিভূতাঃ প্রবালাদয়ো বা) তে ধবলাঃ (ধবলাঃ শ্বেতবর্ণতয়া চিন্তনীয়াঃ) যে স্পর্শাঃ (ককারাদিমকারান্তা বর্ণাঃ, তৎপ্রতিনিধিভূতাঃ প্রবালাদয়ো বা) তে পীতাঃ (পীতাঃ পীতবর্ণতয়া চিন্তনীয়াঃ),

যে পরান্তে রক্তাঃ (পরাঃ অকারাদি-মকারান্তভিন্নাঃ অর্থাৎ যকারাদি-ক্ষকারান্তবর্ণাঃ তে পীতাঃ পীতবর্ণতয়া চিন্তনীয়াঃ)।

অনুবাদ। যে সকল স্বরবর্ণ অথবা স্বরবর্ণের প্রতিনিধিস্বরূপ প্রবালাদি, তাহাদিগকে শ্বেতবর্ণরূপে চিন্তা করিবে। ক হইতে ম পর্য্যন্ত স্পর্শ বর্ণ অথবা তাহাদের প্রতিনিধিভূত প্রবালাদি পীতবর্ণরূপে চিন্তা করিবে। এতদ্ভিন্ন যকার হইতে ক্ষকার পর্য্যন্ত বর্ণ বা তৎপ্রতিনিধি প্রবালাদি রক্তবর্ণ ভাবনা করিবে। ইহা দ্বারা কি বর্ণ, এই প্রশ্নের উত্তর করা হইল।

৬। অথ তাং পঞ্চভির্গন্ধৈরমৃতৈঃ পঞ্চভির্গব্যৈস্তনুভিঃ শোধয়িত্বা পঞ্চভির্গব্যৈর্গন্ধোদকেন সংস্নাপ্য তস্মাৎ সোঙ্কারেণ পত্রকূর্চ্চেন স্নপয়িত্বাষ্টভির্গন্ধৈরালিপ্য সুমনঃস্থলে নিবেশ্যাক্ষতপুষ্পৈরারাধ্য প্রত্যক্ষাদিক্ষান্তবর্ণৈর্ভাবয়েৎ।

ব্যাখ্যা। [অথ প্রতিষ্ঠামাহ],—অথ (পূর্ব্বোক্ত-ভাবনানন্তরং) তাং (মালাং) পঞ্চভিঃ গন্ধৈঃ (চন্দনাদিভিঃ) অমৃতৈঃ (শর্করাদিভিঃ পঞ্চামৃতৈঃ) পঞ্চভিঃ গব্যৈঃ (গো-ঘৃতাদিভিঃ) তনুভিঃ

(অল্পপরিমিতৈঃ) শোধয়িত্বা (দোষাপনয়নেন বিশোধ্য) পঞ্চভি-র্গব্যৈঃ গন্ধোদকেন (পঞ্চগব্যৈঃ গন্ধযুক্তজলেন চ) সংস্নাপ্য (সম্যক্ স্নপয়িত্বা) তস্মাৎ (তদনন্তরং) সোঙ্কারেণ (ওঁকার-রূপপ্রণবোচ্চারণপূর্ব্বকং) পত্রকূর্চ্চেন স্নপয়িত্বা (উশীরপত্রাদি-নির্ম্মিতকূর্চ্চেন "কুঁচি" ইতি প্রসিদ্ধ মলাপকর্ষণ সাধনেন মলাপনয়নপূর্ব্বকং স্নাপয়িত্বা) গন্ধৈঃ (চন্দনাদিভিঃ) আলিপ্য (মালায় আলেপনং বিধায়) সুমনঃস্থলে নিবেশ্য (পুষ্পোপরি স্থাপয়িত্বা) অক্ষতপুষ্পৈঃ (পুষ্পাতপতণ্ডুলাদিভিঃ) আরাধ্য (পূজয়িত্বা) প্রত্যক্ষাদিক্ষান্তবর্ণৈঃ (প্রত্যক্ষাত্মকাকারাদি-ক্ষকারান্তবর্ণরূপেণ) ভাবয়েৎ (চিন্তয়েৎ)।

অনুবাদ। মালায় বর্ণ চিন্তার পর অল্প-পরিমিত-চন্দনাদি পঞ্চগন্ধ, পঞ্চামৃত ও পঞ্চগব্য দ্বারা শোধন করিয়া গন্ধমিশ্রিত জল ও পঞ্চগব্য দ্বারা স্নান করাইবে। তৎপর ওঁকার উচ্চারণপূর্ব্বক পত্র কূর্চ্চ (পত্রনির্ম্মিত কুঁচি) দ্বারা স্নান করাইয়া পুষ্প, আতপ-তণ্ডুল প্রভৃতি দ্বারা পূজাপূর্ব্বক প্রত্যক্ষ অকারাদি ক্ষকারান্ত বর্ণরূপে চিন্তা করিবে।

৭। ওমঙ্কার মৃত্যুঞ্জয় সর্ব্বব্যাপক প্রথমেঽক্ষে প্রতিতিষ্ঠ।

ব্যাখ্যা। ওঁ অংকার (ইতি বিন্দুযুক্তাকারবর্ণস্থ সম্বোধনম্ এবমুত্তরত্র জ্ঞাতব্যম্ হে অকার ইত্যর্থঃ) মৃত্যুঞ্জয় (মৃত্যুং জয়তি যঃ তৎ সম্বোধনে, হে মৃত্যুজয়কারিন্) সর্ব্বব্যাপক (হে সর্ব্বব্যাপিন্), প্রথমে অক্ষে (প্রথমপ্রবালাদৌ) প্রতিতিষ্ঠ (প্রতিষ্ঠিতো ভব)।

অনুবাদ। হে মৃত্যুজয়কারক এবং সর্ব্ব-ব্যাপক অকার! তুমি প্রথম অক্ষে প্রতিষ্ঠিত হও।

৮। ওমাংকারাকর্ষণাত্মক সর্ব্বগত দ্বিতীয়েঽক্ষে প্রতিতিষ্ঠ।

ব্যাখ্যা। ওঁ আংকার (হে আকার বর্ণ), আকর্ষণাত্মক (হে আকর্ষণস্বরূপ), সর্ব্বগত (হে সর্ব্বব্যাপিন্), দ্বিতীয়েঽক্ষে প্রতিতিষ্ঠ (পূর্ব্ববৎ)।

অনুবাদ। হে আকর্ষণাত্মক সর্ব্বগত আকার! তুমি দ্বিতীয় অক্ষে প্রতিষ্ঠিত হও।

৯। ওমিঙ্কার পুষ্টিদাক্ষোভকর তৃতীয়েঽক্ষে প্রতিতিষ্ঠ।

ব্যাখ্যা। ওঁ ইংকার (হে ইবর্ণ) হে পুষ্টিদায়ক, হে অক্ষোভ-কারক, তৃতীয় অক্ষে প্রতিষ্ঠিতো ভব। (বক্ষ্যমাণ মন্ত্রাণামপি

এবং অর্থঃ জ্ঞাতব্যঃ। সরলতয়া প্রয়োজনাভাবাৎ তেষাং ব্যাখ্যা ন লিখিতা।)।

অনুবাদ। হে পুষ্টিদায়ক অক্ষোভকারক ইকার! তুমি তৃতীয় অক্ষে প্রতিষ্ঠিত হও।

১০। ওমীঙ্কার বাক্ প্রসাদকর নির্ম্মল চতুর্থেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমুঙ্কার সর্ব্ববলপ্রদ সারতর পঞ্চমেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমূঙ্কারোচ্চাটনকর দুঃসহ ষষ্ঠেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমৃঙ্কার সংক্ষোভকর চঞ্চল সপ্তমেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমৄঙ্কার সম্মোহনকরোজ্জ্বলাষ্টমেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওম৯ঙ্কার বিদ্বেষণকর মোহক নবমেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমৡঙ্কার মোহকর দশমেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমেঙ্কার সর্ব্ববশ্যকর শুদ্ধসত্ত্বৈকাদশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমৈঙ্কার শুদ্ধসাত্ত্বিক পুরুষবশ্যকর দ্বাদশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমোঙ্কারাখিলবাঙ্ময় নিত্যশুদ্ধ ত্রয়োদশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমৌঙ্কার সর্ব্ববাঙ্ময় বশ্যকর চতুর্দ্দশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমঙ্কার গজাদিবশ্যকর মোহন পঞ্চাদশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওমঃকার মৃত্যুনাশনকর রৌদ্র ষোড়শেঽক্ষে

প্রতিতিষ্ঠ। ওঁ কঙ্কার সর্ববিষহর কল্যাণদ সপ্তদশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ খঙ্কার সর্বক্ষোভকর ব্যাপকাষ্টাদশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ গঙ্কার সর্ববিঘ্নশমন মহত্তরৈকোনবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ঘঙ্কার সৌভাগ্যদ স্তম্ভনকর বিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ঙঙ্কার সর্ববিষনাশকরোগ্রৈকবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ চঙ্কারাভিচারঘ্ন ক্রূর দ্বাবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ছঙ্কার ভূতনাশকর ভীষণ ত্রয়োবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ জঙ্কার কৃত্যাদিনাশকর দুর্ধর্ষ চতুর্বিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ঝঙ্কার ভূতনাশকর পঞ্চবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ঞঙ্কার মৃত্যুপ্রমথন ষড়্বিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ টংকার সর্বব্যাধিহর সুভগ সপ্তবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ঠঙ্কার চন্দ্ররূপাষ্টাবিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ডঙ্কার গরুড়াত্মক বিষঘ্ন শোভনৈকোনত্রিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ঢঙ্কার সর্বসম্পৎপ্রদ সুভগ ত্রিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ণঙ্কার সর্বসিদ্ধিপ্রদ মোহকরৈকত্রিংশেহক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ তঙ্কার ধনধান্যাদিসম্পৎপ্রদ প্রসন্ন দ্বাত্রিংশেহক্ষে

প্রতিতিষ্ঠ। ওঁ থঙ্কার ধর্ম্মপ্রাপ্তিকর নির্ম্মল ত্রয়স্ত্রিংশে-হক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ দঙ্কার পুষ্টিবৃদ্ধিকর প্রিয়দর্শন্ চতুস্ত্রিংশেহক্ষে প্রতিতিষ্ঠ।

অনুবাদ। হে বাক্যের প্রসন্নতাসম্পাদক নির্ম্মল 'ঈকার', চতুর্থ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ববলপ্রদ সারতর "উকার" পঞ্চম অক্ষে প্রতিষ্ঠিত হও। হে উচ্চাটন অর্থাৎ চঞ্চলতা-সম্পাদক দুঃসহ (দুঃখে সহনীয়) "ঊকার" ষষ্ঠ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সংক্ষোভকারক চঞ্চল "ঋ"কার সপ্তম অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সম্মোহনকর উজ্জ্বল "ৠ"কার' অষ্টম অক্ষে প্রতিষ্ঠিত হও। হে বিদ্বেষকারক মোহ-সম্পাদক 'ঌ'কার নবম অক্ষে প্রতিষ্ঠিত হও। হে মোহকর"ৡ"কার দশম অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ববশ্যকারক শুদ্ধসত্ত্ব "এ"কার একাদশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে শুদ্ধসাত্ত্বিক পুরুষবশ্যকর"ঐ" কার দ্বাদশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সকল বাঙ্ময়-স্বরূপ নিত্যশুদ্ধ"ও"কার ত্রয়োদশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সকল বাক্যাত্মক সর্ব্ববশ্যকারক "ঔ"কার

চতুর্দ্দশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে গজাদিবশ্যকর মোহজনক "অং"কার পঞ্চদশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে মৃত্যু-নাশকারক রৌদ্র "অঃ"কার ষোড়শ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ববিষহর কল্যাণপ্রদ ককার! সপ্তদশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বক্ষোভকর ব্যাপক "খ"কার অষ্টাদশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ববিঘ্ননাশক মহত্তর 'গকার' একোনবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সৌভাগ্যদায়কস্তম্ভন-কারক "ঘ"কার বিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ববিষনাশকারক উগ্র "ঙ"কার একবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে অভিচারনাশক ক্রূর 'চ' কার দ্বাবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে ভূত-নাশকারক ভীষণ "ছ"কার ত্রয়োবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে কৃত্যা প্রভৃতির * নাশকারক দুর্দ্ধর্ষ "জ"কার

---

* শত্রুহিংসার নিমিত্ত অনুষ্ঠিত আভিচারিক যজ্ঞাদি এবং সেই যজ্ঞাদি হইতে সমুৎপন্ন শত্রুহিংসাকারিণী দেবতাবিশেষের নাম কৃত্যা।

চতুর্বিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে ভূতনাশকর "ঋ"কার পঞ্চবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে মৃত্যু-প্রমথনকর"ঞ"কার ষড়বিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বব্যাধি-হর সৌভাগ্যবিশিষ্ট "ট"কার সপ্তবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে চন্দ্ররূপ"ঠ"-কার অষ্টাবিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে গরুড়াত্মক, বিষঘ্ন, শোভন "ড"কার ঊনত্রিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ব-সম্পৎপ্রদ, সুভগ "ঢ"কার ত্রিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বসিদ্ধিপ্রদ মোহকর"ণ"-কার একত্রিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে ধন-ধান্যাদিসম্পৎপ্রদ প্রসন্ন "ত"কার দ্বাত্রিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে ধর্ম্মপ্রাপ্তিকর নির্ম্মল "থ"কার ত্রয়স্ত্রিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে পুষ্টিবৃদ্ধিকর প্রিয়দর্শন "দ"কার চতুস্ত্রিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও।

১১। ওঁ ধঙ্কার বিষজ্বরনিঘ্ন বিপুল পঞ্চত্রিংশে-ঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ নঙ্কার ভুক্তি-মুক্তিপ্রদ শান্ত ষট্‌ত্রিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ পঙ্কার বিষবিঘ্ন-নাশন ভব্য সপ্তত্রিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ফঙ্কারাণিমাদি-

সিদ্ধিপ্রদ জ্যোতীরূপাষ্টাত্রিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ বঙ্কার সর্ব্বদোষহর শোভনৈকোনচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ভঙ্কার ভূত-শান্তিকর ভয়ানক চত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ মঙ্কার বিদ্বেষিমোহনকরৈকচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ যঙ্কার সর্ব্বব্যাপক পাবন দ্বিচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ রঙ্কার দাহকর বিকৃত ত্রিচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ লঙ্কার বিশ্বম্ভর ভাস্বর চতুশ্চত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ বঙ্কার সর্ব্বাপ্যায়নকর নির্ম্মল পঞ্চচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ শঙ্কর সর্ব্বফলপ্রদ পবিত্র ষট্‌চত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ষঙ্কার ধর্ম্মার্থকামদ ধবল সপ্তচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ সঙ্কার সর্ব্বকারণ সার্ব্ববর্ণিকাষ্টচত্বারিংশেঽক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ হঙ্কার সর্ব্ববাঙ্ময় নির্ম্মলৈকোনপঞ্চাশদক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ লঙ্কার সর্ব্বশক্তিপ্রদ প্রধান পঞ্চাশদক্ষে প্রতিতিষ্ঠ। ওঁ ক্ষঙ্কার পরাপর তত্ত্বজ্ঞাপক পরংজ্যোতীরূপ শিখামণৌ প্রতিতিষ্ঠ।

অনুবাদ। হে বিষজ্বরনাশকর বিপুল

ধকার পঞ্চত্রিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে ভোগ ও মোক্ষ প্রদানকারী শান্ত "ন"কার ষট্‌ত্রিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। "হে বিষবিঘ্ননাশকারী মঙ্গলময় "প"কার সপ্তত্রিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে অণিমাদিসিদ্ধিপ্রদানকারী জ্যোতিঃস্বরূপ 'ফ'কার অষ্টাত্রিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বদোষহর শোভন "ব"কার একোন-চত্বারিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে ভূতশান্তিকর ভয়ানক "ভ"কার চত্বারিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে শত্রুগণের মোহকর "ম"কার একচত্বারিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বব্যাপক পবিত্রতাজনক "য"কার দ্বিচত্বাবিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে দাহকর বিকৃত "র"কার ত্রিচত্বাবিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে বিশ্বম্ভর দীপ্তি-শীল "ল"কার চতুশ্চত্বাবিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে সকলের আপ্যায়নকারী নির্ম্মল "ব"কার পঞ্চ-চত্বারিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বফলপ্রদ পবিত্র "শ"কার ষট্‌চত্বারিংশ অঙ্কে প্রতিষ্ঠিত হও। হে ধর্ম্মার্থকামপ্রদ ধবল "ষ"কার সপ্তচত্বারিংশ অঙ্কে

প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বকারণ সার্ব্ববর্ণিক "স"কার অষ্টাচত্বারিংশ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্ববাঙ্ময় নির্ম্মল"হ"কার একোনপঞ্চাশৎ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে সর্ব্বশক্তিপ্রদ প্রধান "ল"কার পঞ্চাশৎ অক্ষে প্রতিষ্ঠিত হও। হে পরাপর তত্বজ্ঞাপক শ্রেষ্ঠ জ্যোতিঃস্বরূপ "ক্ষ"কার শিখামণিতে প্রতিষ্ঠিত হও।

১২। অথোবাচ যে দেবাঃ পৃথিবীষদস্তেভ্যো নমো ভগবন্তোঽনুমদন্তু শোভায়ৈ পিতরোঽনুমদন্তু শোভায়ৈ জ্ঞানময়ীমক্ষমালিকাম্।

অথোবাচ যে দেবা অন্তরিক্ষসদস্তেভ্য ওঁ নমো ভগবন্তোঽনুমদন্তু শোভায়ৈ পিতরোঽনুমদন্তু শোভায় জ্ঞানময়ীমক্ষমালিকাম্।

অথোবাচ যে দেবা দিবিষদস্তেভ্যো নমো ভগবন্তোঽনুমদন্তু শোভায়ৈ পিতরোঽনুমদন্তু শোভায়ৈ জ্ঞানময়ীমক্ষমালিকাম্।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) উবাচ (গুহঃ উক্তবান্। বক্ষ্যমাণং পঠনীয়ং "যে দেবাঃ" ইত্যাদি মন্ত্রমিতি শেষঃ) যে দেবাঃ (যাঃ দেবতাঃ) পৃথিবীষদঃ (পৃথিব্যাং সীদন্তি যে তে পৃথিবী-

ষদঃ, পৃথিবীবাসিন ইত্যর্থঃ) তেভ্যঃ (দেবেভ্যঃ) নমঃ। ভগবন্তঃ (ঐশ্বর্য্যাদিগুণশালিনো দেবাঃ) অনুমদন্ত (অর্চ্চন্তু, মদতিবসতি ইতি চতুশ্চত্বারিংশৎ অর্চ্চতি কর্ম্মাণঃ ইতি যাস্কানুশাসনাৎ) শোভায়ৈ (সম্পদে)। পিতরঃ (অগ্নিষ্বাত্তাদয়ঃ) অনুমদন্তু (অর্চ্চন্তু) শোভায়ৈ (সম্পদে) জ্ঞানময়ীং (জ্ঞানজনকতয়া মানসধ্যান-বিষয়তয়া বা জ্ঞানাত্মিকাং) অক্ষমালাং (অকারাদিক্ষকারান্তৈকপঞ্চাশদ্‌বর্ণাত্মকমালিকাং, তৎপ্রতিনিধিত্বেন তদ্রূপতয়া ধ্যায়মানাং বা) অন্তরিক্ষেসদঃ (অন্তরিক্ষে আকাশে সীদন্তি যে তে অন্তরীক্ষবাসিনঃ ইত্যর্থঃ)। [অন্যৎ পূর্ব্ববৎ] দিবিষদঃ (দিবি স্বর্গে সীদন্তি যে তে দিবিষদঃ স্বর্গবাসিনঃ ইত্যর্থঃ) [অন্যৎ পূর্ব্ববৎ]।

অনুবাদ। ইহার পর (গুহ) বক্ষ্যমাণ পঠনীয় "যে দেবাঃ" ইত্যাদি মন্ত্র বলিলেন,—তাহার অর্থ,—যে সকল দেবতা পৃথিবীতে বাস করেন, তাহাদিগকে নমস্কার করিতেছি। ঐশ্বর্য্যশালী দেবগণ ও পিতৃগণ শোভালাভের নিমিত্ত এই জ্ঞানময়ী অক্ষমালার অর্চ্চনা করুন। সে সকল দেবতা অন্তরিক্ষে বাস করেন, তাহাদিগকে নমস্কার। ঐশ্বর্য্যাদিগুণশালী দেবগণও পিতৃগণ শোভালাভের নিমিত্ত এই জ্ঞানময়ী

অক্ষমালার অর্চ্চনা করুন। যে সকল দেবগণ স্বর্গে বাস করেন,তাহাদিগকে নমস্কার। ঐশ্বর্য্যশালী দেবতা ও পিতৃগণ শোভার্থ এই অক্ষমালার অর্চ্চনা করুন।

১৩। অথোবাচ যে মন্ত্রা যাবিদ্যাস্তভ্যোনমস্তাভ্যশ্চোন্নমস্তচ্ছক্তিরস্যাঃ প্রতিষ্ঠাপয়তি। অথোবাচ যে ব্রহ্মবিষ্ণুরুদ্রাস্তেভ্যঃ সগুণেভ্য ওঁ নমস্তদ্বীর্য্যমস্যাঃ প্রতিষ্ঠাপয়তি। অথোবাচ যে সাংখ্যাদিতত্ত্বভেদাস্তেভ্যো নমো বর্ত্তধ্বং বিরোধে অনুবর্ত্তধ্বম্। অথোবাচ যে শৈবা বৈষ্ণবাঃ শাক্তাঃ শতসহস্রশস্তেভ্যো নমোনমঃ ভগবন্তোঽনুমদন্ত্বনুগৃহ্ণন্তু। অথোবাচ যাশ্চ মৃত্যোঃ প্রাণবত্যস্তাভ্যো নমো নমস্তেনৈতং মৃড়য়ত মৃড়য়ত।

ব্যাখ্যা। [অথোবাচ] ইতি পূর্ব্ববৎ যে মন্ত্রাঃ (প্রয়োগসমবেতার্থ স্মারকাঃ, শব্দাত্মকাঃ তদধিষ্ঠাত্রীদেবতারূপাঃ বা) যাঃ বিদ্যাঃ (ঋগ্বেদাদিলক্ষণাঃ, উপাসনাত্মকমানসবৃত্তিরূপাঃ বা তদধিষ্ঠাত্রী দেবতাস্বরূপা বা) তেভ্যঃ (তে মন্ত্রাশ্চ তাঃ বিদ্যাশ্চ তেভ্যঃ মন্ত্রবিদ্যাভ্যঃ একশেষদ্বন্দ্বে পুংস্ত্বং) নমঃ (স্বাপকর্ষবোধনং) ওঁ

নমঃ (পুনঃ প্রণবোচ্চারণপূর্ব্বকং নমঃ) তচ্ছক্তিঃ (তেষাং মন্ত্রবিদ্যানাং শক্তিঃ সামর্থ্যং) অস্যাঃ (অক্ষমালায়াঃ অক্ষমালামিতি যাবৎ) প্রতিষ্ঠাপয়তি (অস্যাঃ প্রতিষ্ঠাং করোতি)।

অথোবাচ। : যে ব্রহ্ম-বিষ্ণু রুদ্রাঃ (ব্রহ্মা চ বিষ্ণুশ্চ রুদ্রশ্চ তে, সৃষ্টিকর্ত্তা রজোগুণোপহিতচৈতন্যরূপঃ ব্রহ্মা, সত্ত্বগুণোপহিতঃ পালনকর্ত্তা বিষ্ণুঃ, তমোগুণোপহিতসংহারকারী রুদ্রঃ সগুণেভ্যঃ (উপাসনার্থং কল্পিতসৃষ্টিকর্ত্তৃত্বাদিগুণ-বিশিষ্টেভ্যঃ) তেভ্যঃ (ব্রহ্মাদিভ্যঃ) ওঁ নমঃ (স্বাপকর্ষবোধনম্) তদ্বীর্য্যং) (তেষাং ব্রহ্মাদীনাং বীর্য্যং শক্তিঃ) [অস্যাঃ ইত্যাদি পূর্ব্ববৎ।]

অথোবাচ। [পূর্ব্ববৎ] যে সাংখ্যাদিতত্ত্বভেদাঃ (সাংখ্যশাস্ত্রোক্তাঃ পুরুষ-প্রকৃতি-মহদহঙ্কারপঞ্চতন্মাত্রৈকাদশেন্দ্রিয় পঞ্চমহাভূতরূপাঃ চতুর্ব্বিংশতিঃ পদার্থাঃ, তদধিষ্ঠাতৃদেবাঃ বা তেভ্যঃ (সাংখ্যতত্ত্বেভ্যঃ) নমঃ (নমস্করণং) [যূয়ং] বর্ত্তধ্বম্ (তিষ্ঠত) বিরোধে (বিবাদে, বিরুদ্ধ-পরিণামে বা) অনুবধ্বম্ (অনুগতা ভবত)।

অথোবাচ। (পূর্ব্ববৎ) যে শতসহস্রশঃ (অসংখ্যাঃ নমস্কারবিশেষণং বা শতসহস্রসংখ্যয়া, নমস্কারঃ ইত্যর্থঃ) শৈবাঃ (শিবস্য উপাসকাঃ) বৈষ্ণবাঃ (বিষ্ণোঃ ভক্তাঃ) শাক্তাঃ (শক্তেরুপাসকাঃ) তেভ্যঃ (শৈবাদিভ্যঃ) নমঃ নমঃ (পুনঃ পুনঃ নমঃ)

ভগবন্তঃ (ঐশ্বর্য্যাদিগুণশালিনঃ যূয়ং) অনুমদন্ত (অর্চ্চন্ত হৃষ্টা ভবত) অনুগৃহ্ণন্ত (অনুগ্রহং কুর্ব্বন্ত)।

অথোবাচ। [পূর্ব্ববৎ] যাশ্চ মৃত্যোঃ (যমস্য) প্রাণবত্যঃ (প্রাণবত্যাখ্যাঃ দেবতা-বিশেষাঃ) তাভ্যঃ (দেবতাভ্যঃ) নমো নমঃ (পুনঃ পুনঃ নমঃ অস্তু) তেন (তেন হেতুনা) এতং (সাধকং) জনং ইতি আত্মনঃ নির্দ্দেশঃ) মৃড়য়ত মৃড়য়ত (হর্ষয়ত যূয়মিতি শেষঃ, অক্ষমালাং সংস্কুর্ব্বত্যঃ সাধকং জনমিমং অতিশয়েন হর্ষয়ত ইত্যর্থঃ)।

অনুবাদ। ইহার পর গুহ বলিলেন,—যে সকল মন্ত্র এবং যে সকল বিদ্যা তাহাদিগকে নমস্কার, প্রণব (ওঁ) উচ্চারণপূর্ব্বক পুনরায় তাহাদিগকে নমস্কার। তাহাদিগের শক্তি এই মালার প্রতিষ্ঠা করিতেছে।

ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র নামে প্রসিদ্ধ যে দেবতা, সেই—সগুণ দেবতাদিগকে প্রণব (ওঁ) উচ্চারণপূর্ব্বক নমস্কার, তাঁহাদিগের বীর্য্য—ইহার প্রতিষ্ঠা করিতেছে।

সাংখ্যাদিশাস্ত্র-প্রসিদ্ধ যে পুরুষ, প্রকৃতি, মহৎ,

অহঙ্কার, একাদশ ইন্দ্রিয়, পঞ্চতন্মাত্র ও পঞ্চ মহাভূত নামে চতুর্ব্বিংশতি তত্ত্ব, তাহাদিগকে নমস্কার, আপনারা বিদ্যমান থাকুন এবং বিরোধে অনুবর্ত্তন করুন অর্থাৎ পরস্পর বিরোধ হইলেও অনুগত-ভাবে বর্ত্তমান থাকিয়া মালার সংস্কার-সম্পাদন করুন।

তাঁহাদিগকে শত সহস্রবার পুনঃ পুনঃ নমস্কার। ঐশ্বর্য্যাদিগুণশালী আপনারা আনন্দিত হউন ও অনুগ্রহ করুন।

যে সকল মৃত্যুর প্রাণবতী দেবতা, তাহাদিগকে পুনঃ পুনঃ নমস্কার। সেইহেতু তাঁহারা ইহাকে পুনঃ পুনঃ আনন্দিত করুন।

১৪। পুনরেতস্যাং সর্ব্বাত্মকত্বং ভাবয়িত্বা ভাবেন পূর্ব্বমালিকামুৎপাদ্যারভ্য তন্ময়ীং মহোপহারৈরুপহৃত্যাদিক্ষান্তৈরক্ষরৈরক্ষমালামষ্টোত্তরশতং স্পৃশেৎ। অথ পুনরুত্থাপ্য প্রদক্ষিণীকৃত্যোংনমস্তে ভগবতি মন্ত্রমাতৃকেঽক্ষমালে সর্ব্ববশঙ্কর্য্যোঁনমস্তে।

ভগবতি মন্ত্রমাতৃকেঽক্ষমালিকে শেষস্তম্ভিনেঁ্যা-নমস্তে। ভগবতি মন্ত্রমাতৃকেঽক্ষমালে উচ্চাটনেঁ্যা-নমস্তে। ভগবতি মন্ত্রমাতৃকেঽক্ষমালে বিশ্বামৃত্যো মৃত্যুঞ্জয়স্বরূপিণি সকললোকোদ্দীপিনি সকললোক-রক্ষাধিকে সকললোকোজ্জীবিকে সকললোকোৎ-পাদিকে দিবাপ্রবর্ত্তিকে রাত্রিপ্রবর্ত্তিকে নদ্যন্তরং যাসি দেশান্তরং যাসি দ্বীপান্তরং যাসি লোকান্তরং যাসি সর্ব্বদা স্ফুরসি সর্ব্বহৃদি বাসয়সি। নমস্তে পরারূপে নমস্তে পশ্যন্তীরূপে নমস্তে মধ্যমারূপে নমস্তে বৈখরী-রূপে সর্ব্বতত্ত্বাত্মিকে সর্ব্ববিদ্যাত্মিকে সর্ব্বশক্ত্যাত্মিকে সর্ব্বদেবাত্মিকে বশিষ্ঠেন মুনিনারাধিতে বিশ্বামিত্রেণ মুনিনোপজীব্যমানে নমস্তে নমস্তে। প্রাতরধীয়ানো রাত্রিকৃতং পাপং নাশয়তি। সায়মধীয়ানো দিবস-কৃতং পাপং নাশয়তি। তৎ সায়ংপ্রাতঃ প্রযুঞ্জানঃ পাপোঽপাপো ভবতি। এনমক্ষমালিকয়া জপ্তো মন্ত্রঃ সদ্যঃ সিদ্ধিকরো ভবতীত্যাহ ভগবান্ গুহঃ প্রজা-পতিমিত্যুপনিষৎ।

ইতি ইত্যক্ষমালিকোপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। পুনঃ এতস্যা (মালায়াঃ) সর্ব্বাত্মকত্বং (এষা অক্ষমালা এব সর্ব্বম্ ইত্যেবং রূপেণ সর্ব্বতাদাত্ম্যং) ভাবয়িত্বা (চিন্তয়িত্বা) ভাবেন (চিন্তয়া, মানস-ব্যাপারেণ) পূর্ব্বমালিকাং (প্রথমমালিকাং) উৎপাদ্য (সংগৃহ্য) আরভ্য (রচনামারভ্য) তন্ময়ীং (তৎস্বরূপাম্ অক্ষমালারূপাং দেবতাং) মহোপহারৈঃ, (মহদ্ভিঃ শ্রেষ্ঠৈঃ উপহারৈঃ পূজোপকরণৈঃ) উপহৃত্য (সংপূজ্য) আদিক্ষান্তৈরক্ষরৈঃ (অকারাদিক্ষকারান্তবর্ণৈঃ, অকারাদিক্ষকারান্তবর্ণানুচ্চার্য্য) অক্ষমালাং (সংক্রিয়মাণাং মালাং) অষ্টোত্তরশতং (অষ্টাধিকশতবারং) স্পৃশেৎ (হস্তেন পরামৃশেৎ)। অথ (অনন্তরং) পুনরুত্থাপ্য (বারান্তরং গৃহীত্বা) প্রদক্ষিণীকৃত্য (দক্ষিণাবর্ত্তেন ভ্রমণপূর্ব্বকং বেষ্টয়িত্বা) [মন্ত্রান্ পঠেদিতি শেষঃ] হে ভগবতি (ঐশ্বর্য্যাদিগুণশালিনি মন্ত্রমাতৃকে (মন্ত্রাণাং মাতৃরূপিণি) অক্ষমালে! সর্ব্ববশংকরি (সর্ব্বেষাং বশকারিণি) ওঁ নমস্তে (তুভ্যং নমঃ); শেষ-স্তম্ভিনি (শেষং অনন্তনাগং স্তম্ভয়তি যা তৎ সম্বোধনম্) উচ্চাটনি (উচ্চাটনং চাঞ্চল্যং করোতি যা তৎ সম্বোধনম্) বিশ্বামৃত্যো (বিশ্বেষাং সর্ব্বেষাং জগতাং অমৃত্যো অমৃত্যুরূপিণি) মৃত্যুঞ্জয়স্বরূপিণি (মৃত্যুঞ্জয়কারিণিরূপে) সকললোকোদ্দীপিনি (সকলান্ লোকান্ উদ্দীপয়তি যা তৎ সম্বোধনে, সকল-লোক-প্রকাশকারিণি) সকল-লোক-রক্ষাধিকে (সকললোক-রক্ষণাধিকারিণি) সকল-লোকোজ্জীবিকে (সকল-লোকানাং শ্রেষ্ঠজীবিকারূপিণি) সকল-লোকোৎপাদিকে (সর্ব্বেষাং

লোকানাম্ উৎপাদনকারিণি দি্বাপ্রবর্ত্তিকে (দিবস প্রবৃত্তিসম্পাদিকে) রাত্রিপ্রবর্ত্তিকে (রাত্রি প্রবৃত্তিসম্পাদিকে) নদ্যন্তরং যাসি (অন্যাম্ অন্যাং নদীং গচ্ছসি) দেশান্তরং যাসি (অন্যং দেশং গচ্ছসি) দ্বীপান্তরং যাসি (অন্যং দ্বীপং যাসি) লোকান্তরং যাসি (অন্যং লোকং যাসি) সর্ব্বদা স্ফুরসি (সদা দীপ্যসে) সর্ব্বহৃদি বাসয়সি (সর্ব্বেষাং হৃদয়ে বসসি) নমস্তে (তুভ্যং নমঃ অস্তু) পরারূপে (মূলাধারোত্থিতনাদরূপবর্ণাত্মিকে, তদুক্তং "মূলধারাৎ প্রথমমুদিতো যস্তু তারঃ পরাখ্যঃ" ইতি) পশ্যন্তীরূপে (হৃদয়গতনাদরূপবর্ণস্বরূপিণি, তদুক্তং "পশ্চাৎ পশ্যন্ত্যথ হৃদয়গঃ" ইতি) মধ্যমারূপে (বুদ্ধিযুক্তনাদরূপিণি, তদুক্তং "বুদ্ধিযুঙ্ মধ্যমাখ্যঃ) বৈখরীরূপে (বৈখরী প্রথমনিষ্পন্নবাগ্বিশেষঃ তদ্রূপিণি, তদুক্তং "বৈখরীশব্দনিষ্পত্তিঃ"।) সর্ব্বতত্ত্বাত্মিকে (সকলপ্রকৃত্যাদিতত্ত্বস্বরূপে) সর্ব্ববিদ্যাত্মিকে (পরাপরাদি-সকলবিদ্যাস্বরূপিণি) সকলশক্ত্যাত্মিকে (সকলশক্তিরূপিণি) সর্ব্বদেবাত্মিকে (সকল-দেবতাস্বরূপিণি) বশিষ্ঠেন মুনিনা আরাধিতে (বশিষ্ঠনামকমুনিনা সেবিতে) বিশ্বামিত্রেণ মুনিনা উপজীব্যমানে (বিশ্বামিত্রনামকেন মুনিনা আশ্রিয়মাণে) নমস্তে নমস্তে (তুভ্যং পুনঃ পুনঃ নমঃ) প্রাতঃ (প্রভাতে) অধীয়ানঃ (পঠন্) রাত্রিকৃতং (রাত্রৌ সঞ্চিতং) পাপং (অঘং) নাশয়তি (ক্ষপয়তি) সায়ং (সন্ধ্যায়াং) দিবসকৃতং (দিবসে সঞ্চিতং) তৎ (তস্মাৎ) সায়ং প্রাতঃ (উভয়োঃ

সন্ধ্যয়োঃ) প্রযুঞ্জানঃ (অনুতিষ্ঠন্) পাপঃ (পাপী) অপাপঃ (পাপশূন্যঃ) এবং (অনেন প্রকারেণ) সদ্যঃ (ঝটিতি) সিদ্ধিকরঃ (ফলপ্রদঃ) আহ (কথয়তি) ভগবান্ (ঐশ্বর্য্যাদিগুণশালী) গুহঃ (কার্ত্তিকেয়ঃ) প্রজাপতিম্ (ব্রহ্মাণং চতুর্ম্মুখম্) উপনিষৎ (রহস্যবিদ্যা)।

অনুবাদ। পুনরায় এই মালাতে সর্ব্বাত্মকতা ভাবনাপূর্ব্বক চিন্তার দ্বারা পূর্ব্বমালার উৎপাদন ও আরম্ভ করিয়া তন্ময়ী দেবতাকে মহৎ উপহার দ্বারা পূজা করিয়া, অকারাদি ক্ষকারান্ত অক্ষর উচ্চারণপূর্ব্বক একশত আটবার অক্ষমালাকে স্পর্শ করিবে। তাহার পর পুনরায় উত্থাপিত করিয়া প্রদক্ষিণপূর্ব্বক মন্ত্র পাঠ করিবে। হে ভগবতি অক্ষমালে মন্ত্রমাতৃকে সর্ব্ববশকারিণি আপনাকে! (ওঁকারপূর্ব্বক) নমস্কার। হে ভগবতি মন্ত্রমাতৃকে অক্ষমালিকে শেষস্তম্ভকারিণি, আপনাকে নমস্কার। হে ভগবতি মন্ত্রমাতৃকে অক্ষমালিকে উচ্চাটনকারিণি! আপনাকে নমস্কার। হে ভগবতি মন্ত্রমাতৃকে অক্ষমালিকে, বিশ্বের অমৃত্যুরূপে মৃত্যুঞ্জয়রূপিণি, সকল লোকের উদ্দীপনকারিণি, সকললোক রক্ষাধি-

কারিণি, সকল লোকের জীবস্বরূপে, সকল লোকের উৎপাদিকে, দিবসের সম্পাদনকারিণি, রাত্রির প্রবৃত্তিকারিণি, আপনি অন্য নদীতে গমন করিয়া থাকেন এবং দেশান্তরে, দ্বীপান্তরে ও লোকান্তরে গমন করিয়া থাকেন অর্থাৎ আপনি সর্ব্বব্যাপিকা; আপনি সর্ব্বদা প্রকাশ পাইতেছেন। আপনি সকল হৃদয়ে অধিষ্ঠিতা। হে পরারূপে, (মূলাধার হইতে উত্থিত নাদ বিশেষকে পরা বলে) আপনাকে নমস্কার। হে পশ্যন্তীরূপে, আপনাকে নমস্কার। হে মধ্যমারূপে, আপনাকে নমস্কার। হে বৈখরীরূপে, সকল তত্ত্বস্বরূপে, সকল বিদ্যাস্বরূপে, সকল শক্তিরূপিণি, সকল দেবতা-স্বরূপিণি, আপনাকে নমস্কার। হে বশিষ্ঠমুনিকর্ত্তৃক-আরাধিতে, বিশ্বামিত্রমুনিকর্ত্তৃক আশ্রিতে, আপনাকে পুনঃ পুনঃ নমস্কার। যে ব্যক্তি ইহা প্রাতে পাঠ করেন তিনি স্বীয় রাত্রিকৃত পাপ বিনাশ করিয়া থাকেন। যিনিসন্ধ্যাবেলা ইহা অধ্যয়ন করেন, তিনি স্বীয় দিবা-কৃত পাপ নাশ করেন। অথবা সায়ং ও প্রাতঃ উভয় সময়ে অনুষ্ঠানকারী পাপী পাপশূন্য হয়। এই

রূপে অক্ষমালা দ্বারা যে মন্ত্রের জপ করা হয়, সেই মন্ত্র সদ্যঃ সিদ্ধিসম্পাদক হইয়া থাকে। ইহা ভগবান্ কার্ত্তিকেয় প্রজাপতি ব্রহ্মাকে বলিয়াছেন। ইহা রহস্যবিদ্যা।

অক্ষমালিকোপনিষদের বঙ্গানুবাদ সমাপ্ত।

পরমহংসোপনিষৎ।

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবাঃ। স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ ওঁ।

১। অথ যোগিনাং পরমহংসানাং কোঽয়ং মার্গ-স্তেষাং কা স্থিতিরিতি নারদো ভগবন্তমুপগত্যোবাচ। তং ভগবানাহ।

ব্যাখ্যা। অথ (অনন্তরং, শমদমাদিসাধনসম্পত্তিমুমুক্ষুত্বান-ন্তরম্) যোগিনাং (যোগবতাং, নিরুদ্ধচিত্তবৃত্তীনামিতি যাবৎ)। পরমহংসানাং (আত্মতত্ত্বজ্ঞানিনাং চতুর্থাশ্রমতুরীয়াভেদবতা-মিত্যর্থঃ) কঃ অয়ং মার্গঃ (পন্থাঃ) কা স্থিতিঃ [করণীয়া] ইতি (অনেন প্রকারেণ) নারদঃ (তন্নামা ঋষিঃ) ভগবন্তং (সমগ্রধর্ম্মজ্ঞান-বৈরাগ্যৈশ্বর্য্যাদিমন্তং হিরণ্যগর্ভম্ ইত্যর্থঃ) উপগত্য (সমীপং গত্বা) উবাচ (উক্তবান্)। তং (নারদং ভগবান্ (হিরণ্যগর্ভঃ) আহ (উবাচ)।

অনুবাদ। শমদমাদি সাধনসম্পত্তিলাভ করিবার পর মহর্ষি নারদ ভগবান্ হিরণ্যগর্ভকে

জিজ্ঞাসা করিলেন,—ভগবন্! পরমহংস যোগীদের পথ কি? তাঁহাদের কর্ত্তব্যই বা কি? অর্থাৎ তাঁহারা কি দুর্জ্জনোচিত কুতর্কমূলক পথ অবলম্বন করিয়া সংসারযাত্রা নির্ব্বাহ করিবেন? অথবা সাধুসেবিত শ্রুতিমূলক পথ গ্রহণ করিবেন? যদি সাধুসেবিত পথই অবলম্বন করিতে হয়,তবে তাঁহাদের কর্ত্তব্য কি? ভগবান্ এই সকল প্রশ্নের উত্তরে নারদকে বলিতে আরম্ভ করিলেন।

২। যোঽয়ং পরমহংসমার্গো লোকে দুর্লভতরো ন তু বাহুল্যো যদ্যেকো ভবতি স এব নিত্যপূতস্থঃ স এব বেদপুরুষ ইতি বিদুষো মন্যন্তে। মহাপুরুষো যচ্চিত্তং তৎ সর্ব্বদা ময্যেবাবতিষ্ঠতে তস্মাদহং চ তস্মিন্নেবাবস্থীয়তে।

ব্যাখ্যা। যঃ (প্রসিদ্ধঃ) [বৈরাগ্যানন্তরক্ষণভাবী] অয়ং (ভবতা মুমুক্ষুত্বাদিনা আদিষ্টঃ) পরমহংসমার্গো (পরমহংসানাং চতুর্থাশ্রমাণাং মার্গঃ পন্থাঃ) লোকে (মহর্লোকাদিভুবনে জনে বা) দুর্লভতরঃ (অত্যন্তদুর্লভঃ) ন তু বাহুল্যঃ (অধিকস্তু ন) যদি একঃ (কেবলঃ) স এব (স চ)

নিত্যপূতস্থঃ (নিত্যপূতঃ পরমাত্মা, তত্র তিষ্ঠতীতি নিত্যপূতস্থঃ সদা ব্রহ্মণি স্থিতঃ) স এব বেদপুরুষঃ (বেদপ্রতিপাদ্যঃ পুরুষঃ ব্রহ্মেতি)। ইতি বিদুষঃ (বিদ্বাংসঃ) মন্যন্তে (অবগচ্ছন্তি) [বেদান্ ঋগাদীন্ সাঙ্গানঙ্গবিদ্যাস্থানৈঃ সহিতান্ পাঠতোঽর্থতশ্চ যোঽবগচ্ছতি স বেদপুরুষঃ বেদজ্ঞ ইত্যর্থঃ ইতি বিদ্বাংসোঽবগচ্ছন্তি]। মহাপুরুষঃ শ্রেষ্ঠজনঃ [মহান্ কালত্রয়শূন্যত্বেন কালাত্মা, স চাসৌ পুরি শয়ানোঽপি পরিপূর্ণঃ মহাপুরুষঃ] যৎ (প্রসিদ্ধং) চিত্তং (অন্তঃকরণং) তৎ (বুদ্ধিতত্ত্বং অন্তঃকরণং বা) সর্ব্বদা (সর্ব্বস্মিন্ কালে) ময়ি (আনন্দাত্মনি) অবতিষ্ঠতে (অবস্থিতং ভবতি)। তস্মাৎ অহং চ (তস্মাদ্ধেতোঃ অহমপি) তস্মিন্ এব (তস্মিন্ নিত্যপূতস্থে পরমহংসে ইতি যাবৎ) অবস্থীয়তে (অবস্থিতো ভবামি)। [তং নিত্যপূতস্থং পরমহংসম্ অভিন্নত্বেন পশ্যামীত্যর্থঃ]।

অনুবাদ। এই পরমহংস যোগিগণের পথ, অত্যন্ত কষ্টে এবং বহুজন্মের বহুপুণ্যরাশি দ্বারা পাওয়া যায়, ইহা সহজ প্রাপ্য নহে। যদি সহজপ্রাপ্য হইত, তাহা হইলে মায়াভিভূত স্ত্রীপুত্রাদিপরায়ণ সকল গৃহস্থই পাইত। যিনি ঐ পথ অবলম্বন করেন, তিনি ত্রিকালানবচ্ছিন্ন নিত্য পরম পবিত্র সচ্চিদানন্দ ব্রহ্মে অবস্থিত ; সুতরাং সর্ব্বশাস্ত্রবিৎ পণ্ডিতগণ

তাঁহাকে সর্ব্ববেদজ্ঞ পুরুষ মনে করেন, আর এই জন্য তিনি মহাপুরুষ বলিয়া জগতে অভিহিত হন। তিনি মনে করেন,—আমি যখন সচ্চিদানন্দস্বরূপ এবং সকল শুভাশুভ-কর্ম্মবাসনাযুক্ত অন্তঃকরণ যখন আমাতেই অবস্থান করে, তখন আমিও নিত্য পবিত্র পরমহংসে অবস্থান করিয়া তাঁহাকে অভিন্নরূপে দেখি।

৩। অসৌ স্বপুত্রমিত্রকলত্রবন্ধ্বাদীন্ শিখা-যজ্ঞোপবীতে স্বাধ্যায়ং চ সর্ব্বকর্ম্মাণি সংন্যস্যায়ং ব্রহ্মাণ্ডং চ হিত্বা কৌপীনং দণ্ডমাচ্ছাদনং চ স্বশরীরোপ-ভোগার্থায় চ লোকস্যোপকারার্থায় চ পরিগ্রহেৎ তচ্চ ন মুখ্যোঽস্তি কোঽয়ং মুখ্য ইতি চেদয়ং মুখ্যঃ।

ব্যাখ্যা। অসৌ (পরমহংসঃ) স্বপুত্র-মিত্র-কলত্র-বন্ধ্বাদীন্ (স্বস্য আত্মনঃ পুত্রঃ সন্তানঃ, মিত্রং সখা, কলত্রং ভার্য্যা, বন্ধুঃ পিতৃমাতৃ-যোনিসম্বন্ধ্যাদিঃ, আদিশব্দাৎ স্বকৃতক্ষেত্রগৃহাদিঃ যেষাং তান্) শিখাযজ্ঞোপবীতে (প্রসিদ্ধে) [ত্রৈবর্ণিক-কর্ম্ম-কারণে ইত্যর্থঃ] স্বাধ্যায়ং চ, (বেদাধ্যয়নঞ্চ) সর্ব্বকর্ম্মাণি (সন্ধ্যাবন্দনাগ্নিহোত্রাদীন্) সংন্যস্য (সম্যক্ পরিত্যজ্য) অয়ং (অসৌ) চ ব্রহ্মাণ্ডং (ভূগোলকং) হিত্বা (ত্যক্ত্বা) [ব্রহ্মাণ্ডত্যাগো নাম তৎপ্রাপ্তিহেতোঃ বিরাড়ুপাসনস্য ত্যাগঃ]

কৌপীনং (মেঢ্রাচ্ছাদকং বস্ত্রং) দণ্ডং (লগুড়ং গোসর্পাদি-নিবারকম্ ইত্যর্থঃ) আচ্ছাদনং (বস্ত্রং) চ [চশব্দাৎ পাদুকে চ] স্বশরীরোপভোগার্থায় চ (স্বস্য আত্মনঃ শরীরস্য দেহস্য উপভোগার্থায় রক্ষণপ্রয়োজনায় চশব্দাৎ আশ্রমনির্বাহায় চ) লোকস্য (স্বধর্ম্মনিষ্ঠজনস্য, জগতো বা) উপকারায় (উপ-কারার্থং) পরিগ্রহেৎ (স্বীকুর্য্যাৎ) তৎ চ (পরিগ্রহণং) ন মুখ্যঃ অস্তি (প্রধানং ন বিদ্যতে) [তদা] কঃ অয়ং মুখ্যঃ, অয়ং (অসৌ) মুখ্যঃ (শ্রেষ্ঠঃ) [কঃ মুখ্য ইতি চেৎ পৃচ্ছসি তদা ইতঃপরং-বক্ষ্যমাণ এব মুখ্য ইতি ভাবঃ]।

অনুবাদ। পরমহংসগণ, নিজের অভিন্নহৃদয়া পত্নী, পরমস্নেহাস্পদ পুত্র, বন্ধু ও সর্ব্বসুখাভিলাষী আত্মীয়গণকে ত্যাগ করিয়া ব্রাহ্মণোচিত শিখা, যজ্ঞসূত্র ও সর্ব্বজ্ঞানাধার সর্ব্বজ্ঞকল্প বেদ এবং লৌকিক বৈদিক কর্ম্মসকল পরিহারপূর্ব্বক চতুর্দ্দশলোকান্বিত ব্রহ্মাণ্ডকে হেয়জ্ঞান করিয়া অথবা ব্রহ্মাণ্ডপ্রাপ্তির কারণস্বরূপ বিরাটউপাসনাত্যাগে কেবলমাত্র আশ্রমোচিত-ব্যবহারনির্ব্বাহক নিজের শরীর রক্ষা এবং সমগ্র জগৎবাসী জনগণের উপকারের নিমিত্ত কৌপীন, দণ্ড ও আচ্ছাদন বস্ত্র গ্রহণ করেন; ইহাও

তাঁহার গ্রহণীয় শ্রেষ্ঠ বস্তু নহে। তবে তাঁহার গ্রহণীয় প্রধান বস্তু কি? এই কথা যদি জিজ্ঞাসা কর, তাহা বলিতেছি।

৪। ন দণ্ডং ন শিখাং ন যজ্ঞোপবীতং নাচ্ছাদনং চরতি পরমহংসঃ। ন শীতং ন চোষ্ণং ন সুখং ন দুঃখং ন মানাবমানে চ ষড়ূর্ম্মিবর্জং নিন্দাগর্ব্ব-মৎসর-দম্ভ-দর্পেচ্ছা-দ্বেষ-সুখ-দুঃখ-কাম-ক্রোধ-লোভ-মোহ-হর্ষাসূয়াহঙ্কারাদীংশ্চ হিত্বা স্ববপুঃ কুণপমিব দৃশ্যতে যতস্তদ্বপুরপধ্বস্তং সংশয়বিপরীতমিথ্যাজ্ঞানানাং যো হেতুস্তেন নিত্যনিবৃত্তস্তন্নিত্যবোধস্তৎস্বয়মেবাবস্থিতিস্তং শান্তমচলমদ্বয়ানন্দবিজ্ঞানঘন এবাস্মি তদেব মম পরমধাম তদেব শিখা চ তদেবোপবীতং চ পরমাত্মাত্মনোরেকত্বজ্ঞানেন তয়োর্ভেদ এব বিভগ্নঃ সা সন্ধ্যা।

ব্যাখ্যা। পরমহংসঃ (তুরীয়াশ্রমতুরীয়াভেদবান্ তত্ত্বজ্ঞানীতি যাবৎ) দণ্ডং (গোসর্পাদিনিবারকং) ন, ন শিখাং, ন যজ্ঞোপবীতং ন আচ্ছাদনং (ন বস্ত্রং) চরতি (আদত্তে)। [তস্য নিরুদ্ধাশেষ-চিত্তবৃত্তেঃ যোগিনঃ] ন শীতং (বর্ষাদিজন্যং দুঃখং [নাস্তীত্যর্থঃ]

ন চ উষ্ণং (সূর্য্যাদিজন্যং) ন সুখং (ন আনন্দঃ) ন দুঃখং (ন ক্লেশঃ) ন মানাবমানে (মানঃ সৎকারঃ. অবমানঃ তিরস্কারঃ) [মানাবমানৌ ন স্তঃ ইত্যর্থঃ]। [অতএব] ষড়ূর্ম্মিবর্জং (ষড়্সংখ্যকা উর্ম্ময়ঃ সংসারসমুদ্রস্য কল্লোলাঃ, প্রাণবুদ্ধিশরীরধর্ম্মা অশনায়াপিপাসাশোকমোহজরামরণরূপাস্তদ্বর্জং নিন্দা-গর্ব-মৎসর-দম্ভ-দর্প-ইচ্ছা-দ্বেষ-সুখ-দুঃখ-কাম-ক্রোধ-লোভ-মোহ-হর্ষ-অসূয়া-অহঙ্কারাদীন্ চ হিত্বা (নিন্দা কুৎসা. গর্বঃ অভিমানঃ, মৎসরঃ বিদ্যাধনাদিভিঃ অস্য সদৃশো ভবামীতি মতিঃ. দম্ভঃ জন-রঞ্জনার্থমনুষ্ঠীয়মানো ধর্ম্মঃ, দর্পঃ স্বসামর্থ্যমবিচার্য্যাশক্যপ্রবৃত্তিহেতুর্বোধঃ, ইচ্ছা অভিলাষঃ. দ্বেষঃ দুঃখানুশয়ী, সুখম্ আনন্দঃ. দুঃখং নিরানন্দঃ, কামঃ কামনা, স্ত্র্যাদিপ্রাপ্তীচ্ছা), ক্রোধঃ অরিবধাভিলাষঃ লোভঃ, প্রাপ্তস্য ধনস্য ত্যাগাসহিষ্ণুত্বং, মোহঃ অবিদ্যা অজ্ঞানমিতি যাবৎ, হর্ষঃ প্রিয়বার্ত্তাদিজঃ সুখবিশেষঃ, বদনবিকাসাদিহেতুরিতি যাবৎ, অসূয়া পরগুণাসহিষ্ণুতা, অহঙ্কারঃ অভিমানাত্মকঃ, নিশ্চয়বৃত্তিমদ্-দ্রব্যোপাদানকঃ ইত্যাদীন্) হিত্বা (বিহায়) স্ববপুঃ (স্বকীয়ং শরীরং) কুণপমিব (মৃতকলেবরমিব) দৃশ্যতে (অবলোক্যতে). যতঃ (যস্মাৎ কারণাৎ) তৎ বপুঃ (শরীরং) অপধ্বস্ত (বিনষ্টং)। সংশয়-বিপরীত-মিথ্যাজ্ঞানানাং, (সংশয়ঃ কোটিদ্বয়াবলম্বী প্রত্যয়ঃ যথা স্থাণুর্ব্বা পুরুষঃ বেতি, বিপরীতম্ অতস্মিন্ তদ্বুদ্ধিঃ, যথা শুক্তিকাদৌ রজতজ্ঞানং, মিথ্যা অলীকং

জাগ্রদাদিবিমোক্ষান্তঃ সংসারো জীবকল্পিতঃ॥

ব্যাখ্যা। ঈশেন (ঈশ্বরেণ) ঈক্ষণাদিপ্রবেশান্তা (তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয় ইত্যারভ্য অনেনাত্মনা জীবেনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরণি বা ইত্যন্তা) সৃষ্টিঃ (সর্গঃ) কল্পিতা (কৃতা); জাগ্রদাদিবিমোক্ষান্তঃ (জাগ্রদবস্থামারভ্য মুক্তিপর্য্যন্তঃ) সংসারঃ (প্রপঞ্চঃ) জীবকল্পিতঃ (জীবেন কল্পিতঃ)।

অনুবাদ। 'ঈক্ষণ' হইতে 'প্রবেশ' পর্য্যন্ত সৃষ্টি ঈশ্বরকর্ত্তৃক কল্পিত এবং জাগ্রৎ হইতে আরম্ভ করিয়া মুক্তিপর্য্যন্ত সৃষ্টি জীবকল্পিত।

তাৎপর্য্য। এক্ষণে জীবকৃত এবং ঈশ্বরকৃত

সৃষ্টি বলিতেছেন। 'তিনি আলোচনা করিয়াছিলেন--'আমি বহু হইব' ইহাকে ঈক্ষণ বলা হয়। আমি জীবাত্মরূপে প্রবেশ করিয়া নাম ও রূপে অভিব্যক্ত হইব,—ইহাকে প্রবেশ বলা হয়। এই ঈক্ষণ বা আলোচনা এবং সর্ব্বপদার্থে আত্মরূপে প্রবেশটী ঈশ্বরের। স্বপ্ন, জাগ্রদাদি অবস্থা এবং বন্ধ, মোক্ষপ্রভৃতি জীবকল্পিত। মুক্তি পদার্থকে কল্পিত বলার তাৎপর্য্য এই যে, অদ্বৈতমতে জীব নিত্যমুক্ত, তাহার বন্ধন যেমন কল্পিত, মুক্তি তদ্রূপ কল্পিত। মুক্তি যদি কল্পিত না হইয়া যথার্থ হয়, তবে জ্ঞানের দ্বারা মুক্তি উৎপন্ন হইলে তাহা কার্য্যজন্য হইয়া পড়িল। জন্য বস্তুমাত্রেই অনিত্য, সুতরাং মোক্ষ ও জন্য হইয়া অনিত্য হয়, অতএব কল্পিত বলা হইয়াছে।

৫৫। ত্রিণাচিকাদিযোগান্তা ঈশ্বরভ্রান্তিমাশ্রিতাঃ।
লোকায়তাদিসাংখ্যান্তা জীববিশ্রান্তিমাশ্রিতাঃ॥

ব্যাখ্যা। ত্রিণাচিকাদিযোগান্তাঃ (ত্রিঃকৃত্বশ্চিতো নাচিকেতোঽগ্নি যৈস্তে ত্রিণাচিকাঃ) [ছান্দসোঽয়ং প্রয়োগঃ] তে আদয়ো যেষাং তে ত্রিণাচিকাদয়ঃ, যোগঃ অন্তঃ যেষাং তে

যোগান্তাঃ, ত্রিণাচিকাদয়শ্চ যোগান্তাশ্চ ত্রিণাচিকাদিযোগান্তাঃ] ঈশ্বরভ্রান্তিম্ (পরমেশ্বরেঽজ্ঞানম্) আশ্রিতাঃ (প্রাপ্তাঃ) লোকায়তাদিসাংখ্যান্তাঃ (চার্ব্বাকাদিসাংখ্যান্তাঃ) জীববিশ্রান্তিম্ (জীবে সমাপ্তিম্) আশ্রিতাঃ (গতাঃ)।

অনুবাদ। যাঁহারা নাচিকেত-নামক অগ্নি চয়ন করিয়াছেন, তাঁহাদিগকে আরম্ভ করিয়া যোগ-পর্য্যন্ত সকলই ঈশ্বরে ভ্রান্তি প্রাপ্ত হইয়াছেন এবং চার্ব্বাক হইতে আরম্ভ করিয়া সাংখ্যপর্য্যন্ত জীবে বিশ্রাম লাভ করিয়াছে।

তাৎপর্য্য।—যাঁহারা অগ্নি চয়ন করেন, তাঁহারা কর্ম্মী; কর্ম্মীরা এবং যোগিগণ ফলদাতৃত্বরূপে ঈশ্বর স্বীকার করিয়া মহাভ্রমে নিপতিত হইয়াছেন। কারণ ঈশ্বরভাব প্রকৃতস্বরূপ নহে, ব্রহ্মই প্রকৃত-তত্ত্ব; ব্রহ্মের ঈশ্বরত্ব মায়াকৃত, সুতরাং তাহা মিথ্যা। অতএব মিথ্যা বস্তুতে আগ্রহ ত্যাগ করিয়া সত্য ব্রহ্মে আস্থাবান্ হওয়া উচিত। চার্ব্বাক হইতে সাংখ্যেরা জীব অপেক্ষা উৎকৃষ্ট তত্ত্ব জানিতে পারেন নাই,

তাঁহাদের জ্ঞাততত্ত্বের অতীত শুদ্ধ ব্রহ্ম। তাহাই সকলের প্রাপ্য।

৫৬। তস্মান্মুমুক্ষুভির্নৈব মতির্জীবেশবাদয়োঃ।
কার্য্যা কিন্তু ব্রহ্মতত্ত্বং নিশ্চলেন বিচার্য্যতাম্ ॥

ব্যাখ্যা। তস্মাৎ (জীবেশ্বরভাবস্য অসত্যত্বাৎ) মুমুক্ষুভিঃ (মুক্তিকামৈঃ) জীবেশবাদয়োঃ (জীববাদে ঈশ্বরবাদে চ) মতিঃ (বুদ্ধিঃ) ন এব কার্য্যা (বিধেয়া); কিন্তু নিশ্চলেন (স্থিরেণ) [সতা] ব্রহ্মতত্ত্বং (ব্রহ্মস্বরূপং) বিচার্য্যতাম্ (চিন্ত্যতাম্)।

অনুবাদ। অতএব মুমুক্ষুগণের জীববাদে এবং ঈশ্বরবাদে বুদ্ধি স্থাপন করা উচিত নহে, কিন্তু স্থিরচিত্তে ব্রহ্মতত্ত্ব বিচার কর।

৫৭। অদ্বিতীয়ব্রহ্মতত্ত্বং ন জানন্তি যথা তথা।
ভ্রান্তা এবাখিলাস্তেষাং ক্ব মুক্তিঃ কেহ বা সুখম্ ॥

ব্যাখ্যা। [যে] যথা অদ্বিতীয়ব্রহ্মতত্ত্বং (অদ্বৈতব্রহ্ম-স্বরূপং) ন জানন্তি; তথা [তে] অখিলাঃ (সর্ব্বে) ভ্রান্তা এব, ইহ (জগতি) তেষাং (অজ্ঞানাং) মুক্তিঃ (মোক্ষঃ) ক্ব (কুত্র) সুখং বা ক্ব, [অজ্ঞানাং তে ন স্ত ইত্যর্থঃ]।

অনুবাদ। যাহারা অদ্বিতীয় ব্রহ্মতত্ত্ব জানে

না, তাহারা ভ্রান্ত, এ জীবনে তাহাদের মুক্তি কোথায়, সুখ বা কোথায়? অদ্বৈত ব্রহ্মের স্বরূপ না বুঝিলে ভ্রান্তিই থাকিয়া যায়; ভ্রান্ত পুরুষের মুক্তি কখনই সম্ভবপর নহে, মুক্তি না হইলে অনবচ্ছিন্ন সুখ হইতে পারে না।

৫৮। উত্তমাধমভাবশ্চেত্তেষাং স্যাদস্তি তেন কিম্।
স্বপ্নস্থরাজ্যভিক্ষাভ্যাং প্রবুদ্ধঃ স্পৃশতে খলু॥

ব্যাখ্যা। তেষাম্ (ভ্রান্তানাম্) উত্তমাধমভাবঃ (উৎকৃষ্টাপকৃষ্টভাবঃ) চেৎ (যদি) স্যাৎ অস্তি (ভবেৎ), তেন (উত্তমাধমভাবেন) কিম্? প্রবুদ্ধঃ (জাগ্রৎপুরুষঃ) স্বপ্নস্থরাজ্যভিক্ষাভ্যাং (স্বপ্নে কেনচিৎ রাজ্যং লব্ধং, কেনচন ভিক্ষা কৃতা তাভ্যাং) স্পৃশতে খলু?।

অনুবাদ। যদি বল, যাহারা ব্রহ্মতত্ত্ব জানে না, তাহাদের মধ্যে কেহ উত্তম, কেহ ত অধম আছে, তাহার উত্তর এই যে, তাহার দ্বারা কি ফল হইবে। কারণ, যদি কেহ স্বপ্নে রাজা হয় ও স্বপ্নে ভিক্ষুক হয়; তাহার দ্বারা কি স্বপ্নদ্রষ্টা পুরুষ বাস্তবিক পক্ষে রাজা বা ভিক্ষুক হয়? না, তাহা

হইতে পারে না। যাহারা ব্রহ্মতত্ত্ব জানে না, তাহাদের বুদ্ধি উৎকৃষ্ট বা অপকৃষ্টভাব থাকিলে কি লাভ হইতেছে? তাহারা ত সকলে অজ্ঞ, ইহাতে কোন সংশয় নাই।

৫৯। অজ্ঞানে বুদ্ধিবিলয়ে নিদ্রা সা ভণ্যতে বুধৈঃ।
বিলীনাজ্ঞানতৎকার্য্যে ময়ি নিদ্রা কথং ভবেৎ॥

ব্যাখ্যা। অজ্ঞানে (অবিদ্যায়াং) বুদ্ধিবিলয়ে (বুদ্ধেঃবিলীনতায়াং) সা (অবস্থা) বুধৈঃ (পণ্ডিতৈঃ) নিদ্রা ভণ্যতে (কথ্যতে), বিলীনাজ্ঞানতৎকার্য্যে (অজ্ঞানং চ তৎকার্য্যঞ্চ অজ্ঞানতৎকার্য্যে বিলীনে যত্র তস্মিন্) ময়ি (চিৎস্বরূপে ব্রহ্মণি) নিদ্রা কথং ভবেৎ?

অনুবাদ। যে অবস্থায় বুদ্ধি অজ্ঞানে লয় প্রাপ্ত হয়, তাহাকে পণ্ডিতগণ নিদ্রা বলিয়াছেন; যাহাতে অজ্ঞান এবং তাহার কার্য্য সংসার লয় প্রাপ্ত হয়, সেই চৈতন্যস্বরূপ আমাতে নিদ্রা কিরূপে থাকিবে।

৬০। বুদ্ধেঃ পূর্ণবিকাসোঽয়ং জাগরঃ পরিকীর্ত্ত্যতে।
বিকারাদিবিহীনত্বাজ্জাগরো মে ন বিদ্যতে॥

ব্যাখ্যা। [যত্র] বুদ্ধেঃ (নিশ্চয়াত্মকবৃত্তেঃ অন্তঃকরণস্য) পূর্ণবিকাশঃ (সম্পূর্ণপ্রকাশঃ) অয়ং জাগরঃ (জাগরণং) পরিকীর্ত্ত্যতে (কথ্যতে)। মে (মম ব্রহ্মণঃ) বিকারাদিবিহীনত্বাৎ (বিকারাদিরাহিত্যাৎ) জাগরঃ (জাগ্রদবস্থা) ন বিদ্যতে।

অনুবাদ। যে অবস্থায় বুদ্ধির পূর্ণবিকাশ, তাহাকে জাগ্রদবস্থা বলা যায়। আমি বিকারাদিশূন্য, সুতরাং আমার জাগরণ নাই।

৬১। সূক্ষ্মনাড়িষু সঞ্চারো বুদ্ধেঃ স্বপ্নঃ প্রজায়তে।
সঞ্চারধর্ম্মরহিতে ময়ি স্বপ্নো ন বিদ্যতে॥

ব্যাখ্যা। [যদা] সূক্ষ্মনাড়ীষু বুদ্ধেঃ সঞ্চারঃ (গমনং) [ভবেৎ] [তদা] স্বপ্নঃ প্রজায়তে (ভবতি)। সঞ্চারধর্ম্মরহিতে (গমনরূপধর্ম্মহীনে) ময়ি স্বপ্নঃ ন বিদ্যতে।

অনুবাদ। যখন বুদ্ধি সূক্ষ্মনাড়ীসমূহে গমন করে, তখন জীবের স্বপ্নাবস্থা ঘটে, আমার কোন গতি নাই; অতএব আমার স্বপ্নও নাই।

৬২। সুষুপ্তিকালে সকলে বিলীনে তমসাবৃতে।
স্বরূপং মহদানন্দং ভুঙ্ক্তে বিশ্ববিবর্জিতঃ॥

ব্যাখ্যা। সুষুপ্তিকালে (সুষুপ্তৌ) সকলে (বুদ্ধ্যাদৌ সমস্তে) তমসা (অজ্ঞানেন) আবৃতে (কৃতাবরণে) [অতএব অজ্ঞানে কারণে] বিলীনে (লয়ং গতে) [সতি] [জীবঃ] দৃশ্যবিবর্জ্জিতঃ (দৃশ্যপদার্থরহিতঃ সন্) স্বরূপম্ (আত্মস্বরূপ-ভূতং) মহদানন্দং (পরমানন্দং) ভুঙ্‌ক্তে (অনুভবতি) [বিশ্ব-বিবর্জ্জিতঃ ইতি পাঠে তু জগৎশূন্যঃ ইত্যর্থঃ করণীয়ঃ, তদানীং প্রপঞ্চানুভাবাভাবাৎ]।

অনুবাদ। সুষুপ্তিকালে বুদ্ধ্যাদি সকল পদার্থ অজ্ঞানের দ্বারা আবৃত হইলে কারণীভূত অজ্ঞানে লীন হইয়া যায়. তখন জীব কেবলমাত্র আত্মস্বরূপভূত পরমানন্দ অনুভব করে।

৬৩। অবিশেষেণ সর্ব্বং তু যঃ পশ্যতি চিদন্বয়াৎ।
স এব সাক্ষাদ্বিজ্ঞানী স শিবঃ স হরির্বিধিঃ॥

ব্যাখ্যা। যঃ তু (জনঃ) অবিশেষেণ (ঐকরূপ্যেণ (সর্ব্বং) (বস্তু) চিদন্বয়াৎ (চৈতন্যানুগতত্বেন পশ্যতি) স এব সাক্ষাৎ (প্রত্যক্ষং) বিজ্ঞানী (বিশেষেণ জ্ঞানবান্) সঃ শিবঃ (মহা-দেবঃ), সঃ হরিঃ (বিষ্ণুঃ), সঃ বিধিঃ (ব্রহ্মা)।

অনুবাদ। সূত্র যেমন বস্ত্রে ওতপ্রোত-

ভাবে রহিয়াছে. সেইরূপ যিনি সমস্ত বস্তুতে চৈতন্যের সত্তা দর্শন করেন, তিনি প্রত্যক্ষজ্ঞানসম্পন্ন, তিনি শিব, তিনি বিষ্ণু, তিনিই ব্রহ্মা, এইরূপ পুরুষ সর্ব্বাত্ম-দর্শী হন।

৬৪। দীর্ঘস্বপ্নমিদং যত্তদ্দীর্ঘং বা চিত্তবিভ্রমম্।
দীর্ঘং বাপি মনোরাজ্যং সংসারং দুঃখসাগরম্।
সুপ্তেরুত্থায় সুপ্ত্যন্তং ব্রহ্মৈকং প্রবিচিন্ত্যতাম্॥

ব্যাখ্যা। ইদং যৎ (জগৎ) তৎ, দীর্ঘস্বপ্নং, দীর্ঘং বা চিত্ত-বিভ্রমং (মনোভ্রান্তিরূপং), দীর্ঘং মনোরাজ্যং (ভাবময়া মনসি বিলাসিতং রাজ্যং) সংসারং (গমনশীলং) দুঃখসাগরং (দুঃখ-সমুদ্রং) [বুদ্ধা] সুপ্তেঃ (নিদ্রাতঃ) উত্থায় সুপ্ত্যন্তম্ একং ব্রহ্ম প্রবিচিন্ত্যতাম্ (প্রকর্ষেণ) বিচিন্ত্যতাম্।

অনুবাদ। এই প্রত্যক্ষ দৃশ্যমান জগৎ দীর্ঘ স্বপ্নতুল্য, কিংবা চিত্তে বর্ত্তমান দীর্ঘকালস্থায়ী ভ্রম, অথবা দীর্ঘকাল ধরিয়া মনে কল্পিত রাজ্যের ন্যায়, ইহাকে গমনশীল এবং দুঃখসমুদ্র জানিয়া সুষুপ্তি হইতে উঠিয়া সুষুপ্তির পরে বর্ত্তমান অদ্বিতীয় ব্রহ্মকে চিন্তা কর।

৬৫। আরোপিতস্য জগতঃ প্রবিলাপনেন
চিত্তং মদাত্মকতয়া পরিকল্পিতং নঃ।
শক্রূন্নিহত্য গুরুষট্‌কগণান্নিপাতাদ্
গন্ধদ্বিপো ভবতি কেবলমদ্বিতীয়ঃ॥

ব্যাখ্যা। আরোপিতস্য (অধ্যস্তস্য) জগতঃ (বিশ্বস্য) প্রবিলাপনেন লয়প্রাপণেন চিত্তং (মনঃ) মদাত্মতয়া (আত্মস্বরূপত্বেন) পরিকল্পিতং; নঃ (অস্মাকং) গুরুষট্‌কগণান্ (কামাদীন্ প্রবলান্ ষট্) শক্রূন্ (রিপূন্) নিহত্য (বিনাশ্য) [তেষাং] নিপাতানাৎ (বিনাশাৎ) গন্ধদ্বিপঃ (গন্ধপ্রধানহস্তিবৎ) কেবলম্ অদ্বিতীয় (একঃ) ভবতি।

অনুবাদ। ব্রহ্মে কল্পিত এই জগৎকে কারণে লয় সম্পাদন করিবে। চিত্তও আত্মাতে কল্পিত। জীব কামাদি ছয়টী প্রবল অন্তঃশক্রকে নিহত করিয়া গন্ধপ্রধান হস্তীর ন্যায় শুদ্ধ ও অদ্বিতীয় হইয়া থাকে।

৬৬। অন্যাস্তমে তু বপুরাশতায়মাস্তাং
কস্তাবতাপি মম চিদ্বপুষো বিশেষঃ।
কুম্ভে বিনশ্যতি চিরং সমবস্থিতে বা
কুম্ভাম্বরস্য ন হি কোঽপি বিশেষলেশঃ॥

ব্যাখ্যা। বপুঃ (শরীরম্) অস্তু, অস্তম্ (নাশম্) এতু (প্রাপ্নোতু), [অথবা] আশশিতারং (যাবৎকালং শশী তারাশ্চ বর্ত্তন্তে তাবৎ) আস্তাম্ (তিষ্ঠতু), তাবতা অপি, চিদ্বপুষঃ (চৈতন্যস্বরূপস্য) মম, বিশেষঃ (ভেদঃ) কঃ? [ভেদো নাস্তি ইত্যর্থঃ], কুম্ভে (কলসে) বিনশ্যতি (বিনাশং গচ্ছতি সতি), বা (অথবা) চিরং (দীর্ঘং কালং) সমবস্থিতে (তিষ্ঠতি সতি) কুম্ভাম্বরস্য (কলসমধ্যস্থিতস্য জলস্য) কঃ অপি (কশ্চিদ্ অপি) বিশেষলেশঃ (লেশতোঽপি বিশেষঃ) ন হি (নাস্তি)।

অনুবাদ। শরীর অদ্য নষ্ট হউক, অথবা চন্দ্র—তারকাগণের অবস্থিতিকাল পর্য্যন্ত বিদ্যমান থাকুক, তাহাতে আমার কোন ভেদ নাই;—কারণ আমি চৈতন্যস্বরূপ, দেহের সহিত আমার কোন সম্বন্ধ নাই; জল কলসের মধ্যে থাকিলে, সেই কলসের অবস্থানে অথবা বিনাশে জলের কোন বৃদ্ধি বা ক্ষতি নাই।

৬৭। অহিনির্ব্বয়িনী সর্পনির্ম্মোকো জীববর্জ্জিতঃ।
বল্মীকে পতিতস্তিষ্ঠেত্তং সর্পো নাভিমন্যতে॥

ব্যাখ্যা। জীববর্জ্জিতঃ (চৈতন্যরহিতঃ) অহিনির্ব্বয়নী

অহিনির্ম্মোকং (সর্পত্বক্) বল্মীকে (মৃৎস্তূপে) পতিতঃ তিষ্ঠেৎ, সর্পঃ (যস্য ত্বক্ আসীৎ সঃ) তম্ (অহিনির্ম্মোকঃ) ন অভি-মন্যতে (স স্বাত্মীয়ত্বেন গৃহ্লাতি)।

অনুবাদ। চৈতন্যরহিত সাপের খোলস বল্মীকে (উয়ের ঢিপায়) পড়িয়া থাকে, যে সর্পের সেই ত্বক্, সে যদি আবার তাহা দেখে, তাহা হইলে তাহাতে (আমার বলিয়া) অভিমান স্থাপন করে না।

৬৮। এবং স্থূলং চ সূক্ষ্মং চ শরীরং নাভিমন্যতে।
প্রত্যগ্জ্ঞানশিখিধ্বস্তে মিথ্যাজ্ঞানে সহেতুকে।
নেতি নেতীতি রূপত্বাদশরীরো ভবত্যয়ম্॥

ব্যাখ্যা। এবং (যথা দৃষ্টান্তঃ তদ্বৎ) [তত্ত্বদর্শী] স্থূলং (দৃশ্যমানং ষাট্‌কৌশিকং) সূক্ষ্মঞ্চ (লিঙ্গং) শরীরং (দেহং) ন অভিমন্যতে ; সহেতুকে (সকারণকে, অজ্ঞানমত্র হেতুঃ) মিথ্যাজ্ঞানে (ভ্রমে প্রত্যগ্জ্ঞানশিখিধ্বস্তে (প্রত্যগাত্মজ্ঞানম্ এব শিখী—বহ্নিঃ, তেন ধ্বস্তে বিনাশিতে সতি) ন ইতি রূপত্বাৎ (ইদম্ আত্মতত্ত্বং ন, ইদং ন এবং রূপেণ) অয়ং (পুরুষঃ) অশরীরঃ (শরীরাভিমানরহিতঃ) ভবেৎ।

অনুবাদ। শাস্ত্রজ্ঞ পুরুষ ঐ সর্পের ন্যায় স্থূল ও সূক্ষ্ম শরীরের প্রতি অভিমানশূন্য হন, আত্মজ্ঞানরূপ অগ্নির দ্বারা মিথ্যাজ্ঞান সমূলে ধ্বংস প্রাপ্ত হইলে 'ইহা আত্মা নহে, ইহা আত্মা নহে—এইরূপে বিবেচনা করিয়া পুরুষ শরীরাভিমানরহিত হন।

৬৯। শাস্ত্রেণ ন স্যাৎ পরমার্থদৃষ্টিঃ
কার্য্যক্ষমং পশ্যতি চাপরোক্ষম্।
প্রারব্ধনাশাৎ প্রতিভাননাশ
এবং ত্রিধা নশ্যতি চাত্মমায়া॥

ব্যাখ্যা। শাস্ত্রেণ (বেদান্তাদিনা) [লোকস্য জগতি) পরমার্থদৃষ্টিঃ (সত্যতাবুদ্ধিঃ) ন স্যাৎ; [জনঃ আত্মানং] কার্য্যক্ষমং (অবিদ্যানিবৃত্তিযোগ্যং) অপরোক্ষম্ (প্রত্যক্ষং) চ ন পশ্যতি; প্রারব্ধনাশাৎ (যেন কর্ম্মণা ইদং শরীরম্ উৎপন্নং তৎ প্রারব্ধম্ ইত্যুচ্যতে, তস্য ক্ষয়াৎ) প্রতিভাননাশঃ (জগৎ-প্রতীতের্হানির্ভবেৎ), এবং (ইত্থং) ত্রিধা (ত্রিবিধেন উপায়েন) আত্মমায়া (আত্মনি বিদ্যমানা মায়া) চ নশ্যতি (নাশম্ উপৈতি)।

অনুবাদ। শাস্ত্রজ্ঞানের দ্বারা জগতের

সত্যত্ব বুদ্ধি থাকে না; অতঃপর প্রত্যক্ষ আত্মাকে অবিদ্যানিবৃত্তিযোগ্য দেখেন, প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে জগতের প্রতীতি হয় না, এইরূপে তিনপ্রকারে আত্মাতে অবিদ্যাকল্পিত মায়া দূরীভূত হয়।

তাৎপর্য্য। বেদান্তশাস্ত্র অধ্যয়ন করিলে জানা যায় এই জগৎ মিথ্যা, জগতের সত্যত্ব বুদ্ধির নাশকে এক প্রকার অবিদ্যানাশ বলা যায়। অতঃপর অন্তঃকরণে প্রত্যক্ষ আত্মজ্ঞান হয়, তাহার দ্বারা এক প্রকার অবিদ্যানাশ হয়। এবং যখন প্রারব্ধ ক্ষয় হয়, তখন আর জগৎ বলিয়া প্রতীতি থাকে না। তখন সকলই ব্রহ্ম বলিয়া বোধ হয়। যে কর্ম্মের দ্বারা এই দেহ উৎপন্ন হইয়াছে, তাহার নাম প্রারব্ধ।

৭০। ব্রহ্মত্বে যোজিতে স্বামিন্ জীবভাবো ন গচ্ছতি।
অদ্বৈতে বোধিতে তত্ত্বে বাসনা বিনিবর্ত্ততে॥

ব্যাখ্যা। স্বামিন্! [আত্মনি] ব্রহ্মত্বে (ব্রহ্মস্বরূপত্বেন) যোজিতে, জীবভাবঃ (জীবত্বং) ন গচ্ছতি, অদ্বৈতে তত্ত্বে (দ্বৈতাভ্যস্তাভাবরূপে ব্রহ্মণি) বাসনা (সংস্কারঃ) বিনিবর্ত্ততে (দূরীভবতি)।

অনুবাদ। প্রভো। যদি আত্মাকে ... রূপে চিন্তা করা যায়, তাহা হইলে জীবের জীবত্ব নষ্ট হয় না; কিন্তু আত্মা অদ্বৈত বস্তু, এইরূপে বুঝাইলে আর অবিদ্যা-সংস্কার থাকে না।

৭১। প্রারব্ধান্তে দেহহানির্মায়েতি ক্ষীয়তেঽখিলা।
অস্তীত্যুক্তে জগৎ সর্ব্বং সদ্রূপং ব্রহ্ম তদ্ভবেৎ॥

ব্যাখ্যা। প্রারব্ধান্তে (প্রারব্ধকর্ম্মণঃ ক্ষয়ে) দেহহানিঃ (শরীরনাশঃ) [ভবেৎ] ইতি অখিলা (সম্পূর্ণা) মায়া ক্ষীয়তে অস্তি ইতি উক্তে (কথিতে) তৎ সর্ব্বং জগৎ সদ্রূপং (সৎস্বরূপং) ব্রহ্ম ভবেৎ।

অনুবাদ। প্রারব্ধকর্ম্ম ক্ষয় প্রাপ্ত হইলে শরীরনাশ ঘটে, তখন সমস্ত মায়া ক্ষয় প্রাপ্ত হয়। 'অস্তি' এই কথা বলিলে সমস্ত জগৎ সৎস্বরূপ ব্রহ্ম হইয়া থাকে।

৭২। ভাতীত্যুক্তে জগৎ সর্ব্বং ভানং ব্রহ্মৈব কেবলম্।
মরুভূমৌ জলং সর্ব্বং মরুভূমাত্রমেব তৎ।
জগত্ত্রয়মিদং সর্ব্বং চিন্মাত্রং স্ববিচারতঃ॥

ব্যাখ্যা। সর্ব্বং জগৎ ভাতি (ভাসতে) ইতি উক্তে (কথিতে) ভানং (প্রকাশঃ) কেবলং ব্রহ্ম এব; মরুভূমৌ (মরুস্থানে ; সর্ব্বং জলং, তৎ ভূমাত্রম্ এব (মৃত্তিকামাত্রমেব), [তদ্বৎ] ইদং (দৃশ্যমানং) স্ববিচারতঃ (স্বস্ব আত্মনঃ বিচারতঃ বিচারেণ) চিন্মাত্রং (চৈতন্যমাত্রম্)।

অনুবাদ। সমস্ত জগৎ প্রকাশিত হইতেছে, এই কথায় প্রকাশ হইতেছে, কেবল ব্রহ্মস্বরূপ। মরুভূমিতে যে জল বলিয়া বোধ হয়, তাহা বিচারে মরুভূমি, কারণ অধিষ্ঠানের সত্তা-ব্যতিরেকে আরোপ্যের কোন সত্তা নাই; সেইরূপ আত্ম-বিচারের দ্বারা এই তিনটী জগৎ চৈতন্যস্বরূপ বলিয়া বোধ হয়, যেহেতু চৈতন্যে তিনটী জগৎ অধ্যস্ত।

৭৩। অজ্ঞানমেব ন কুতো জগতঃ প্রসঙ্গো
জীবেশদেশিকবিকল্পকথাতিদূরে।
একান্তকেবলচিদেকরসস্বভাবে
ব্রহ্মৈব কেবলমহং পরিপূর্ণমস্মি॥

ব্যাখ্যা। একান্তকেবলচিদেকরসস্বভাবে (অব্যভিচরিত-

শুদ্ধচৈতন্যৈকরসস্বরূপে) [ব্রহ্মণি] অজ্ঞানম্ এব ন (অজ্ঞানং নাস্ত্যেব), জগতঃ (অবিদ্যাকার্য্যস্য প্রপঞ্চস্য) প্রসঙ্গঃ (অস্তিত্ব) কুতঃ? (কস্মাৎ)? জীবেশদেশিকবিকল্পকথা (জীবঃ, ঈশঃ, দেশিকঃ—গুরুঃ, তেষাং যো বিকল্পঃ তস্য কথা বার্ত্তা) অতিদূরে [বর্ত্ততে]। অহং কেবলং পরিপূর্ণং (পূর্ণস্বভাবং) ব্রহ্ম অস্মি।

অনুবাদ। নিত্যজ্ঞান যাঁহার একমাত্র স্বরূপ সেই ব্রহ্মে অজ্ঞান নাই, সুতরাং অজ্ঞানের কার্য্য যে জগৎ, তাহা ত থাকিতেই পারে না। জীব ঈশ্বর, গুরু ইত্যাদি ভেদকল্পনা ত অতি দূরে, আমি শুদ্ধ পরিপূর্ণস্বভাব ব্রহ্ম।

৭৪। বোধচন্দ্রমসি পূর্ণবিগ্রহে
মোহরাহুমুষিতাত্মতেজসি।
স্নানদানযজনাদিকাঃ ক্রিয়া
মোচনাবধি বৃথৈব তিষ্ঠতে॥

ব্যাখ্যা। পূর্ণবিগ্রহে পরিপূর্ণাবয়বে) বোধচন্দ্রমসি (জ্ঞানচন্দ্রে) মোহরাহুমুষিতাত্মতেজসি (মোহ এব রাহুঃ তেন মুষিতম্ অপহৃতন্ আত্মতেজঃ যস্য তস্মিন্) [সতি] স্নানদানযজনাদিকাঃ ক্রিয়াঃ, মোচনাবধি (আমুক্তেঃ) বৃথা এব তিষ্ঠতি।

অনুবাদ। পূর্ণাবয়ব জ্ঞানরূপ চন্দ্রের প্রভা অজ্ঞানরূপ রাহুর দ্বারা অপহৃত হইলে মুক্তিপর্য্যন্ত স্নান, দান, যজনপ্রভৃতি যাবতীয় কর্ম্ম বৃথাই হইয়া থাকে।

তাৎপর্য্য। পূর্ণিমার চন্দ্রকে রাহু গ্রাস করে। তখন পৃথিবীস্থ লোকে দান, জপপ্রভৃতি ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকে, সেই ক্রিয়া মুক্তিপর্য্যন্ত। সেইরূপ যতক্ষণ মোক্ষ না হয়, ততক্ষণ দানাদি সমস্ত ক্রিয়া কর্ত্তব্য।

৭৫। সলিলে সৈন্ধবং যদ্বৎ সাম্যং ভবতি যোগতঃ।
তথাত্মমনসোরৈক্যং সমাধিরিতি কথ্যতে॥

ব্যাখ্যা। যদ্বৎ (যথা) যোগতঃ (সম্বন্ধাৎ) সলিলে (জলে) সৈন্ধবং (লবণং) সাম্যং (ঐক্য) ভবতি। তথা (তদ্বৎ) আত্মমনসোঃ (আত্মনঃ মনসশ্চ) ঐক্যং (একতা) সমাধিঃ (যোগঃ) ইতি কথ্যতে।

অনুবাদ। যেমন জলের সহিত সৈন্ধব-লবণের সম্বন্ধ হইলে পার্থক্য থাকে না, সেইরূপ আত্মা ও মনের ঐক্যকে শাস্ত্রজ্ঞগণ সমাধি বলিয়া থাকেন।

৭৬। দুর্লভো বিষয়ত্যাগো দুর্লভং তত্ত্বদর্শনম্।
দুর্লভা সহজাবস্থা সদ্‌গুরোঃ করুণাং বিনা॥

ব্যাখ্যা। সদ্‌গুরোঃ (সাধোঃ উপদেশকস্য) করুণাং (দয়াং) বিনা (ঋতে) বিষয়ত্যাগঃ (শব্দাদীনাং বিষয়াণাং পরিত্যাগঃ) দুর্লভঃ; তত্ত্বদর্শনং (তত্ত্বজ্ঞানং) দুর্লভম্, সহজাবস্থা [চ] দুর্লভা।

অনুবাদ। সদ্‌গুরুর কৃপাব্যতীত শব্দাদি বিষয়সমূহের পরিত্যাগ দুর্ল্লভ, তত্ত্বজ্ঞান দুর্ল্লভ এবং সহজাবস্থা অর্থাৎ আত্মস্বরূপে অবস্থানও দুর্ল্লভ।

৭৭। উৎপন্নশক্তিবোধস্য ত্যক্তনিঃশেষকর্ম্মণঃ।
যোগিনঃ সহজাবস্থা স্বয়মেব প্রকাশতে॥

ব্যাখ্যা। উৎপন্নশক্তিবোধস্য (শক্তিঃ বলং, বোধঃ জ্ঞানং, তৌ উৎপন্নৌ যস্য তস্য) ত্যক্তনিঃশেষকর্ম্মণঃ (ত্যক্তং নিঃশেষং যথা স্যাৎ তথা কর্ম্ম যেন তস্য) যোগিনঃ সহজাবস্থা (স্বাভাবিকী দশা) স্বয়ম্ এব প্রকাশতে (আবির্ভবতি)।

অনুবাদ। যাঁহার বল এবং জ্ঞান উৎপন্ন হইয়াছে, যিনি সম্পূর্ণভাবে সমস্ত কর্ম্ম পরিত্যাগ করিয়াছেন, এইরূপ যোগীর স্বাভাবিকী অবস্থা স্বয়ং প্রকাশিত হয়।

৭৮। রসস্য মনসশ্চৈব চঞ্চলত্বং স্বভাবতঃ।
রসো বদ্ধো মনো বদ্ধং কিং ন সিদ্ধ্যতি ভূতলে॥

ব্যাখ্যা। রসস্য (পারদস্য) মনসশ্চ এব, স্বভাবতঃ (স্বতঃ) চঞ্চলত্বম্। রসঃ, বদ্ধঃ (বশীকৃতঃ) মনঃ বদ্ধং [চেৎ] ভূতলে [তস্য] কিং ন সিধ্যতি।

অনুবাদ। রস (পারদ) এবং মনের চঞ্চলতা স্বাভাবিক, রস এবং মনঃ যদি বশীভূত হয়, তবে তাহার জগতে কিছুই অসিদ্ধ থাকে না।

৭৯। মূর্চ্ছিতো হরতি ব্যাধিং মৃতো জীবয়তি স্বয়ম্।
বদ্ধঃ খেচরতাং ধত্তে ব্রহ্মত্বং রসচেতসি॥

ব্যাখ্যা। [রসঃ] মূর্চ্ছিতঃ (মূর্চ্ছাযুক্তঃ, আয়ুর্ব্বেদশাস্ত্রোক্তঃ মূর্চ্ছিতঃ) ব্যাধিং (রোগং) হরতি (নাশয়তি) মৃতঃ (তদাখ্য-সংস্কারযুক্তঃ [সন্] স্বয়ং (আত্মনা) [জনান্] জীবয়তি (জনানাং প্রাণান্ রক্ষতি) বদ্ধঃ (আবদ্ধঃ) খেচরতাম্ (আকাশগামিতাং) ধত্তে (ধারয়তি), রসচেতসি (পারদভক্ষণেন বিশুদ্ধচিত্তে) ব্রহ্মত্বং [প্রকাশতে]।

অনুবাদ। পারদ মূর্চ্ছিত হইলে রোগ দূর করে, মৃত হইলে অপরের প্রাণদান করে, বদ্ধ হইলে

তাহার সেবা দ্বারা লোক আকাশে গমন করে এবং যিনি বিশুদ্ধ পারদ সেবন করিয়া নীরোগ হইয়াছেন এবং চিত্তের নির্ম্মলতা সম্পাদন করিয়াছেন, তাঁহারই চিত্তে ব্রহ্মভাব প্রকাশিত হয়। আয়ুর্ব্বেদোক্ত ক্রিয়া দ্বারা পারদ মূর্চ্ছিত, মৃত ও বদ্ধ হইয়া থাকে। সে সমস্ত প্রক্রিয়া আয়ুর্ব্বেদ শাস্ত্রে উক্ত হইয়াছে।

৮০। ইন্দ্রিয়াণাং মনো নাথো মনোনাথস্তু মারুতঃ।
মারুতস্য লয়ো নাথস্তন্নাথং লয়মাশ্রয় ॥

ব্যাখ্যা। ইন্দ্রিয়াণাং মনঃ নাথঃ (প্রভুঃ), তু (কিন্তু) মারুতঃ (বায়ুঃ) মনোনাথঃ (মনসঃ নাথঃ); মারুতস্য (বায়োঃ নাথঃ (প্রভুঃ) লয়ঃ (লীয়ন্তে পদার্থা যত্র ইতি লয়ঃ আত্মা) তন্নাথং লয়ম্ (বায়ুনাথম্ আত্মানম্) আশ্রয় (অবলম্বন)।

অনুবাদ। মনঃ ইন্দ্রিয়গণের প্রভু, মনের নাথ বায়ু, বায়ুর নাথ লয়স্বরূপ আত্মা, সেই বায়ুর প্রভু লয়স্বরূপ আত্মাকে অবলম্বন কর।

৮১। নিশ্চেষ্টো নির্ব্বিকারশ্চ লয়ো জীবতি যোগিনাম্।
উচ্ছিন্নসর্ব্বসঙ্কল্পো নিঃশেষাশেষচেষ্টিতঃ।
স্বাবগম্যো লয়ঃ কোঽপি মনসাং বাগগোচরঃ ॥

ব্যাখ্যা। উচ্ছিন্নসর্ব্বসংকল্পঃ (সর্ব্বসংকল্পরহিতঃ) নিঃশেষাশেষচেষ্টিতঃ (যাবতীয়চেষ্টাহীনঃ) কঃ অপি লয়ঃ, স্বাবগম্যঃ (স্বেন বোধ্যঃ) মনসাং, বাগগোচরঃ (বাচামবিষয়শ্চ)।

অনুবাদ। যেখানে সমস্ত সংকল্প উচ্ছেদ প্রাপ্ত হইয়াছে, যথায় যাবতীয় চেষ্টা সমাপ্ত হইয়াছে, এবংবিধ অপূর্ব্ব লয় কেবলমাত্র নিজের অনুভবের বিষয়; তাহা মনঃ ও বাক্যের অবিষয়।

৮২। পুঙ্খানুপুঙ্খবিষয়েক্ষণতৎপরোঽপি
ব্রহ্মাবলোকনধিয়ং ন জহাতি যোগী।
সঙ্গীততাললয়বাদ্যবশং গতাপি
মৌলিস্থকুম্ভপরিরক্ষণধীর্নটীব॥

ব্যাখ্যা। যোগী (সমাহিতচিত্তঃ) পুঙ্খানুপুঙ্খবিষয়েক্ষণতৎপরঃ (সম্যগ্ বিষয়ানুসন্ধানপরঃ) অপি, ব্রহ্মাবলোকনধিয়ং (ব্রহ্মসাক্ষাৎকারযোগ্যাং বুদ্ধিং) ন জহাতি) (ত্যজতি); [অত্র দৃষ্টান্তঃ] নটী ইব (নর্ত্তকী যথা) সঙ্গীততাললয়বাদ্যবশং (গীততাললয়বাদ্যাধীনতাং) গতা (প্রাপ্তা) অপি, মৌলিস্থকুম্ভপরিরক্ষণধীঃ (শিরঃস্থিতকুম্ভরক্ষণবুদ্ধিঃ)।

অনুবাদ। যেমন নর্ত্তকী মস্তকে কুম্ভের উপর কুম্ভ তাহার উপর কুম্ভ লইয়া সঙ্গীত, তাল, লয়

এবং বাদ্যের অধীন হইয়া নাচিতে লাগিলে মস্তকস্থিত কুম্ভ-পরিরক্ষণে বুদ্ধি বিচ্যুত হয় না, বরং কুম্ভ যাহাতে না পড়ে, তাহার দিকে লক্ষ্য থাকে, সেইরূপ যোগী পুরুষ পুঙ্খানুপুঙ্খরূপে বিষয়-দর্শনপরায়ণ হইলেও ব্রহ্মদর্শন বুদ্ধিকে পরিত্যাগ করেন না।

৮৩। সর্ব্বচিন্তাং পরিত্যজ্য সাবধানেন চেতসা।
নাদ এবানুসন্ধেয়ো যোগসাম্রাজ্যমিচ্ছতা ॥

ইতি দ্বিতীয়োঽধ্যায়ঃ।

ব্যাখ্যা। যোগসাম্রাজ্যং (যোগস্য পরাং কাষ্ঠাম্) ইচ্ছতা [পুরুষেণ] সাবধানেন (অবহিতেন) চেতসা (মনসা) নাদঃ (ওঁকার) এব অনুসন্ধেয়ঃ (অন্বেষ্টব্যঃ)।

অনুবাদ। যিনি যোগ-সাম্রাজ্যের অভিলাষী, তিনি একাগ্রচিত্তে নাদ অর্থাৎ প্রণবকে অনুসন্ধান করিবেন।

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়োঽধ্যায়ঃ।

১। ন হি নানাস্বরূপং স্যাদেকং বস্তু কদাচন।
তস্মাদখণ্ড এবাস্মি যন্মদন্যন্ন কিঞ্চন ॥

ব্যাখ্যা। একম্ (অদ্বিতীয়ং) বস্তু, কদাচন (কদাচিদপি) নানারূপং (বিবিধস্বরূপং) ন হি (নিশ্চয়ে) স্যাৎ (ভবেৎ); যৎ (যস্মাৎ) মদন্যৎ (মত্তিন্নং) কিঞ্চন (কিঞ্চিদপি বস্তু) ন (নাস্তি), তস্মাৎ (কারণাৎ) অখণ্ডঃ (পূর্ণঃ) এব অস্মি (ভবামি)।

অনুবাদ। এক বস্তু কখনও নানারূপ হইতে পারে না, যেহেতু আমা ভিন্ন অন্য কোন বস্তু নাই, অতএব আমি 'অখণ্ড'স্বরূপ।

২। দৃশ্যতে শ্রূয়তে যদ্ যদ্ ব্রহ্মণোঽন্যন্ন তদ্ভবেৎ।
নিত্যশুদ্ধবিমুক্তৈকমখণ্ডানন্দমদ্বয়ম্।
সত্যং জ্ঞানমনন্তং যৎ পরং ব্রহ্মাহমেব তৎ ॥

ব্যাখ্যা। যদ্ যদ্ (বস্তুজাতং) দৃশ্যতে, শ্রূয়তে [চ], তৎ তদ্ ব্রহ্মণঃ অন্যৎ (অপরং) ন ভবেৎ; নিত্যশুদ্ধবিমুক্তৈকম্ (সততবিশুদ্ধমুক্তাদ্বিতীয়স্বরূপং) অদ্বয়ম্ (সজাতীয়-বিজাতীয়-

দ্বৈতরহিতম্) অখণ্ডানন্দং (অখণ্ডসুখস্বরূপং) সত্যং (সৎ) জ্ঞানং (চিৎ) অনন্তং (ব্যাপকং) যদ্ ব্রহ্ম (পরমাত্মা) তৎ অহম্ এব [অস্মি] ।

অনুবাদ। যে যে বস্তু দেখা যায় কিংবা শুনা যায়, সেই সমুদায়ই ব্রহ্ম হইতে ভিন্ন নহে; নিত্যশুদ্ধমুক্তস্বরূপ, অদ্বিতীয়, অখণ্ড আনন্দস্বরূপ; সত্য, জ্ঞান ও অনন্তস্বরূপ যে ব্রহ্ম, তাহাই আমি।

৩। আনন্দরূপোঽহমখণ্ডবোধঃ
পরাৎপরোঽহং ঘনচিৎপ্রকাশঃ।
মেঘা যথা ব্যোম ন চ স্পৃশন্তি
সংসারদুঃখানি ন মাং স্পৃশন্তি ॥

ব্যাখ্যা। অহম্, আনন্দরূপঃ (সুখস্বরূপঃ) অখণ্ডবোধঃ (অখণ্ডজ্ঞানস্বরূপঃ) পরাৎ (শ্রেষ্ঠাৎ হিরণ্যগর্ভাৎ) পরঃ (শ্রেষ্ঠতরঃ) ঘনচিৎপ্রকাশঃ (জ্ঞানরূপপ্রকাশমূর্ত্তিঃ); যথা (যদ্বৎ) মেঘাঃ (জলধরাঃ) ব্যোম (আকাশং) ন স্পৃশন্তি, [তথা] সংসারদুঃখানি মাং ন স্পৃশন্তি ।

অনুবাদ। আমি আনন্দরূপ এবং অখণ্ড বোধস্বরূপ শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠতর, প্রকাশমূর্ত্তি;

মেঘসমূহ যেমন আকাশকে স্পর্শ করে না, সেইরূপ সংসার দুঃখরাশি আমাকে স্পর্শ করে না।

৪। সর্ব্বং সুখং বিদ্ধি সুদুঃখনাশাৎ
সর্ব্বং চ সদ্রূপমসত্যনাশাৎ।
চিদ্রূপমেব প্রতিভানযুক্তং
তস্মাদখণ্ডং মম রূপমেতৎ॥

ব্যাখ্যা। সুদুঃখনাশাৎ (সুষ্ঠু দুঃখস্য বিনাশাৎ) সর্ব্বং (সকলং) সুখং (আনন্দরূপং) বিদ্ধি (জানীহি), অসত্যনাশাৎ (মিথ্যাভূতবস্তুবিনাশাৎ) সর্ব্বং চ সদ্রূপং (নিত্যস্বরূপং) তস্মাৎ, প্রতিভানযুক্তং (প্রকাশোপেতং) চিদ্রূপং (জ্ঞানস্বরূপং) এতৎ অখণ্ডং মম রূপং (স্বরূপম্)।

অনুবাদ। সম্যক্‌রূপে দুঃখের অভাব থাকায় সমস্ত সুখস্বরূপ, অসত্য বস্তু না থাকায় সমস্ত নিত্যস্বরূপ, অতএব অখণ্ড চিৎপ্রকাশই আমার স্বরূপ।

৫। ন হি জনির্ম্মরণং গমনাগমৌ
ন চ মলং বিমলং ন চ বেদনম্।
চিন্ময়ং হি সকলং বিরাজতে
স্ফুটতরং পরমস্য তু যোগিনঃ॥

ব্যাখ্যা। অস্য যোগিনঃ (সমাধিমতঃ পুরুষস্য) জনিঃ (জন্ম) মরণঞ্চ (মৃত্যুশ্চ) ন হি, গমনাগমনৌ (গতাগতৌ) ন চ, মলম্ (অশুদ্ধং) বিমলং চ (বিশুদ্ধঞ্চ (বেদনং (জ্ঞানং) ন চ। হি (যতঃ) পরং (কেবলং) তু (এব) সকলং (সর্ব্বং) চিন্ময়ং (চৈতন্যস্বরূপং) স্ফুটতরম্ (অতিশয়েন স্ফুটং) বিরাজতে।

অনুবাদ। এই যোগী পুরুষের জন্ম কিংবা মৃত্যু নাই, গমনাগমন নাই, অশুদ্ধ বা বিশুদ্ধ জ্ঞান নাই; সমস্তই অতীব পরিস্ফুট জ্ঞানরূপতা প্রকাশ পাইতেছে।

৬। সত্যচিদ্ঘনমখণ্ডমদ্বয়ং
সর্ব্বদৃশ্যরহিতং নিরাময়ম্।
যৎপদং বিমলমদ্বয়ং শিবং
তৎসদাহমিতি মৌনমাশ্রয়॥

ব্যাখ্যা। সত্যচিদ্ঘনম্ (নিত্যচিন্মূর্ত্তিঃ) অখণ্ডম্, অদ্বয়ম্ (অদ্বিতীয়ম্) সর্ব্বদৃশ্যরহিতং (সকলদৃশ্যশূন্যং) নিরাময়ং (রোগরহিতম্, একরূপেণ স্থিতম্) যৎ পদং (পদ্যতে গম্যতে ইতি পদনীয়ং গম্যমিত্যর্থঃ) বিমলম্ (দোষরহিতম্) অদ্বয়ং

(অদ্বিতীয়ং) শিবং (শিবস্বরূপম্) অহম্ [অস্মি] ইতি (হেতোঃ) মৌনং (তূষ্ণীম্ভাবম্) আশ্রয় (অবলম্বস্ব)।

অনুবাদ। আমি সর্ব্বদা নিত্যজ্ঞানমূর্ত্তি অখণ্ড, অদ্বিতীয়, সমস্ত-দৃশ্যশূন্য, ব্যাধিরহিত, প্রাপ্য, নির্ম্মল অদ্বিতীয় শিবস্বরূপ, এইজন্য মৌন অবলম্বন কর।

৭। জন্মমৃত্যুসুখদুঃখবর্জিতং
জাতিনীতিকুলগোত্রদূরগম্।
চিদ্বিবর্ত্তজগতোঽস্য কারণং
তৎসদাহমিতি মৌনমাশ্রয়॥

ব্যাখ্যা। অহং সদা জন্মমৃত্যুসুখদুঃখবর্জিতং (জননমরণসুখদুঃখরহিতং) জাতিনীতিকুলগোত্রদূরগং (জন্মনয়বংশগোত্ররহিতং) অস্য (দৃশ্যমানস্য) চিদ্বিবর্ত্তজগতঃ (চৈতন্যে প্রতিভাসমানস্য প্রপঞ্চস্য) কারণং (নিদানং) [অস্মি] ইতি মৌনম্ আশ্রয়।

অনুবাদ। আমি সর্ব্বদা জন্ম, মৃত্যু, সুখ ও দুঃখবর্জ্জিত; জাতি, নীতি, কুল, গোত্ররহিত; চৈতন্যে প্রতিভাসমান জগতের কারণ, এই জন্য মৌন অবলম্বন কর।

৮। পূর্ণমদ্বয়মখণ্ডচেতনং
বিশ্বভেদকলনাদিবর্জিতম্।
অদ্বিতীয়পরমচিদংশকং
তৎসদাহমিতি মৌনমাশ্রয়॥

ব্যাখ্যা। পূর্ণম্ (পরিপূর্ণম্) অদ্বয়ম্ (অদ্বিতীয়াম্) অখণ্ড-চেতনং (অখণ্ডচৈতন্যস্বরূপং বিশ্বভেদকলনাদিবর্জিতম্ (জগদ্ভেদ-কল্পনাদিরহিতম্) অদ্বিতীয়পরমং চিদংশকং (অদ্বয়কেবল-জ্ঞানাবয়বং) তৎ (ব্রহ্মাস্বরূপং) সদা (সততম্) অহম্ [অস্মি] ইতি মৌনম্ আশ্রয়।

অনুবাদ। আমি পরিপূর্ণ অদ্বিতীয় অখণ্ড চৈতন্যস্বরূপ—আমাতে বিশ্বভেদ কল্পনাদি নাই. আমি সর্ব্বদা অদ্বিতীয় জ্ঞানরূপ, এই জন্য মৌন অবলম্বন কর।

৯। কেনাপ্যবাধিতত্বেন ত্রিকালেঽপ্যেকরূপতঃ।
বিদ্যমানত্বমস্ত্যেতৎ সদ্রূপত্বং সদা মম॥

ব্যাখ্যা। কেন অপি (বস্তুনা) অবাধিতত্বেন (অবাধ্যত্বেন) ত্রিকালেঽপি (কালত্রয়ে অপি) একরূপতঃ (একস্বরূপতঃ) বিদ্যমানত্বম্ (বর্ত্তমানত্বম্) অস্তি, এতৎ মম সদা সদ্রূপত্বম্ (সৎস্বরূপত্বম্)।

অনুবাদ। কোন বস্তুর দ্বারা ইহার বাধা না হওয়ায় এবং তিন কালে একরূপে থাকায় বিদ্যমানতা আছে, ইহাই আমার সর্ব্বদা সদ্রূপতা।

১০। নিরুপাধিকনিত্যং যৎ সুপ্তৌ সর্ব্বসুখাৎ পরম্।
সুখরূপত্বমস্ত্যেতদানন্দত্বং সদা মম॥

ব্যাখ্যা। যৎ (যস্তু) নিরুপাধিকনিত্যং (স্বতঃ নিত্যং) সুপ্তৌ (সুষুপ্তৌ) সর্ব্বসুখাৎ (সর্ব্বস্মাৎ সুখাৎ) পরং (উৎকৃষ্টং সুখরূপত্বং (সুখস্বরূপত্বম্) অস্তি, এতৎ মম, সদা আনন্দত্বম্ (আনন্দস্বরূপত্বম্)।

অনুবাদ। যে বস্তু স্বভাবতঃ নিত্য, যাহা সুষুপ্তিকালে সর্ব্ববিধ সুখ হইতে উৎকৃষ্ট সুখরূপে বিদ্যমান থাকে, ইহাই আমার সর্ব্বদা সুখস্বরূপতা।

১১। দিনকরকিরণৈর্হি শার্ব্বরং তমো
নিবিড়তরং ঝটিতি প্রণাশমেতি।
ঘনতরভবকারণং তমো যদ্
হরিদিনকৃৎপ্রভয়া ন চান্তরেণ॥

ব্যাখ্যা। [যথা] নিবিড়তরং (গাঢ়তরং) শার্ব্বরং তমঃ

নৈশঃ অন্ধকারঃ) দিনকরকিরণৈঃ (সূর্য্যকরৈঃ) ঝটিতি শীঘ্রং) প্রণাশম্ (বিনাশম্) এতি (গচ্ছতি) হি (নিশ্চয়ে), তথা] ঘনতরভবকারণং (নিবিড়তরসংসারকারণম্) যৎ তমঃ (অজ্ঞানং) [তৎ] হরিদিনকৃৎপ্রভয়া (হরিঃ ব্রহ্ম এব দিনকৃৎ-সূর্য্যঃ তস্য প্রভয়া প্রকাশেন) অন্তরেণ (বিনা) [প্রণাশম্ এতি।

অনুবাদ। যেমন গাঢ়তর রাত্রির অন্ধকার সূর্য্যকিরণব্যতীত শীঘ্র দূরীভূত হয় না, সেই রূপ হরিরূপ সূর্য্যের প্রকাশব্যতীত অতীব নিবিড় সংসারের কারণীভূত অজ্ঞান বিনাশ প্রাপ্ত হয় না।

১২। মম চরণস্মরণেন পূজয়া চ
স্বকতমসঃ পরিমুচ্যতে হি জন্তুঃ।
ন হি মরণপ্রভবপ্রণাশহেতু-
র্মমচরণস্মরণাদৃতেঽস্তি কিঞ্চিৎ॥

ব্যাখ্যা। জন্তুঃ (জীবঃ) মম (ব্রহ্মরূপস্য শ্রীহরেঃ) চরণ-স্মরণেন (পাদধ্যানেন) পূজয়া চ (সপর্য্যয়া চ) স্বকতমসঃ (স্বকীয়াদজ্ঞানাৎ) পরিমুচ্যতে (সর্ব্বতোভাবেন মুচ্যতে) হি (নিশ্চয়ে); হি (যতঃ) মম চরণস্মরণাৎ (পাদধ্যানাৎ) ঋতে (বিনা) মরণপ্রভবপ্রণাশহেতুঃ (জন্মমৃত্যুক্ষয়কারণং) কিঞ্চিৎ (কিমপি) ন অস্তি (বিদ্যতে)।

অনুবাদ। জীব আমার পাদপদ্ম ধ্যান এবং আমার পূজার দ্বারা স্বকীয় অজ্ঞান হইতে সম্পূর্ণরূপে মুক্ত হয়; কারণ, আমার চরণ ধ্যান-ব্যতীত জন্ম ও মৃত্যুর ক্ষয়কারণ কিছুই নাই। অর্থাৎ আমার পাদপদ্ম স্মরণ করিয়া লোক জন্ম ও মৃত্যুরূপ সংসার হইতে উত্তীর্ণ হয়।

১৩। আদরেণ যথা স্তৌতি ধনবন্তং ধনেচ্ছয়া।
তথা চেদ্বিশ্বকর্ত্তারং কো ন মুচ্যতে বন্ধনাৎ॥

ব্যাখ্যা। [জনঃ] যথা ধনেচ্ছয়া (বিত্তলাভেচ্ছয়া) আদরেণ (আগ্রহেণ) ধনবন্তং (ধনিনং) স্তৌতি (প্রশংসতি), তথা চেৎ (যদি) বিশ্বকর্ত্তারং (পরমেশ্বরং) [স্তৌতি] কঃ (জনঃ) বন্ধনাৎ (বন্ধাৎ) ন মুচ্যেত (মুক্তো ভবেৎ)।

অনুবাদ। লোক যেমন ধনলাভের আশায় আদরপূর্ব্বক ধনীর স্তব করে, সেইরূপ যদি বিশ্বস্রষ্টা পরমেশ্বরের স্তব করে, তাহা হইলে সংসারবন্ধন হইতে মুক্ত হয়।

১৪। আদিত্যসন্নিধৌ লোকশ্চেষ্টতে স্বয়মেব তু।
তথা মৎসন্নিধাবেব সমস্তং চেষ্টতে জগৎ॥

ব্যাখ্যা। [যথা] লোকঃ (জনঃ) আদিত্যসন্নিধৌ (সূর্য্য-সন্নিধানে, সূর্য্যোদয়ে সতি) স্বয়ম্ এব তু চেষ্টতে (ব্যাপারবান্ ভবতি); [তথা] মৎসন্নিধানৈঃ (মৎসন্নিধানে, সাক্ষিভূতে ময়ি দ্রষ্টরি সতি) এব সমস্তং (সকলং) জগৎ (ভুবনং) চেষ্টতে।

অনুবাদ। যেমন সূর্য্য উদিত হইলে লোক নিজ নিজ কার্য্য করে, সেইরূপ সাক্ষিস্বরূপ আমার সন্নিধানে সমস্ত লোক কার্য্য করে।

১৫। শুক্তিকায়াং যথা তারং কল্পিতং মায়য়া তথা।
মহদাদি জগন্মায়াময়ং ময্যেব কেবলম্॥

ব্যাখ্যা। যথা (যদ্বৎ) শুক্তিকায়াং (শুক্তিকায়াং) তারং (রজতং) কল্পিতম্ (আরোপিতং), তথা (তদ্বৎ) মহদাদি (বুদ্ধিতত্ত্বপ্রভৃতি) মায়াময়ং (মায়াপরিণামভূতং, মিথ্যাভূতমিত্যর্থঃ) জগৎ (বিশ্বং) মায়য়া (অবিদ্যয়া) কেবলং ময়ি এব (ব্রহ্মণি) [কল্পিতম্]।

অনুবাদ। শুক্তিকাতে যেমন রজত কল্পিত, সেইরূপ মহত্তত্ত্বপ্রমুখ সমস্ত জগৎ মায়ার দ্বারা আমাতে কল্পিত রহিয়াছে।

১৬। চণ্ডালদেহে পশ্বাদিস্থাবরে ব্রহ্মবিগ্রহে।
অন্যেষু তারতম্যেন স্থিতেষু ন তথা হ্যহম্॥

ব্যাখ্যা। চণ্ডালদেহে (চণ্ডালশরীরে, নিকৃষ্টমনুষ্যদেহে ইত্যর্থঃ) পশ্বাদিস্থাবরে (গবাদিতঃ বৃক্ষাদিস্থাবরান্তে) ব্রহ্ম-বিগ্রহে (হিরণ্যগর্ভশরীরে) তারতম্যেন (অল্পাধিকভাবেন) স্থিতেষু (বর্ত্তমানেষু) অন্যেষু (অপরেষু প্রাণিষু) অহং তথা (তারতম্যবৎ) ন হি।

অনুবাদ। চণ্ডালাদি নিকৃষ্ট মনুষ্যদেহে, গবাদি পশু এবং বৃক্ষাদি স্থাবর পদার্থে, হিরণ্যগর্ভ শরীরে, উচ্চনীচভাবে বর্ত্তমান অন্য বস্তুতে আমি এক-ভাবে বিদ্যমান আছি; অর্থাৎ বৃহৎ প্রাণীতে আমি বৃহৎ এবং কীটাদিতে আমি ক্ষুদ্র, তাহা নহি; সর্ব্বত্র আমার সত্তা একরূপ।

১৭। বিনষ্টদিগ্‌ভ্রমস্যাপি যথাপূর্ব্বং বিভাতি দিক্।
তথা বিজ্ঞানবিধ্বস্তং জগন্মে ভাতি তন্ন হি।

ব্যাখ্যা। বিনষ্টদিগ্‌ভ্রমস্য অপি (বিনষ্টদিগ্‌ভ্রমঃ যস্য তস্য পুংসঃ অপি) যথাপূর্ব্বং (পূর্ব্ববৎ) দিক্ (আশা) বিভাতি (প্রকাশতে); তথা (তদ্বৎ) তৎ জগৎ (বিশ্বং) বিজ্ঞান-বিধ্বস্তং (জ্ঞাননষ্টং সৎ) মে (মম) ন ভাতি।

অনুবাদ। যেমন দিগ্‌ভ্রম বিনষ্ট হইলে

পূর্ব্ববৎ দিক্ প্রকাশিত হয়, সেইরূপ জগৎ জ্ঞানের দ্বারা বিধ্বস্ত হইলে আমার নিকট আব তাহা প্রকাশ পায় না, কেবল ব্রহ্মস্বরূপই প্রকাশিত হইতেছে।

১৮। ন দেহো নেন্দ্রিয়প্রাণো ন মনোবুদ্ধ্যহঙ্কৃতি ॥
ন চিত্তং নৈব মায়া চ ন চ ব্যোমাদিকং জগৎ ॥
১৯। ন কর্ত্তা নৈব ভোক্তা চ ন চ ভোজয়িতা তথা।
কেবলং চিৎসদানন্দব্রহ্মৈবাহং জনার্দ্দনঃ ॥

ব্যাখ্যা। অহং দেহঃ (শরীরং) ন, ইন্দ্রিয়প্রাণঃ (ইন্দ্রিয়াণি প্রাণঃ বা) ন; মনোবুদ্ধ্যহংকৃতি (মনঃ, বুদ্ধিঃ অহ- ঙ্কারঃ বা) ন, চিত্তং (গর্ব্ববৃত্তিকম্ অন্তঃকরণং) মায়া নৈব, ব্যোমাদিকম্ (আকাশাদিকং) জগৎ ন চ; কর্ত্তা ন, ভোক্তা ন এব, তথা ভোজয়িতা ন চ, কেবলং চিৎসদানন্দব্রহ্ম জনা- র্দ্দনঃ (নারায়ণঃ) অহম্ এব [অস্মি]।

অনুবাদ। আমি দেহ নহি, ইন্দ্রিয়, প্রাণ, মনঃ, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত, মায়া এবং আকাশাদি জগৎ আমি নহি, আমি সৎ, চিৎ ও আনন্দস্বরূপ জনার্দ্দন ব্রহ্ম।

২০। জলস্য চঞ্চলাদেব চঞ্চলত্বং যথা রবেঃ।
তথাহঙ্কারসম্বন্ধাদেব সংসার আত্মনঃ॥

ব্যাখ্যা। জলস্য চঞ্চলাৎ (অস্থিরত্বাৎ) এব রবেঃ (জলপ্রতিবিম্বিতস্য সূর্য্যস্য অপি) যথা চঞ্চলত্বং [ভবতি], তথা অহঙ্কারসম্বন্ধাৎ (অহঙ্কৃতিসম্পর্কাৎ) আত্মনঃ সংসারঃ (গতাগতিঃ) [ন স্বতঃ]।

অনুবাদ। যেমন জলের চাঞ্চল্যবশতঃ তৎ-প্রতিবিম্বিত সূর্য্যেরও চঞ্চলতা অনুভূত হয়, সেইরূপ অহঙ্কারের সহিত সম্পর্কবশতঃ আত্মার সংসার, তাহার স্বাভাবিক সংসার নহে।

২১। চিত্তমূলং হি সংসারস্তৎ প্রযত্নেন শোধয়েৎ।
হন্ত চিত্তমহত্তায়াং কৈষা বিশ্বাসতা তব॥

ব্যাখ্যা। সংসারঃ (গতাগতিঃ) চিত্তমূলং (চিত্তকারণকং)-হি, তৎ (চিত্তং) [জনঃ] প্রযত্নেন (প্রযত্নপূর্ব্বকং) শোধয়েৎ (পাবয়েৎ), হন্ত (খেদে) তব চিত্তমহত্তায়াং (চিত্তস্য মহত্বে) এষা কা বিশ্বাসতা (প্রত্যয়ত্বম্)।

অনুবাদ। সংসার চিত্তমূলক, অতএব

চিত্তকে বিশোধিত করিবে, তোমার চিত্তের মহত্ত্ব-বিষয়ে এত বিশ্বাস কেন?

২২। ক ধনানি মহীপানাং ব্রাহ্মণঃ ক জগন্তি বা।
প্রাক্তনানি প্রযাতানি গতাঃ সর্গপরম্পরাঃ॥

ব্যাখ্যা। মহীপানাং (রাজ্ঞাং) ধনানি (বিত্তানি) (কুত্র), ব্রাহ্মণঃ ক, প্রাক্তনানি (পূর্ব্বভূতানি) জগন্তি বা [ক]; প্রযাতানি (গতানি), [এবং] সর্গপরম্পরা (সৃষ্টিধারাঃ) গতাঃ (যাতাঃ)।

অনুবাদ। রাজগণের ধনরাশি কোথায়? ব্রাহ্মণ কোথায়? পূর্ব্বকালীন জগৎ বা কোথায় এইরূপে সৃষ্টি-পরম্পরা চলিয়া যাইতেছে।

২৩। কোটয়ো ব্রহ্মণাং যাতা ভূপা নষ্টাঃ পরাগবৎ।
স চাধ্যাত্মাভিমানোঽপি বিদুষোঽপ্যাসুরত্বতঃ॥

ব্যাখ্যা। ব্রহ্মণাং (হিরণ্যগর্ভাণাং) কোটয়ঃ (কোটি-সংখ্যকাঃ) যাতাঃ (গতাঃ), ভূপাঃ (রাজানঃ) পরাগবৎ (ধূলিবৎ) নষ্টাঃ (ক্ষয়ং গতাঃ), বিদুষঃ (পরোক্ষজ্ঞানবতঃ পুংসঃ) অপি অসুরত্বতঃ (অসুরভাবাৎ) সঃ অধ্যাত্মাভিমানঃ (দেহাত্মাভিমানঃ) অপি [বর্ত্ততে]।

অনুবাদ। কোটি কোটি ব্রহ্মা চলিয়া গেলেন, অসংখ্য রাজা ধূলিসাৎ হইল। পরোক্ষ জ্ঞানীরও অসুরভাববশতঃ দেহে আত্মাভিমান বিদ্যমান থাকে।

২৪। বিদুষোঽপ্যাসুরশ্চেৎ স্যান্নিষ্ফলং তত্ত্বদর্শনম্।
উৎপাদ্যমানা রাগাদ্যা বিবেকজ্ঞানবহ্নিনা॥

২৫। যদা তদৈব দহ্যন্তে কুতস্তেষাং প্ররোহণম্।
যথা সুনিপুণঃ সম্যক্ পরদোষেক্ষণে রতঃ॥

২৬। তথা চেন্নিপুণঃ স্বেষু কো ন মুচ্যেত বন্ধনাৎ।
অনাত্মবিদমুক্তোঽপি সিদ্ধিজালানি বাঞ্ছতি॥

ব্যাখ্যা। বিদুষঃ (বিদ্যাবতঃ পুংসঃ) অপি, আসুরঃ (অসুরভাবঃ) চেৎ (যদি), তত্ত্বদর্শনং (তত্ত্বজ্ঞানং) নিষ্ফলং (ব্যর্থং) স্যাৎ (ভবেৎ); উৎপাদ্যমানা (কেনাপি কারণেন জায়মানাঃ) রাগাদ্যাঃ (রাগদ্বেষপ্রভৃতয়ঃ) যদা বিবেকজ্ঞান-বহ্নিনা (বিবেকরূপজ্ঞানাগ্নিনা) দহ্যন্তে; তদা এব তেষাং (রাগাদীনাং) প্ররোহণং (প্ররোহঃ) কুতঃ (কস্মাদ্ ভবতি? ন ভবতীত্যর্থঃ); যথা সুনিপুণঃ (দক্ষঃ জনঃ) পরদোষেক্ষণে (পরদোষদর্শনে) রতঃ (নিযুক্তঃ), তথা স্বেষু (স্বকীয়েষু দোষেষু) সুনিপুণঃ (সুদক্ষঃ) চেৎ (যদি), কঃ (জনঃ) বন্ধনাৎ

(বন্ধাৎ) ন মুচ্যতে ? অনাত্মবিৎ (অনাত্মজ্ঞঃ) অমুক্তঃ অপি, সিদ্ধিজালানি (ঐশ্বর্য্যসমূহান্) বাঞ্ছতি (ইচ্ছতি)।

অনুবাদ। যদি বিদ্বান্ লোকের অসুর-ভাব থাকে, তাহা হইলে তাহার তত্ত্বজ্ঞান বৃথা, কোন কারণবশতঃ রাগদ্বেষাদি উৎপন্ন হইলে তাহা যদি তত্ত্বজ্ঞানাগ্নি দ্বারা দগ্ধ হয়, তাহা হইলে তাহার আবার অঙ্কুরোৎপত্তি কিরূপে হইবে ? লোকে যেমন পরের দোষদর্শনে অত্যন্ত তৎপর হয়, সেইরূপ যদি নিজদোষসমূহ দেখে, তাহা হইলে বন্ধন হইতে মুক্ত হয়।

২৭। দ্রব্যমন্ত্রক্রিয়াকালযুক্ত্যাপ্নোতি মুনীশ্বর।
নাত্মজ্ঞস্যৈষ বিষয় আত্মজ্ঞো হ্যাত্মমাত্রদৃক্ ॥

ব্যাখ্যা। মনীশ্বর ! (মুনিশ্রেষ্ঠ !) দ্রব্যমন্ত্রক্রিয়াকালযুক্ত্যা (দ্রব্যেণ, মন্ত্রেণ, ক্রিয়য়া, কালেন যুক্ত্যা চ) [সিদ্ধিজালানি জনঃ] আপ্নোতি (লভতে), এষঃ (সিদ্ধিরূপঃ পদার্থঃ) আত্মজ্ঞস্য (আত্মবিদঃ) বিষয়ঃ ন ; হি (যতঃ) আত্মজ্ঞঃ আত্ম-মাত্রদৃক্ (কেবলমাত্মদর্শী)।

অনুবাদ। হে মুনুশ্রেষ্ঠ ! লোক দ্রব্য,

মন্ত্র, ক্রিয়া, কাল ও যুক্তির দ্বারা অণিমাদি সিদ্ধি-সমূহ লাভ করে; ইহা আত্মজ্ঞের প্রাপ্তব্য বিষয় নহে; কারণ, আত্মজ্ঞ কেবলমাত্র আত্মাকে দর্শন করেন।

২৮। আত্মনাত্মনি সংতৃপ্তো নাবিদ্যামনুধাবতি।
যে কেচন জগদ্ভাবাস্তানবিদ্যাময়ান্ বিদুঃ॥

ব্যাখ্যা। [যঃ] আত্মনা আত্মনি সংতৃপ্তঃ (অতিপ্রীতঃ) [সঃ] ন অবিদ্যাম্ (মায়াম্) অনুধাবতি (অনুসরতি); যে কেবলং জগদ্ভাবাঃ (জাগতিকাঃ পদার্থাঃ) তান্ অবিদ্যাময়ান্ (অজ্ঞানবিকারান্) [পণ্ডিতাঃ] বিদুঃ (জানন্তি)।

অনুবাদ। যিনি আত্মাদ্বারা আত্মাতে প্রীত, তিনি অবিদ্যার অনুগামী হন না। যে কিছু জাগতিক পদার্থ, তাহা সমস্তই পণ্ডিতগণ অজ্ঞানের কার্য্য বলিয়া জানেন।

২৯। কথং তেষু কিলাত্মজ্ঞস্ত্যক্তাবিদ্যো নিমজ্জতি।
দ্রব্যমন্ত্রক্রিয়াকালযুক্তয়ঃ সাধুসিদ্ধিদাঃ॥

ব্যাখ্যা। ত্যক্তাবিদ্যঃ (ত্যক্তা অবিদ্যা যেন সঃ) আত্মজ্ঞঃ (আত্মবিৎ) কিল তেষু (জগদ্ভাবেষু) কথং নিমজ্জতি (নিমগ্নো

ভবতি); দ্রব্যমন্ত্রক্রিয়াকালযুক্তয়ঃ (দ্রব্যং, মন্ত্রঃ, ক্রিয়া, কালঃ যুক্তিশ্চ) সাধুসিদ্ধিদাঃ (অণিমাদিসাধুসিদ্ধিপ্রদাঃ)।

অনুবাদ। অবিদ্যাবিহীন আত্মজ্ঞ ব্যক্তি, সেই সমস্ত পার্থিব পদার্থে কেন আসক্ত হয়? দ্রব্য, মন্ত্র, ক্রিয়া, কাল এবং যুক্তি সাধুসিদ্ধিপ্রদ।

৩০। পরমাত্মপদপ্রাপ্তৌ নোপকুর্ব্বন্তি কাশ্চন।
সর্ব্বেচ্ছাকলনাশান্তাবাত্মলাভোদয়াভিধঃ॥
স কথং সিদ্ধিবাঞ্ছায়াং কথমর্হত্যচিত্ততঃ।

ইতি তৃতীয়োঽধ্যায়ঃ।

ব্যাখ্যা। পরমাত্মপদপ্রাপ্তৌ (ব্রহ্মপদলাভে) কাশ্চন (কা অপি সিদ্ধয়ঃ) ন উপকুর্ব্বন্তি; সর্ব্বেচ্ছাকলনাশান্তৌ (সকলবাসনাকল্পনানিবৃত্তৌ) আত্মলাভোদয়াভিধঃ (আত্মজ্ঞানপ্রাপ্ত্যুদয়াখ্যঃ) সঃ (জনঃ) অচিত্ততঃ (অচিত্তত্বাৎ, চিত্তরহিততয়া) কথং সিদ্ধিবাঞ্ছায়াং (অণিমাদ্যৈশ্বর্য্যলাভেচ্ছায়াং) অর্হতি (যোগ্যো ভবতি)।

অনুবাদ। সিদ্ধিসমূহ ব্রহ্মপদলাভে কোনরূপ উপকার করে না, সমস্ত বাসনা শান্ত হইলে

আত্মলাভ ঘটে, সেইরূপ পুরুষ চিন্তাভাববশতঃ কেন অণিমাদি ঐশ্বর্য্যলাভে ইচ্ছা করিবে?

তৃতীয় অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থোঽধ্যায়ঃ।

১। অথ হ ঋভুং ভগবন্তং নিদাঘঃ পপ্রচ্ছ জীবন্মুক্তিলক্ষণমনুব্রূহীতি। তথেতি স হোবাচ। সপ্তভূমিষু জীবন্মুক্তাশ্চত্বারঃ। শুভেচ্ছা প্রথমা ভূমিকা ভবতি। বিচারণা দ্বিতীয়া। তনুমানসী তৃতীয়া। সত্ত্বাপত্তিস্তুরীয়া। অসংসক্তিঃ পঞ্চমী। পদার্থভাবনা ষষ্ঠী। তুরীয়গা সপ্তমী। প্রণবাত্মিকা ভূমিকা অকারোকারমকারার্দ্ধমাত্রাত্মিকা। স্থূলসূক্ষ্মবীজসাক্ষিভেদেনাকারাদয়শ্চতুর্ব্বিধাঃ। তদবস্থা জাগ্রৎস্বপ্নসুষুপ্তিতুরীয়াঃ। অকারস্থূলাংশে জাগ্রদ্বিশ্বঃ। সূক্ষ্মাংশে তত্তৈজসঃ। বীজাংশে তৎপ্রাজ্ঞঃ। সাক্ষ্যংশে তত্তুরীয়ঃ। উকার-

স্থূলাংশে স্বপ্নবিশ্বঃ। সূক্ষ্মাংশে তত্তৈজসঃ। বীজাংশে তৎপ্রাজ্ঞঃ। সাক্ষ্যংশে তত্তুরীয়ঃ। মকারস্থূলাংশে সুষুপ্তবিশ্বঃ। সূক্ষ্মাংশে তত্তৈজসঃ। বীজাংশে তৎ-প্রাজ্ঞঃ। সাক্ষ্যংশে তত্তুরীয়ঃ। অর্দ্ধমাত্রাস্থূলাংশে তুরীয়বিশ্বঃ। সূক্ষ্মাংশে তত্তৈজসঃ। বীজাংশে তৎ-প্রাজ্ঞঃ। সাক্ষ্যংশে তুরীয়তুরীয়ঃ। অকারতুরীয়াংশাঃ প্রথমদ্বিতীয়তৃতীয়ভূমিকাঃ। উকারতুরীয়াংশা চতুর্থী ভূমিকা। মকারতুরীয়াংশা পঞ্চমী। অর্দ্ধমাত্রাতুরীয়াংশা ষষ্ঠী। তদতীতা সপ্তমী। ভূমিত্রয়েষু বিহরন্মুমুক্ষুর্ভবতি। তুরীয়ভূম্যাং বিহরন্ ব্রহ্মবিদ্ ভবতি। পঞ্চমভূম্যাং বিহরন্ ব্রহ্মবিদ্বরো ভবতি। ষষ্ঠভূম্যাং বিহরন্ ব্রহ্মবিদ্বরীয়ান্ ভবতি। সপ্তমভূম্যাং বিহরন্ ব্রহ্মবিদ্বরিষ্ঠো ভবতি। তত্রৈতে শ্লোকা ভবন্তি। জ্ঞানভূমিঃ শুভেচ্ছা স্যাৎ প্রথমা সমুদীরিতা। বিচারণা দ্বিতীয়া তু তৃতীয়া তনুমানসী॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) নিদাঘঃ (নাম্না) ভগবন্তম্ ঋভুং তন্নামধেয়ম্ ঋষিং) জীবন্মুক্তিলক্ষণম্ (জীবন্মুক্তিস্বরূপম্) অনুব্রূহি (কথয়) ইতি পপ্রচ্ছ। সঃ (ঋভুঃ) তথা (তথা

অস্ত) ইতি হ (ঐতিহ্যে)" উবাচ (কথয়ামাস)। সপ্তভূমিষু (যোগস্য সপ্তসু অবস্থাসু) চত্বারঃ জীবন্মুক্তাঃ [ভূময়ঃ ভবন্তি]। শুভেচ্ছা [নাম] প্রথমা (আদ্যা) ভূমিকা (অবস্থা) ভবতি। দ্বিতীয়া [ভূমিকা] বিচারণা [নাম]। তৃতীয়া [ভূমিকা] তনুমানসী [নাম]। সত্ত্বাপত্তিঃ (নাম) তুরীয়া (চতুর্থ ভূমিকা) অসংসক্তিঃ [তন্নামধেয়া] পঞ্চমী [ভূমিকা]। ষষ্ঠী [ভূমিকা] পদার্থভাবনা [নাম]। সপ্তমী [ভূমিকা] তুরীয়গা [নাম]। অকারোকারমকারার্দ্ধমাত্রাত্মিকা (অকারঃ, উকারঃ, মকারঃ, অর্দ্ধমাত্রা চ তৎস্বরূপা) প্রণবাত্মিকা (ওঁকার-স্বরূপা) ভূমিকা [অপরেতি শেষঃ]। অকারাদয়ঃ (অকারঃ, উকারঃ, মকারঃ, অর্দ্ধমাত্রা চ) স্থুল-সূক্ষ্মবীজসাক্ষিভেদেন (স্থূলঃ সূক্ষ্মঃ, বীজং সাক্ষী চ তদ্রূপেণ) চতুর্বিধাঃ। তদবস্থাঃ (তেষাং চতুর্ব্বিধা অবস্থাঃ) জাগ্রৎ স্বপ্ন-সুষুপ্তি-তুরীয়াঃ (ইন্দ্রিয়ৈর্বিষয়োপলব্ধিঃ জাগরণং, জাগ্রজ্জন্যবাসনাবাসিতাবস্থা স্বপ্নঃ, অবিদ্যাবৃত্তিঃ সুষুপ্তিঃ, এতত্রয়াতীতাবস্থা তুরীয়া)। অকার স্থূলাংশে (অকারস্য স্থূলাংশে) জাগ্রৎ (জাগ্রদবস্থা) [সা] বিশ্বঃ (ব্যষ্টিস্থূলদেহোপহিতং চৈতন্যং) ইতি [সংজ্ঞা] [উচ্যতে]। [অকারস] সূক্ষ্মাংশে (সূক্ষ্মভাগে) তৎ (জাগ্রৎ) তৈজসঃ (ব্যষ্টিসূক্ষ্মশরীরোপহিতং চৈতন্যং)। বীজাংশে তৎ (জাগ্রৎ) প্রাজ্ঞঃ (ব্যষ্ট্যজ্ঞানোপহিতং চৈতন্যম্)। উকার স্থূলাংশে (প্রণবান্তর্গতঃ উকারস্য স্থূলভাগে) স্বপ্নবিশ্বঃ। সূক্ষ্মাংশে তত্তৈজসঃ (স্বপ্ন-

তৈজসঃ)। বীজাংশে তৎ প্রাজ্ঞঃ (স্বপ্ন-প্রাজ্ঞঃ)। সাক্ষ্যংশে তত্তুরীয়ঃ (স্বপ্নতুরীয়ঃ)। মকার স্থূলাংশে (প্রণবান্তর্গতঃ মকারস্য) সুষুপ্তবিশ্বঃ। সূক্ষ্মাংশে তত্তৈজসঃ (সুষুপ্ত-তৈজসঃ) বীজাংশে তৎ প্রাজ্ঞঃ (সুষুপ্ত-প্রাজ্ঞঃ)। সাক্ষ্যংশে তুরীয়তুরীয়ঃ। প্রথম-দ্বিতীয়-তৃতীয়ভূমিকাঃ (প্রথম-দ্বিতীয় তৃতীয়যোগাবস্থাঃ) অকার-তুরীয়াংশাঃ (অকারস্য তুরীয়ভাগাঃ)। চতুর্থী ভূমিকা (অবস্থা) উকার-তুরীয়াংশা (উকারস্য তুরীয়ভাগা) পঞ্চমী (ভূমিকা) মকার-তুরীয়াংশা (মকারস্য তুরীয়াংশা)। ষষ্ঠী (ভূমিকা) অর্দ্ধমাত্রাতুরীয়াংশা (অর্দ্ধমাত্রায়াঃ তুরীয়ভাগা) সপ্তমী (ভূমিকা) তদতীতা (পূর্ব্বোক্তাঃ ষড়্ভূমীঃ অতিক্রান্তা), ভূমিত্রয়েষু (পূর্ব্বোক্তত্রিবিধভূমিষু) বিহরন্ (চরন্) মুমুক্ষুঃ (মোক্ষেচ্ছাবান্) ভবতি। তুরীয়ভূম্যাং (চতুর্থাবস্থায়াং) বিহরন্ (বিচরন্, তাঃ ভূমীঃ প্রাপ্য ইত্যর্থঃ) ব্রহ্মবিদ্বরঃ (ব্রহ্মবিৎসু উৎকৃষ্টঃ) ভবতি। ষষ্ঠভূম্যাং বিহরন্, ব্রহ্মবিদ্বরীয়ান্ (দ্বয়োঃ ব্রহ্মবিদোঃ শ্রেয়ান্) ভবতি। সপ্তমভূম্যাং বিহরন্, ব্রহ্মবিদ্বরিষ্ঠঃ (বহুষু ব্রহ্মবিৎসু শ্রেষ্ঠঃ) ভবতি। তত্র (তস্মিন্ বিষয়ে) এতে (বক্ষ্যমাণাঃ) শ্লোকাঃ (মন্ত্রাঃ) ভবন্তি। [তান্ শ্লোকান্ আহ] প্রথমা (আদ্যা) জ্ঞানভূমিঃ (জ্ঞানাবস্থা) শুভেচ্ছা (তন্নামধেয়া) স্যাৎ (ভবেৎ), দ্বিতীয়া তু [ভূমিঃ] বিচারণা (বিচারণাখ্যা) সমুদীরিতা (সম্যক্ কথিতা) তৃতীয়া [ভূমিঃ] তনুমানসী (তদাখ্যা)

অনুবাদ। অনন্তর নিদাঘ ভগবান্ ঋভুকে জিজ্ঞাসা করিলেন,—জীবন্মুক্তির লক্ষণ বলুন। আচ্ছা বলিব,—এই কথা বলিয়া তিনি বলিতে লাগিলেন। সাতটী ভূমি অর্থাৎ অবস্থার মধ্যে চারিটী জীবন্মুক্তাবস্থা। তন্মধ্যে প্রথম ভূমিকা 'শুভেচ্ছা'নামক। দ্বিতীয় ভূমির নাম 'বিচারণা'; তৃতীয়া ভূমিকে 'তনুমানসী' কহে। চতুর্থী ভূমির নাম 'সত্ত্বাপত্তি'; পঞ্চমী ভূমি 'অসংসক্তি'নামধেয়। ষষ্ঠী ভূমির নাম পদার্থভাবনা, সপ্তমী ভূমি তুরীয়গা। তদ্ভিন্ন অকার, উকার, মকার এবং অর্দ্ধমাত্রারূপ 'প্রণব'স্বরূপ আর একটী ভূমি আছে। সেই অকার, উকার, মকার এবং অর্দ্ধমাত্রা প্রত্যেকটী স্থূল, সূক্ষ্ম, বীজ ও সাক্ষীর ভেদে চারি প্রকার। তাহাদের আবার যথাক্রমে জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি ও তুরীয়ভেদে চারিটী অবস্থা আছে। অকারের স্থূলাংশে জাগ্রৎ 'বিশ্ব'। ব্যষ্টিস্থূলদেহোপাধিক চেতনের নাম 'বিশ্ব'। অকারের সূক্ষ্মাংশে জাগ্রৎ 'তৈজস'সংজ্ঞক হয়; ব্যষ্টিসূক্ষ্মশরীরোপাধিক চৈতন্যের নাম তৈজস। অকারের

বীজাংশে জাগ্রৎ 'প্রাজ্ঞ'সংজ্ঞা ধারণ করে। তাহা আবার সাক্ষ্যংশে জাগ্রৎ'তুরীয়' আখ্যা প্রাপ্ত হয়। প্রণবের অন্তর্গত 'অকার' জাগ্রদবস্থা. তাহা স্থূল. সূক্ষ্ম, বীজ ও শক্তিভেদে যথাক্রমে 'বিশ্ব' 'তৈজস' 'প্রাজ্ঞ' ও 'তুরীয়' এই চারিটী সংজ্ঞা লাভ করে, তাহা দেখান হইল; এখন উকারের বিষয় দেখান হইতেছে। উকারের স্থূলাংশে স্বপ্ন'বিশ্ব'সংজ্ঞক হয়; উহার সূক্ষ্মাংশে স্বপ্ন-'তৈজস', তাহা আবার বীজাংশে স্বপ্ন-'প্রাজ্ঞ' এবং উকারের সাক্ষ্যংশে স্বপ্ন-'তুরীয়' সংজ্ঞা লাভ করে, অকারের জাগ্রদবস্থা এবং স্থূলাদি অবস্থাচতুষ্টয় বলিয়া উকারের স্বপ্নাবস্থা এবং স্থূলাদি অবস্থাচতুষ্টয় বলা হইয়াছে। এখন মকারের সুষুপ্তাবস্থা ও স্থূলাদি অবস্থা চতুষ্টয় বলা যাইতেছে। মকারের স্থূলাংশে সুষুপ্তি-বিশ্ব, সূক্ষ্মাংশে সুষুপ্তৈজস, বীজাংশে সুষুপ্ত প্রাজ্ঞ এবং সাক্ষ্যংশে 'তুরীয়-তুরীয়'সংজ্ঞক হয়। প্রথম, দ্বিতীয়. তৃতীয়, ও চতুর্থ ভূমি অকারের তুরীয়াংশ, 'তুরীয়' শব্দের চতুর্থ.জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিকে অপেক্ষা করিয়া চতুর্থ বলিয়া তাহাকে 'তুরীয়' বলা হয়, অথবা

'বিশ্ব', 'তৈজস' ও 'প্রাজ্ঞ'কে অপেক্ষা করিয়া চতুর্থ বলিয়া 'তুরীয়' বলা হয়, উকারের তুরীয়াংশ চতুর্থী ভূমিকা, মকারের তুরীয়াংশ পঞ্চমী ভূমিকা, অর্দ্ধমাত্রার তুরীয়াংশ ষষ্ঠী ভূমিকা, ইহাদের অতীতাবস্থায় সপ্তমী ভূমিকা. যিনি আগু ভূমিত্রয়ে বিহরণ করেন অর্থাৎ উক্ত ভূমিত্রয় প্রাপ্ত হন, তিনি মুমুক্ষু হন, চতুর্থ ভূমিতে বিহরণ করিলে 'ব্রহ্মবিৎ' হন, পঞ্চমী ভূমিতে বিহরণ করিলে 'ব্রহ্মবিদ্বর' হন এবং ষষ্ঠ ভূমিতে বিচরণ করিলে 'ব্রহ্মবিদ্বরীয়ান্' হন ও সপ্তমী ভূমিতে বিচরণ করিয়া 'ব্রহ্মবিদ্বরিষ্ঠ' হন, এ বিষয়ে মন্ত্রসমূহ বিগুমান আছে, আগু জ্ঞানভূমি 'শুভেচ্ছা'নামক. দ্বিতীয় ভূমির নাম 'বিচারণা', তৃতীয়ার নাম 'তনুমানসী'।

২। সত্ত্বাপত্তিশ্চতুর্থী স্যাত্ততোঽসংসক্তিনামিকা।
পদার্থভাবনা ষষ্ঠী সপ্তমী তুর্যগা স্মৃতা ॥

ব্যাখ্যা। সত্ত্বাপত্তিঃ [নাম] চতুর্থী [ভূমিঃ] স্যাৎ (ভবেৎ), ততঃ (সত্ত্বাপত্তেরনন্তরং) অসংসক্তিনামিকা (অসংসক্তিনামধেয়া [পঞ্চমী ভূমিঃ], ষষ্ঠী [ভূমিঃ] পদার্থভাবনা [নাম], সপ্তমী [ভূমিঃ] তুর্যগা (নাম) স্মৃতা (ব্রহ্মবিদ্ভিঃ কথিতা)।

অনুবাদ। চতুর্থী-ভূমি 'সত্ত্বাপত্তি', পঞ্চম ভূমি অসংসক্তি নামক ষষ্ঠ ভূমি পদার্থভাবনা, সপ্তম ভূমির নাম তুর্যগা।

৩। স্থিতঃ কিং মূঢ় এবাস্মি প্রেক্ষ্যোঽহং শাস্ত্রসজ্জনৈঃ।
বৈরাগ্যপূর্বমিচ্ছেতি শুভেচ্ছেত্যুচ্যতে বুধৈঃ॥

ব্যাখ্যা। [ইদানীং শুভেচ্ছাদীনাং স্বরূপমাহ] শাস্ত্র-সজ্জনৈঃ (শাস্ত্রৈঃ অথবা শাস্ত্রবিদ্ভিঃ সজ্জনৈশ্চ) প্রেক্ষ্যঃ (দৃশ্যঃ) অহং মূঢ়ঃ (অজ্ঞঃ) এব স্থিতঃ (বিদ্যমানঃ) অস্মি (ভবামি) ইতি (ইত্থং) বৈরাগ্যপূর্ব্বম্ (বৈরাগ্যং পূর্ব্বং কারণং যস্য তদ্ যথা স্যাৎ তথা ইচ্ছা (অভিলাষঃ) বুধৈঃ (পণ্ডিতৈঃ) শুভেচ্ছা (তন্নামধেয়া প্রথমা জ্ঞানভূমিঃ) ইতি উচ্যতে।

অনুবাদ। শাস্ত্র ও সজ্জনগণকর্ত্তৃক আমি দৃষ্ট অর্থাৎ আমি শাস্ত্র অধ্যয়ন করিয়া এবং সাধুসঙ্গ করিয়া কি অজ্ঞ হইয়া থাকিব? এইরূপ বৈরাগ্য-পূর্ব্বক ইচ্ছাকে "শুভেচ্ছা" বলা যায়। ইহা জ্ঞানের প্রথম ভূমি।

৪। শাস্ত্রসজ্জনসম্পর্কবৈরাগ্যাভ্যাসপূর্বকম্।
সদাচারপ্রবৃত্তির্যা প্রোচ্যতে সা বিচারণা॥

ব্যাখ্যা। শাস্ত্রসজ্জনসম্পর্কবৈরাগ্যাভ্যাসপূর্ব্বকং (শাস্ত্রৈঃ সজ্জনৈশ্চ সম্পর্কাৎ-সম্বন্ধাৎ বৈরাগ্যস্য অভ্যাস এব পূর্ব্বং কারণং যস্মিন্ তৎ যথা স্যাৎ তথা) যা সদাচারপ্রবৃত্তিঃ. সা বিচারণা [নাম দ্বিতীয়া জ্ঞানভূমিকা] প্রোচ্যতে (কথ্যতে)।

অনুবাদ। শাস্ত্র এবং সজ্জনের সহিত সংস্রববশতঃ বৈরাগ্য উৎপন্ন হয়, তাহার অভ্যাস করিতে করিতে যে সদাচারে প্রবৃত্তি হয়, তাহার নাম 'বিচারণা'।

৫। বিচারণাশুভেচ্ছাভ্যামিন্দ্রিয়ার্থেষু রক্ততা।
যত্র সা তনুতামেতি প্রোচ্যতে তনুমানসী॥

ব্যাখ্যা। যত্র (যস্মিন্ কালে যস্যাম্ অবস্থায়াং বা) বিচারণাশুভেচ্ছাভ্যাম্ (পূর্ব্বোক্তাভ্যাং দ্বাভ্যাং ভূমিভ্যাং) ইন্দ্রিয়ার্থেষু (ইন্দ্রিয়বিষয়েষু শব্দাদিষু) রক্ততা (অনুরাগঃ) তনুতাম্ (ক্ষীণতাম্) এতি, সা (অবস্থা) তনুমানসী [নাম তৃতীয়া ভূমিঃ] প্রোচ্যতে (কথ্যতে)।

অনুবাদ। যখন পূর্ব্বোক্ত বিচারণা এবং শুভেচ্ছা-নাম্নী দুইটী ভূমির দ্বারা শব্দাদি ইন্দ্রিয় বিষয়ে অনুরাগ ক্ষয় প্রাপ্ত হয়, তাহাকে 'তনুমানসী' বলা যায়।

৬। ভূমিকাত্রিতয়াভ্যাসাচ্চিত্তেঽর্থবিরতের্বশাৎ।
সত্ত্বাত্মনি স্থিতে শুদ্ধে সত্ত্বাপত্তিরুদাহৃতা॥

ব্যাখ্যা। ভূমিকাত্রিতয়াভ্যাসাৎ (পূর্ব্বোক্তজ্ঞানভূমিত্রয়স্য পুনঃ পুনঃ অনুশীলনাৎ) অর্থবিরতেঃ বশাৎ (বিষয়নিবারণাৎ) চিত্তে (মনসি) শুদ্ধে (মলরহিতে) সত্ত্বাত্মনি (সত্ত্বরূপে) স্থিতে (অবস্থিতে সতি) [সা ভূমিঃ] সত্ত্বাপত্তিঃ [নাম] উদাহৃতা (কথিতা)।

অনুবাদ। পূর্ব্বোক্ত ভূমিত্রয়ের অভ্যাস-বশতঃ চিত্ত হইতে বিষয়গুলি দূরীভূত হইলে চিত্ত যখন বিশুদ্ধ সত্ত্বরূপে অবস্থিত থাকে, তখন তাহাকে 'সত্ত্বাপত্তি' বলা হয়।

৭। দশাচতুষ্টয়াভ্যাসাদসংসর্গফলা তু যা।
রূঢ়সত্ত্বচমৎকারা প্রোক্তা সংসক্তিনামিকা॥

ব্যাখ্যা। দশাচতুষ্টয়াভ্যাসাৎ (পূর্ব্বোক্তানাং চতসৃণাং ভূমীনাম্ অভ্যাসাৎ) যা তু অসংসর্গফলা (অসম্বন্ধফলা) রূঢ়-সত্ত্বচমৎকারা (রূঢ়ং বৃদ্ধিং গতং যৎ সত্ত্বং তেন চমৎকারা বিস্ময়-রূপা উজ্জ্বলা ইতি যাবৎ) [সা] অসংসক্তিনামিকা [পঞ্চমী ভূমিঃ] প্রোক্তা (কথিতা) [ব্রহ্মবিদ্ভিরিতি শেষঃ]।

অনুবাদ। পূর্ব্বোক্ত চারিটী ভূমির অভ্যাস-বশতঃ যখন সত্ত্বগুণের আধিক্য হয়, শব্দাদি বিষয়ের সহিত সম্বন্ধ হয় না, তখন সেই ভূমির নাম অসংসক্তি।

৮। ভূমিকাপঞ্চকাভ্যাসাৎ স্বাত্মারামতয়া ভৃশম্।
আভ্যন্তরাণাং বাহ্যানাং পদার্থানামভাবনাৎ॥

৯। পরপ্রযুক্তেন চিরং প্রত্যয়েনাববোধনম্।
পদার্থভাবনা নাম ষষ্ঠী ভবতি ভূমিকা॥

ব্যাখ্যা। ভূমিকাপঞ্চকাভ্যাসাৎ (পূর্ব্বোক্তানাং পঞ্চানাং জ্ঞানভূমীনাম্ অভ্যাসাৎ) ভৃশম্ (অত্যর্থম্) আত্মারামতয়া (আত্মপ্রতীতত্বেন) আভ্যন্তরাণাং (হৃদয়স্থিতানাং) বাহ্যানাং পদার্থানাম্ অভাবনাৎ (অচিন্তনাৎ) প্রযুক্তেন (অপরপ্রেরিতেন) প্রত্যয়েন (জ্ঞানেন) চিরম্ অববোধনম্ (প্রবোধঃ) পদার্থভাবনা নাম, ষষ্ঠী ভূমিকা ভবেৎ।

অনুবাদ। পূর্ব্বোক্ত পাঁচটী জ্ঞানভূমির অভ্যাসবশতঃ আত্মাতে অতিশয় প্রীতি জন্মে সুখাদি আন্তর পদার্থ এবং শব্দাদি বাহ্য পদার্থের চিন্তা থাকে না, দীর্ঘকালব্যাপী পরোপদিষ্ট জ্ঞানের

দ্বারা জ্ঞান আবির্ভূত হয়, সেই ষষ্ঠ জ্ঞানভূমির নাম পদার্থভাবনা।

১০। ষড়্‌ভূমিকাচিরাভ্যাসাদ্ভেদস্যানুপলম্ভনাৎ।
যৎস্বভাবৈকনিষ্ঠত্বং সা জ্ঞেয়া তুর্যগা গতিঃ॥

ব্যাখ্যা। ষড়্‌ভূমিকাচিরাভ্যাসাদ্ (দীর্ঘকালং ব্যাপ্য পূর্ব্বোক্তানাং ষন্নাং জ্ঞানভূমীনাম্ অভ্যাসাৎ) ভেদস্য (দ্বৈতস্য) অনুপলম্ভনাৎ (অনুপলব্ধেঃ) যৎ স্বভাবৈকনিষ্ঠত্বং (স্বভাবে জ্ঞানস্বরূপে আত্মনি একা নিষ্ঠা যস্য তস্য ভাবঃ তত্ত্বং) সা তুর্য্যগা (তন্নামধেয়া সপ্তমী) গতিঃ (ভূমিঃ) জ্ঞেয়া (বিজ্ঞেয়া)।

অনুবাদ। দীর্ঘকাল ধরিয়া পূর্ব্বোক্ত ছয়টী ভূমির অভ্যাস করিয়া ভেদজ্ঞান উপলব্ধ হয় না, যখন একমাত্র জ্ঞানস্বরূপ আত্মাতে প্রীতি জন্মে, তখন সেই সপ্তম জ্ঞানভূমির নাম তুর্যগা।

১১। শুভেচ্ছাদিত্রয়ং ভূমিভেদাভেদযুতং স্মৃতম্।
যথাবদ্বেদ বুদ্ধ্যেদং জগজ্জাগ্রতি দৃশ্যতে॥

ব্যাখ্যা। শুভেচ্ছাদিত্রয়ং (শুভেচ্ছা, বিচারণা, তনুমানসী চেতি ভূমিত্রয়ং) ভূমিভেদাভেদযুতং (ভেদাভেদযুক্তং) [ব্রহ্মবিদ্ভিঃ] স্মৃতং (কথিতং)। [যং] ইদং জগৎ (বিশ্বং)

জাগ্রতি (জাগ্রদবস্থায়াং) দৃশ্যতে (অবলোক্যতে) [তৎ] যথাবৎ (যথাযোগ্যং) [লোকঃ] বেদ (বেত্তি)।

অনুবাদ। শুভেচ্ছা, বিচারণা ও তনুমানসী—এই তিনটী ভূমি ভেদ ও অভেদযুক্ত বলিয়া কথিত হয়। যে জগৎ জাগ্রদবস্থায় দৃষ্ট হয়, লোক বুদ্ধির দ্বারা তাহা যথাযথভাবে জানিয়া থাকে।

১২। অদ্বৈতে স্থৈর্য্যমায়াতে দ্বৈতে চ প্রশমং গতে।
পশ্যন্তি স্বপ্নবল্লোকং তুর্য্যভূমিসুযোগতঃ॥

ব্যাখ্যা। অদ্বৈতে (দ্বৈতাভাবে) স্থৈর্য্যং (স্থিরতাম্) আয়াতে (প্রাপ্তে) দ্বৈতে (ভেদে) চ প্রশমং (নিবৃত্তিং) গতে (প্রাপ্তে) [জ্ঞানিনঃ] তুর্য্যভূমিসুযোগতঃ (তুর্য্যভূমৌ চতুর্থভূমৌ সুষ্ঠু যোগতঃ সম্বন্ধাৎ) লোকং (ভূরাদিলোকং) স্বপ্নবৎ (স্বপ্নতুল্যং মিথ্যা) পশ্যন্তি।

অনুবাদ। অদ্বৈত স্থিরতা প্রাপ্ত হইলে, এবং দ্বৈত নিবৃত্ত হইলে বিদ্বদ্‌গণ চতুর্থ ভূমিতে সম্বন্ধবশতঃ ভূরাদি লোককে স্বপ্নের ন্যায় মিথ্যা দেখিয়া থাকেন।

১৩। বিচ্ছিন্নশরদভ্রাংশবিলয়ং প্রবিলীয়তে।
সত্ত্বাবশেষ এবাস্তে হে নিদাঘ দৃঢ়ীকুরু ॥

ব্যাখ্যা। [যদা লোকঃ] বিচ্ছিন্নশরদভ্রাংশবিলয়ং (বিচ্ছিন্নস্য শরৎকালিকমেঘখণ্ডস্যেব বিশেষেণ লয়ঃ যত্র তৎ যথা তথা) প্রবিলীয়তে (প্রকর্ষেণ বিলীয়তে) সত্ত্বাবশেষঃ (সত্ত্বগুণস্য অবশেষঃ যত্র সঃ) এব আস্তে (অস্তি) [তত্র] হে নিদাঘ! [চিত্তং] দৃঢ়ীকুরু (একাগ্রং সম্পাদয়)।

অনুবাদ। যখন বিচ্ছিন্ন শরতের মেঘখণ্ডের ন্যায় ভূরাদি লোক বিলয় প্রাপ্ত হয়, যখন চিত্তে সত্ত্বগুণ অবশিষ্ট থাকে, হে নিদাঘ! তুমি তাদৃশ চিত্তের দৃঢ়তা সম্পাদন কর।

১৪। পঞ্চভূমিং সমারুহ্য সুষুপ্তিপদনামিকাম্।
শান্তাশেষবিশেষাংশস্তিষ্ঠত্যদ্বৈতমাত্রকে ॥

ব্যাখ্যা। [বিদ্বান্] সুষুপ্তিপদনামিকাং (সুষুপ্তিস্থানাখ্যাং) পঞ্চভূমিং (পঞ্চমভূমিং) সমারুহ্য (লব্ধ্বা) শান্তাশেষবিশেষাংশঃ (শান্তঃ নিবৃত্তঃ অশেষবিশেষাংশঃ যস্য সঃ) [সন্] অদ্বৈতমাত্রকে (কেবলাদ্বৈতে) তিষ্ঠতি (বর্ত্ততে)।

অনুবাদ। বিদ্বান্ সুষুপ্তিস্থানাখ্য পঞ্চম ভূমি

লাভ করিয়া যাবতীয় বিশেষাংশ হইতে নিবৃত্ত হইয়া কেবল অদ্বৈত আত্মাতে বর্ত্তমান থাকে। সকল বস্তুর একটী সামান্যাংশ ও একটী বিশেষাংশ আছে, যেমন 'ঘটত্ব' সামান্যাংশ এবং প্রত্যেক ঘট বিশেষাংশ কিংবা নীল পীত, ইত্যাদি বিশেষাংশ।

১৫। অন্তর্মুখতয়া নিত্যং বহির্বৃত্তিপরোঽপি সন্।
পরিশ্রান্ততয়া নিত্যং নিদ্রালুরিব লক্ষ্যতে॥

ব্যাখ্যা। [তাদৃশীং ভূমিমাপন্নঃ পুরুষঃ কীদৃগ্ লক্ষ্যতে তদাহ] [সঃ] বহির্বৃত্তিপরঃ (বাহ্যশব্দাদ্যাকারবৃত্তিপ্রধানঃ) অপি নিত্যম্ অন্তর্মুখতয়া (সততম্ আত্মাভিমুখত্বেন) নিত্যং পরিশ্রান্ততয়া নিদ্রালুঃ (নিদ্রাবশঃ) ইব লক্ষ্যতে (জনৈঃ দৃশ্যতে)।

অনুবাদ। সেইরূপ জ্ঞানাবস্থাপ্রাপ্ত পুরুষের স্বরূপ বর্ণিত হইতেছে। যদিও সেই পুরুষ বাহ্য শব্দাদি অনুভব করে, তথাপি তাহার চিত্ত সর্ব্বদা অন্তর্মুখীন থাকায় এবং পরিশ্রান্ত হওয়ায় নিদ্রালুর ন্যায় লোকের নিকট অনুভূত হয়।

১৬। কুর্বন্নভ্যাসমেতস্যাং ভূম্যাং সম্যগ্বিবাসনঃ।
সপ্তমী গাঢ়সুপ্ত্যাখ্যা ক্রমপ্রাপ্তা পুরাতনী॥

ব্যাখ্যা। এতস্যাং (পূর্ব্বোক্তায়াং) ভূম্যাং (ভূমৌ দশায়াম্) অভ্যাসং কুর্ব্বন্ [বিদ্বান্] সম্যগ্ (সুষ্ঠু) বিবাসনঃ (বাসনা-বিহীনঃ) [ভবতি]; [ততঃ তস্য] ক্রমপ্রাপ্তা (ক্রমেণাগতা) পুরাতনী (পুরাণী) গাঢ়সুপ্ত্যাখ্যা) সপ্তমী ভূমি; [আবির্ভবতি]।

অনুবাদ। বিদ্বান্ পূর্ব্বোক্ত ভূমি অভ্যাস করিয়া সম্যক্ বাসনারহিত হন। অনন্তর তাঁহার যথাক্রমে আগত পুরাতনী গাঢ়সুষুপ্তিনামক সপ্তমী ভূমি আবির্ভূত হয়।

১৭। যত্র নাসন্ন সদ্রূপো নাহং নাপ্যনহংকৃতিঃ।
কেবলং ক্ষীণমনন আস্তেঽদ্বৈতেঽতিনির্ভয়ঃ॥

ব্যাখ্যা। যত্র (যস্যাম্ অবস্থায়াং) অসৎ ন, সদ্রূপঃ (সৎ-স্বরূপঃ) ন, অহং (অহংকারঃ) ন, অনহংকৃতিঃ (অহঙ্কারাভাবঃ) ন, কেবলং ক্ষীণমননঃ (ক্ষীণতর্কঃ) অদ্বৈতে (দ্বৈতরহিতে আত্মনি) অতিনির্ভয়ঃ আস্তে (অস্তি)।

অনুবাদ। যে অবস্থায় অসৎস্বরূপ নাই,

সৎস্বরূপ নাই, অহঙ্কার নাই এবং অনহঙ্কার নাই, কেবল তর্করহিত হইয়া অদ্বৈততত্ত্বে অতীব নির্ভীকভাবে অবস্থিত আছেন।

১৮। অন্তঃশূন্যো বহিঃশূন্যঃ শূন্যকুম্ভ ইবাম্বরে।
অন্তঃপূর্ণো বহিঃপূর্ণঃ পূর্ণকুম্ভ ইবার্ণবে॥

ব্যাখ্যা। অন্তঃশূন্যঃ, বহিঃশূন্যঃ, অম্বরে (আকাশে) শূন্যকুম্ভ ইব [বর্ত্ততে]। অন্তঃপূর্ণঃ বহিঃপূর্ণঃ অর্ণবে (সমুদ্রে) পূর্ণকুম্ভ ইব (জলপূর্ণঘটবৎ) [বর্ত্ততে]।

অনুবাদ। তখন তিনি অন্তরে শূন্য, বাহিরে শূন্য এবং আকাশে শূন্যকুম্ভের ন্যায় থাকেন; অন্তরে পূর্ণ, বাহিরে পূর্ণ সমুদ্রে পূর্ণকুম্ভের ন্যায় অবস্থিত থাকেন।

১৯। মা ভব গ্রাহ্যভাবাত্মা গ্রাহকাত্মা চ মা ভব।
ভাবনামখিলাং ত্যক্ত্বা যচ্ছিষ্টং তন্ময়ো ভব॥

ব্যাখ্যা। [ত্বং] গ্রাহ্যভাবাত্মা (বিষয়বাসনাযুক্তঃ) গ্রাহকাত্মা (ইন্দ্রিয়বাসনাযুক্তঃ) চ মা ভব (এষ), অখিলাং (সমগ্রাং) বাসনাং (সংস্কারং) ত্যক্ত্বা (হিত্বা) যৎ (বস্তু) শিষ্টং (অবশিষ্টং) তন্ময়ঃ (তৎপরঃ) ভব।

অনুবাদ। বিষয়বাসনাযুক্ত এবং কর্তৃত্বাদিতে অভিমানী হইও না; সমগ্র বাসনা ত্যাগ করিয়া যাহা অবশিষ্ট থাকে, তাহাতেই একাগ্রচিত্ত হও।

২০। দ্রষ্টৃদর্শনদৃশ্যানি ত্যক্ত্বা বাসনয়া সহ।
দর্শনপ্রথমাভাসমাত্মানং কেবলং ভজ ॥

